Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



3/


LIBRARY No. 293 813 11/6/

শ্রীনলিনীকান্ত গুপ্ত



11/6/

Shri Shri Ma Anandamayoo Ashram
BANAL



Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED

শিল্প কথা

ঞ্জীনলিনীকান্ত গুপ্ত

দি কালচার পাবলিশার্স ৬৩, কলেজ খ্রীট, কলিকাডা প্রকাশক:—শ্রীতারাপদ পাত্র দি কালচার পাবলিশার্স ৬৩, কলেজ খ্রীট, কলিকাতা

> প্রথম সংস্করণ আখিন, ১৩৫৪

সর্ববস্থত্ব সংরক্ষিত

শ্রীঅরবিন্দ আশ্রম প্রেস পণ্ডিচেরী

বিষয় সূচী

31	শিল্প কথা (বিচিত্রা, ১৩৪=)	•••	5
21	শিল্প ও জীবন (বিচিত্রা, ১৩৪১)	•••	*
01	কবি ও যোগী (পরিচয়, ১৩৪৫)	•••	هد
81	ধ্বনিরাত্মা কাব্যস্থা (বিচিত্রা, ১০৪৩)	•••	હર
el	মালার্মে (ছন্দা, ১৩৪৪)	•••	86
७।	উপনিষদের স্থন্দর (উদ্বোধন, ১০৪২) '	•••	86
91	কবিছের স্বরূপ (উত্তরা, ১৩৪৫)	•••	60
61	আধুনিক কবিত্ব (প্রবাসী, ১৩৪৮)		96
ا ھ	কাব্যের মহন্ত্ব (পরিচয়, ১৩৪৫)	•••	69
0	কাব্য ও ছন্দ (বিচিত্রা, ১৩৪৫)		80
31	ছন্দের অ আ (বিচিত্রা, ১৩৪৩)	•••	700
२।	কবিত্বের একটি সূত্র (প্রবাসা, ১৩৪৫)	•••	220
01	লোকোত্তর চেতনার কবিতা (১৩৪৩)	•••	229
81	কাব্য ও মন্ত্র (উত্তরা, ১০৫০)	•••	252
el	নব্য কাব্য (উত্তরা, ১৩৫২)	•••	259
७७।	ইংরাজী ও ফরাসী (বিচিত্রা, ১৩৪৫)	•••	See
91	বাংলা লিপি সংস্কার (উত্তরা, ১৩৪২)		366

লেখকের সাহিত্য-বিষয়ক অ্যাস্য গ্রন্থ

নাহিত্যিকা

রূপ ও রস

আধুনিকী


त्रवीखनाथ

মৃতের কথোপকথন

वाःलात कवि-मनीयौ (यञ्जन्र)

শিক্ষা ও দীক্ষা

मिल्ल कथा



Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Shri Shei Wa Anandamayae Ashram

শিল্প কথা

শিল্পীর প্রতিভা জীবনের স্থাইতে। যে বস্তু তিনি গড়েছেন তা জীবন্ত হয়েছে কি ? তাঁর রং রেখা, তাঁর ধ্বনি, তাঁর বাক্য এমন মুদ্ভি পেয়েছে कि, गत्न হয় योत जाय ছाति ठानात्न छेम छेम करते तक सत्तद १ মনে হয় কি, তিনি যে জিনিষ দিয়েছেন তা গড়া বা তৈয়ী করা কিছ নয়, তা যেন ভগবানেরই স্বাষ্ট্র, বিশ্বপ্রকৃতির অফ-শিল্পী নিমিত্ত মাত্র হয়ে তাকে প্রকাশ করে ধরেছেন? যা ছিল ববনিকার অন্তরালে শিল্পী তাকে কেবল আবরণথানি সরিয়ে সকলের সমূথে ব্যক্ত করেছেন ? তবে এই যে জীবন তার নানা ধারা হতে পারে—অন্তরের বাহিরের, স্থলের সুন্ধের, উপরের নীচের, দেহের প্রাণের মনের অধ্যাত্মের— দেবতার দানবের পিশাচের পশুর পর্য্যন্ত ; তাতে শিরের দিক থেকে বিশেষ কিছু আসে যায় না। শিল্পী তাঁর রঙ্গমঞ্চকে যথাতথা স্থাপন করতে পারেন, তাঁর উপকরণ বেথাসেথা হতে আহরণ করতে পারেন—এদিক দিয়ে তিনি নিরকুশ। প্রশ্ন হল তার মধ্যে তিনি প্রাণ সঞ্চার করতে পেরেছেন কি না, তাঁর হাত সেই জীয়ন কাঠি কি না বার স্পর্শে সব কিছু বেঁচে ওঠে, জেগে ওঠে—মৃতং কঞ্চন বোধয়ন্তি। তা বদি হয়. তবেই শিল্পীর শিল্প সার্থক। শ্লাল বা অশ্লাল, আধ্যাত্মিক বা লৌকিক. তাত্ত্বিক বা ব্যবহারিক—সকলেরই মধ্যে জীবন সমান ভাবে জীবন্ত হরে কুট তে পারে।

উপনিষদের

তমেব ভান্তমন্থভাতি সর্বং

কিম্বা কালিদাসের

বস্থালিসনধূসরস্তনী;

ছুটি ছুই লোকের কথা কিন্তু উভয়েই সমান জীবন্ত প্রাণবন্ত। দান্তে বখন তন্ত্বকথা বলেছেন—

In la sua volontà è nostra pace.*
কিম্বা নেকড়েবামের চেহারা এঁকে দেখাচ্ছেন—
di tutte brame

Sembiava cerca nella sua magrezza. †

উভয়ত্রই অনুভব করি দান্তের নিজম্ব প্রাণসার।

জীবন অর্থ যে কেবল বাস্তব জীবন, ইন্দ্রিয়-প্রত্যক্ষ জীবন হতে হবে, এমন প্রয়োজন নাই। শিল্পী তাঁর চেতনার, তাঁর প্রাণের সঞ্জীবনী শক্তি দিয়ে যে জিনিব যতথানি সচেতন সজীব করে ধরেছেন, তাই তত সত্য তত বাস্তব—স্থুল ভৌতিক সত্যের বা বাস্তবের সাথে তার সম্বন্ধ, সংযোগ কি সাদৃশু কিছু নাই থাকুক। শিল্পীর মায়াবী শক্তিই হল স্থাষ্ট শক্তি। এই বিশ্বজীবনকেও ত বলা হর অন্বিতীয় সংপুর্বের মায়াশক্তির লীলা—যে শক্তির কল্যাণে অসত্য সত্য বলে প্রতিভাত এবং বাকে বলা হর অন্টন-ন্যটন-পটীয়সী। শিল্পী তাঁর অন্তর থেকে, বাহির থেকে, এ-লোক থেকে ও-লোক থেকে তাঁর জগ্রংটি নিয়ে আসতে পারেন—যেমন তাঁর মায়াবী শক্তির মর্জি। তাই ত কবি বলেছেন—

"কি এসে ৰায় তুমি কোপা হ'তে এসেছ, হে স্থলর ! স্বর্গ হতে কি নরক হতে।"।

^{*} তারই ইচ্ছার মধ্যে আমাদের শান্তি।

[🕇] তার শীর্ণতায় পুঞ্জীভূত বেন বিখের বুভুফা।

^{# &}quot;Que tu viennes du ciel ou de l'enfer, qu'importe, O Beauté !"
-Baudelaire

জিজান্ত শুধু, এ-জগৎ বাস্তবিক একটা জগৎ হরেছে কি না; একটা জগতেরই নিবিড় অভ্রান্ত উপলব্ধি দেয় কি না—নিজের সত্যে তা জাগ্রত স্পান্দিত কি না।

অন্ত দিকে জীবনের কথা হলেই যে তা জীবন্ত হয়ে উঠবে এমন
নয়। প্রত্যক্ষের বাস্তবের কর্ম্মআয়তনের সকল দাপট মালসাট
থাকলেও তা নির্জীব প্রাণহীন হয়ে পড়তে পারে—বেমন ভলতেয়ার-এর
"হেনরিয়াদ" (Henriade)। গাদ্ধার শিল্পের বস্তুতান্ত্রিক জীবন-রূপায়ণ
দেখিয়েছে কেবল আড়স্টতা—অথচ নটরাজের অ-লৌকিকতায় কিম্ব
সকল জীবন যেন স্পন্দিত নন্দিত। তাই আমার বোধ হয়, আধুনিকের
অতিবাস্তবতার চেয়ে অনেক ক্ষেত্রে প্রাচীনের রূপকথা বেশী বাস্তব।
শেক্মপীয়রের পরী, দান্তের এঞ্জেল সয়তান, কালিদাসের গম্বর্মকিয়র
বাল্মীকির যক্ষঃরক্ষ জাগ্রত জীবন্ত শক্তির প্রতিমূর্ত্তি সব।

পূর্ণ সত্য বা গভীরতন উচ্চতন সত্যকে দেখাতে শিল্পী বাধ্য নন। জ্ঞানের দৃষ্টি দিয়ে দেখলে অনেক সময়ে ননে হ'তে পারে শিল্পীর সত্য সদ্ধীর্ণ একদেশদর্শী—তা অজ্ঞানের অর্দ্ধজ্ঞানের বা বিক্বত জ্ঞানের প্রায় পাশাপাশি হয়ে চলেছে। কিন্তু তাতেও প্রষ্টা হিসাবে শিল্পীর ক্ষতি কিছু হয় না। সত্যের পূর্ণতা—উদারতা, গভীরতা উচ্চতা—নয়; শিল্পী দিতেছেন সত্যের প্রাণবন্তা। অবশ্য বলা মেতে পারে সত্য বেখানে পূর্ণতম, জীবনও সেখানেই সব চেয়ে সজীব। হতে পারে—কিন্তু তেমন জ্ঞানের কথা বললেই যে তা জীবন্ত হবে, তা নয়; তার অপেক্ষা অনেক ছোট সত্যও তার চেয়ে স্থানে স্থানে অনেক বেশী জীবন্ত হতে পারে—এরই নাম শিল্পীর হাতের শুণে।

প্রথমে হল জীবন। সজীবতা শিল্পের আদি লক্ষণ। কারণ শিল্পী হলেন প্রষ্টা। কিন্তু স্রষ্টা অর্থ রূপশ্রষ্টা; তাই রূপ-সৌন্দর্য্য হল শিল্পের বিতীয় গুণ। এই জন্মই শিল্পীকে বলা হয় রূপকার। শিল্পীর

স্থান্ট হবে সজীব, আবার হবে রূপবান। তবে জীবনের যেনন নানা ধারা, রূপেরও তেননি নানা ছাঁচ। রূপ অর্থ অদ-সোর্চব হতে পারে— অদের গড়নে সনাবেশে একটা অনুপাত সান্য; একে বলা বার চারুতা শোভনতা। আর হতে পারে—অদের ভদীতে একটা ভাগবত ছোতনাগত স্থানা—একে বলা যেতে পারে জ্রী, লাবণ্য। এক হল অদের আকারগত আর এক হ'ল প্রকারগত সৌন্ধ্য। এক সীনার গ্রীকদের স্থান স্বামিতি, অন্ত সীনার আধুনিকের নিরন্থল উলান স্কুগতি। একদিকে প্রাক্তিতলা (Praxiteles), আর একদিকে রোদিন

(Rodin)। একদিকে সংযত স্থান্ত সাজিত সম্প -দেহবদ্ধ—যেমন নিশতনের

And where the River of Bliss through midst of Heaven Rolls o'er Elysian flowers her amber stream, কি ওয়াভ স্তয়ার্থের

Ethereal ministrel ! Pilgrim of the sky ! অন্তদিকে বাধন ছাঁদন হারা উন্মার্গ উচ্ছলতা, বেনন হপকিন্দের (Hopkins)

The flower of beauty, fleece of beauty, too, too apt to, ah 1 to fleet,

Never fleets more, fastned with the tenderest truth To its own best being and its loveliness of youth.

কিম্বা আরও আধুনিকের ইচ্ছাক্বত বিষমতা, কক কর্কশতা, বেমন বট্টাল (Ronald Bottral)

Is it worth while to make lips smile again, To transmit that uneasiness in us which craves A moment's mouthing.....

একদিকে রবীক্রনাথের—

অতল গন্তীর তব অন্তর হইতে কহ সান্ত্বনার বাক্য অভিনব আবাঢ়ের জলদমন্ত্রের মত

কি-

নরনে আমার সঞ্জল মেঘের নীল অঞ্জন লেগেছে—

আর অন্তদিকে, ধরুন বুরূদেব বস্তুর

স্থন্দর না হ'লে বদি জীবনের পাত্র হ'তে কোন ক্ষতি,
ক্ষয় নাহি হয়
স্থানর হবার গৃঢ়, তুর্রহ সাধনা—
রেশকর ভপশ্চর্যা
কে আর করিতে বার ভবে ?
 কিয়া চরমে বদি পৌছাতে চান, তবে প্রাণব রায়ের

মদের সদে নারী, মাংস ও ঠুন্কো ভাড়াটে প্রেম যেথানে বিক্রি হয় দরদাম করে টাকা দিয়ে কিনে তা-ই!

কলত এক হিসাবে নোটের উপর বলা চলে যে আধুনিক শিল্পী স্করপের কথা ভাবেন না—শিল্পের এ দিকটা অনেকে একেবারেই ছেঁটে দিতে চেয়েছেন। জীবন, জীবনের প্রকাশ, জীবনের স্থ-প্রকাশ—স্থলর প্রকাশ নর, সম্যক প্রকাশ—এই হ'ল শিল্পের আদি মধ্য শেষ। তবে জীবন বলতে আধুনিকেরা ব্বোন জীবনের এক ধণ্ড অংশ, এক বিশেষ ধারা, বিশেষ ভঙ্গী। আগে জীবন ছিল একটা বৃহত্তর পূর্ণতর গভীরতর স্রোত—শুদ্ধতর না হলেও, কর্মের ভোগের আবেগের—ভাল মন্দ নিয়ে, বড়রিপু বা যড়েখ্ব্য

নিয়ে—একটা ভরাট সমর্থ দীলা। জীবন অর্থ তথন ছিল প্রাণশক্তিরই স্বরূপের প্রকাশ। বর্ত্তমান যুগে জীবন অনেকথানি সদ্ধীর্ণ ও অগভীর হয়ে এসেছে। আগে জীবন ছিল মনের কাছাকাছি জিনিষ, মনোময় পুরুষের হারা প্রভাবায়িত; এখন জীবন যতদ্র সম্ভব দেহের সীমানায় টেনে আনা হয়েছে—জীবন হয়েছে অন্নময় পুরুষের একান্ত দাস। জীবন হ'ল রক্তে কোষে, শিরায় সায়ুতে, সুল ইন্দ্রিয়ে মগজে অণুর বা শক্তির ক্রিয়া প্রতিক্রিয়া। জীবনের যে প্রাথমিক বা—আদিম অবস্থা—জড় যেখানে সবে প্রাণে পরিণত হয়ে চলেছে—সেই প্রত্যন্ত লোকের রহস্ত আজ-কালকার চেতনাকে মৃশ্ব এবং মৃত্ব করেছে।

অবশু এই সাকাই এথানে দেওরা যেতে পারে যে স্থরূপ বা কুরূপ নর, শিরের কথা হ'ল রূপ বা স্থরূপ। জিনিষকে বথাবথ ব্যক্ত করা প্রকাশ করে ধরা—এই হ'ল সমস্ত কারিগরী। সন্দেহ নাই। তবে পক্ষান্তরে আবার বলা বেতে পারে রূপ-শিরগত রূপ অর্থই স্থরূপ—স্বরূপ আর স্থরূপ অভিন্ন বস্তু। স্থরূপ ছাড়া স্থরূপ হয় না।

একথা সত্য, রূপ কি হ'লে স্থরূপ হয় আর কি হলে হয় না, তার সীমানা নির্দেশ সহজ নয়। গ্রীক আদর্শের স্থরূপ আমাদের চেতনাকে এতথানি অভিভূত করে রেথেছে যে অন্ত রকমের স্থরূপ করনা আমাদের পক্ষে কঠিন। কিন্তু গ্রীকের স্থরূপ আছে বলে ভারতীয় রূপে যে স্থরূপের অভাব হয়েছে তা নয়। গ্রীকের রূপবন্ধে প্রধানত দেখি অন্তের ঢালাই—প্রত্যেক অন্ত সব দিক দিয়ে বাতে স্থপরিক্ষ্ট হয়ে ওঠে, দৈর্ঘ্য বিস্তার বেধ তিনটি মাত্রাই বাতে সমান মর্যাদা পায়, সর্ব্বত্ত দেখা দের একটা পরিমিতি অন্ত্রপাত, ক্রম, একটা মস্থপতা। ভারতীয় শিল্পী ঢালাই বা বলনকে প্রধান করেন নাই—তাঁর কাছে প্রধান হল চলন—বলনকে চলনের সহায়েই ফুটিয়ে তুলতে চেয়েছেন। চলন অর্থ গতি ও স্থিতি গুইই। তাই বেধ—ইউরোপীয় শিল্পে বাকে বলা হয়্য perspective (পরিপ্রেক্ষা)—ভারতীয়

শিন্নী তা বাদ দিয়ে রেথেছেন। দৈর্য্য ও প্রস্থ এই হুটি মাত্রার উপর তিনি নির্ভর করেছেন; অন্দের পরিপূর্ণতা, পরিপূষ্টতা—ফডোল—দেথাবার জন্তও গ্রীকের মত বেধকে একান্ত প্রয়োজন মনে করেন নাই। পটের সমতল ক্ষেত্রকে সমতল হিসাবেই গ্রহণ করেছেন, তাকে প্রকৃতির অমুবারী অসমতল করে দেথাবার ছলা কলা তিনি আয়ত করেন নাই। গ্রীক বা গ্রাক প্রভাবান্বিত চিত্রে তাই পাই ভাস্কর্য্যের রীতি। আর ভারতীর ভাস্কর্য্যেরও মধ্যে পাই চিত্রের পদ্ধতি। কিন্তু এখানে একটি রহস্তের কথা এই যে উভরেরই মধ্যে রয়ে গেছে আবার একটা প্রতিপ্রক ধারা—গ্রীকের কাব্যে বলনের সাথে সাথে, বলনকে ছাপিয়ে কুটে উঠেছে চলনের স্কর্মপ, ভারতের কাব্যে রূপ প্রেরছে ভাস্কর্যের বলন, নিটোল, আপূর্ণ আকার।

গ্রীকের রূপ, ভারতের রূপ ছাড়া রূপের আরও প্রকার ভেদ থাকতে পারে—এবং সে সব যে স্থরূপ না হয়ে কুরূপ বা জ-রূপ হবে এমনও হয়।

কন্ত কন্ধ বিচারের গভীর জলে আর আমরা যাব না। স্থরপের সীমানা মরুমরীচিকার মত যতই সরে সরে দূরে চলে যাক না—তবুও সাধারণ বোধে আমরা অন্তভব করি না কি রূপের ও রূপের অভাবের মধ্যে আছে কোথাও একটা রেখা? জীবনের সম্যক প্রকাশ মাত্রই স্থরূপ নর।

আধুনিকেরা এই রেখা হয়ত অস্বীকার ক'রেছেন—কিন্তু স্বীকার করলেও তাঁদের মর্য্যাদাহানির কোন ভয় নাই। আমরা শিল্প স্থাষ্টর যে প্রথম গুণটির কথা বলেছি তার জোরেই অনেক শিল্পী অমর হয়ে আছেন। সেক্সপীয়রকে স্থন্ধপের শিল্পী বলতে অনেকেই ইতন্ততঃ করতে পারেন—কিন্তু তাঁর স্থাষ্ট যে সন্ধীব প্রোণোচ্ছল তাতে সন্দেহ করবার কোন অবকাশ নাই। মোটের উপর ইংরাজী কবি-প্রতিভা বোধ হয় এই প্রকৃতির। গ্রীক-লাতিন-ফরাসী ইহার বিপরীত। সেথানে বিশেষ ভাবে জোর দেওয়া হয়েছে স্থন্নপের উপর—আমাদের সংস্কৃত সাহিত্য

সম্বন্ধেও এই কথা বলা বেতে পারে। স্থান্নপকেই এথানে শিল্পের বৈশিষ্ট্য করে ধরা হয়েছে; এমন কি জীবনের সজীবতাকে প্রাস করেও, একটা ক্ষত্রিমতাকে বরণ করেও অনেকে চেয়েছেন রূপকে স্বষ্টুতর ভাবে ক্টিয়ে তুলতে। তবে এই তুইএর সন্মিলন বেথানে সেথানেই সোনায় সোহাগা। শিল্পের এই উভয় অন্ধকে সমান মর্য্যাদা বারা দিয়েছেন,—বেমন বান্মীকি হোমর—তাঁদের শ্রেষ্ঠ আসন দিতে হবে বৈ কি!

Digitization by eGangotri and Sarayu Trush Funding by MoE-IKS

No...
Shri Shri Ma Anandamayae Ashram

মেন্দ্রমন্ত্র

শিন্নকলা জীবনের অভিব্যক্তি, পুশিত বিকাশ। জীবন থেকে জীবনের শিরোমণি হরে কুটে উঠেছে শিল্প। জীবন শিল্পকে জন্ম দিয়েছে, এই একদিকে—কিন্তু অন্তদিকে শিল্পও আবার জীবনকে জন্ম দিতেছে, জীবনের বিকাশে সহায়তা করে চলেছে, জীবনের মধ্যে পরিবর্ত্তনের পুনর্গঠনের সম্ভাবনা এনেছে।

তবে অনেকে হয়ত কথাটা স্বীকার করতে চাইবেন না। তাঁর। বলবেন শিল্প ও জীবনকে যতদুর সম্ভব আলাদা করে, প্রস্পরের অস্পুত্র করে রাথাই যুক্তিযুক্ত। উভয়ের নধ্যে যে সম্বন্ধ তা হল বড় জোর বেন সাংখ্যের পুরুষ-প্রকৃতির সম্বন্ধ—অর্থাৎ একান্ত বিচ্ছিন্ন হরে থাকাই উভয়ের পক্ষে মদল—পরস্পরের সামীপ্যের প্রভাবের ফলে প্রকৃতি হারার তার সাম্য, হয়ে পড়ে চঞ্চল পঞ্চল,—আর পুরুষেও এসে দেখা দের অজ্ঞান সম্মোহ। অন্ত কথার চারুশির স্থানর (beautiful) না হরে. হরে পড়ে দরকারের ব্যবহারের জিনিব (useful)—অহেতৃক আনন্দের বস্তু না হয়ে, হয়ে পড়ে উদ্দেশ্য-সাধনের উপায়নাত্র, সে উদ্দেশ্য যতই সাধ হোক না কেন: শিল্পী রসিক না হয়ে, হয়ে পড়েন প্রচারক। শিল্পকে জীবনের সাথে জুড়ে দিয়ে, জীবনের সেবক, তল্পীদার করে তোলবার প্রচেষ্টাকেই "বাণী-দেবকদের বিশ্বাসঘাতকতা" (La Trahison des Clercs) नाम जित्र Julien Benda এই किছু जिन शृद्ध कर्तामी সাহিত্যমহলে বিষম সোরগোল তুলেছিলেন। আর আজকালকার রুশের সমন্ত দোভিয়েট সাহিত্যের শিল্পকলার বিরুদ্ধে এই অভিযোগই আনা হয়েছে। তা ছাড়া, জীবনের সাথে শিন্নকে জড়িয়ে মিশিয়ে ফেনলে যে কেবল শিলের মুগুপাত হয় তা নয়, জীবনও তাতে হয়ে পড়তে পারে এল

পঙ্গু, ছর্বল অক্ষম। এই আশস্কার জন্মই বারা সাহিত্যিক মন দিয়ে জগৎকে সংস্কার করবার বা গড়ে তোলবার আকাজ্ঞা করেন তাঁদের কাজে অনেকে সর্বান্তঃকরণে সায় দিতে পারে না। তবে একথাও বলা হয় কবি-রাজ্য কবিদের স্বগ্ন, মানসিক বিলাসই বেশীর ভাগ—বাস্তবে সত্যসতাই তার সাথে সাক্ষাতের আশস্কা বা ভরসা খুব কম।

জীবন ও শিল্প হ'ল তাই ছাঁট বিভিন্ন স্তরের বা ক্ষেত্রের জিনিব।
পারতপক্ষে স্বীকার করা যেতে পারে তারা বেন ছাঁট সমাস্তরাল রেথা,
পাশে পাশে চলেছে বরাবর, কিন্তু কোথাও পরস্পরকে স্পর্শ করে না,
এতটুকুও মিলে যার না—এক বোধহর পরিশেষে অনন্তের মধ্যে গিরে
ছাড়া। শিল্পের উৎপত্তি জীবন থেকে নয়, জীবনের প্রেরণাও সাহিত্যের
মধ্যে নয়। উভয়ের জন্ম আলাদা, লক্ষ্য আলাদা; ধর্মকর্ম্ম আলাদা।

শিল্প ও জীবনে এই বৈধ বৈপরীত্য যদি থেকেই থাকে, তবে তার কারণ ও-ছটিকে তাদের সত্যকার স্বরূপে না দেখে, দেখা হয়েছে ওদের একটা সদ্ধীর্ণতর বাহতর রূপে। জীবনকে মূলতঃ প্রধানতঃ ধরা হয় প্রাক্ত (অর্থাৎ পাশব) বৃত্তির অদম্য লীলাখেলা হিসাবে, বাকে নিয়ন্তিত বশীভূত করে রাথবার নিরর্থক নিজল চেন্তা হয়েছে কতকগুলি রীতিনীতি, মনগড়া বিধিব্যবস্থার সহায়ে। আর শিলকেও নোটের উপর বিবেচনা করা হয় কেবল চিত্তবিনোদনের সামগ্রী, জীবনের রুঢ়তা তিক্ততা হতে ক্ষণকালের মূক্তি, আরাম—কল্পনার, খোসখেয়ালের, স্বপ্রবিলাসের লাস্থ—একেবারেই অহেতুক আনন্দের উচ্ছ্বাস, একান্ত অপ্ররোজনের অব্যবহার্যের অতিরিক্ততা। কিন্তু জীবনকে ও শিলকে এভাবে কোথাও কোথাও বা সচরাচর দেখা হলেও তা সত্য দেখা কি পূর্ণ দেখা নয়; উভয়ের মধ্যে যে কেবল অস্তোন্থাভাবেরই সম্বন্ধ থাকতে হবে, এমন বাধ্যবাধকতা কিছু নাই।

শিল্প ও জীবন যদি পরস্পারকে স্পর্শ না করেই বরাবর চলতে থাকে—তাদের মিলবার মিশবার সম্ভাবনা এক যদি থাকে কেবল

শিল্প ও জীবন

অনন্তের মধ্যে, তবে ত সমস্রাটি সমাধানের ইন্দিত স্পষ্ট রয়েছে ঐধানেই— শিল্পকে অনন্তের চেতনায় উন্নীত করে ধরতে হবে, জীবনুকেও গড়তে হবে ঐ অনন্তেরই অনুপ্রেরণায়।

শিল্প সম্বন্ধে কথাটি হয়ত একান্ত অভিনব বা অপ্রত্যাশিত নর। কারণ শিল্পের স্বরূপই বলা হরে থাকে একটা কিছু আনস্ত্যের অভিব্যক্তি— অন্ততঃ অধিকাংশ শিল্পীশ্রেষ্ঠেরাই একথা বলে থাকেন। জীবনের সাথে শিল্পের বিরোধও ঠিক এই দিক দিয়ে—কারণ, জীবনের কারবার হল ফুদ্রকে খণ্ডকে সসীমকে নিয়ে আর ফুদ্র খণ্ড সসীমভাবে। সব কবিরাই চেয়েছেন জীবনের এই গণ্ডী ভেম্বে, এই বাহতা ছিঁড়ে একটা কিছু গভীরতর বৃহত্তর বস্তকে আবিদ্ধার করতে, প্রকট করতে। তথাকথিত অতি-আধুনিকেরাও কুদ্রকে বাহুকে তুচ্ছকে নিয়ে যতই মত্ত থাকুন না, তাঁহাদেরও সৃষ্টি শিল্পরসে অমৃতান্নিত হয়ে উঠেছে তথনই—তাঁরাও অনেকে একথা স্বীকার করেন—যথন তার মধ্যে উদ্ভাসিত হয়েছে একটা কিছু আনস্ত্যের ভোতনা, একান্ত ইন্দ্রিয়-পরিচ্ছিন্ন নর এমন কোন চেতনার বা সন্তার ইদিত। আর জীবনকেও কেবল লোকায়ত-জীবন করে রাখাই সর্বত্র একমাত্র কর্ত্তব্য ও সম্ভাব্য বলে বিবেচিত হয় নাই। জীবনকেও সেই আনন্ত্যের স্থরে ও ছাঁদে গড়ে তোলবার প্রচেষ্টাই হল অধ্যাত্ম-সাধনার নিগৃঢ় মর্ম্ম। নীতির সদাচারের সামন্ত্রিক সঙ্কীর্ণ শুঙ্খলা নয়, কিন্তু পরম মুক্তির স্বাচ্ছন্দোর মধ্যে বিশ্বত দিব্য ছন্দই অধ্যাত্মের नका। कवि हिमाद विनि महान त्यर्घ, जीवत्नत क्लाव कार्याणः प्रिथ তিনি অতি সাধারণ, এমন কি সাধারণেরও নীচে হরত। অবশ্র জীবনে মান্ত্ৰ হিদাবে তুচ্ছ হলেও, শিল্পীর শিল্পমহত্ত্ব তাতে কিছু থর্ব হয় না— শিল্পীর জীবনকে ভূলে, দেখা উচিত কেবল তাঁর শিল্পকে। কথাটি ঠিক —কিন্তু এতে শিল্পীর অন্তরাত্মার একটি রহস্তকে, শিল্পস্টের একটি পূর্ণতর অভিব্যক্তির সম্ভাবনাকে আমরা অবহেলা করি।

LAST VILA

No.

Shri Shri Ma Anandamayee Ashram BANARAS

শিল্পী তাঁর শিল্পের মধ্যে যে সত্যের স্থলরের সন্ধান পেয়ে থাকেন অর্থাৎ যে চেতনার বলে তিনি রূপদ্রষ্টা ও রূপস্রষ্টা, তাকে গুরু ফণিকের নয় কিন্তু সর্বনার, খগের ক্য়নার ভাবের নয় কিন্তু জাগ্রতের, চঞ্চল নয় কিন্তু স্থির, ব্যতিক্রম নর কিন্তু স্বাভাবিক করে তোলাই হয় জীবনের ্রের্চ সাধনা। জীবনকে গঠিত শাসিত করবার জন্তু, সার্থক করবার জন্ম যে সকল রীতিনীতি বিধিব্যবস্থা সাধারণতঃ আশ্রন্ন করে চলা হয় দেখি, শিল্পীর দৃষ্টিতে প্রায়ই তা যথেষ্ট উদার গভীর বা সমুচ্চ বলে বোধ হয় না—বরং মনে হয় জীবনের বুঞ্তর নিবিড্তম অভিব্যক্তির পক্ষে অন্তরায়। সেই জন্মই অনেক শিলী, বাঁদের চেতনা একটা লোকোত্তর সভ্যের স্থন্দরের প্রভাবে পরিপ্লৃত, একটা বৃহৎ মৃক্তির স্বাচ্ছন্দ্যে লীলায়িত তাঁরা জীবনের পরিচিত শৃঞ্চলার বিরুদ্ধে বিদ্রোহ করে চলেন, তাঁদের প্রাণ সাধারণ সর্বজনসম্মত ছুঁচের মধ্যে আপনাকে আবন্ধ করে রাথতে পারে না। বহু কবি শিল্পীরাই জীবনের স্বাভাবিক কাঠামকে ভেম্বেছেন বা ভেম্বে ফেলতে চেয়েছেন—তাঁদের সৌন্দর্য্য-রচনার মধ্যেও তাঁদের এই প্রয়াসের ও আকৃতির দোল কুটে উঠেছে; কিন্ত জীবনের ক্ষেত্রে নৃতন চেতনার অন্তরূপ ছ'াচ গড়বার প্রতিষ্ঠা করবার কৌশল বা সাধনা তাঁরা আয়ত্ত করেন নাই। আবার অব্রু এমন শিল্পীও আছেন যাঁরা শিল্পের দিক হতে লোকোত্তর দ্রষ্টা প্রস্তা হয়েও অন্তদিকে—বান্তবে কর্মায়তনে—সাধারণ নৈমিত্তিকতার গড়ডালিকা প্রবাহে व्यापनारक एडए पिराएडन, जांत विधिवावयां मव स्मान निरत हलाइन— रामन, শেকाপीयत खबर ।

অন্তরে লোকোন্তর শিল্লদৃষ্টি, বাহিরে তুল প্রাক্ত-দৃষ্টি—শিল্লীর এই ছটি দিক কোনরক্মে না মিশে একেবারে পৃথক হয়ে. থাকতে পারে। শিল্লী যথন স্থান্ট করেন তথন একটা একান্ত অন্তর্মুখী সমাধির অবস্থায় তাঁর অন্ত সন্তাটি সম্পূর্ণ ভূলে হারিয়ে ফেলতে পারেন; আবার সহজ জীবনে

শিল্প ও জীবন

বথন কিরে আসেন তথন তাঁর কবিসন্তাকে তাকের উপর তুলে রাথতে পারেন। কিন্তু অনেক সময় এরকম সম্ভব হর না—এ ছটি দিকের পরস্পর দেখা সাক্ষাৎ হতে থাকে, এবং তাদের মধ্যে যদি একটা সামঞ্জস্ত স্থাপিত না হর, তবে সংবর্ষ ঘটে। তার ফলে জীবনে যে কেবল ব্যর্থতা আসে তা নয়, শিল্লশক্তিও অনেক সময় কুন্ধ থর্ম হয়ে পড়ে।

কবি ওয়ার্ডসওয়ার্থের মধ্যে এই রকম একটা কিছু বটেছিল বলে কেউ কেউ নির্দেশ করে থাকেন। অবশ্র ত্রাউনিং যে অণরাধের উল্লেখ করেছেন—একমুঠি সোনার জন্তে আমাদের দিশারী আমাদেকে ছেড়ে গেলেন—সেটি সূল কথা; পদ অর্থ মান সন্ত্রন স্থথ স্বাচ্ছনেদ্যর প্রলোভনে যদি কবির পদস্থলন হয়ে থাকে, তবে সেটি একটি স্ফ্রতর অধঃপতনের প্রতীক। কবি তাঁর কবিচেতনায় পেয়েছেন বে উপলব্ধি, বে সত্যের সৌন্দর্য্যের সাক্ষাৎ স্পর্শ, শিল্প-হিসাবেও তার সম্যক প্রকাশের রূপায়ণের জন্ম অনেক সময়ে দেখা যায় কেবল বাঙ্গানদের সাড়া ও সাহচর্যাই র্যথেষ্ট নয়—প্রয়োজন হয় প্রাণের শারীরচেতনার পর্যান্ত অন্তমতি ও সহবোগ, আর প্রাণ এবং শরীর নিয়েই ত জীবন। অন্ত কথার, সমগ্র জীবনটি যথন কোন না কোন রকমে মূল শিল্পীচেতনার সহপ্রাণিত উদ্রাসিত হয়ে ওঠে তথনই শিল্পটির সম্যক স্কুরণ সম্ভব। ওয়ার্ডসওয়ার্থের কবিদৃষ্টি বখন তাঁর জীবনধারায় উন্মুক্ত পথ না পেয়ে কঠিন প্রতিবন্ধকে ব্যাহত প্রতিহত হয়ে পড়ল—তাঁর মনের প্রাণের দেহের সম্বীর্ণতা সংস্কার অসাডতা যথন তাঁর উদ্ধিতর চেতনাকে প্রত্যাখ্যান করে চলল তথনই তাঁর কাব্য-অমুপ্রেরণার উৎসও विश्वक इरा धन। क्वन अग्रार्धम अग्रार्थ क्न, जागात गरन इत অনেক শিল্পীই, বাঁদের সম্বন্ধে বলা হয় তাঁরা could not speak out— ठाँदित मूथ कूंट्न ना-- এই এक कांत्रत वार्थकांम श्राहन।

জগৎকে জীবনকে একটা উত্তর চেতনার মধ্যে রূপান্তরিত করে দেখা সকল শিল্পীরই সহজাত অবশুস্তাবী বৃত্তি বলে মনে হয়। এই আদর্শ-

পরারণতাই শিল্পীকে কথন দৃশুমান স্থুলের রুঢ়তা ক্ষণিকতা ছাড়িয়ে unheard melodies, Elysian fields, magic casements প্রভৃতির স্বথ্ন দেখিয়েছে—কথন বা এই জগংটিকে ভেন্দে চুরে প্রাণের মত করে গড়বার প্রেরণা দিয়েছে কিংবা এ সকল চেষ্টা নিরর্থক ভেবে একে শুরু কষ্ট করে সহ্য করে বেতে বলেছে—in this harsh world draw thy breath in pain—অথবা এরই মধ্যে ডুবে গিয়ে এরই থেকে একটা কিছু তীব্র অসাধারণ আনন্দ আবিদ্ধার করতে উদ্যুক্ত করেছে। এই আদর্শপরায়ণতা বে শিল্পীর কেবল বিষয়বস্তুর ব্যাপার, শিল্পীর শিল্পরচনার তারতম্য এদিক দিয়ে হয় না—এমন কথা বলা বায় কিনা সন্দেহ। কারণ এই আদর্শপরায়ণতাই শিল্পীকে দিয়েছে তাঁর ছন্দের দোল, তাঁর রূপায়ণে প্রাণাবেগ। এই আদর্শপরায়ণতারই অন্ত নাম কবি-দৃষ্টি।

শিল্পীকে বতথানি মনে করা হয় অথবা শিল্পী নিজেই বতথানি মনে করেন যে জীবনলীলায় তিনি রয়েছেন কেবল সাক্ষীগোপালের মত, তাঁর একান্তবাসে সমাহিত, বাস্তবিক পক্ষে ততথানি তিনি তা নন। হাতে হাতিয়ারে তিনি কর্মাক্ষেত্রে আর পাঁচ জনার মত নেমে না যেতে পারেন, কিন্ত যে-সকল শক্তি বা রুন্তি জীবনকে কর্মকে নিয়ন্ত্রিত পরিচালিত করে, তাদের সাথে তাঁর রয়েছে একটা সাক্ষাৎ-সম্বন্ধ, এবং এই সাক্ষাৎ সম্বন্ধ, এই নিভৃত সহজ সংযোগ রয়েছে বলেই তিনি হতে পেরেছেন কবি—দ্রষ্টা ও প্রষ্টা। শুধু শিল্পী হিসাবে অর্থাৎ জীবনের তাব নিয়ে দ্রষ্টা ও প্রষ্টা না হয়ে, জীবনের বস্তু নিয়েও দ্রষ্টা ও প্রষ্টা হয়ে ওঠা আর একটি ধাপের অপেকা মাত্র।

জীবনের সাথে শিল্পের যে কতথানি অদাদী সম্বন্ধ তার কিছু পরিচয় পাই ইতিহাসের একটি বিশেষ ঘটনায়। যথনই দেখি জীবনে নৃতন জোয়ার দেখা দিয়েছে, প্রাণে ফুটে উঠেছে নৃতন সামর্থ্য, কর্মায়তন যথন সমৃদ্ধ, তথনই কি দেখা দেয় নাই যাকে বলা হয় শিল্পের স্বর্ণ গু

শিল্প ও জীবন

প্রাচীন গ্রীসে পেরিক্লার যুগ, রোমে অগন্তের যুগ—রেণাসেন্সের ইতালীতে দশন লেও'র যুগ, ইংলণ্ডে এলিজাবেথের যুগ, ফরাসীদেশে চতুর্দশ লুই'র যুগ—ভারতে বিক্রমাদিত্যের নবরত্বের যুগ প্রভৃতি কি একই সত্যের প্রমাণ নর ? আর আমাদের এই অভিশপ্ত (?) বর্ত্তমান যুগেও শিল্পজগতে দেখছি যে বিপুল বহু প্রয়াস, নৃতনের অভিনবের বিচিত্রের আবিদ্ধার-অভিযান, তারও মূলে নাই কি জীবনেরই ক্রমবর্দ্ধমান আবেগ আকাজ্ঞা আশাভরসা ?

জীবনপ্রবাহে তরদমালার উতলে কেবল নয় পরস্ক নিতলেও বে
শিল্লীর আবির্ভাব কোথাও কথন হর না, তা নুর—তবে সেটি ব্যতিক্রম
মাত্র । বেওশিরা'র (Boeotia) মত দেশে পিন্দার, আর মধ্যবুর্গের
একেবারে মধ্যভাগে দাস্তে—দেখার বেন নিবিড় আঁধারের কোলে বিজ্ञলীচমক; কিন্তু এ হ'ল ব্যক্তিগত প্রতিভার কথা—ত্বই একটি স্বাভন্তাপ্রির
শিল্পজ্যোতিন্ধ, ধ্মকেতুর মত, এভাবে অপ্রত্যাশিত দেশে ও কালে প্রকট
হতে পারে, কিন্তু তাঁরা বেন মানবচেতনার ক্রমবিকাশের বে প্রধান কলা
তার কিছু বাইরে—(কতকটা হয়ত intervention বা আকস্মিক
অবতরণের মত, ঐ বিকাশেরই কাজ এগিরে দেবার জন্ম)।

জীবনের সাধক হলে বে শিল্পসাধনার এসে পড়বে খাদ মিশ্রণ অধঃপতন, এমন আশদ্ধা অমূলক। বরঞ্চ তাতেই শিল্প হরে উঠতে পারে মহত্তর—শিল্প-হিসাবেও সত্যতর স্থানরতর। বথন গীতাকারের মূখে শুনি অনিতামস্থাং লোকমিমং প্রাণ্য ভজস্ব মাম্

किश्वां छेशनियम श्रवित

তমেব ভান্তমন্মভাতি সর্বাং তম্ম ভাগা সর্বমিদং বিভাতি—

তথন তা'তে কেবল অধ্যাত্ম-গৌরব নয়, কবিত্বেরও পাই চরমোৎকর্ষ।

জীবন-সাধক অর্থই ত এই, তিনি তাঁর সমন্তথানি, তাঁর দেহপ্রাণমন দিয়ে এক পরম সতাকে সৌন্দর্য্যকে ব্যক্ত করতে প্রয়ামী—
সত্যের সৌন্দর্য্যের নিবিড়তম রহস্তকে তিনিই পূর্ণতর ভাবে অধিগত
করেছেন। স্থতরাং তিনি যদি বিশেষ শিলস্কৃতিতে ব্রতী হন, তার
উপলব্ধি বা চেতনা যদি বাত্মর, ধ্বনিমর, বর্ণরেখামর হয়ে উঠতে চার,
তবে তাঁরই হাতে শিল্প লাভ করে না কি তার পরাকাঠা?

আধুনিকতার, অতি-আধুনিকতার প্রধান ফুর্ননিতাই এইখানে বে মান্থবের একটা সন্ধীর্ণ অংশ, বাহুর্ভি দিয়ে শিল্লস্থ করতে সে চেরেছে —প্রধানতঃ তার মগল, তার স্নারব অন্থসন্ধিৎসা দিয়ে। সকল শিল্লই অবশ্র মানস স্প্রতি—কিন্তু শিল্লীশ্রেষ্ঠদের মধ্যে দেখি তাঁদের মানস (স্প্রকালে অন্ততঃ) তাঁদের জীবনের সমগ্রতাকে আপনার মধ্যে বেন তুলে নিয়েছে। আধুনিকের মানসস্প্রি কেবলই, একান্তই মানস— মান্থবের আর সব অংশকে নিজের বাহিরে রেখে, দ্রে থেকে শুধু দেখেছে পরীক্ষা করেছে। তাই আধুনিকতার মধ্যে তুর্ল ভ সামর্থ্য, সজীবতা, সত্যের একটা মৌলিক মহিমা।

ভবিশ্যতের শিল্পীকে প্রথমে কিরে যেতে হবে চেতনার সমগ্রতার মধ্যে; সমস্ত আধার দিরে উপলব্ধ সত্যের সৌন্দর্য্যের প্রকাশ হবে শিল্প। প্রাচীন শিল্পীতে এই সমগ্রতা ছিল ভাবগত, অন্তরাত্মার একটি একাগ্রতার কল। কিন্তু এই সমগ্রতা যদি হর বন্তগত অর্থাং মানুষ হিসাবে আধারে জীবনে শিল্পীর সত্য যদি মূর্ত্ত হরে উঠে, তবে তাতে শিল্পও পাবে এক অভিনব মাহাত্মা। কেবল কাগজে কলমে নয়, সেই সঙ্গে ক্রিয়া কর্ম্মেও শিল্পী তাঁর শিল্পপ্রেরণাকে মূর্ত্ত করে চলতে পারেন—ভবিশ্যংগ্রের শিল্পীর পথই হবে তাই। শিল্পহিসাবে শিল্পীর পথ এক, জীবন-সাধক হিসাবে পথ তাঁর আলাদা—এ ব্যবস্থার মূল্য তখন আর থাকবে না। কারণ, শিল্পীর শিল্প হবে তাঁর জীবনসাধনার অভিব্যক্তি—বে সত্যকে স্থন্মরকে

শিল্প ও জীবন

জীবন চায় শরীরী করতে তারই এক একটা প্রতিরূপ গড়ে তুলতে বিভিন্ন শিল্পের বিভিন্ন কাঠামো। তা ছাড়া, এখনও—চিরকানই কি শিল্পী তাঁর জীবনের সাধনাকে, অর্থাৎ জীবনের গভীরতম উপলব্ধিকে, আকৃতিকেই রূপ দিয়ে চলছেন না ?

তবে ভবিশ্যতের শিল্পী এই জীবন সাধনা সজ্ঞানে ত করবেনই, তাঁর লক্ষ্যও হবে চরম পরম সাধ্য একটা কিছু—পূর্ব্বে আমরা বে বলেছি, আনস্ত্যের মহিমা। এখনকার শিল্পীর মধ্যে রয়েছে যে হৈধ বা আত্মবিরোধ, তার পরিবর্ত্তে শিল্পী আপনাতে পাবেন অথণ্ড ঐক্য, তাঁর প্রকৃতি ফিটারিণী না হয়ে, হরে দাড়াবে অচ্ছিদ্রা একনিষ্ঠা অনস্তভাজা।

তাতে শিল্পকে হয়ত পুরাতনের অনেক রস ও রূপ বর্জন করে, অতিক্রম করে চলে যেতে হবে—কিন্তু বিবর্ত্তনের ক্রমোন্নতির নির্মই তাই। ভবিশ্বতের শিল্পী অতীতের প্রাকৃত বৃত্তি নিয়ে যদি না'ই আর লিখতে পারেন—

Vivamus, mea Lesbia, atque amemus...

Da mihi basia mille deinde centum,

Deinde— (Catullus)

কিংবা,

I fear thy kisses, gentle maiden,
Thou needest not fear mine— (Shelley)
ভাতে তাঁর শিল্পজ্ঞি কিছু থর্ব ফুগ্ন হয়ে পড়বে না। তাঁর চেতনা যদি
পেন্নে থাকে জীবনের উদ্ধিতর, বৃহত্তর, গভীরতর গতি ও বৃত্তি, তাঁর
শিল্পেও ধরা দিবে লোকোত্তর চলন ও বলন।

 [&]quot;এদ প্রিয়ে, আদরা বেঁচে থাকি গুরু তুমি আনাকে ভালবাসবে, আমি জোনাকে ভালবাসব বলে। দাও আমাকে সহয় চুম্বন, দাও আরও শত আরও…

কবির আদি অর্থ ছিল ঋবি। এই তুরের মধ্যে ভেদ ক্রমেই বেড়ে চলে এসেছে। কিন্তু এখন কবিকে আবার ফিরে আর্থ চেতনায় উঠতে হবে নব যুগের নব স্থাধীর জন্ম। জীবনের সাধনায় যে ঋবি—ব্রহ্মবিৎ ব্রহ্মভৃত—শিল্পের রচনায় তিনিই হবেন পরম কবি।



কবি ও যোগী

সমালোচক, অন্ততপক্ষে সফল সমালোচক হলেন বিফল কবি—মাঝে মাঝে এ রকম বলা হয়। কবি নিজেও তেমনি আবার হলেন বিফল যোগী অর্থাৎ ভাল যথার্থ কবি হতে গেলে যোগী হওরা চাই কিন্তু যে যোগী অর্থাৎ ভাল যথার্থ কবি হতে গেলে যোগী হওরা চাই কিন্তু যে যোগী অসির ব্যর্থ—এ কথাটি কতদূর বলা যায় চিন্তা করছিলাম। এমন সময় দেখলাম একজন ফরাসী পাদরীপণ্ডিত সত্যসত্যই এ কথা বলেছেন এবং তা প্রমাণ করবার জন্ম একখানা বই পর্যান্ত লিখেছেন। ক্ষাব্র বাং তা প্রমাণ করবার জন্ম একখানা বই পর্যান্ত লিখেছেন। ক্ষাব্র মার্যানিক এবং মিসটিকের মার্যাগত ধর্মা হল প্রার্থনা, ভগবং আরাধনা। আমরা তবে বলতে পারি যোগী, অধ্যান্ম-সাধক বা শুধু সাধক—মোটের উপর অর্থ একই দাঁড়াবে।

ব্রেমে কবিকে যে ভ্রষ্ট পতিত সাধক বলেছেন তার ব্যাখ্যা এই :—
কবির যে আদি প্রেরণা, যে নিভ্ত দৃষ্টি ও অনুভব তাঁর স্পষ্টর পিছনে
রয়েছে তা হল একটা অধ্যাত্ম অনুভৃতি বা অধ্যাত্মমুখী অনুভৃতি;
কিন্তু গোড়ার এই লক্ষ্যের দিকে তিনি সোজা চলে যান নাই, তাকে
পূর্ণ মূর্ত্ত অধিগত করবার চেষ্টা করেন নাই, মাঝপথে থেমে গিয়েছেন,
একটা শাখাপথে নেমে গিয়েছেন: যে নিভ্ত অনুভৃতি অন্তরাত্মার
পেয়েছেন তাকে বাক্যের পোষাকে অলঙ্কারে সাজিয়ে গুজিয়ে ফলিয়ে
—অর্থাৎ অনেকখানি আবৃত করে ও বিক্বত করে—জাহির করেই
পরিপূর্ণ তৃপ্তি তাঁর হয়েছে। অনুভৃতিকে উপলব্ধি না করে, সন্তার
চেতনার জীবনে জাগ্রত সক্রির না করে, তাকে কেবল কল্পনাগত স্বপ্নগত করে,

^{*} Prière et Poésie—par l'Abbé H. Brémond (de l'Academie Française.)

IC.

শিল্প কথা

কেবল মন্তিক্ষগত বিলাসের বস্তু করে রেখেছেন। শেবে অবস্থা এমন হয়েছে যে যে-অনুপাতে কবি সাধকের ধারা হতে সরে দাঁড়িয়েছেন সেই অনুপাতেই তিনি কবি হয়ে উঠেছেন। কারণ সাধনার সোজা পথ ধরে চলা অর্থ, কবিছের চোরাগলি এড়িয়ে যাওয়া, তার অর্থ কাব্যপ্রেরণার, কবিছের অবশুস্তাবী বিলোপ।

প্রথম কথাটি তা হলে প্রথমে দেখা যাক। কবি আদৌ যোগা বা সাধক কি না এবং হলে কি হিসাবে। স্থপক্ষের যুক্তি এই যে প্রায় সব কবির মুখেই—কম পরিমাণে আর বেশি পরিমাণে—শুনি অদৃশু, অনন্ত, স্বভীন্দ্রির, দিব্য এই সকল বস্তুর উল্লেখ। সকল কবিরই আকৃতি একটা লোকোত্তর জগতের দিকে, একটা পূর্ণান্ত নির্দ্ধোষ সত্যের সৌন্দর্য্যের মান্তল্যের দিকে। মিলতন বা ওরার্ড সওরার্থ বা দান্তের কথা ছেড়েই দিতে হয়, তাঁরা ত স্পষ্ট অধ্যাত্মপন্থী। কিন্তু শেক্সপীয়র, যিনি মানব-প্রকৃতির একান্ত প্রহিক, নিতান্ত পার্থিব জীবন্যাত্রার ঘাত প্রতিঘাতের চিত্র দিয়েছেন, তিনি যথন বলেন—

So shines a good deed in this naughty world

There's a divinity that shapes our ends
Roughhew them how we will—

তখন কি অনুভব হয় না শেক্সপীয়রের অন্তরাত্মা নিভূতে সংযুক্ত রয়েছে আর একটা লোকাতীত চেতনার নধ্যে, তাঁর দৃষ্টি একটা প্রচ্ছন জ্যোতির দারা উদ্ভাসিত ? এমনকি যে সব কবিকে বলা হয় যোর বস্তুতান্ত্রিক, বাঁরা জাদর্শবিম্থা, ভগবংফ্রোহী তাঁদের বাহ্য বক্তব্য, "মুথের কথা" যাই হোক, তাঁরা কি Lucifer বা Prometheus-এর সগোত্র নন ? বাঁদের সম্বন্ধে—বাঁদের "অন্তরের ব্যথা" লক্ষ্য করে—বোদলের বলেছেন—

Une Idée, une Forme, un Etre Parti de l'azur et tombé

কবি ও যোগী

Dans un Styx bourbeux et plombé Où nul oeil du Ciel ne pénètre—

আমাদের দেশেও রবীক্রনাথের উল্লেখ করা বাহুল্য। তাঁর কাব্যপ্রেরণার মধ্যে ওতপ্রোত যে একটা অধ্যাত্ম আস্পৃহা এবং এই অধ্যাত্ম আস্পৃহাই যে তাঁর কাব্যপ্রেরণার মূলে তা বলবার প্রয়োজন হয় না। কিন্তু মধুস্থদনের মত "পাষণ্ড"-ও মাঝে মাঝে কি বলেন শুহুন—

কোথা ব্রন্ধলোক ? কোথা আমি মন্দমতি
অকিঞ্চন ? যে তুর্ল ভ লোক লভিবারে
যুগে যুগে যোগীন্দ্র করেন মহাযোগ,
কেমনে, মানব আমি, ভবমায়াজ্ঞালে
আর্ত, পিঞ্জরার্ত বিহঙ্গ যেমতি,
যাইব সে মোক্ষধানে ?—

মেঘনাদ বধের গোড়াতেও মধুস্দন খেতভুজা ভারতীর আবাহন করেছেন।
মধুস্দনের এই অন্থভব বা সিদ্ধান্ত বা তত্ত্ব যে বীণাপাণি হলেন নোক্ষদাত্রী
অর্থাৎ কাব্য হল মৃক্তির সহায় ও উপায়—এটি বিশেষভাবে প্রণিধানযোগ্য।

অবশ্য এমন কবির একান্তই যে অসম্ভাব বিনি কোথাও কথন অধ্যান্মের বা অধ্যান্মজাতীয় কিছু আদৌ উল্লেখ করেন নাই, তা হয়ত বলা চলে না (যেমন ধরুন লাতিন কবি কাতুল্ল (Catullus) বার সম্বন্ধে শ্রীজরবিন্দ বলেছেন, "He has as much philosophy in him as a red ant")। বেঁনোর সিন্ধান্তের বিপক্ষে তাই এঁদের দাঁড় করান যেতে পারে। তাঁরা বদি মৃষ্টিনেয়ই হন, তাতেই সে সিন্ধান্ত অপ্রমাণিত হয়ে যায়। কিন্তু কথাটি ঠিক তা নয়। কবির লক্ষ্য ও প্রহাস যে বাক্যের সহায়ে একটা জীবস্তু সার্থক জিনিষ গড়ে তোলা, একটা

একটি ভাব, একটি রূপ, একটি সত্তা নীলিনা থেকে ছুটে এসেছে, পড়েছে গিরে নরকের
 পদ্ধিল ধুদর এক জলধারার মধ্যে, সেখানে স্বর্গের কোন দৃষ্টিই আর প্রবেশপথ পার না।

সৌন্দর্য্য আনন্দসার স্থষ্টি করা তাই কি অতিলোকিক, লোকোন্তরমুখা কিছু নর? বিষয়বস্তুর মধ্যে, ব্যক্ত অর্থের মধ্যে ও-জিনিবের কোন উল্লেখ বা আভাস না থাকলেও বে নিবিড় আনন্দ স্থমনা চমৎকারিছ তাকে ধরে ঘিরে রয়েছে তার সাদৃশ্য যোগীর সাধকের সাধ্যবস্তুর সাথেই কি নয়?

বিশ্বনাথ কবিরাজ ঠিক এই কথাই বলছেন। কাব্যের শ্বরূপ বা আত্মা হল রস আর সে রস "ব্রহ্মাখাদ সহোদর"—ব্রহ্মোপলরিতে যে আনন্দ, ব্রহ্ম বে আনন্দে গঠিত তার শ্বজাতীয় বস্তু কাব্যস্টির বা কাব্যাস্থাদনের আনন্দ, উভয়ে এক্ই উৎস হতে নিঃস্ত । উভয়েই অথগু-স্বপ্রকাশানন্দ-চিন্ময় এবং—এটি বিশেব লক্ষ্য করবার জিনিয়—"বেদ্যাস্তরসম্পর্কশৃক্ত" অর্থাৎ বাছবিবয়ের সাথে উভয়েরই কোন সম্পর্ক নাই, এসকল উপকরণের উপর তাদের চিন্ময় অথগু স্বপ্রকাশানন্দ নির্ভর করে না। এই কথাই আমি পূর্ব্বে বলেছি যে কবির বাচ্য বক্তব্য যদি অধ্যাত্মবিষয়ক নাই হয় তাতে কিছু আসে যায় না—কবি যাই বলেন তা আসে এক নিগুঢ় চেতনা থেকে, বা হল "লোকোভর-চমৎকার-প্রাণী"।

সাহিত্যদর্পণকার আরও একটা গভীর অর্থগর্ভ কথা বলেছেন কাব্যের আধ্যাত্মিক প্রকৃতি বা স্বরূপ সম্বন্ধে। কাব্যরস মলিন তমোগুণ বা বিক্ষুদ্ধ রজোগুণ দারা গ্রাহ্ম হয় না—একনাত্র তা সত্ত্বের আশ্রয়ে প্রতিকলিত হয়। স্কৃতরাং কবিও বে স্পষ্ট করেন, তা তিনি সম্বগুণের দারা অধিকৃত হয়ে তবে স্পষ্ট করতে পারেন। কাব্যপাঠের ফলশ্রুতিও হল তাই সম্বের উদ্রেক, রজ ও তন এই ইতর গুণবয়ের তুই সংস্পর্শ থেকে প্রকৃতির শুদ্ধি ও মৃক্তি। গ্রীক মনীধী আরিত্ততলের অন্তর্মণ সিদ্ধান্তটিও আমরা এই প্রসঙ্গে স্বর্মণ করতে পারি—ট্রাজেডির আছে বে চিত্তশোধনের ক্ষমতা (katharsis)। তবে বিশ্বনাথ কবিরাজ কাব্যের মহত্ব বে পর্দ্ধার তুলে ধরেছেন ততথানি আর কেউ উঠতে পেরেছেন কি না সন্দেহ।

কবি ও যোগী

বিশ্বনাথ কবিরাজের সাথে ব্রেমেঁার মূলতঃ পার্থক্য নাই। পার্থক্য কাব্যের উদ্ভব সম্বন্ধে নয়, পরিণতি সম্বন্ধে। কবির ভিতরের প্রেরণা, কবিত্বের উৎস যে একটা আধ্যাত্মিক অনুভূতি—ব্রেনে ও বলছেন, তবে তিনি যোগ করছেন এই কথা যে সে-মুহুর্ত্তে সেই অনুভৃতিকে ভাষার ছাঁচে ঢালছেন, ছন্দোবদ্ধে ফলিয়ে ধরছেন, সেই মুহুর্ত্তেই কবি তাঁর নৈসর্গিক যোগী প্রকৃতির ধারায় সোজা না চলে নেনে গিয়েছেন একটা নিয়তর প্রকৃতির ধারায়। অন্তরের ইষ্টকে নীরবে আপনার সমগ্র সন্তায় অঙ্গীভূত না করে, কেবল মুখের মুখরতায় বাহিরে ছড়িয়ে হারিয়ে ফেলেছেন। স্থতরাং তিনি হরে পড়েছেন মিথ্যাচারী—অসত্যপরাষণ, বিশ্বাসঘাতক। যে বস্তুকে জীবন দিয়ে মূর্ত্ত করে তুলতে হবে, তাকে তিনি সহজে সন্তার কথার মধ্যে নিঃশেষ করে রেখেছেন, কথার কথার পর্য্যবসিত করেছেন। জীবনের শিল্পী না হয়ে তিনি অলীক কথার শিল্পী মাত্র হয়েছেন। সভ্যকার পূর্ণ উপলব্ধির পরিবর্ত্তে একটা মধ্যবর্ত্তী আপাতরমণীয় লোকে—হয়ত স্বৰ্গলোকে—বস্তুকে প্ৰত্যাখান করনার বাত্মর মায়িক স্পষ্টর মধ্যে তিনি মুগ্ধ মুহ্ছ হয়ে রয়েছেন। অঞ্চরাদের নৃত্য বুঝি সাধককে ভূলিয়ে পথভ্রষ্ট করে রেখেছে। কবির বাকসর্বস্বতার অসারতা কবি নিজেও সময়ে সমরে যে অনুভব করেন না তা নয়— অসার বাক্যের সহায়েই আবার বাক্যের অসারতা প্রতিপন্ন করে আধুনিক এক কবি বলেছেন—

> চাই না আর মনে মনে অন্তসঞ্চালন চাই না আর মনে মনে দূর অভিবান চাই না আর কলমের গোঁচার বীরত্ব চাই না আর গুধু হুত্রে-বাঁধা সৌন্দর্ব্য:—

^{*} Je suis las des gestes intérieurs Je suis las des départs intérieurs !

আরিস্ততলের গুরু প্লেতো কাব্যের এই দিকটিই দেখিরেছেন—কবিছের নারিক শক্তির কথাই তিনি বলেছেন। কবির হল মনোহর কিন্তু মিথ্যার জগং—কবির মধ্যে বা কবির জগতে আধ্যাত্মিক কিছু নাই। প্লেতো ছিলেন ধর্মের নীতির শাস্থা ও গোপ্তা—কবির উপর তাঁর অসন্তোবের প্রধান কারণ কবির হাতে (যথা, হোমর) দেবতারা যে মাম্বরেরও অধম স্বভাব ও প্রকৃতি পেরেছে, এই অসত্য এবং কু-আদর্শ। অসত্যকে কু-আদর্শকে স্থলর চিন্তাকর্ষক করে ধরে কবি মাম্বকে তার সত্যের মাঙ্গল্যের, যথার্থ স্থলরের সাধনা ও সেবা থেকে দূরে সরিয়েররেথছে।

কাব্যের যে এরকম একটা অবিভাজ্মিকা মায়িক শক্তি আদৌ থাকতে পারে না তা হয়ত সব ক্ষেত্রে বলা চলে না। এবং কোন কোন কবি যে কাব্যের পথ ধরে অন্তরাত্মার সাধনাকে থর্ম করেন বা আর্ত করেন এমনও হতে পারে। পাঠকের চিত্তেও এই ধরণের মোহ উদ্রেক হতে পারে। কিন্তু এসব ক্ষেত্রে বলা উচিত দোষ কাব্যের নয়, কাব্যের নিজস্ব প্রকৃতির নয়—দোষ কবির ও পাঠকের অর্থাৎ মামুষ হিসাবে। এটি হল সম্পূর্ণ ব্যক্তিগত কথা। এভাবে দেখতে গেলে সংসারে এমন জিনিষ নাই যে সাধনার অন্তরায় হয়ে উঠতে পারে না।

স্থতরাং ও কথা থেকে প্রমাণ হয় না বা সিদ্ধান্ত করা চলে না বে কবি মাত্রই ভ্রষ্ট বা পতিত যোগী। একটি উদাহরণেই সকল সন্দেহ ভঙ্গন হয়—উপনিষদের কবি। উপনিষদের কবি পূর্ণমাত্রায় যোগী ও ঋষি ছিলেন। উপনিষদ কবিত্ব হিসাবে যতথানি উৎক্লষ্ট, সাধনার মন্ত্র হিসাবেও ততথানি মহনীয়। কবি ও যোগী এথানে এক হয়ে, উভয়ে

Et de l'héroisme a coups de plume

Et d'une beauté toute en formules !

Charles Vildrac—"Livre d'amour"

কবি ও যোগী

উভয়ের অভিব্যক্তি হয়ে প্রমূর্ত্ত—পরম্পরং ভাবয়ন্তঃ। বাক্ সত্যের কেবল মায়িক অধ্যাস বা আবরণ হবেই তা নয়; বাক্য বেখানে বাক্ বা শব্দত্রক্ষের বিগ্রহ সেখানে সে হয়ে ওঠে সত্যের চারুতম শিবতম স্বরূপগত প্রভা—বেমন সূর্য্যের কিরণ, অগ্নির শিখা।

কিন্তু তাই বলে আবার অন্তদিকে এমন অত্যুক্তিও করা চলে না বে কবি ও যোগী এক ও অভিন্ন—কাব্যরচনা ও বোগসাধনার পার্থক্য নাই। কবির তবুও হল বাদ্ময় জগৎ এবং সেটি মানসলোকের অন্তর্ভুক্ত। কবির যে অন্তরাত্মার জ্যোতি তা এই বাদ্ময় মানসলোককে ভাষর, অধ্যাত্মপ্রবণ করে তোলে। কিন্তু যোগীর ক্ষেত্র আরও বিস্তৃত ও বন্তুগত —কারণ বোগীর প্রয়াস প্রাণে ও দেহে অধ্যাত্মের আলো প্রজ্জনিত করা। কবি এই প্রয়াসের আরম্ভ হতে পারেন, সহায় হতে পারেন কিংবা শেষে জরের প্রকাশ বা ঘোষণাও হতে পারেন। কিন্তু কবি বোগীকে সরিয়ে তার স্থান গ্রহণ করতে পারেন না—বোগী হতে গেলে বে কবি হতেই হবে তা নয়। কাব্যপুরুষ ব্রহ্মসন্তার সহোদর যদিই বা হয়, তবুও সে স্বয়ং ব্রহ্মাসন্তা নয়।

ধ্বনিরাত্মা কাব্যস্থ

কাব্যের প্রাণ * ধ্বনি—এবং প্রভিধ্বনি। পাশ্চান্ত্যে একেই বলা হয় suggestiveness, ব্যঞ্জনা—কিংবা আধুনিক সমালোচক একজন যেমন নাম করেছেন, obliquity, তির্ব্যকভাব বা বক্রোক্তি। অন্ত কথায়, বাক্য কাব্য হয়ে ওঠে তথন যথন বাকাটি তার আক্ষরিক অর্থের মধ্যে শেষ না হয়ে আরও বেশী কিছুর প্রতি নির্দেশ করে; আর এই অনুক্ত বেশি-কিছুর মাত্রা যত অধিক হয় কাব্যটিও তত কবিত্তময়, কাব্য হিসাবে মহীয়ান হয়ে ওঠে। আধুনিক কাব্য ও শিল্পের একটি ধারার বিশেষত্বই হল এই যে আর সব অঙ্গকে—ছন্দকে বিষয়বস্তুকে—একরকম অবহেলা বা অগ্রান্থ করে সে ফুটিয়ে তুলতে চেয়েছে—অবশ্র এক নিজস্ব ভঙ্গীতে—কেবলই নির্জনা এই বেশি-কিছুটি, এই ধ্বনিটি।

আমাদের প্রাচীন আলদ্ধারিকেরা বলেন যে কথার আছে তিনরকমের অর্থ—প্রথম, তার সাধারণ চলিত স্পষ্ট বা মুখ্য অর্থ, এর নাম অভিধা; ছিতীয়, একটা গৌণ, কখন কখন বলা হয় বক্র, অর্থ—এর নাম লক্ষণা, ইংরাজিতে যাকে বলে figurative sense; তৃতীয়ত এ গুটি ছাড়াও, এ গুটির অতিরিক্ত-কিছু বুঝাতে পারে, তার নাম ব্যঙ্গনা—আর একেই বলে ধ্বনি। তুলনা দিয়ে আরো বলা হয় যে একটা শব্দ হলে, শব্দটি য়ে স্থান হতে উঠে, ঠিক সেইস্থানে—তার সবচেয়ে বেশি স্থলরূপ—শব্দের টেউ ষতই সেই নাভীস্থান হতে দ্রের চলে যায় ততই তা স্ক্ষেতর হতে থাকে—এই অতিদ্রের রেশ বা প্রতিধ্বনির মতনই হল কাব্যের ধ্বস্থাত্মক অর্থ।

ধ্বনিকে আমি বললান প্রাণ, আত্মাকে বলব রস—এই পার্থকাটির ব্যাখ্যা ভবিক্ততে
দিবার ইচ্ছা রহিল, বর্তুমান প্রবন্ধের পক্ষে এ পার্থক্য শ্বরণ না রাথলেও চলে।

ধ্বনিরাত্মা কাব্যস্থ

কাব্যস্থির আদি, আদিন ও প্রাথমিক রূপ হল শুধু বিবৃতি—কাব্য-বস্তুর যথাযথ কথন—স্পষ্ট অর্থের ঋজু, পূর্ণ ও নিংশের প্রকাশ। কাব্য তথন পদ্ম মাত্র অর্থাৎ ছন্দোবদ্ধ বা মিত্রাক্ষর গদ্ম—এথানে প্রথম অর্থাট, অধিক পক্ষে দিতীয় অর্থাট ধরেই বাক্যের সকল বক্তব্য ফুরিরে বায়, আর কোন অর্থ বা ভাবের প্রয়োজন হয় না—আর কোন অর্থের বা ভাবের উদ্রেক্ত সে করে না। কিন্তু পদ্ম কাব্য হরে ওঠে সেই শিল্পীর হাতে যিনি তাঁর বাক্যে এনে দেন তৃতীয় পর্য্যায়ের অর্থ—ধ্বনির অন্তর্মণন, ভাবের তির্যাকগতি, অন্তক্তের অন্তর্মন। গ্রাক সাহিত্যে হেসিয়ড'এর পরে হোমর, ইংরাজীতে গাওয়ার (Gower)এর পরে চসার এই রূপান্তরের ইন্দ্রজাল দেথিয়েছিলেন। বাংলায় চন্তীদাসের হাতে এই রক্ম একটা পরিবর্ত্তন ঘটেছিল মনে হয়।

অর্থের তৃতীয় পদ—ধ্বনি, তির্ঘ্যকভাব, "বেশি কিছু" বলতে ঠিক কি বুঝায় ? শুমুন তবে প্রথমে স্কটের বিখ্যাত লাইন কটি—

> Breathes there the man with soul so dead Who never to himself hath said,

This is my own, my native land-

এটিকে নির্জনা বিবৃতি বললে দোষ হবে না। এখানে অমুজের কোন রেশ নাই, কোন ধ্বনি প্রতিধ্বনিত হয় না! যে কথাটি বলা হয়েছে সেটি হয়ত বেশ জোরের সাথে প্রকাশ করা হয়েছে, পাঠকের প্রাণে তাতে উৎসাহ উদ্দীপনাও এনে দিতে পারে, কিন্তু যেমন ভাবে বলা হয়েছে তার মধ্যে বলার সমস্ত বিষয় শেষ হয়ে গিয়েছে—অতিরিক্ত, অধিকন্ত কিছুর ঈসিত নাই —সব স্পষ্ট খোলাথুলি। শুমুন এর পরে কবি গ্রে'র

The curfew tolls the knell of parting day.

একটা ভিন্ন, নৃতন স্থব, এখানে বোধ হয় না কি ? একটা ঝন্ধার ফুটে
উঠেছে তা বেন ব্যক্ত অর্থকে ছাপিয়ে গিয়েছে, বাক্যটি শেষ হলেও যার

রেশ শেষ হয় নাই ? আইয়ান্বের (Iamb) অভঙ্গ সমতাল আর ল'এর, ও র'য়ের পূনঃপৌন্ত জনিত ঘন রোল একটা কি অভিনবত্ব এনে দিয়েছে বাচ্যার্থের মধ্যে। তবুও কিন্তু এখানে ঠিক তির্যাকভাবের নিজস্ব ভূমিতে আমরা উঠি নাই—এখনও রয়েছি লক্ষণারই যদিও একটা গাঢ়তর উচ্চতর পদে। আরও একটু চলুন আগে—শুরুন ওয়ার্ডসওয়ার্থের

Will no one tell me what she sings
এখানে বোধ হয় নাকি হাওয়ায় ভেসে কোন উর্দ্ধলোকে চলে গিয়েছি ? বাক্যটি
অবলম্বন মাত্র অর্থের দিকেও মন আরুষ্ট হয় না—যে স্কুর এখানে তরফিত
মনে হয় দূরে বহু দূরে চক্রবাল অতিক্রম করে সে গিয়ে পড়েছে—

Breaking the silence of the seas Among the farthest Hebrides

কিম্বা শুরুন সেক্সপীয়রের

Cradled in the rude imperious surge— এখানে যে কেবল উত্তাল সাগরের দোলটি ধ্বনিত হয়েছে তা নয়, তারও ওপারে কি একটা অনম্ভ অসীমতার স্পর্শ আমাদের দেহে রোমাঞ্চ তুলে দেয়।

আমাদের বাংলায় এই তিনটি পর্য্যায়ের সাথে আমরা পরিচিত হতে পারি। প্রথমে শুরুন কাশীরামের *

> ভীম তুর্যোধন করে মহারণ দেখে সবে কুভূহলে

কিম্বা হেমচক্রের*

তোমার শরীর দেখি, নিরিব না ধরে আঁখি ঘন ঘন কম্পিত হৃদরে বাক্যের প্রায় দিতীয় অর্থ হি লক্ষণা-গত অর্থ ধরেছে। হেমচন্দ্রের

কাশীরাম বা হেমচন্দ্র এর চেয়ে উচ্চন্তরের পদ বে লেখেন নাই, তা আমি বলতে চাই
 না। কাশীরামের

ধ্বনিরাত্মা কাব্যস্থ

া আর বুমাইও না দেথ চকু মেলি দেথ দেথ চেরে অবনীমগুলী

এখানে উক্তির উপরে অধিকন্ত কিছু নাই—স্লদ্র প্রসারিত রেশের টান নাই। দাঁড়ির সাথে সাথেই সবই থেমে শেব হরে বার। পরের ধাপ, ভারতচন্তের।

> কে বলে শারদ শশী সে মুথের ভুলা। পদনথে পড়ি তার আছে কতগুলা॥

অথবা আরও স্পটভাবে মধুহদনের

জাগে ল্কা আজি

নিশীথে, ফিরেন নিদ্রা হুয়ারে হুয়ারে—

এখানে অধিকন্তর আভাস পাই—কিন্ত এখানেও আভাস মাত্র। সে আভাস সে অধিকন্ত কথ্যকে, ব্যক্ত অর্থকে ছাড়িরে বেশি দূর বেতে পারে নাই—শব্দার্থের সাথেই জড়িত আসক্ত হরে আছে। শব্দকে অর্থকে বহু পিছনে কেলে আমরা চলে যাই, ধ্বনির নিজের রাজ্যে গিয়ে উত্তীর্ণ হই যথন শুনি রবীক্রনাথের

> গগনে গরজে মেব ঘনবর্ষা কুলে একা বসে আছি নাহি ভরসা।

কিংবা

পুরাতন দীর্ঘ পথ পড়ে আছে মৃতবং হেথা হতে কতদুর নাহি তার শেষ—

> পড়ে থাকে দ্রগত জীর্ণ অভিলাব যত ছিন্ন পতাকার মত

> > ভগ্ন হুৰ্গ প্ৰাকারে—

লক্ষণাকেও প্রায় ছাড়িয়ে গেছে।

२%

LIBRARY

No.

Shri Shri Ma Anandamayee Ashram

ধ্বনি, তির্যাকভাব, অধিকন্ত-কিছু ছাটি উপারে লাভ করা বেতে পারে

—প্রথমত, ছন্দের সহারে, শব্দের বন্ধার মূর্ছ্রনা হিল্লোল দিরে। বক্তব্য
কথ্যবস্ত্র অভিন্ন হতে পারে, কিন্তু ছন্দের ছাঁচে পড়ে একটি হরে ওঠে কাব্য
তার অভাবে আর একটি থেকে বার বাক্য। প্রাচীনতর বৃগে বথন
কাব্যের বিষয়টি বেশির ভাগ ছিল বস্তুতন্ত্র নির্দিষ্ট, স্বুস্পষ্ট, নিরেট, তার মধ্যে
তারল্য, ধ্বনির পরিপ্লাবন, অধিকন্ত--কিছু বা তাকে আনা হত প্রধানত ছন্দের
সহারে। এই জন্ম তথন কাব্যরচনার অলকারের (পাশ্চান্ড্যে, rhetoric-এর)
এতথানি মর্যাদা ও প্রাধান্ম ছিল; এবং তাই এক সম্প্রদারের আলকারিক
বলতেন বে, রীতি অর্থাৎ বিশিষ্ট পদ রচনার কাব্যের আআ। ধ্বনির দ্বিতীয়
বাহনটি হল অর্থ—ধ্বনিবাদীরা অবশ্র ধ্বনির ব্যাখ্যা দিতে গিয়ে অর্থের ধ্বনির
কথাই বলেছেন, কিন্তু বস্তুত্ত অর্থের ব্যঞ্জনা তথন যে রক্ষমে দেখান হত বা
ছিল অনেকথানি সীমাবন্ধ। বিক্রন্ধবাদীরা তাই সহজেই বলতে পেরেছেন অর্থ
ছাড়া পদেব মধ্যে ধ্বনি বলে অপরূপ আলৌকিক কিছু নাই—যাকে ধ্বনি
নাম দেওয়া হয় সেটিও অর্থই—গোণ অর্থ, উহা অর্থ—অনুমান মাত্র।

ছন্দের ব্যঞ্জনা সামর্থ্যে একটা ক্রম আছে—তা চলেছে স্থুল হ'ত স্ক্রম্ম ভরের, অনির্দ্দেশ্যের অনির্ব্বচনীয়ের দিকে। এথানেও মোটামুটি তিনটি ক্রম নির্দ্দেশ করা যায়। এথমে হল একান্ত স্থুল অতিস্পষ্ট রূপ—যার নাম অন্তকার—যেমন জয়দেবের

চরণরণিত্যণিনৃপুরয়া

কিংবা

0

কোকিলকলরবকুজিতয়া

অথবা ভারতচন্দ্রের

ছলশ্ছল টলট্টল কলৰুল তরমা

দিতীয় স্তরে এই একান্ত বাহ্ন রোল বা ঝন্ধারকে সংযত স্তিমিত করে দেওরা হয় একটা অন্তর্মুখী মৃচ্ছুনা বা স্ক্ষেত্র রোল—যেমন কালিদাসের—

ধ্বনিরাত্মা কাব্যস্থ

চ চাল বালা স্তনভিন্নবন্ধলা

কিংবা

বৈদেহী পশ্যানলয়াৎ বিভক্তং মৎ সেতুনা ফেনিলমন্ত্রাশিন্—

অথবা, রবীজনাথের

হে আদি জননী সিন্ধু, বস্তব্ধরা সন্তান তোমার

কিংবা

ধেয়ে চলে আসে বাদলের ধারা নবীন ধান্ত ছলে ছলে সারা

তবে এখানেও বল্যমান বস্তুর স্থূল অদভঙ্গি, বাহুগতি-থারারই অহুরূপ দোল বা রোল—প্রতিভারা, প্রতিধ্বনি—ছন্দের তরপে কুটিরে তোলা হয়েছে। এখনও আমরা অহুকারের রাজ্যে রয়েছি, তবে উঠেছি তার স্ক্ষাতর পর্দায়। এই সকলের উপরে বা গভীরে ছন্দের যে স্ক্ষাতন পদ যেখানে বস্তুর দেহগত গতির দিকে সে ততথানি দৃষ্টি দের নাই—সে চেয়েছে অস্তরাত্মার চলনের কিছু আভাগ দিতে—শব্দের মূর্ছ্জনার দূরতম প্রতিধ্বনি, তন্মাত্রিক রেশ দিয়ে সে ছন্দের লীলায়িত ধারা রচিত হয়েছে। কেবল স্থল শ্রবণের গ্রহণ যোগ্য করে তার চেউ ধ্বনিত করা হয় নাই, তার চেউ প্রেছে সেই দৈর্ঘ্য সেই উচ্চতা বাতে সে স্পর্শ করতে পারে একটা আস্তর শ্রতি। এই যেমন ওরার্ডদ্বরার্থর

For old, unhappy, far off things,

And battles long ago-

কিংবা

Or hear old Triton blow his wreathed horn অথবা কীট্নের

> —Magic casements, opening on the foam Of perilous seas, in faery lands forlorn—

স্থরের দিক দিয়ে সেই একই অনির্বচনীয়তা, একটা স্কল্পতর মৃর্চ্ছ্র নার আমেজ দিয়েছে আমাদের রবীন্দ্রনাথেরই পূর্ব্বোকৃত পদটী— পুরাতন দীর্ঘপথ পড়ে আছে মৃতবৎ

হেথা হতে কতদূর নাহি তার শেষ—

ছন্দের এই যে তিনটি ধ্বনিক্রম চিত্রশিল্পের ভাষার বলতে পারি তাদের প্রথমটি হল বেন ফটোগ্রাফ—আলোকচিত্র; দ্বিতীরটীর সাথে তুলনা করতে পারি পাশ্চাত্যের ক্লাসিকাল শিল্প: আর তৃতীরটি অরণ করিয়ে দের প্রাচ্যের শিল্প। প্রথমটি প্রত্যক্ষপ্রতিষ্ঠ, দ্বিতীরটি কল্পনা-প্রতিষ্ঠ, তৃতীরটি ধ্যান-প্রতিষ্ঠ।

অর্থের দিক দিয়েও তির্যাকভাবের বা ধ্বনির অন্তর্মণ একটি ক্রম
নির্দেশ করা যেতে পারে। তবে ছন্দের যে তৃতীয় পদের কথা বলনাম তার
মধ্যে আমরা দেখতে পারি শুধু ছন্দের নর তার সাথে অর্থেরও তির্যাকভাব।
ফলত স্থর ও অর্থ এই উভয়ের "ধ্বনি" মিলে এই গুরের কাব্যকে একটা
বিশেষ বৈশিষ্ট্য ও অপর্মপত্ম দিয়েছে। তবুও, ছন্দ ছাড়াও কেবল অর্থের
দিক দিয়ে তির্যাকভাবের একটা বিবর্ত্তন বা ক্রমধারা, কথাটা অন্তত বুঝাবার
জন্ম, আমরা দেখাতে চেষ্টা করব।

প্রথম ন্তর রূপক (allegory)। উপনা, উৎপ্রেক্ষা—বান্তবিকের স্থানে তান্তিক, প্রাকৃতের স্থানে অপ্রাক্ত, জড়ের স্থানে সজীব প্রভৃতি কলাকৌশলের দ্বারা বক্তব্যবস্তুর স্পষ্টতা রুঢ়তাকে আড়াল করে দেওয়া হয়। এই যেমন স্পেনসারের

> Full many mischeafs follow cruel Wrath Abhorred Bloodshed and tumultuous Strife,

Unmanly Murder and unthrifty Scath— এখানে ভাব ও ভাবের আচ্ছাদন যে রূপ, এরা ছটী গাঢ় সম্পূক্ত নয়; রূপটি ভাবের গায়ে যেন শিথিল বা আলগা হয়ে আছে, তাকে খুলে ফেলা কঠিন

ধ্বনিরাত্মা কাব্যস্থ

নয়। কিন্তু এমনও হতে পারে, ভাব ও রূপ, অর্থ ও অর্থের মূর্ত্তি বা চিত্র এতখানি দৃঢ়বদ্ধ ওতপ্রোত মিশ্রিত যে হটিকে পৃথক করা যায় না—হটি একই অনুভূতির অচ্ছেন্ত অঙ্গ, এদিক আর ওদিক। তথনই উঠি দ্বিতীয় স্তরে—উদাহরণ স্পেনসরেরই

As faire Aurora in her purple pall
Out of the east the dawning call—

একে allegory বা রূপক বলা চলে না—এ হল symbolism, প্রতীক। এই প্রতীকেরও উচ্চতর স্তর আছে—আর তাই অর্থধনির তৃতীয় বা পরম পদ। এখানে অর্থ ও রূপ বে সম্পৃক্ত, একীভূত, কেবল তাই নয়—এমন ভাবে ও-ফুটিতে মিলে মিশে গিয়েছে যে তার ফলে উভয়ের অতিরিক্ত একটা বস্তু জন্ম পেয়েছে, কি একটা ইক্রজালের প্রভাবে অভিনব জগতের, চেতনার স্পৃষ্টি হয়েছে। এই বেমন বার্ণস্ এর—

The white moon is settling behind the white wave And time is settling with me--

কিংবা ব্লেকের (Blake)—

Tyger, Tyger burning bright In the forests of the night—

অর্থগত এই ধ্বনির ক্রম আমাদের প্রাচ্যের কাব্যেও অন্নসরণ করতে পারি। স্থুল রূপক হল এই—

আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেব তু।
বৃদ্ধিস্ক সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ॥
ইন্দ্রিয়াণি হয়ানাহর্বিষয়াংস্টেষ্ গোচরান্—
ভারপর মধ্যম পদ, প্রতীকের স্ত্রপাত এই—
ভবা বা অথস্থ মেধ্যস্থ শিরঃ

কিংবা

বিশ্বতশ্চক্ষুক্ত বিশ্বতো মুখো
বিশ্বতো বাহুক্ত বিশ্বতস্পাৎ।
পরিশেষে, উত্তমপদ, ধ্যানের সমাধির লোকের অর্থবহ ধ্বনি
তমো আসীন্তমসা গূঢ়মগ্রে

কিংবা

হিরণারেন পাত্রেণ সত্যস্থাপিহিতং মুখং। তব্বং পুষনপার্ণু সত্যধর্মায় দৃষ্টয়ে॥

ইংরাজী আর সংস্কৃত হতে এই যে অর্থগত ধ্বনির ছটি ক্রমধারা দেখালাম তাদের মধ্যে একটা পার্থক্য আছে এবং সে পার্থকাটি নির্দেশ করবার জ্মুই উদাহরণগুলি আমি এ ভাবে গ্রহণ করেছি। কতকটা দ্বিতীয় তার মোটের উপর এক ধরণের হলেও, তৃতীয় তারে একটা বৈষম্য দেখা দিরেছে। পাশ্চাত্য কবির প্রেরণা মূলতঃ প্রাণময়, আর প্রাচ্য কবির প্রেরণা জ্ঞানমর—বৈদাদৃশ্য এখান হতেই উঠেছে। প্রাচ্য কবির অর্থ, তা যতই গুঢ় অনির্বচনীয় কিছু হোক না, তা কবির চেতনায় জাগ্রত বস্তু-তন্ত্র হয়ে ফুটে উঠেছে—তাই অভিপ্রাক্তর বস্তুর কথা তার হাতে প্রাক্ত বস্তুর আলেখ্যের মতই পেয়েছে একটা দৃঢ়তা নিশ্চরতা সৌধীম্য। Mysticism বৃশতে আমাদের মনে যে একটা mist এর ধারণা ঘনিয়ে আসে. বাস্তবিকপক্ষে প্রাচ্যের তথা-কথিত mystic সৃষ্টিতে উর্দ্ধতর চেতনালব রূপায়নে সে রকম কিছু নাই, সেখানে বরং রয়েছে অনারত দিবালোকের স্পষ্টতা, নিঃসন্দেহ জ্ঞানের স্বচ্ছতা। স্মতরাং এথানে যে প্রতীক বা symbolism সেটিকে আর আচ্ছাদন বলে মনে হয় না—সেটি হয়ে উঠেছে প্রকাশক, রূপ বা রূপকের নিজম্ব অন্তিত্ব বা ছোতনা যেন নাই, অর্থেরই সঙ্গে একীভূত হয়ে গিয়েছে। তাই এখানে অর্থের দিক দিয়ে ধ্বনির বা তীর্ঘক-ভাবের আস্বাদ এই জন্ম কিছু পাই বটে যে সে অর্থ হল অধ্যাত্ম

ধ্বনিরাত্মা কাব্যস্ত

অতীন্দ্রিয় অনির্বচনীয় লোকের বস্তু—কিন্তু আসলে অন্তত সমানে সে ধ্বনি ফুটে উঠেছে এথানেও ছন্দধ্বনির সহায়ে। অন্তপক্ষে Burns-এর যে পদটী উপরে উদ্ধৃত করেছি, কিংবা পাশ্চাত্য মিসটিক কবি এ-ই'র—

—to the deep, the deep replies

And in far spaces of the soul

The oceans stir, the heavens roll—

এখানে কবি চলেছেন প্রত্যক্ষ দৃষ্টিকে ভর করে নয় কিন্তু অন্নভবের স্পর্শালুতার গৌণতাকে ধরে—এখানে অন্নভবের বস্তুটি কেমন দূরের রহস্তময়ের
মধ্যে রয়েছে, কবি তাকে কি একটা স্ক্র সংযোগস্থতের সহারে স্পর্শ করেছেন অথবা কেমন স্বপ্নের আবেশে তার কাছে গিয়ে পড়েছেন। প্রাচ্যের ঝি কবি যেখানে কেবলই বলছেন সত্যুধর্মায় দৃষ্টয়ে, জ্যোক্ চ স্ব্যিং দৃশ্বে, সেথানে পাশ্চাত্যের ঋষি বলবেন (A.E.)

Our hearts were drunk with a beauty
Our eyes could never see.

এখানে বে ধ্বনি বা তির্যাকব্যঞ্জনা তা সাক্ষাৎভাবে অর্থেরই অবদান। এই অর্থ-গত ধ্বনিকে জোর দেবার জন্ম, পরিক্ট করে ধরবার জন্ম অবশ্য এখানে ছনের * ও ধ্বনিগত মৃচ্ছ নাকে আশ্রয় করা হয়েছে। তবে প্রক্ত-পক্ষে, পূর্বেই বলেছি, শ্রেষ্ঠ কাব্যস্থান্টির মধ্যে, কবিছের উত্তম পদে ও-ছটি অন্ধ পৃথক করা যায় না।

অর্থগত ধ্বনির ক্রমে, আর এক প্রকার একটু বৈসাদৃশ্য আমাদের বাংলা কাব্যের সহায়ে আমি দেখাব এবার। প্রথম স্তর্মীতে বিশেষ পার্থক্য নাই—রূপকের সহায়ে তির্যুক ভাব এই—যথা চঞ্জীদাসে

শীরাধিকা হবে রাজা হইব তাহার প্রজা

ত্বিব রসের সরোবরে

সেই সরোবরে গিয়া মনপদ্ম প্রকাশিয়া

হংস প্রায় হইয়া রহিব—

90

এই রূপক কিন্তু এমনভাবে ব্যবহার করা যায় বে বাস্তবিকই ত অর্থের আচ্ছাদন নয়, আবরণ হয়ে পড়ে—অর্থকে গুপ্ত গুল্ রাথার জন্তই রূপকের ব্যবহার হয়। Nostradamus-এর ভবিষ্যবানী, Book of Revelation—এর রূপক হেঁয়ানীতে পরিণত হয়েছে। আমাদের বৌদ্ধ দোহার "সদ্ধ্যা—ভাষার" ভার প্রতিরূপ পাই। কিংবা ধরুন রাগাত্মিকা পদের এই—

প্রথম হুয়ারে মদের গতি দিতীয় হুয়ারে আসক স্থিতি ভূতীয় হুয়ারে কন্দর্প রয়—

এর অর্থ জানে এক ঐ পথের সাধকেরা—এর নাম hermetic কবিতা কিন্তু বাস্তবিক পক্ষে এ-ধরণের হত্ত্ব বা মন্ত্র কাব্য নয়—এখানে বে তির্যাক-ভাব তা কাব্যগত ধ্বনি নয়, তা বিরাটের অনির্দেশ্রের দিকে আমাদের নিয়ে যায় না—তাতে নিয়ে যায় বেন একটা চোরাগলির অন্ধকারের মধ্যে—আমি বলছি কাব্যের দিক দিয়ে, সাধনার দিক দিয়ে নয়। এখানকার লক্ষ্য obliquity (তির্যাক প্রকাশ) নয়, এখানকার লক্ষ্য obscurity (অপ্রকাশ)। তবে চণ্ডীদাসের হাতে চোরাগলিও সময়ে সময়ে কেমন প্রার স্বর্গের সিঁড়ি হয়ে ওঠে। এই দেখুন গূঢ়ার্থ বা হেঁয়ালিকে, আমরা বার্মনাম দিয়েছি প্রতীকাত্মক বা মধ্যম পদের কাব্য সেই স্তরে কেমন তুলে ধয়েছেন—

এ দেহে সে দেহে একই রূপ তবে সে জানিবে রসেরই কৃপ—

এমন কি আরও দ্রে চলে গিরেছেন, সে হেঁরালীকে একেবারে উত্তম পদেই নিয়ে প্রভিষ্ঠিত করেছেন—

কুলের উপরে কুলের বসতি
তাহার উপরে ঢেউ

তেউরের উপরে ঢেউরের বসতি

ইহা জানে কেউ কেউ—

ধ্বনিরাত্মা কাব্যস্ত

বৃদ্ধি এথানে স্পষ্ট অর্থ কিছু ধরতে পারে না—তবু এথানে গভীরতর অর্থের ধ্বনি পাই—এথানেও সে অর্থকে ছন্দেরও একটা ধ্বনি পরিপুষ্ট প্রতিরণিত করে তুলেছে।

এই ধরণের যে বক্রতা—হেঁরালির, ধাঁধাঁর, "দিল্ববিল্বিধবাললাটের"র বক্রতা—বাত্তবিকপক্ষে থাটি তির্ঘ্যক্রতাব বা ধ্বনি নর। কারণ
এ বক্রতা হল কেবল পরিভাষার কথা। ন্তন একটা ভাষার বে অবোধ্যতা
এখানেও ররেছে সেই অবোধ্যতা। শব্দের, সংজ্ঞার আভিধানিক অর্থ
আয়ত্ত হলেই বাক্যের অর্থ জলের মত স্পষ্ট হয়ে যায়। অর্থেরই মধ্যে
ইল্রিরের বৃদ্ধির অতিরিক্ত রহস্থ কিছু নাই—অনির্দেশ্য অস্পষ্ট কিছুর
প্রতি ইপ্রত নাই।

তবে একটি কথা, এই ধারার কাব্য সত্যকার কাব্য বলে আপনাকে প্রচার করে নাই, সত্যকার কাব্যের মর্য্যাদা দাবি করে বসে নাই। এগুলি হল কাব্যজগতের আশে-পাশের সৌথীন সৃষ্টি, উদ্বৰ্ত্ত—bye products

কিন্ত এই "উন্তট"-কাব্য ছাড়াও কাব্যের প্রাশন্ত পাকা রান্তাতেই আর এক রকম বক্রতার আশ্রয় গ্রহণ করা হয়—বার নাম দেওয়া বেডে পারে ব্যাসক্ট। অর্থকে চেকে রাথবার জন্ত, তার চারিদিকে একটা কুহেলিকা প্রহেলিকা অর্থাৎ ধ্বনির আবহাওয়া সৃষ্টি করবার জন্ত কবিরা বাক্যের গঠনে এনে দেন একটা বিপর্যায় অর্থাৎ তার অন্ধ সব দেন কেটে ছেঁটে, ভেম্বে মৃচ্ডে, ওলটপালট করে। ব্রাউনিংএর শেষ যুগের লেথা এই জন্তে হেঁয়ালি হয়ে উঠেছে—অর্থের গাঢ়তার গভীরতার জটলতার দিক দিয়ে যে সে কবিতা হর্ম্বোম তা নয়, হর্ম্বোম্যতার কারণ পদবিক্যাসের অন্তরের হর্ম্বরতা। Hopkins এ-বিষয়ে বোধ হয় অতিমাত্রায় পৌছেছেন। তিনি "brimful in flash"এর পরিবর্ধ্বে "brim, in a flash, full" লিথেই সম্ভট হন নাই (বোধ হয় জন্মন পদগঠনের অন্তক্রনে), "through the other" কথাটিকে সংহত করে বলেছেন "throughter"। কাব্যের

িশল্প কথা

আত্মা ধ্বনির সন্ধানে Hopkins ভাষাকে ছন্দকে নিরে যে কি উৎকট হঠ-যোগ সাধন করেছেন তা বিচিত্র বিশ্বয়কর। ফরাসীভাষায় Mallarméও ঐ রকম কিছু করতে প্রেরাস করেছেন। ফরাসী ভাষায় যে সহজ অনাবিল স্বচ্ছতা তার মধ্য দিয়ে, অনির্দ্দেশ্রের ধ্বনি ফুটিয়ে তোলা স্থকঠিন বলেই তিনি ঐ ক্বছ্রতপস্থার পথ ধরেছিলেন। কিন্তু তবুও মনে হয় আধ্যাত্মিক জগতে সহজ সাধনাই নিয়ে বায় সত্যে, কাব্য জগতেও সহজই নিয়ে য়ায় স্থলরে।

যুগে যুগে—কবি হতে কবি—কাব্যের আত্মা এই ধ্বনিকে প্রকাশ করবার জন্ত কত না রকমারি উপার, কৌশল অবলম্বন করেছে। আধুনিক মুগ যে ভন্নী ধরেছে তা একান্ত অভিনব অভাবনীয় তুলনাহীন—আধুনিকের বিশ্বাস এতদিন পরে এবার জগতে সত্যকার কবিতা, শ্রেষ্টতম কবিতা মধার্থতঃ সৃষ্টি হতে চলেছে, কবিতা দেবীর এবার পুরাপুরি নবজন্ম—রূপান্তর।

ছন্দকে বাক্যবন্ধকে এ বাবৎ মনে করা হত কবিতার কাঠামো, দেহ, বাহন, প্রকাশ বন্ধ বলে। কিন্তু আজকাল তাকে বিবেচনা করা হয় বন্ধন অন্তরার হিসাবে:। রচনার গড়নের যে রীতি নীতি—বাঁধন ছাঁদন—তা ভেম্বে ছিঁড়ে কেটে দেওয়া হয়েছে—সেথানে আনা হয়েছে বন্ধনহীনতা, মুক্তি, স্বাতয়্ত্র স্বেচ্ছাগতি। এমন কি গগ্নের বাঁধনে পর্যন্ত কাব্য আর কন্দী হতে চায় না—আরো উন্মুক্ত অবকাশ সে চেয়েছে। এক জাতীয় রাষ্ট্রনীতি বেমন বলে বে সকল রকম শাসনই হল স্থশাসনের অন্তরায়—শাসনের অভাব। ও একান্ত অভাব অর্থাৎ অ-শাসনই পরম স্থশাসন, শিল্পত্রের আধুনিকেরা এই ধরণের এক কালাপাহাড়ী নীতি অন্তসরণ করেন।

আধুনিকেরা যে আমূল পরিবর্ত্তন বা বিপর্যায় আনতে চেয়েছেন ভা কাব্যের মূল ধরেই টান দিয়েছে। তা ছন্দোগত ত বটেই, বিশেষভাবে বস্তুগত। প্রাচীনদের যে ছন্দোগত ধ্বনি তা স্কল্ম ধরণের, বৎকিঞ্চিৎ মাত্র —আধুনিকের প্রবণে ও-জিনিষ যথেষ্ট বিবেচিত হতে পারে নাই। ছন্দের

ধ্বনিরাত্মা কাব্যস্থ

ধ্বনিকে নবীনেরা আমোল দিতে পারেন নাই, কারণ তাঁরা ছন্দেরই বে বিসর্জন দিয়েছেন—তাঁরা চেয়েছেন টেলিগ্রাফী ভাষার চলন—প্লুতগতি অর্থাৎ উল্লক্ষন। বস্তুকে অর্থকে তাঁরা একেবারে চেলে সাজতে চেয়েছেন। প্রাচীনেরা যত রক্নে অর্থকে ধরে তির্যকভাব ফুটিয়ে তুলেছেন, ছন্দের মত তাতেও আধুনিকের কবি-চেতনা ভৃপ্তি পায় নাই। সে অর্থের, তার বিষয়বস্তার দিয়েছে একটা নৃতন গড়ন, ঘটিয়েছে সেথানে ওলট-পালট। কেবল কাঠামোর মধ্যে নয়, ভিভরের বস্তুর সারাংশের মধ্যে বিপ্লব বিপর্যায় কি জিনিষ? ব্যাখ্যার প্রেয়োজন নাই—উদাহরণেরই পরিচয়। ১৯৩৫ সালের * এক কবি বলেছেন শুমুন—

The God approached dissolves into the air Magnolias, for instance, when in bud, Are right in doing anything they can think of; Free by predestination in the blood, Saved by their own sap, shed for themselves, Their texture can impose their architecture; Their sapient matter is already informed.

বে মূল কথাটি কবি এখানে বলেছেন ভব্ব হলেও তা হেঁরালি নর—তবে হেঁরালির কাছাকাছি টেনে তিনি যথাসাধ্য চেষ্টা করেছেন। প্লেবে ব্যাক্ষে গুলিরে নস্যাৎ করে দিয়ে চলেছেন পুরুষকার দেবতাটিকে। এর জন্ম তিনি আশ্রয় করেছেন কতথানি পরাতাত্ত্বিক, মনন্তাত্ত্বিক, বৈজ্ঞানিক, কারিগরিক বিভাবত্তা। অর্থকে এই রকমে নানাদিক থেকে বৃগপৎ প্রতিফলিত করে তাকে প্রতিধ্বনিত করে তুলতে চেয়েছেন। ছন্দোগত প্রতিধ্বনি তিনি চান নাই—কারণ ছন্দের দোল হল প্রাণের হৃদয়ের অন্তভ্বের দোল, আর এ হৃদয়-দৌর্বল্য আধুনিকেরা সমৃত্বে পরিহার করতে চেয়েছেন।

^{*} The Year's Poetry-1935

8

শিল্প কথা

তাঁদের কারিগরি হল মস্তিক্ষের কাঠথোটা কাঠামে ফেলে কবিতার রূপটি গড়ে তোলা।

আরও পরিকার হেঁয়ালি বা ধাঁধাঁর মধ্যে নিয়ে যেতে আধুনিকেরা যে কম্বর করেছেন তা নয়—শুমুন আর একজন ৩৫ সালের কবির কথা— Twining of serpents! Halitosis of lions

be backward from the body;

Be speed from the wind and lightness in the air, following no sandy path from Italy but moth-swift, palpitating, where by wind's plume silver splashed the untroubling negro water

Strives with the light, O Whitely blades—
বুৰলেন কিছু ? এটি মোটেও তত্ত্বকথা নয়—এটি হল সমুদ্রবাত্তার ছবি !!

এই পথেই বৃঝি সে নিয়েছে আধুনিক যুগের একটা অপরপ বক্রতা—এটিও প্রধানতঃ অর্থগত। এতে কাব্যের শুধু কাব্যের কেন সাধারণ ভাবে সকল শিল্লের একটা অছুত—বিকট বললেও অত্যুক্তি হবে না—ধারা স্বষ্ট করেছে। তার নাম surrealism—"পরাবান্তবতা"। এর জন্মের ইতিহাস এই। শিল্পী দেখলেন জগতের, মানবজীবনের মোটামুটি কথাগুলি পুর্বতন শিল্পীরা সবই বলে ফেলেছেন, শুধু তাই নয় একই কথা পুনঃপুনরুক্ত হয়েছে যুগে যুগে দেশে। স্পষ্ট ব্যক্ত সর্বজনস্থলভ অনুভব উপলব্ধির মধ্যে নবীন শিল্পী চমৎকারিছ, কিছু আর দেখলেন না। তিনি খুঁজতে বের হলেন তাই অসামান্ত অসাধারণ লোকবহির্ভূত কিছু। তাঁর ভিতরের কবিপ্রাণ চায় "ধ্বনিকে"—অধিকন্ত-কিছুকে, স্মুদ্ররকে; এই স্কুর, অধিকন্ত-কিছু বা ধ্বনিকে চিরাচরিত সনাতন কথাবন্তর মধ্যে—মানুষের ব্যক্ত চেতনার বিষয় গণ্ডীতে—তিনি আর কোন মতে ধ্রতে

ধ্বনিরাত্মী কাব্যস্ত

পারেন না। এমন কি, এই সব পরিচিত পুরাতন কথা-কাহিনীকে ছন্দের <u>त्रांन मिर्ड मोन मिर्ड राज्ये कृतिरह कंगिश्र रहतोत्र राज्ये ना</u> —বাস্তবিক পক্ষে তা সত্যকার অধিকন্ত-কিছু হয়ে দাঁড়ায় না। তাই আধনি:করা চাইলেন সম্পূর্ণ নৃতন জগৎ অধিকার করতে—শিল্পীকে বনলেন জাগ্রত ছেড়ে স্বপ্নের লোকে উঠে আসতে—স্বপ্ন অর্থ কল্পনা নয়, বাস্তবিক স্থপ্তিগত স্বপ্লকে তাঁরা শরীরী করতে চাইলেন। সমুখের জগৎ নয়, পিছনের জগং, ব্যক্ত চেতনা নয় অব্যক্ত অবচেতনা হল তার কাব্যলোক —পূর্ণ বান্তব বা আসল অথগু সভা একই সমতলে সরলভাবে প্রসারিত নয়—তা হল বহুতল-সমন্বিত। কাব্যস্ঞাইতেও প্রতিবিশ্বিত হবে এই বহুতলের সংমিশ্রণ। কাব্যের তির্যাক ভাব এ ধারায় পেয়েছে একটা বক্রতা —মূল প্রেরণা হয়ত ছিল বিশুদ্ধ ও যুক্তিযুক্ত কিন্তু কার্যাত ক্রমে সে বক্রতা মর্থ হ:বছে কৌটনা মর্থাৎ বিক্বতি। ধ্বনির, মার্গাতিরিক্ত কিছুর অম্বেষণে গিয়ে আমরা এমে পড়েছি এখানেও এক চোরাগনির মধ্যে। প্রাচীনের "মেলডি" ছেড়ে চেয়েছিলাম বুঝি "সিম্ফনি"—কিন্তু গড়ে তুলেছি বিভারিত কলরব—সহজ ভাষায় এক কথায় যাকে বলা যেতে পারে প্রলাপ। আপনারা মনে করতে পারেন আমার এ হল অতিশরোক্তি—আদৌ না. না দেখলে আপনারা কল্পনাও করতে পারবেন না আধুনিক কবিরা কত নিরস্কুশ। শুরুন একট নমুনা—

A kick in the pant once more
and the empty sardine-tin thinks itself holy
A kick with the heel on the jaw
and it is a divinity
which swims in pure honey
not caring about protozoons
sea-horses

0

শিল্প কথা

or heavenly pebbles that flatter from eye to eye and carry reason with a little sauce and some broken teeth into the society of cabbage...stumps...

এই বোধ হয় যথেষ্ট। এ কবিতা স্বয়স্প্রকাশ, মন্তব্য নিপ্রাঞ্জন—
ঠিক এ ধরণের কিছু বাংলা সাহিত্যে এখনও আবিভূঁত হয় নাই।
আমরা বোধ হয় কথঞ্চিৎ পিছনে পড়ে আছি। আমাদের অতি-আধুনিকেরা
প্রোণের সহজ সরসতা, গভীর ঐকান্তিকতাকে বাদ বিয়ে মন্তিকে স্থিতিলাভ
করতে অনেকথানি পেরেছেন বটে; কিন্তু পুরোপুরি উদ্ভট হয়ে যেতে
পারেন নাই। তবে কিছুদ্র অগ্রসর হয়েছেন, কয়েকটা কৌশল বা
প্যাচ আয়ত্ত করেছেন ইতিমধ্যে এবং আশায় আছেন—শনৈঃ শনৈঃ
পর্বতলজ্বনম্।

পরাবস্তম্ভীরা চেয়েছেন বছল বিবিধ অর্থের—নানা জগতের নানা ক্ষেত্রের, নানা চেতনার ও অনুভবের—সংমিশ্রণ ও বৃগপৎ প্রকাশ। একটির পর একটি করে চিন্তার অনুভবের তানবিন্যার—একটি ধারাকে শেষ করে তবে আর একটির আরম্ভ—একসনরে চোভয়ানবধারণম্—এই হল প্রাচীন পদ্ধতি। আধুনিক চায় বছর বিচিত্রের বিপরীতের বিরোধীর সমবায়, বৃহৎ জটিল কলধবিন; তার লক্ষ্য বা তার পরিণাম, অর্থ বিশেষ স্পষ্ট ফুটিয়ে তোলা নয়, কিন্তু নানা অর্থের আয়না, একটা প্যাটার্ণ—জ্যামিতিক প্যাটার্ণ—স্পষ্ট করা। ছন্দের দিক দিয়েও সে চায় স্পর নম্ব—স্কর ত সন্তা মেয়েলী জিনিষ—এই রকমেরই গতির প্যাটার্ণ (অনেক সময়ে স্থুলভাবে লাইনগুলিকে ছোট বড় মাঝারি নানা রকমের করে সাজিয়ে এই প্যাটার্ণের ইন্ধিত দেওয়া হয় বথা, E. E. Cummings)। ধ্বনিস্প্রির একটা উপায় হল, কথায় ভাবে কাক রেথে রেখে চলা—এই কাকই কয়নায় ব্যঞ্জনার অবসর করে দেয় (এরই স্প্র্প্রাচীন নাম "লক্ষ্ণা")।

ধ্বনিরাত্মা কাব্যস্থ

আধুনিক যুগে এই ফাঁককে যতদুর সম্ভব বিস্তৃত করে দেওরা হর—ফাঁকের পরিবর্ত্তে তাই দেখা দিয়েছে গছবর—এবং গছবের উভয় পারের মধ্যে কোন মিল বা সারপ্য নাই। আগে ফাঁক ছিল যতি মাত্র, পৃথক অথচ সদৃশ জিনিষের সংযোগ সেতু। কিন্তু এখন—আছ্যা একটু নমুনা তবে শুমুন—গরাদের ওপারেতে বাঘ

হাই তুলে অকন্মাৎ দের গড়াগড়ি কি হর্বল ভদিমাটি তার— জুতোর ফিতেটা গেছে খুলে নীচ হয়ে সমতলে বাঁধে—

কবির বলার উদ্দেশ্ত "নাই তাই থাচ্ছ, থাকলে কোথা পেতে"—অর্থাৎ জংলী বাঘটা বন্দী, তাই নিশ্চিন্তে তুমি ওর সামনে জুতোর ফিতে বাঁধছ, কিন্তু—আহা, কি ট্রাজেডি!

প্রথম কথা, অর্থকে বাক্যকে উহ্ন করে রাখলেই বদি কাব্য গড়ে ওঠে তবে বেদান্ত স্থত্যের অপেক্ষা শ্রেষ্ঠ কাব্য জগতে আর নাই (এক তান্ত্রিকের মন্ত্র হ্রীং ক্লিং ছাড়া হয়ত)। তার পর কথার বা চলনে এথানে যাত্র কই ? ছন্দের স্থরের রেশ ধ্বনি যে স্থদূরের দিকে নিম্নে চলে—কোথার সে অনির্বচনীয়তা সে ইক্সজাল, সে ম্যাজিক ?

সাক্ষাৎভাবে, স্থূলভাবে বাক্যের মধ্যে অর্থের মধ্যে ফাক—গহররই— রেথে রেথে ধ্বনির প্রকাশ জাপানী কবিতার বিশেষত—তা হতে পারে, জাপানের ভাষার এ ধারা নিশ্চর একান্ত সরল সহজ স্বতক্ত্র। তার অমুকরণে বাংলার যথন বলি—

শীতল স্থির আকাশ
গাস নিবে গেছে
জাগে নি কো কাক
বাতাস—পচু

শুধু কাঁপে তার শুধু বাজে খেত বক্ষ তার—
তথন আমাদের রসপিপাস্থ হৃদর কতথানি বেজে ওঠে, কতথানি কি ভাবে
কাঁপে ? শুমুন দেখি এর পরে পুরাতন কবিকে আবার একটু—

The winds come to me from the fields of sleep
অথবা, আমাদের রবীন্দ্রনাথের সেই অতিপরিচিত—
ওপারের,কালো কুলে কালী ঘনাইরা তুলে
নিশার কালিমা,

গাঢ় সে তিমির তলে চক্ষু কোথা ডুবে চলে
নাহি পায় সীমা—

পার্থক্য কোথায় ? একটিতে রয়েছে গছের আবহাওয়া, আর একটিতে কাব্যের স্কুরভি—একটির মূলে কৌতুহল আর একটির তন্ময়তা।

কাব্যে টেলেগ্রাফী ভঙ্গীর স্থান থাকতে পারে, সম্পূর্ণ বিসদৃশ বিজাতীয় উপকরণ (incomensurables) এক পাটার বাটা থেতে পারে, মহান্ (sublime) ও তুচ্ছকে (ridiculous) একই জোয়ালে জুড়ে দেওয়াথেতে পারে হয়ত—কিন্তু সে জন্তু চাই একটা অবটনবটনপটীয়সী মায়াশক্তি। শেক্ষপীয়রের এ ক্ষমতা ছিল—বাল্মীকির এ ক্ষমতা ছিল (কুজার কুঁজও বিনি grand style এ বর্ণনা করেছেন)। আধুনিকের প্রতিষ্ঠা একদিকে ক্ষাত তর্কবৃদ্ধি, অন্তদিক স্থল অমার্জ্জিত ইন্দ্রির অমুভব—কিন্তু এ-হাটকে ক্রপাস্তরিত করে তুলতে পারে যে তৃতীয় শক্তি, এক গাঢ়তর চেতনা তাকে ত পাই না।

কাব্যের কবিন্ধ,—কাব্যের প্রাণ, ধ্বনি মূলতঃ এই গাঢ়তর চেতনার শ্রী ব্যতীত আর কি? এ হল চেতনার সম্প্রদারণ ও উদ্ধারনের ফল। কবিচেতনা, সত্যকার কবিচেতনা সহজ চেতনা হতে ভিন্ন গুরের ভিন্ন দরের জিনিব। সাধারণ চেতনার সম্বীর্ণতা ও অগভীরতা অতিক্রম করে কবি-চেতনা পেরেছে একটা বিস্তীর্ণতা ও অতলতা—সাধারণ বস্তুও তিনি যথন

ধ্বনিরাত্মা কাব্যস্থ

দেখেন, তা দেখেন এই বিস্তীর্ণতা ও অতলতার ভিতর দিয়ে, স্থতরাং ঐ বিস্তীর্ণতা ও অতলতাই সকল জিনিষের চারপাশে তার আবহাওয়ার মত তাকে দিরে থাকে—এরই নাম হল ধ্বনি। Digitization by eGangoth and Sarayu Trust. Funding by MoE-IKS

No.

Shri Shri Ma Anandamayee Ashram

कवि मालादर्भ

কিছুদিন পূর্বে আপনি করাসী কবি মালার্মে (Mallarmé) সম্বন্ধে একটু
টিপ্রনী করেছিলেন*। আমার মনে হয়েছিল আপনার হাতে বেচারী কবির
টিক স্থবিচার হয় নাই। অবশু আপনি বলেছিলেন আপনার মতামতের
মালমশলা হল সমালোচকদের সিদ্ধান্ত—কবির মূল রচনার সাথে পরিচিত
হবার স্থবোগ আপনার ঘটে নাই।

প্রথম কথা, ইংরেজের পক্ষে ফরাসী কাব্যের সম্যক রসগ্রহণ সাধারণতঃ
একটু ফুরহ। ফরাসী কবিছের ধরণ-ধারণ ইংরেজেরই ফরাসী কবিতা প্রাণে
বিভিন্ন যে ম্যাথু আর্ণল্ডের মত বেশির ভাগ ইংরেজেরই ফরাসী কবিতা প্রাণে
সাড়া তোলে না (leaves them cold)। অনেকে অজ্ঞাতসারেই
মাতব্যরী চালে ফরাসীর কবিতা সম্বন্ধে রায় দিয়ে থাকে—কারণ তাদের এই
ধারণা যে ইংরেজী কাব্যের তুলনায় ফরাসীর কাব্য হল গভ্যেরই নামান্তর
মাত্র। এ ক্ষেত্রে ইংরেজ সমালোচককে মধ্যস্থ বা বিচারক হিসাবে গ্রহণ
করায় অনেক বিপদ। তব্ও মালার্মের অমুবাদক শুর রজার ক্রাই (Sir
Roger Fry) এই ফরাসী কবিকে ব্রুতে ও ব্রুতি বিশেষ চেটা করেছেন
এবং তার অকুণ্ঠ প্রশংসা করেছেন। Fry-এর অমুবাদ আদর্শ অমুবাদ নয়
—কোন অমুবাদেই তা হয় না। তিনি মালার্মের রচনারীতি—যথা, ক্লিষ্টঅম্ব্য অমুবাদেও অমুকরণ করেছেন, কিন্তু মনে হয় ভিত্রের ভাব অনেকথানি
ফিকে হয়ে গিয়েছে, শুল্ম অমুরণন বেশির ভাগ মুছে গিয়েছে।

ফরাসীরা মালার্মেকে তাদের একজন শ্রেষ্ঠ, একেবারে প্রথম শ্রেণীর কবি ব'লেই বিকেচনা করে—minor poet তাদের কাছে তিনি আদৌ নন। ইংরেজ তার শেলী, কীট্স্ বা ওয়ার্ডস্ওয়ার্থকে যে চোথে দেখে,

^{* &}quot;ছন্দা" সম্পাদক খ্রীহেমেন্দ্রকুমার রায়কে লিখিত

কবি মালার্মে

মালার্মেকেও তার কিছু কমে ফরাসী দেখে না। সারা ফরাসী দেশ তাঁকে
Maître (অনেকটা আমাদের "গুরু") ব'লে বরণ করে নিয়েছে —ফরাসী
কাব্যজগতে তাঁর প্রভাব উত্তরোত্তর-বৈড়ে চলেছে—তিনি ব্যতিরেকে ফরাসী
কাব্য আছ বা তা সে হয়ে উঠতে পারত না।

মালার্মে অর্থ ফরাদী কাব্যে একটা যুগান্তর। ফরাদী কবিত্বের বেটি ক্রটি লক্ষ্য করা যেতে পারে এবং যার জন্তেই মূলতঃ ফরাদী কাব্যের উপর ইংরাজের অন্থরাগ সগজ ও স্বতঃ ফুর্ত হয় না, সেটি লাতিন প্রকৃতির একটি গুণ হতে উদ্ভূত। লাতিনের মন পরিক্ষার এবং পরিচ্ছির, বুরিশাণিত যুক্তিনপ্রতিষ্ঠিত এবং দীমানির্দ্ধিট। ইউরোপের উত্তরাপথে টিউটন জ্ঞাতি (এবং শ্লাভ জাতিও) স্বভাবতঃ অনুর-আদর্শপরারণ, তার মনে প্রাণে রয়েছে একটা ইন্দ্রিয়-মনের ওপারের দিকে গতি ও এবণা,—তার দেশের আবহাওরার মত তার বুরিকে আচ্ছর করেছে অন্থত্রের, তাজ্বিকতার কুরাদা কুজ্মটিকা। পক্ষান্তরে ইউরোপের দক্ষিণাপথে, লাতিনের মনবুর্নিতে প্রতিকলিত ভূমধান্যারর বেলার অনির্দ্ধিল আকাশ, স্কল্পট স্বেম রেথালান্ত। ফরাদী কাব্য বুর্নির কাঠামে গ্রথিত—ভাব, অর্থ, ভাষা স্বচ্ছ স্ক্র্যুল—চলন-বলন নিটোল-স্ক্রোল। সেথানে পরাবৃত্তের উন্মার্গগামী টান নাই, অর্থাৎ নাই ইেরালী, লোকোন্তর ইক্রজাল, অশরীরী অনির্ব্রচনীয়তা, দূর ওপারের প্রতি ইন্ধিত।—শেক্সপীররের

Daffodils ...

That come before the swallow dares and take The wins of March with beauty

এখানে রয়েছে যে অপরূপ যাত্র, ফরাসী কাব্যের থাতে তা ফোটে না।

অবশ্য একটা কিছু অনির্বচনীয়তা ছাড়া কাব্য আদৌ হয় না।
ফরাসীর স্থম মন, যুক্তিপ্রধান বুদ্ধিকে ধরে বা তার মধ্যে বা তা সম্বেও ।
ফরাসী কবি সেই অনির্বচনীয়তা আনতে চেয়েছে—যুগে যুগে প্রত্যক কবি ।

নিজের নিজের ভাবে সে কাজটি করেছেন। রঁ সার হ'তে হিউগো সকলে ফরাসী প্রকৃতির এ কুটি সেরে নেবার নিজম্ব প্রক্রিয়া আবিদ্ধার করেছে।

কিন্তু মালার্মের বিশেষত্ব, এদিক দিয়ে ফরাসীতে তিনি একটা বিপর্যায়, विश्वत—तार्ह्हे ५ नमास्त्र करांनी विश्वतवर्हे मछ—এम क्लाइन। উপর Impressionist বা Symbolistদের এই কাজই ছিল। মালার্মের সঙ্গে ছিলেন ভেরলেন—চিত্রে উল্লেখ করা যায় মোনে (Monet) ও সেজান (Cézanne)। এ চেষ্টার অর্থ শিল্পকে অর্থপ্রতিষ্ঠ না করে ধ্বনিপ্রতিষ্ঠ করা,—ফরাসী শিল্পপ্রতিভার প্রতিষ্ঠাটিই পরিবর্ত্তন করে रमना । मानार्य रेश्नए कि कि मिन किलन विदेश निर्वाद राह्म रेश्त्रां की ভাষার শিক্ষকতা করতেন—তিনি চেয়েছিলেন ইংরাজের কাব্যের মতই ফরাসী কাব্য হয়ে উঠুক ইন্দিতময়, রহস্তপ্রধান, অনির্বচনীয়-অতলতা-গর্ভ। ভেরলেন 'ও-বস্তুটি কাব্যে এনে দিয়েছেন গানের, তানের, স্থরের, মুচ্ছ নার লান্ডের থরস্রোতের জোরে; ভাষায় ছন্দে—এবং ফলে, ভাবে —তিনি এমন একটা হল্ম তীব্র আলাপনের মীড় টেনে চলেছেন যে আমরা **जात्क श**रत्र छेशां ७ रहा हाल गाँरे एयन टकान जजाना जलतीका । मालार्स অনুসরণ করেছেন ভিন্ন এক পদ্ধতি। তিনি ভাষাকে ব্যবহার করেছেন ভাস্কর হিসাবে—এদিক দিয়ে তিনি বোদেলের (Baudelaire)-কে অমু-সরণ করেছেন। ভাষার ভিতরে যদি কোথাও ফাঁক থেকে থাকে—জন বায়ুর অবকাশ থেকে থাকে—দে সব তিনি টিপে, চেপে, ঠেসে বন্ধ করে দিয়েছেন; নরম যদি কোথাও কিছু থেকে থাকে তাকে পিটিয়ে গাঢ় শক্ত করে তুলেছেন—তাঁর উপকরণ নিরেট জ্মাট যেন পাথর। সেই একই উদ্দেশ্যে মনে হয় যেন তিনি সোজাকে উণ্টে দিয়েছেন, সহজগ্রাহুকে হুগ্র হ করে ধরেছেন। ভাস্করের ঠিক আনন্দই হল এথানে, এমন যে অসার কঠিন পদার্থ তা থেকে এক রমণীয় কমনীয় মূর্ত্তি প্রকট করে তোলা— মালার্মেও ষেন চেম্নেছিলেন কাঠিন্স কঠোরতাকেই আশ্রম করে, (Memnon)

কবি মালার্মে

মূর্ত্তির মত, অপূর্ব্ব সঙ্গীত ছন্দিত করে তুলতে। উপকরণ বত অনমনীর,
হর্ব্যবহার্য্য, বিদ্রোহী হয়, তাকে বশীভূত করে, তার ভিতর দিরে আপন
নানসমূর্ত্তি প্রতিবিশ্বিত করবার উল্লাসও শিল্পীর তত বেশি। তরল রঙ্কে,
কোমল তুলিতে স্বপ্নকে হয়ত সহজে ফলিরে ধরা বার, অশরীরী ধ্বনির মধ্যে
স্থান্বের স্থানরের রূপ দেওরা হয়ত আরও সহজ্ব। কিন্তু পাথর আর এক
ধরণের বস্তু—মালার্মের ভাষা প্রস্তরোপম এবং তাঁর কবিতা এক-একটি
প্রস্তুর মূর্ত্তি বা ইমারত।

বাক্যবিস্থাসের হর্কোধ্যতা মালার্মের বিরুদ্ধে এক প্রধান অভিযোগ। এই দুর্বোধ্যতা তাঁর যে সম্বন্ধত—ব্যাসকৃটের মত পাঠককে বিভান্ত করবার জন্ম—তা ঠিক বলা চলে না। এটি তাঁর ভাস্করস্থলভ মানসগঠনের বাহুপ্রতিরূপ মাত্র। এ পদ্ধতিটি তাঁকে গ্রহণ করতে হয়েছিল, করাসী ভাষার অতিমাত্র স্বচ্ছতার যুক্তিপরতার প্রতিষেধ হিসাবে শুধু নর— ধ্বনিময় লোকোত্তর সত্যস্ঞির নিজম্ব প্রয়োজনেও বটে। সকল কাব্যস্ঞ্রি একটা বোধন, evocation, অর্থাৎ কোন অন্নভব উপলব্ধি দর্শনকে বাক্যের সহারে অবয়বী করে তোলা। মালার্মের কবিদৃষ্টিতে বে ছবিটি ফুটে উঠেছে, প্রকাশের সময়ে তিনি তার পূর্ণ যথায়থ সর্বাদ্ববিষদ প্রতিক্বতি এঁকে তুলতেন না। খ্যানদৃষ্ট ছবির করেকটি বিচ্ছিন্ন—কিন্তু অর্থগর্ভ— অঙ্গ, কয়েকটি স্থ-উচ্চ চূড়া বেন—তিনি ব্যক্ত করে ধরতেন; এ অঙ্গ-গুলির সম্বন্ধ ও সংযোগ আবিদার করে, উহু অন্তর্হিত অংশগুলি পূরণ করে সমগ্র চিত্রটি ফুটিয়ে তোলা হল পাঠকের কল্পনাশক্তির, সহামভূতির, রসজ্ঞতার কাজ। শুধু তাই নয়, এই বিচ্ছিন্ন অঙ্গণ্ডলিও প্রায়ই তিনি সোজান্তজি সামনে ধরে দেন না—দেন তাদের প্রতি ইন্দিত করে, তারা স্মরণ করিয়ে দেয় তাদের সাথে কোনরকমে সংশ্লিষ্ট অন্ত জিনিষ সব—এরাই হয় মুখ্য উক্ত, আর আসল বা তা হয় গোণ উহা।

38.85

শিল্প কথা

এই রকম অর্দ্ধোক্তি, ইদিতময়তা, সম্বেতসর্বস্বতা ছাড়াও মালার্মে যে সহজবোধ্য নর তার অন্ত কারণ আছে। তাঁর অন্তভৃতি সত্যসত্যই অনেক সময়ে এ জগতের কিছু নয়, স্থুল হতে ইন্দ্রিয়ের আয়তন হতে তিনি যা গ্রহণ করেছেন তা উপকরণ অবলম্বন মাত্র—লৌকিক তাঁর হাতে অলৌকিকের—আধ্যাত্মেরই—পৈঠা হিসাবে ব্যবহৃত হয়েছে। এই স্ক্র্মইন্দ্রিয়াতীত অন্তভ্তির মধ্যে উঠে না যেতে পারলে তাঁর কাব্যকে মনে হবে ধাঁধাঁ হেঁয়ালী প্রহেলিকা।

কবির এতথানি কঠোরতা হুর্বোধ্যতা তবুও কিন্তু ফরাসীর কবিচিত্তকে বিমুথ করতে পারে নাই। কারণ অর্থ ছাড়া, এমন কি ভাব
ছাড়াও, তাঁর মধ্যে রয়েছে কথার বাক্যের ছন্দের সহায়ে অপরূপ স্থরের
আলপনা, রংএর থেলা, রয়েছে আমরা বাকে বলি "আলগা শ্রী", একটা
উপরস্ক লাবণ্য যা ফরাসী সাধারণের পক্ষে স্থলত ও সহজগ্রাহা। এই দিক
দিয়েই—আর একেই কি সত্যকার কবিত্ব বলে না?—মালার্মে ফরাসীর
মনপ্রাণ এত সহজে হরণ করেছেন। বিদেশীরা বেশির ভাগই হয়ত ও-রসে
বিষ্ণিত, তাদের ভাগ্যে রয়েছে নারিকেলের ছোবড়া ও থোলা।

তবে মালার্মে বে সর্বাদা ও সর্ববিত্তই কঠোর ত্র্বোধ্য তা নয়। তিনি খুবই স্থবোধ্য—আর কি স্থন্দর—হতে জানেন। এই ধরুন না—ফুলের বর্ণনা করতে গিয়ে তিনি বলেছেন

Vermeil comme le pur orteil du seraphin
Que rougit la pudeur des aurores foulées—
উমার উপর দিয়ে, উমার উপর দিয়ে হেঁটে গিয়েছে দেবতা। দেবতার
চরণম্পর্শে উমা লজ্জায় রক্তিম হয়ে উঠেছে। সেই রক্তিমায় রঞ্জিত
দেবতার অমল পদাসুলি। ফুলটি হল এই রঞ্জিত অঙ্গুলির মত সিন্দুরবর্ণ।*

শ্বার একটু মূলামুগত করবার চেষ্টা করলে এই ভাবে বলতে হয়—
 "গদদলিত উবাবলীর লাজরজিমায় রঞ্জিত কোন দেবতার অমল পদাঙ্গুলির মত দিন্দুরবর্ণ

কবি মালার্মে

আরও সহজ-স্থন্দরের আরও সরল ঋজুর অভাব নাই—শুস্থন
Fuir! là-bas fuir! Je sens que des oiseaux sont ivres
D'être parmi l'écume inconnue et les cieux!
পালিয়ে যেতে হয়, পালিয়ে যেতে হয় ওই ওথানে! অজানা কেনরাজিয়,
দূর আকাশের কোলে স্থান পেয়ে পাধীরা মাতাল হয়ে উঠেছে, আমি বে
অক্তভব করভি।

মালার্মের একটি পুরো কবিতা শুমুন। মালার্মের কবিতার মগুনশ্রীর কথা বলেছি—এবার বস্তুর, অর্থের দিক দিয়ে কিছু রসগ্রহণ করতে চাই। আমি অবশু অমুবাদ করতে অক্ষম—দেব শুধু অর্থ হিসাবে ভাষান্তর, যাকে বলে paraphrase; তবে তারই মধ্যে একটু কাব্যের রসায়ন দিতে চেষ্টা করব। কবিতাটি একটি সনেট—অতি স্থবিখ্যাত এবং রসিকজনের অতি প্রিয় (যদিও কোন কোন বৈরাকরণ তাতে বাক্যগঠনে অশুদ্ধি, ক্রটী অনেক প্রেরছেন) শুমুন তবে—

তরুণ তেজস্বান স্থন্দর দিনটি আজ
তার মাতাল পাথার আঘাতে তবে কি দীর্ণ করবে
বিশ্বত এই জমাট সায়র—ভূতাবিষ্টের মত যে সায়র
হিমানীশীকরতলে

ভাবছে কত বিমানবিহার স্বচ্ছতুষারপ্রণাতগ্রস্ত হয়ে স্থার মুক্তি পেল না।

কোন এক অতীতের হংসরাজ আজ শ্বরণ করছে
সে ছিল মহিমাময়—কিন্তু এখন রুণা মুক্তি তার—
যখন বন্ধ্যা হিমঝতুর বিরাগ খরোজন হরে উঠেছে
তখন বেখানে আশ্রয় নিতে হর তার কথা সে ত গায় নাই।
পাখীর উপরে আকাশে চাপিয়ে দিয়েছে এই বে শুত্র

মৃত্যুৰন্ত্ৰণা---

-- আকাশকে পাথী অস্বীকার করেছে বলে—
তাকে সমস্ত গ্রীবা থেকে সে ঝেড়ে ফেলে দেবে,
কিন্তু মাটির নির্দ্মমতা ঝেড়ে ফেলতে পারবে না—
থর সাথে তার পালকসন্তার জুড়ে গেছে
প্রেতের মত তার শুভ্র দীপ্রতা নিয়ে বাধা পড়েছে এখানে—
शীরে সে অসাড় হয়ে গেল—এই নির্ম্বেক নির্বাসনে
হংসরাজ আপনাকে আচ্ছাদন করলে তার তাচ্ছিল্যের
নিথর স্বপ্ন দিয়ে ।

কবিতাটির অর্থ কি এখন? সোজা কথায় কি ব্যাপার বটন?

এক সাদা রাজ-হাঁস সাদা বরফের তলে চাপা পড়েছে—স্বপ্ন দেখছে,
কোথার উড়ে যেতে পারত সে, অথচ ওড়া হয় নাই। একটু চেষ্টা
করলে—স্থদিন এসেছে ভেবে। বেড়ে ঝুড়ে মাথাটা গুধু বের করলে—
জমাট ঠাগুার ভেতর থেকে। কিন্তু ঐ পর্যন্ত। বাকী সারা দেহটা বে
তার লেপ্টে গেছে মাটির সাথে। ধীরে ধীরে সব ঠাগুা হুরে এল—অসাড়
হয়ে গেল—মৃত্যুকে ববণ করলে কিন্তু বিপুল তাচ্ছিল্যের সাথে।

এই ত মোট ঘটনা—স্পষ্টার্থ। কিন্তু এ ছাড়া গূঢ়ার্থ আছে কি
কিছু ? বলা যেতে পারে সে রকম কিছু নাই—বা থাকবার প্রয়োজন
নাই। এ হ'ল বাস্তবিকই এক রাজহংসের কথা। শীতের সমরে
বাহাত্মী ক'রে সে তার উভুরে দেশেই রয়ে গেছে, দক্ষিণে গ্রীম্মের দেশে
দেশান্তরী হয় নাই—তাই তার ত্র্দিশা। এই ত্র্দ্দশার এক অপূর্ব্ব চিত্র,
জ্বন্ত জীবন্ত ফটোগ্রাফ দিয়েছেন কবি।

অনেকেই এ ব্যাখ্যার সম্ভষ্ট হবেন না। কবিতাটির মধ্যে স্পষ্টই বে অমুভব করি একটা গাঢ় গভীরতর স্রোতের টান। ঐ অর্থটুকু কবিতাটির সম্যক মর্যাদা দেয় না। তাই কেউ কেউ বলেন হংস এথানে স্বরং কবি। কবি জগতের মধ্যে আছেন নির্বাসনে—জগৎ তাঁর চক্ষে

কবি মালার্মে

একটা নিথর বন্ধ্যাত্ব। তিনি আপনাকে সরিয়ে নিয়ে আছেন আপনার তুর্গের মধ্যে (Tour d'ivoire), আছেন আপনার স্বপ্পকে নিয়ে। মালার্মে ছিলেন অনেকথানি নির্জনতাপ্রিয়, অন্তর্মুখী। তাই কেউ কেউ এখানে দেখেন কবির "art for art's sake" তত্ত্বের সমর্থন উদাহরণ।

আবার আর কেউ বলেন এই যে শীতে বরফের খেত শুল্রবিস্তার এ হ'ল কবির "সাদা খাতা"—অর্থাং প্রেরণার অভাব। কবি এর বিরুদ্ধে দারণ চেষ্টা করছেন, প্রেরণার জন্ত সাধ্যসাধনা করছেন—কিন্ত কল নিক্ষল। কবি তাঁর মনের মত কিছু স্বষ্টি করতে পারলেন না— নালার্মের স্বষ্টিপ্রাচুর্ঘ্য ছিল না। কিন্তু কবি দেখালেন তাতে তাঁর কিছু এসে যায় না—কিছু স্বষ্টি করতে না পারলেও তিনি তিনিই।

আমার কিন্তু মনে হয় কবিতাটির মর্ম্ম-কথা আর এক দিকে।
এবং সেইটিই সোজা এবং সহজ দিক। আমি বলি হংস আর কিছুই
নম্ম—সে হ'ল অন্তরাত্মা (Soul)। অন্তরাত্মার প্রতীক হিসাবে হংস
থ্বই সাধারণ ও পরিচিত। আমাদের দেশে সিন্ধপুরুষকে বে বলে
পরমহংস তা এই জন্তে। পরমহংস—পরমাত্মা,—"great goose" নয়
(ইউরোপীয় পণ্ডিতেরা কেউ কেউ বেমন অন্তবাদ ক'রে থাকেন)।
কবির অন্তরাত্মা উর্দ্ধের ডাকে সাড়া দিয়ে উড়ে গেল না,—লোকোন্তর
চেতনাকে, বা তার নিজের ধাম তাকে অন্থীকার ক'রে রইল এই মাটির
মিথ্যা চোধবালসান মায়ার মধ্যে, হারিয়ে ফেলল তার স্বকীয় ভাষর
মাহাত্ম্যা। যথন তার ত্মরণ হ'ল, চেতনা মথন ফিরে এল, তথন আর
সময় নাই। নিজের কর্ম্মকল এখন তাকে ভোগ করতেই হবে। এই
স্থেলর শুল্র দিন আজ মুক্তির নয়—মৃত্যুর। নিয়তির অলঙ্ক্যা বিধান—
ভগবানকে, আপনার সত্যস্বরূপকে যে চায় নাই, সেই মুহুর্ভেই সে আপনাকে
নিপাতিত নির্বাসিত করেছে এই পার্থিব হিমনীতল মৃত্যুরাজ্যে। তব্ও,
তব্ও মৃত্যুর কবলিত হয়েও, অন্তরাত্মা কি কখনও মৃত্যুর বনীভৃত হ'তে

পারে ? মৃত্যু বথন তাকে অধিকার ক'রে বসেছে তবুও তথন কোন স্বপ্ন তাকে মর্ত্ত্যধর্মের উপরে তুলে নিরে গিরেছে ?

এভাবে গ্রহণ করলে কবিতাটির সকল ব্যাসকৃট সরল হরে বার—প্রত্যেক বিশেষণাটির, প্রত্যেক গুণ, প্রত্যেক রঙটির সার্থকতা স্বতঃসিদ্ধ হরে দাঁড়ার। অর্থের ফাঁক কোথাও কিছু থাকে না। অমুভূতির এই গভীরতা, এই অর্থগোরর থেকেই সহজে ব্যাখ্যাত হর সমস্ত কবিতাটির গাঁঢ় গুরুত্ব ও সম্চ্চ তীব্রতা। অবশ্য কেউ কেউ বলেন মালার্মের কবিতার গুরু একটী মাত্র অর্থ নাই—তার আছে যুগপং বহু অর্থ। তাঁর কবিতা প্রতীকমর—প্রতীকের ধর্ম্মই এই তা বিবিধ অর্থজ্ঞাপক, নানা ব্যঞ্জনাসমাহার। একজন করাসী সমালোচক এ ধরণের কবিতা—আধুনিক মুগের শ্রেষ্ঠ কাব্যস্থাইর বিশেষত্ব বা—তার নাম দিরেছেন multiplane বা symphonic poetry.

বস্তুর দিক দিয়ে কবিতাটি দেখা গেল। শ্রীর কথা পূর্বেই বলেছি। এখন একট্ দেখা বাক গঠন। কবিতাটির গঠন অনবস্তু বললেও ব্থেষ্ট হয় না—অপরপ। যেন একটি সর্বাস্থ্যন্দর নিখুঁত ইমার্তা। সনেট হওয়া চাই (ইতালী বা ফরাসী সনেটের যে ছক) একখানি চার অঙ্কের নাটক। মালার্মের এই সনেটটির প্রতি পাদ এক একখানি জীবস্ত জলস্ত চিত্র। এবং সমস্তটি গ্রখিত এক অনিবার্য্য ক্রমের কাঠামে। আরম্ভের দৃশ্র দিয়েছে—প্রদীপ্ত রেখায় ও রঙে (রঙ বদিও একটি মাত্র, সাদা খেত ভত্র)—দেশ কাল পাত্র। শৈত্য, গুত্রতা আর কাঠিল্য এই তিনটি গুণ সমস্ত আবহাওয়া—ভিতরের ও বাহিরের—গড়ে দিয়েছে। স্থক্র থেকে শেষ অবধি কথার ভাব কথার অর্থ কথার ধ্বনি কথার স্থর প্রতি পদে এই তিনটিকে ফুটিরে ব্যক্ত ক'রে ধরেছে। প্রথম চিত্রটি, অইপদীর প্রথমার্দ্ধ এই—শুত্র দিন, সচ্ছ বরফ, বরফের উপর হিমানীশীকরপ্রলেপ—খেতশীতল কঠোর শব্যায় শারিত রাজহংস, গুত্র পালক তার গুত্র বরফের

কবি মালার্মে

অদীভূতপ্রায়—তার উড়বার স্বপ্ন সব জমাট বেঁধে ঐ প'ড়ে আছে! এমন স্থাদিন ভরসার দিন কি? দ্বিতীর চিত্র—অষ্টপদীর দ্বিতীর অদ্ধ—অভাগা চেষ্টা করছে, কিন্তু সে জানে র্থা চেষ্টা; সময় বথন তার এসেছিল, স্বরূপ বথন তার একবার উন্তাসিত হয়েছিল এই মর্ত্ত্যপ্রবাসে, তথনই তার উড়ে বাওয়া উচিত ছিল বেখানে তার বাওয়া উচিত। তৃতীর চিত্র—বট্পদীর প্রথম অদ্ধ—এই চিন্তা এই স্থৃতি কণকালের জন্তু তাকে দিল তীব্র আবেগ —বেড়ে কোনমতে মাথাটি সে তুলে ধরলে—কিন্তু আকাশকে সে অবজ্ঞা করেছে, সেই আকাশই প্রতিহিংসার জন্তে বৃদ্ধি বরক্ষের ভার হয়ে তার উপর পড়েছে—আর নিন্তার নাই। শেষ চিত্র—বট্পদীর দ্বিতীয় অদ্ধ—ব্ধীরে বার সব চেষ্টা থেমে গেল—সাদা সাদায় গেল মিশে, ঠাণ্ডার মিশে গেল ঠাণ্ডা—জীবন্ত অন্তরাত্মার শুভ্রতার পরিবর্ত্তে এথন দ্বিরে রইল প্রেতের মৃত্যুর পাণ্ড্র ধবলতা। শুধু কি-একটা নিথর স্বপ্ন মৃত্যুকে অবজ্ঞা করে বাধা পড়ল তার অঙ্কে।

সমন্তটির মধ্যে রয়েছে একটা ক্রমপরিণাম—স্থরের আরোহ, অবরোহ, লয়। প্রথমে—আশা, দ্বিতীয়—য়প্র ও সয়য়, তৃতীয়—উৎসাহ-প্রয়াস, চতুর্থ—নির্বাণ। সমস্তের পিছনে রয়েছে একটা কায়ণ্যের ব্যর্থতার রেশ—কিন্ত কে বলবে তা শুধু আপাতপ্রতীয়মান নয়, তা নিয়ে বাবে না দ্র সার্থকতার দিকে? এ-রকমে দেখলে মনে হয় কবিতাটিকে কথা হ'তে স্থরে সহজেই রূপান্তরিত করা যেতে পারে। ফলতঃ কবির আর একটি দীর্ঘতর কবিতা সত্যসত্যই সম্বীতে পরিবর্ত্তিত করা হয়েছে। কথায় স্থর লাগান নয়—কথায় পরিবর্ত্তে শুধু স্থরের লীলা। সমস্ত কবিতাটি—মোটের উপর নয়, প্রায় প্রতি পংক্তি ধ'রে ধ'রে—কথায় পরিবর্ত্ত স্থরে ছন্দিত করা সম্ভব হয়েছে কবিতাটির গড়নের কল্যাণে। কবিতাটির নাম "কিয়রের দিবাস্বপ্র" (L'après-midi d'un Faune)—গীতকার স্থনামধন্ত দেব্সী (Debussy)।

উপনিষদের স্থব্দর

अध्येष यथन वल-

ইনং শ্রেষ্ঠং জ্যোতিবাং জ্যোতিরাগাৎ চিত্রঃ প্রকেতোহজনিষ্ট বিভ 1

"এই যে সকল জ্যোতির শ্রেষ্ঠ জ্যোতি এসেছে—এক বহুল জ্ঞান বিশ্ব খিরে জনোচে"—

কশংবংসা কশতী শ্বেত্যাগাৎ

আরৈও কৃষ্ণা সদনাক্তপ্রাঃ

"রক্তিম শিশু অঙ্কে, আরক্তিম আননে গুল্রা মাতা এসেছে—ক্বফা মাতা তাহার সকল ভবন খুলে ধরেছে"—

তথন কাহারও মনে কোন সন্দেহ ওঠে না যে এথানে আছে সৌন্দর্য্যের বোধ, সৌন্দর্য্যের প্রকাশ—বস্তুটি এত স্থনিশ্চিত ও সহজ্ঞগ্রাস্থ হ'যে স্টে উঠেছে। সকলেই এক বাক্যে বলবেন যে এথানে স্থলর জিনিষ স্থলরভাবে ব্যক্ত করা হয়েছে। কিন্তু এর পরে যথন শুনি উপনিষদে কলছে—

ন তত্র স্থর্য্যে ভাতি ন চক্রতারকং
নেমা বিহাতো ভান্তি কুতোংমুমগ্নিঃ।
তমেব ভান্তমমুভাতি সর্বং

তশ্ৰ ভাসা সৰ্বমিদং বিভাতি॥

"সূর্য্য সেথানে জলে না, চক্রতারকাও নয়, এই বিহ্যাৎ সবও জলে না— এ জগ্নি তবে জলবে কি রকমে? সেই বস্তুটি জলে, তারই অমুসরণে এ সমস্তই জলছে, তারই উজ্জল্যে এই যাবতীয় বিশ্ব প্রোজ্জল"—

উপনিষদের স্থন্দর

তথন হয়ত সন্দেহের অবকাশ হতে পারে। অনেকে বলবেন এথানে সৌন্দর্যোর বোধ নাই, আছে সভ্যের বোধ। উপনিষদ চেতনার সৌন্দর্য্য-বোধ আপনাকে ফলিয়ে ধরে নি, সম্মুথে প্রকট করে নি। তা বৈদিক সৌন্দর্য্য-বোধের মত স্পষ্ট, সহজগ্রাহ্য, ইল্রিয়গোচর নয়। সে পিছনে অন্তরালে থাকতে ভালবাসে,—যেন নিজের বর—স্বং দমং—ছেড়ে বাইরে আসতে চায় না: সেথানে আপন স্বরূপে সে নিরাভরণ, অনাবৃত্ত, একান্ত সহজ। সোন্দর্য্য বলতে আমরা সাধারণতঃ বৃঝি রূপগত সৌন্দর্য্য। সে-রূপ অলক্ষার-প্রচ্র, ঐর্য্য-ভৃয়িষ্ঠ বিদিই বা না হয়, তব্ও তার থাকে একটা স্থবীম আকার। প্রাচীনতর বৈদিক ঝবিদের লক্ষ্য ছিল স্কর্মপ স্পষ্ট ("স্বরূপরুত্তু,"), নির্দ্ধোর অভিব্যক্তি, অথগু ও পরিপূর্ণ বিগ্রহ। তাঁরা যে সকল দেবতাদের দেখেছেন ও আহ্বান করেছেন তারা হল সৌন্দর্য্য হতে স্থবমা হতে উৎকীর্ণ তেজাময় সন্তা, আমাদের প্রত্যক্ষের কাছে স্থবলত্য করে রূপায়িত ("স্পায়নং")। কিন্তু উপনিবদে জ্বার দিয়েছে রূপের বাহিরে বা উপরে যে তুরীয় বস্ত্য—চক্ষু বা দেখতে পায় না, দৃষ্টিতে বা প্রতিবিধিত হয় না,—তার উপর—

ন সন্দুশে তিষ্ঠতি রূপমস্ত

ন চক্ষুষা পশুতি কশ্চিনৈনম্।

জিনিবের রূপ স্থলর হতে পারে, কিন্তু অরপেরও আছে এক সৌলর্য্যযা সৌলর্ব্যের সার, আদি মূল, চরম পরিণতি, যা সৌলর্ব্যের প্রছন্ত্র
অন্তঃপুরুষ। এই বস্তুটিই উপনিষদ ঋষি-কবির উপলব্ধিকে, কাব্য-স্টিকে
একটা আত্মসমাহিত অন্তর্গূচ গাঢ় উদ্দীপনার অন্তর্মান্ত স্পান্দিত ক'রে
ভূলেছে। উপনিষদ বাইরের বহুল বিচিত্রের আকর্ষণে মুগ্ধ হয় নি—
সে জানে নানা বলে এখানে কিছু নাই—নেহ নানান্তি কিঞ্চন।
সে দেখছে বাইরের যত বিবিধ রূপ তাদের অশেষ ব্যক্ত সৌলর্ঘ্য
দিয়ে দিকবিদিক ভরে দিয়েছে, তারা অন্তরে গোপনে পোষণ করছে

এক অপরপ সৌন্দর্য। এই মাতৃক উৎসগত স্বরূপই বহুলরূপে বিশ্বিত বিকীর্ণ হচ্ছে—

একস্তথা সর্বভূতান্তরাত্মা

রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ—

বীজ এক, তাই বহুধা হয়ে বাইরে ফুটে উঠেছে—একং বীজং বহুধা মংকরোতি। সৌন্দর্য্যের এই যে বীজ-সন্তা, গৃঢ় নাম, তার তুলনা এ পারের প্রকৃতির কোনো কিছুর সাথে মেলে না—এইকি ভূমিতে তার কোন প্রতিকৃতি নাই—ন তস্থ প্রতিমা অন্তি। ব্যক্ত চেতনা যে সব উপাসনা করে তা সে নর—তা নেতি নেতি।

তথাপি দেখি উপনিষদ প্রায়ই হুইটি লক্ষণ, হুইটি গুণের দারা সেই অনির্বাচনীয়—সেই গুণাতীত বস্তু নির্দেশ ক'রে থাকে। এই হুইটি বেন সেই অনির্দেশ্রের মূল প্রকৃতির প্রায় অঙ্গীভূত। উপনিষদের উপলব্ধিকে, চেতনাকে এরা এতথানি অভিভূত করেছে যে, তার সমস্ত অনুরাগ, স্পষ্টর আবেগ এদেরই দিরে ফুটেছে। অনামের অরূপের যে অপরূপ মাধুর্য ইন্দ্রজাল তা ব্যক্ত হয়েছে এই হুটির মধ্যে। এই হুটিতে মিলে যেন দিয়েছে তার সমূরত সার্থকতা, তার অমোদ সত্যতা। এই হুটি অব্দের একটি হল জ্যোতি—আলো—সৌরদীপ্তি—"রবিতুল্য রূপঃ"; সকল তমসার পারে নিষ্কলম্ব স্বছ্ছ শুত্র জ্যোতির জ্যোতি—বিরুল্য গুলুং জ্যোতিবাং জ্যোতিঃ। দ্বিতীর্ঘটি হল আনন্দ—পরমন্থ্য—বৃহৎ জ্যোতিকে পরিপূর্ণ করে আছে যে অমৃতত্ব—আনন্দর্রপমমূত্য বিদ্বতাতি।

আর, আলো ও আনন্দ ছাড়। সৌন্দর্য্য কাকে বলি ? আলো এবং আনন্দ এই ফুইয়ের সম্মিলনেই ত সৌন্দর্য্যের মূল প্রকৃতি, তার বৈশিষ্ট্য ও নিজস্ব ধর্ম্ম। জিনিষ স্থন্দর মনোহর কান্তিময় তথনই যথন সে আলো বিকীরণ করে। এমন কি এতদ্র বলা যেতে পারে যে, যে জিনিষ ষত বেশি আলো ছড়ায়, সে তত স্থন্দর—তাই বলা হয়েছে রবিতুল্যরূপ।

উপনিষদের স্থন্দর

হীরক কেবল অমূল্য নর, অতি স্থন্দরও, কারণ, সে তার মর্দ্মে ধারণ করে সংহত অনির্কাণ প্রভা। কালো কুৎসিত নিরর্থক বস্তুখণ্ডও এই রকনেই শিরীর হাতে হ'রে ওঠে মূল্যবান সার্থক স্থন্দর—বর্থন সে পার তার আলোক-প্রতিমূর্ত্তি—বর্থন দেখান হর কিরণরেথার সমবায়ে কি রকনে তার আকারটি গঠিত হ'রেছে—

অন্তঃ শরীরে জ্যেতির্ময়ো হি শুদ্রো— গুল্র জ্যোতির্ময় অন্তঃশরীরটি দেথানই সমস্ত চিত্রবিষ্ঠার লক্ষ্য—চিত্রবিষ্ঠার পদ্ধতিই আলোর থেলার সহায়ে সৌনর্যোর রূপায়ন।

আনন্দ হল এই জ্যোতির গতিছন। আনন্দ ছন্দারিত আলোক-ছটা—সোন্দর্যের সংজ্ঞা এই । যেখানে আলো সেখানেই প্রসন্নতা, উৎফুল্লতা, আনন্দ, হর্ষ। তাই রসময় আর জ্যোতির্মন্ধ—এই ফুটতে মিলে দেয় সত্যের আদিরূপ। এই ফুট দিককে উপনিষদে কখন কখন বলে সৌর ও চান্দ্র রূপ। হর্ষ্য অবশু জ্যোতি অর্থাৎ সত্য; আর চন্দ্র হল সোম, অমৃত, আনন্দ, রস অর্থাৎ সৌন্দর্য্য, তার বিশেষ রূপে। তাই উপনিষদের উক্তি—

যতে স্থামং হৃদরমধি চন্দ্রমসি শ্রিতং

তেনায়তত্বস্থোশানে

"হে অমৃতত্বের অধীখর! চন্দ্রের মধ্যে আম্রিত তোমার স্থাম হাদর" কিংবা

রয়িরেব চন্দ্রমা·····মূর্ত্তিরেব রয়িঃ "চন্দ্রই আনন্দ·····আর আনন্দ অর্থ ব্যক্ত আকার…"।

ঔপনিষদ চেতনায় রসবোধ একটা আদি মৌলিক বস্তু কিছু— সৌন্দর্য্যকে ছেঁকে, সৌন্দর্য্যের ক্ষুসার দিয়ে তা প্রস্তুত হ'রেছে। এই সৌন্দর্য্য এঁকে ধরেছে যেন জিনিষের তন্মাত্রিক আকার—তার উৎসগত একান্ত সরল গতিভদি। এখানে মন্ত্রাত্মক বাক্য একটা অন্তর্লীন সৌন্দর্য্যের রসায়নে অভিসিঞ্চিত; কিন্তু তার বিহিঃপ্রকাশ কেবল বৈধরী-

বর্জিতই নর, তা স্বন্নভাষী অর্থাৎ যতটুকু না বললে নর, ততটুকু মাত্র বলে

—সহজে, সংক্ষেপে, অথচ দৃঢ়ভাবে। এই বাদ্মর দেহ নিরাভরণ অনাবৃত।
সে অনাবৃত অন্দেও আবার মন্নের ফীত উদ্বেল পেশী-বাহুল্য নাই। বরঞ্চ
ভাহার বিশেষত্ব হল তনিমা, লযুতা—অন্থিমাংসের স্থলভার নর। তাতে
ফুটে উঠেছে স্নায়ুগত আন্তর সার্ল্য, তেজ, সামর্থ্য। উপনিষদের—

ষৎ প্রাণেন ন প্রাণিতি বেন প্রাণঃ প্রণীয়তে তদেব ব্রহ্ম "প্রাণের মধ্যে যার প্রাণ নয়, প্রাণেরই প্রাণ যার মধ্যে তাই ব্রহ্ম।" অথবা,—

नात्त्र स्थ्यां पृरंभव स्थः…

"অরে স্থা নাই, ভূমাই স্থা,—যা ভূমা তাই অমৃত, আর যা অর ভাই মর্ত্তা।" কিংবা

সত্যমেব জয়তে নানৃতং

সত্যেন পন্থা বিততো দেবযানঃ

"সত্যেরই জয়, মিথ্যার নয়। সত্যের দারাই দেবত্বগামী পথ আস্তৃত।"
এ সকলের অপেকা বাক্য আর কত সরল সংযত রিক্ত, অথচ
এতথানি সমাহিত স্বচ্ছ, তেজে জ্যোতিতে ও শক্তিতে পরিপূর্ণ হতে পারে?
মনে হয় বাক্যের দেহ এথানে শুধু নিরাভরণ বা অনাবৃত নয়—দেহ বিদেহ
হয়ে আত্মারই সারপ্য লাভ করেছে।

বৈদিক ঋষির স্ষ্টিতে সৌন্দর্য্য বর্ণে অলঙ্কারে সমৃদ্ধ; স্থুল ইন্দ্রির সেখানে স্থুল বিষয়-বৈভবের মধ্যে উৎফুল্ল উচ্ছ্ সিত। সৌন্দর্য্যের এই আঢ্যতা আর একর্গে আবার ফিরে এসেছিল—আরও মার্জ্জিত, স্পুসংস্কৃত, বৃদ্ধিরচিত রূপ নিয়ে। এই বিভাবতার র্গের পূর্বেব যে একটা সহজ্ব স্থির, আদি কবির—ব্যাস বাল্মীকির—র্গ ছিল, উপনিমদের সাদৃশ্য ও সাঞ্জাত্য কতকটা তার সাথে পাই। বলা হয় উপমা কালিদাসশ্য।

উপনিষদের স্থল্দর

সতাই কালিদাসের সৃষ্টি উপমাভৃন্নিঠ—উপমার উপর উপমা দিরে, মণ্ডনের উপর মণ্ডন সাজিরে, তিনি স্থ্ পীরুত করেছেন—সে উপমা আবার জটিল, অর্থের দিক দিরে, রূপের দিক দিরে। বাল্মীকি বা ব্যাসের উপমা সরল সহজ সাধারণ অতি-সংক্ষিপ্ত—অথচ তাতে কুটে উঠেছে একটা বৃহৎ ব্যঞ্জনা, বিপুল আত্মসংহত শক্তি। সেই একই সারল্য, সংক্ষিপ্ততা এবং অর্থপ্রসার ও ধ্বনি-সামর্থ্য উপনিবদের বৈশিষ্ট্য। বাল্মীকির

আকাশমিব ছপারম্

"আকাশের মত হুষ্পার।" কিংবা

গতাৰ্চিষমিবানলম্

"বিগতশিখা বহ্নির মত"। অথবা

তেজসাদিত্যসন্ধাশঃ ক্ষমরা পৃথিবীসমঃ

"তেজে আদিত্যপ্রভ, ক্ষমার পৃথিবীসম" কিংবা ব্যাসের

> বিবেশ রঙ্গং বিন্তীর্ণং কর্ণঃ পাদচারীব পর্বতঃ

"বিস্তীর্ণ রঙ্গমধ্যে কর্ণ প্রবেশ করলেন পাদচারী পর্বতের মত"। এ সকলের সঙ্গে তুলনা করা ষেতে পারে উপনিষদের বুক্ষ ইব স্তরো দিবি তিষ্ঠত্যেকঃ

"আকাশের পৃঠে বৃক্ষটির মত স্বর্গপৃঠে দাড়াইরা এক অদ্বিতীর"। কিংবা

শরবত্তনায়ো ভবেৎ

"তীরের মত তন্ময় হয়ে যাও"।

অথবা,

যথেমা নতঃ শুন্দমানাঃ সমুদ্রারনাঃ-

"এই সকল প্রবাহিনী নদীর গতি বেমন সমুদ্রের দিকে"—উভয়ত্র পাই একই সহজ্ঞসারন্য, সারগ্রাহিতা, একান্ত মিতভাবিতা, অথচ সেই সঙ্গে ভাগবৃত ছন্দগত একটা গভীর গম্ভীর দূরসঞ্চারী অমুরণন।

সৌন্দর্য্যসৃষ্টির পরাকার্চা বেখানে সেথানেই দেখি সৌন্দর্য্য এই রক্মেই হ'রে উঠেছে যেন অতি সরল স্বচ্ছন্দ স্বাভাবিক। সৌন্দর্য্য যেথানে আপনাকে ফলিয়ে সাজিয়ে ধরতে চায় নি, ঠিক সেই জক্মই তা সেথানে পরমন্ত্রন্দর। উপনিষদে সজ্ঞানে উদ্দেশ্ত নিয়ে সৌন্দর্য্য-রচনার আয়াস বা প্রচেষ্টা নাই; সেথানে সৌন্দর্য্যবোধ একটা গভীরতর বৃহত্তর চেতনার অস্বীভূত হয়ে আছে। সে চেতনার লক্ষ্য চেতনাই—চেতনার স্বরূপ ও পরিপূর্ণতা—সেই সত্যকে, সংবস্তুকে জানা ও লাভ করা, যে জ্ঞান পেলে সকল জিনিব জানা যায়, যা লাভ হলে সকল জিনিব লাভ হয়। সেই সত্যের চেতনা আবার আনন্দময় অমৃতময়, যে আনন্দের মধ্যে সমগ্র বিশ্ব তার মূল শাশ্বত সৌন্দর্য্যে, তার আদি রসময় স্বরূপে ফিরে এসেছে।

কবিত্বের স্বরূপ

কাব্য-সম্বন্ধে প্রথম প্রশ্ন, তা কাব্য হয়েছে কিনা ? অর্থাৎ শুধু পশ্ব নয় বা গভের রকমফের নয়, এর চেয়ে বেশি কিছু হয়েছে কিনা ? কবিতায় চাই কবিত্য—তার কম নয়, তার বেশিও অনাবশ্যক।

কথাটি ত বেশ সহজ স্বতঃসিদ্ধ—এমন কি পুনক্ষক্তি বলেই শুনার।
কিন্তু কার্য্যত তা ঠিক নর। কারণ সচরাচর কাব্যের রচনার কি রসগ্রহণে
উভয়ত্র আমরা বহু অবান্তর উপকরণ এনে মিশিরে দিরে থাকি। বিশুদ্ধ
কাব্যরচনা প্রচুর নর বিশুদ্ধ কাব্যরসও আমরা অন্তই আস্থাদন করি।
কাব্যের পছন্দ-অপছন্দ নিন্দা-প্রশংসা আমরা অধিকাংশক্ষেত্রে করে থাকি
কবিস্থ-বহির্ভূত মান-মর্য্যাদা-মূল্য অমুসারে। কোন মামুম দেখতে স্কুন্দর
কিনা, এ প্রশ্ন মীমাংসার সমর কথা তুললে চলবে না, তার বিভাবৃদ্ধি কতদুর
বা তার স্কভাব-চরিত্রের গুণাবলী কতথানি। যদিও অনেক সমর স্কভাবচরিত্রের জন্ম, বিশ্বা-বৃদ্ধির জন্ম মামুমকে আমরা স্কুন্দর দেখতে পারি বা বলতে
পারি। কিন্তু তাতে কথা এক হলেও সম্পূর্ণ ভিন্নার্থে আমরা গ্রহণ করি।
এবং এই অর্থ-বৈষম্য সব সময়ে আমরা ধরতে পারি না এবং অনেক
স্কনাস্টির স্টি করি।

মনীধী বেকন আইডোলা (Idola)-র কথা বলে গেছেন। মানুষ সহজে গাঁটি সত্যের কাছে পৌছিতে পারে না, কারণ সত্যের চারপাশে থিরে রয়েছে অসত্যের বিগ্রহাবলী, যারা আপনাদের সত্য বলে জাহির করতে চায়। এই সত্যের আবরক অসত্য-বিগ্রহ বেকন চারশ্রেণীতে বিভক্ত করেছেন। সত্যের ভেজালের মত কবিত্বেরও এই চার রক্ষের ভেজাল আমরা নির্দেশ করতে পারি। খাঁটি কবিত্ব কি জানবার আগে জানা দরকার কবিত্ব কি নয়—নেতি, নেতি।

কাব্যের প্রথম মারা-বিগ্রহ হল তত্ত্ব। কবিত্ব আর তত্ত্ব এক নর। অনেক সমরে একটি গভীর সত্য আমাদের প্রাণকে এতথানি অভিভূত বা আলোড়িত করে যে তার আমরা অন্ত সব দিক ভূলে বাই—কথাটির গুণমুগ্ধ আমরা, তার রূপ দেখবার অবসর হয় না। ব্রাউনিং বখন বলেন:

God's in His Heaven
All's well with the world

তার কাছে ওয়ার্ডস্ওয়ার্থের :

Can anyone tell me what she sings

এ সাদামাঠা কথাটি দাঁড় করাতে আমাদের ইতন্ততঃ করতে হয়।
অথবা কীট্সেরঃ

Truth is Beauty and Beauty Truth
আমরা যতথানি উচুদরের কবিতা মনে করি হয়ত কোলরিজের:

The fair breeze blew, the white foam flew
The furrow followed free;

We were the first that ever burst
Into that silent sea.

ভতটা পদমর্য্যাদা অনেকের কাছে পাবে না। আমাদের বাংলার ঘরের কথা যদি বলি, তবে চৈতক্ত চরিতামূতের—

অনন্ত ক্ষটিকে বৈছে এক স্ব্য ভাসে।
তৈছে জীবে গোবিন্দের অংশ প্রকাশে॥—
এই অধ্যাত্মতত্ত্বের সাথে তুলনা করুন ত এই প্রাক্কত লোকায়ত কথা ক'টিঃ
টোপর পানায় পুকুর ভরেছে কোনোখানে নাই ভাঙা,
জলা বলে মনে হয় ডাঙাগুলা, জলে মনে হয় ডাঙা—

কবিত্ব কোথার বেশি ?

কবিত্বের স্বরূপ

এখানে আরও নির্দেশ করা বেতে পারে বে কেবল ভিতরের তত্ত্ব নর, বাহৃতত্ত্বও কবিত্বের মর্ম নর। অর্থাৎ সত্য—হল্ম হোক আর স্থুল হোক—কেবল সত্যকৈ প্রকাশ করাই শিলীর কাজ নর। দার্শনিক বেমন কবি নন, তেমনি বৈজ্ঞানিকও কবি হতে ভিন্ন। বথন বলা হয় চারুশিল্ল প্রকৃতিকে—অধ্যাত্মপ্রকৃতি হোক আর জড়প্রকৃতি হোক—দর্পণবৎ বথাবথ প্রতিকৃলিত করে—তথন আমরা একটা eidolon-কে—মারাবিগ্রহকে পূজা করি। "ব্রহ্মসত্য জগমিথাা" বলি আর বলি "হগ্ধং পিবতি মার্জারঃ" উভর্মট অকাট্য স্থুম্পিট সত্য হলেও কোনটিই কবিত্বের পদবীবোগ্য হয় নি—বলা বাহুলা। সত্য—অধ্যাত্ম সত্য বা স্থুল সত্য—হল কাঁচা মাল। তাকে একটা শুদ্ধির, ধর্মান্তরের ভিতর দিরে না নিরে গেলে কবিতা হয়ে ওঠে না। সে শুদ্ধি, সে ধর্মান্তরের ভিতর দিরে না নিরে গেলে কবিতা হয়ে

বিতীর মারা—ভুল প্রতিমা—হল আদর্শ—নীতি শিক্ষা বার্ত্তা বাণী প্রচার। আদর্শের মাহাত্মাকীর্ত্তন কাব্যস্বরূপের পরিচর দের না। ধর্মাত্ম-রাগ, মানবপ্রীতি, দেশসেবা, সমাজসংস্কার, রাষ্ট্রবিপ্লব (বা রাজভক্তি)— এসব জিনির মান্থবের চিত্তকে সর্বদা ও সর্বত্র বিচলিত করে—তার প্রতিধ্বনি সাহিত্যে ফুটে ওঠে। এ সকল চিত্তবৃত্তি মান্থবের গভীর ও অন্তরঙ্গ জিনির, তাদের মূল্যও অনেক, সন্দেহ নেই, কিন্তু কাব্যের কবিত্ব পক্ষে এহ বাহ্য— এসব কাব্যের বহিরন্ধ, পোষাক-পরিচ্ছদ হতে পারে, কিন্তু তাদের বাথার্থ্য সমীচীনতা মাহাত্ম্য মহত্ত্ব দিয়েই কাব্যমর রূপের মর্থ্যাদা নির্ণর হয় না। স্কট (Scott)-এর

Breathes there the man with soul so dead Who never to himself hath said

অথবা

স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে ক বাঁচিতে চায় (রঙ্গলাল)

43

অথবা

ভারতের পতিহীনা নারী বৃঝি অই রে না হলে এমন দশা নারী আর কই রে (হেমচন্দ্র)

কিংবা

কি কুদিনে ভবে এলি কুসন্দে দিন হারাইলি দীনবন্ধু নামটি একবার দিনান্তরে বললি নে (দাশর্থা)

এ সকল বাক্যকে যদি অনেক সময়ে বা অনেকের কাছে রসাত্মক বলে মনে হয় এবং সে হিসাবে তাদের একটা উচু স্থানও দেওয়া হয়, তবে বলতে হবে সে রসটি আসলে কাব্যের কবিষণত নয়। আজকাল রাজনীতিক ও সামাজিক বিশেষ আদর্শের সেবক ও বাহনরূপে এক এক বিশেষ ধরণের সাহিত্যস্প্রি করবার চেষ্টা হয়েছে। কিন্তু "নাৎসী"–সাহিত্য, "প্রোলেটেরিরন"–সাহিত্য, "নাৎসী", "প্রোলেটেরিরন" হতে পারে কিন্তু সাহিত্য পদবাচ্য কতথানি তা বিবেচ্য। আমাদের দেশেও ইদানীন্তন "মুসলিম সাহিত্য" আশা করি এই রকম কোন চোরাগলির দিকে অগ্রসর হবে না।

তবে এথানেও নির্দেশ করা দরকার যে আদর্শ বা আদর্শের মাহাত্ম্য-প্রচার নিরে থাঁটি কবিছ হয় না তা নয়—আমাদের বলবার উদ্দেশ্য তা নয়, বলি শুধু এই কথা যে ও-সব জিনিষ হল কাব্যের পরিধিগত—ফলফুল শাখাপ্রশাখা কিন্তু কেন্দ্রগত মূলগত যা তা অন্ত জিনিষ। কেন্দ্রকে ধরে, ঠিক রেখে যেথানে পরিধি আঁকা হয়েছে সেখানে ঐক্য সৌষীম্য পরিপূর্ণতা দেখা দিয়েছে; আর যেথানে আগে পরিমণ্ডলকে ধরে একটা আকার গড়বার চেন্টা হয়েছে সেখানে কেন্দ্র হারিয়ে গিয়েছে, এসেছে উৎকেন্দ্রতা শ্রীহীনতা।

এই উৎকেন্দ্রতার জন্মই ধরুন ধেমন টেনিসনের Princess (বা বর্ত্তমানে Spender-এর Propaganda poetry) কবিত্ব হিসাবে বার্থ। অন্তদিকে আদর্শাত্মক কাব্য বহু ক্ষেত্রে কবিত্বের পরাকাণ্ঠা পেরেছে—

কবিত্বের স্বরূপ

রামানণ মহাভারতের কথা ছেড়ে দিলাম, ধর্মের আদর্শ মিলতনে, অধ্যান্মের আদর্শ দান্তের মধ্যে—দেশপ্রীতির গর্ব ভার্জিলে মূর্ত্তিমান। কারণ কাব্য-স্পষ্টিকালে এ দের ক্ষেত্রে ধর্মাচার্য্যকে, অধ্যাত্মমাধককে বা দেশপ্রেমিককে নিয়ন্ত্রিত অন্ত্র্পাণিত করেছে কবিদৃষ্টি।

তৃতীয় মানা-বিগ্রহ হল ফ্যাসন, হুজুগ—বেকন বার নাম দিয়েছেন Idol of the Market-Place (আমরা বলতে পারি হাটুরে দেবতা)। কাব্যে এর প্রভাব ও প্রতিপত্তি অত্যন্ত স্থলত ও পরিচিত। এক সমর ছিল বখন কবিত্ব অর্থ বোঝাত—চাঁদ জ্যোছনা মধুযামিনী বসন্ত কুহু দীর্ঘধাস মুদ্রুণ বিরহ ইত্যাদি। কেবল আমাদের দেশে নয় সমুদ্রের ওপারেও চুই এক যুগে এরকম ঘটেছিল। আজকাল বেমন—প্রতিক্রিয়ার ফলে হয়ত—ক্যাসন হয়েছে পচাগলা, ময়া, ক্লেদ পাঁক হুর্গন্ধ, লোহালক্কড় ইটপাটকেল—ভিতরের ও বাহিরের বে-আক্রতা, "বেহায়াপনা" (কোন অতি-আধুনিক কবির দেওয়া সংজ্ঞা)—এসবকে কাব্যবস্তুর সেরা মালমশলা বলে গ্রহণ করা।

আধুনিক আর এক ক্যাসন হল পরদেশীরতা (exotism)।
ইউরোপীয় সাহিত্য আর ইউরোপীয় বস্তু নিরে বা চঙ নিরে তৃপ্ত নর—প্রাচ্যের, অসভ্যের, জংলীর কথার ও চলনে নিজেকে ভরে তৃলছে। এবার ইংরেজী-লেখিকা নোবেল পুরস্কার পেলেন চীনাদের মাহাত্ম্য অর্থাৎ বৈশিষ্ট্য কলিরে দেখিরে। আমাদের বাংলাতেও এই পরদেশীরতা (অর্থাৎ ইংরেজিয়ানা) আজকাল দারুণ সংক্রামক হয়ে উঠেছে। মধুস্থদন, বঙ্কিম বা রবীজ্রনাথ ইংরেজিয়ানা করেছেন চতুরভাবে—বাংলার জমিতে তাঁরা বিদেশী গাছ রোপণ করেছেন বটে কিন্ধ তা বাংলা গাছই হয়ে গিয়েছে—আ
পেঁপের মত। কিন্তু আজকাল বাংলার সাহিত্যক্ষেত্রে সম্বীরে ক্রপড়েছে—আমদানি করা হছে কত বিদেশী বিদমুটে হিপপটেমস।
ডিকেন্টার, ককটেল,আটেমিস, সাইরেন—ইউরোপীয় কাব্যের সব পরিভাষা
—আর বাদের নাম নেই তাদের রূপ আধুনিক বাংলা কাব্যের সম্পদ।

বাক্য ছাড়া বাক্যের গাঁথুনী, অষয়, বাক্যের দোল পর্যান্ত আনা হচ্ছে বতটা সম্ভব পাশ্চাত্যের (ইংরেজীর) ভাষা থেকে। কিন্তু এর কতথানি বে উম্বর্ত্ত থাকবে সে বিষয়ে অনেক সন্দেহ—সাময়িকের, ক্ষণিকের ক্রচি আর চিরন্তনের রস এক জিনিষ নয়।

সর্বশেষে, চতুর্থত, কাব্যের প্রান্তিময় আলের। মূর্টি-হিসেবে নির্দ্দেশ করতে হর বাক্সর্বস্থতা। শব্দের জাঁক, তালের জমক, ছন্দের নটন এত চমৎকার বোধ হর যে তাকেই বলতে চাই কাব্যের কবিছ। অন্ধুকার অন্ধুপ্রাসই কাব্যের প্রেষ্ঠ লক্ষণ বলে এক সমরে বিবেচিত হরেছিল। স্কুভাষিত ও উদ্ভট কবিতাই গ্রহণ করা হত কাব্যের মানদণ্ড হিসাবে। বিশ্বিমচন্দ্রকেও মোহিত করে দিয়েছিল গুপ্ত কবির:

চলে যান বিবিজান লবেজান করে—

অন্তে পরে কা কথা। শব্দের ধ্বনির তালের স্থরের চাতুর্য নৈপুণ্য কাব্যের অঙ্গীভূত বটে কিন্তু তা সর্ব্বেসর্বা বা স্বয়ংসিন্ধ নয়— তার স্থান হল পূর্ণায়ব মানবাধারে—আত্মমনপ্রাণ দেহযুক্ত সন্তার মধ্যে—অস্থিচম্মনাংসের যে স্থান।

কবিত্ব কি নয়, দেখা গেল। এখন দেখা দরক্লার কবিত্ব কি।
কবিত্ব কি তার একমাত্র প্রমাণ ও পরিচয়—ফলেন পরিচীয়তে। শর্করার
মিষ্টত্বের প্রমাণ ও পরিচয় কি? সত্যকার শর্করার আসাদন। কবিত্ব
কি জানতে হলে বেতে হবে যথার্থ কবিতার কাছে, যথার্থ কবির স্পষ্টর
কাছে। শ্রেষ্ঠ কবিদের শ্রেষ্ঠ বাক্যই কবিত্বের মাপ, মর্য্যাদানিরূপক। এ
বিষয়ে ম্যাথু আর্নল্ড বা বলে গিয়েছেন, বে পরামর্শ দিয়েছেন তার উপরে
আর কিছু বলবার নেই। শ্রেষ্ঠ কবিদের শ্রেষ্ঠ বাক্য সম্মুথে রাখবে, সর্বাদা
স্মরণে রাখবে—শেক্সপীয়রের:

Absent thee from felicity awhile

And in this harsh world draw thy breath in

pain—

কবিত্বের স্বরূপ

কিংবা

Daffodils

That come before the swallow dares, and take The winds of March with beauty

কিংবা

Take, o take those lips away
That so sweetly were foresworn—
Seals of love, but sealed in vain,
Sealed in vain

অথবা ওয়ার্ডসওয়ার্থের:

Voice.....heard
In springtime from the cuckoo bird
Breaking the silence of the seas
Among the farthest Hebrides

কিংবা কীট্সের

Magic casement's opening on the foam Of perilous seas in fairylands forlorn

অথবা যদি গ্রহণ করি সর্বশ্রেষ্ঠ কবিদের সর্বশ্রেষ্ঠ এক একটি লাইন— এই যেমন, শেক্সপীয়রের:

Bare ruined choirs where late the sweet birds sang

কিংবা

In cradle of the rude imperious surge

কিংবা

Poor soul, the centre of my sinful earth কিংবা মিলটনের:

るか

Fall'n Cherub ! to be weak is miserable

বা

Those thoughts that wander through eternity

বা

While the still morn went out with sandals grey

And burnt the topless towers of Ilion

কি ভগনের

They are all gone into the world of light অথবা ওয়ার্ডসভয়ার্থের :

Or hear old Triton blow his wreathed horn

কি

The gentleness of heaven is on the sea Whose dwelling is the light of setting suns.

শুধু প্রাচীন কেন ইদানীস্তন কবিদের নিকট হতেও আমরা কাব্য-মন্ত্র কিছু সংগ্রহ করতে পারি। এই ধরুন ইয়েটস-এরঃ

Eternal beauty wandering in her way

অথবা

The lidless eye that loves the sun

কিংবা

—a thing once walked that seemed a burning cloud

অথবা এ-ই'র:

It leaped up golden, the shining wanderer

কি

The unwithering life that in the mortal hides

কবিত্বের স্বরূপ

বা

And by their silence men adore the lovely silence where He dwells

কিংবা হপকিনসের:

With eyes that smile thro' the tears of the hours

কিংবা রবার্ট গ্রীভ্স-এর (Robert Greaves) ঃ

Or the vague weather wanders in the fields এমন কি খ্রাস্কস (Shanks)-এর

And silent oaks with brooding night in their boughs

অথবা Hardy-র

So the Will heaves through space and moulds the time

কিংবা আমাদের মনোমোহন ঘোষের

Shipwrecked memory anchors there and my dead leaves there are green

এই বাক্যসব যদি মন্ত্রেরই মত জপ করি, জপ করতে করতে এদের রসমন্ত্র সন্তার ডুবে যাই বা তাকে সম্পূর্ণ আত্মসাৎ করে নি, তা হলেই হবে কাব্যোপলব্ধি কাব্যসাক্ষাৎকার।

বাংলায় এই রকম কাব্যের মন্ত্রাত্মক বাক্য কিছু পরিবেষণ না করলে পাঠকেরা আমায় ক্ষমা করবেন না। তা হলে বলি ধরুন বিস্তাপতিরঃ

> জনম অবধি হাম রূপ নেহারিত্ব নরন না তিরপিত ভেল

কিংবা চণ্ডীদাসের

সে রূপ সায়রে 'নয়ন ডুবিল সে গুণে বাহিল হিয়া

আরও নিকটে এসে ধরুন নধুহদনের এই অত্যাশ্চর্যভাবে মিলটনীয় (Miltonic) লাইন

রাবণ শ্বন্তর মন নেঘনাদ স্বামী— আরও ইদানীন্তন কালের রবীন্দ্রনাথের দিগন্তে মেখলা তব টুটে আচম্বিতে অগ্নি অসম্বূতে !

কিংবা

পর্বত চাহিল হতে বৈশাথের নিরুদ্দেশ নেঘ—
আধুনিক, অতি-আধুনিকদের কাছেও হাত পাতলেও ব্যর্থ হব না—
স্থীক্র দত্তের

উৎস্থক প্রত্যাশা মোর শৃষ্ট দিগন্তরে নেহারে অন্থির মরীচিকা

প্রেমেন্দ্র মিত্রের

সীমাহীন আকাশের স্থনীল বিশ্বর

অথবা নিশিকান্তের

তোমারে ঘিরিয়া অনিমেষ আঁথি কার স্বচ্ছ আলোর চাহনিতে চায়

্ আমিবগছি এগুলিষেন কাব্যসাধনার মন্ত্র, এ বাক্যগুলি জপ করতে হয়, খ্যান করতে হয় যাতে এদের ধ্বনি অন্তরণন কানের ভিতর দিয়ে মরমে পশে। কাব্যরসকে এইভাবে সাক্ষাৎ আস্বাদন করেতবে ত রসিক বা বিদগ্ধ হওয়া যায়। আর কোন উপায় নেই। আর এই সব কাব্যমন্ত্র মিলে যে কষ্টিপাথর তৈরী হয়েছে তারই উপর কষে দেখাতে হবে অন্তান্ত কাব্য-স্থান্টর মূল্য ও মর্যাদা।

কবিছের স্বরূপ

অবশ্য এখানে সহজ একটা প্রশ্ন উঠবে—এই বে কতকগুলি বাক্য সংগ্রহ করে কাব্যের একটা মানদণ্ড থাড়া করা গেল, এ কি সঙ্কলিয়তার সীমাবদ্ধ বিশিষ্ট ক্রচির পরিচয় মাত্র নয়? অন্ত ধরণের কাব্য—যার স্থর ধ্বনি চলন বলন কিছুই এ সকলের অন্তর্মপ নয় তা—কি কথন মাহাত্ম্য শ্রেষ্ঠ ছ দাবি করতে পারে না। বিভিন্ন সংস্কলিয়তা—অর্থাৎ বিভিন্ন ক্রচির মান্ত্ব—কি বিভিন্ন তালিকা দেবেন না, কাব্যের মানদণ্ড হিসাবে?

ম্যাথ আর্নন্ড অবশ্র বলেছিলেন, গুণীজনের বিদ্বৎ-সমাজের কৃচির কথা। এবং তিনি এ ক্ষেত্রে "নানা মনির নানা মত" প্রবাদটির যাথার্থ্য স্বীকার করেন নি। যাদের সত্যকার স্থনির্ম্মল রুচি, যারা সত্য সত্য গুণী ও বিদগ্ধ—সত্যকার কবিত্ব সম্বন্ধে তাদের ঐক্য ও মিল মূলতঃ থাকবেই। কথাটির ভায় আমরা এই ভাবে করতে পারি। প্রথমে বলা দরকার, স্থাসমাজ অর্থে একটা সমিতি বুঝায় না এবং তার মত সকলের বা অধিকাংশের ভোটে গৃহীত প্রস্তাব নর। এ সমাজ সীমা-পরিচ্ছির একটি গোষ্ঠী নয়—এর পরিধি অনেকথানি অনিশ্চিত, এর সম্ভর্কুক্ত সভ্যদেরও স্থিরতা নেই। তবুও মোটের উপর তার একটা বিশেষ সন্তা ও রূপ আছে (এই চঞ্চল পরিবর্ত্তনশীল জগতের সব জিনিষই ত এই ধরণের একটা মোটের উপর ঐক্য নিয়ে আছে)। এ সমান্সটি আবার দেশগত ততথানি নয়, যতথানি কালগত ; তাই বলা হয় কালই কাব্যের অভ্রান্ত কষ্টিপাথর। कांन यांक वांकिएव बार्थ, जनएक एनव ना-एनरे रुष्टिरे ट्यार्थ, विवत्तन । তবে এথানেও ইতরবিশেষ আছে—কালের গতিও ঋজু রেথায় চলে না। তাই এমনও হর দেখি এক যুগে যে কবি বা শিল্পী প্রখ্যাতনামা, পরে তিনি অথ্যাত হয়ে গিয়েছেন, ফিরে আবার হয়ত পূর্বপদে ধীরে ধীরে উঠে এসেছেন; কিংবা নিজের যুগে যাঁকে তেমন বড় বলে মনে হয় নি, সময়ের সাথে সাথে যত দূর হতে তাঁকে দেখা গিয়েছে তত তিনি উজ্জ্ব হয়ে উঠেছেন। তবুও মোটের উপর সর্বলেষে দেখি না কি—করেকটি জ্যোতিষ

বেন সমানে অল্লান ররে গিয়েছে, সর্ববদেশের সর্বকালের সম্পদ হরে দাঁড়িয়েছে—এখানে-ওখানে এখন-তখন তুই একটি বিসম্বাদী কঠের আবরক মেদ সম্বেও। ভারতের বৈদিক কবিরা—উপনিষদ কবিরা—ব্যাস বাল্লীকি—কালিদাস ভবভূতি মাঘ ভারবি—ইউরোপের হোমর, দান্তে, শেল্পপীয়র—এসখিল সোকোকলা ইউরিপিদ—ভর্জ্জিল—মিলতন—কর্লেই রাসীন হিউলো—পেত্রার্কা কানোয়েল গ্যেটে—এরা মিলে যে জ্যোতিছ্ক-মঙলী রচনা করেছেন তা-ত আকাশের জ্যোতিছ্ক-রাজীর মতনই মনে হয় সকল ক্ষরের পরিবর্ত্তনের ভঙ্গুরতার অতীত শাশ্বত নিত্য সত্য। ইদানীস্তন কালের বা বর্ত্তমানের বা আশু ভবিয়ের কোন্ কোন্ অন্তা এই মঙলীর অন্তর্ভুক্ত হয়ে থাকবে—আর কারাই বা উন্থাপিণ্ডের বা এই তারার মত আকস্পিক বা সাময়িক দৃশ্য মাত্র হয়ে পড়বে তাও নির্ণীত হবে একদিন অব্যর্থভাবে, কালেরই স্বদ্ধ প্রসারিত শোধনীর ভিতর দিয়ে।

কিন্ত তবুও বলতে হবে এসব কথা বাহা। শ্রেষ্ঠ কাব্যমাত্রকেই কাল যে বাঁচিয়ে রাখবে এবং শ্রেষ্ঠ কাব্য ব্যতিরেকে আর কিছুকে কাল যে বাঁচিয়ে রাখে না—এর যুক্তি বা ভায় কি ? বৈদিক মন্ত্র-কাব্য অনেক নষ্ট হয়ে গিয়েছে। এসখিল বা সোকোকলার নাটকাবলীর সামাভ অংশই উদ্বৃত্ত রয়েছে। পক্ষান্তরে হেসিয়ড অত্যুৎক্কট্ট কবি নন—তবুও তাঁর স্বাষ্ট বর্তের রয়েছে। তবে অবশ্র বলা বেতে পারে এ হল নিয়মের ব্যতিক্রম মাত্র।

কিন্তু আসল কথার জন্ম আরও একটু এগিয়ে বেতে হয়। কবিশ্রেষ্ঠ শ্রেষ্ঠ তার হেতু এ নয় বে তিনি গুণী-সমাজে গৃহীত অথবা কাল তাঁকে বর্জিয়ে রেখেছে—এ ছটি বাছ লক্ষণ মাত্র, এবং তা সর্বাদা সর্বাক্ষেত্রেই মে থাকবে এমন নাও হতে পারে। ভিতরকার হেতু হল এই যে কাব্যলোক বলে একটি সত্যকার জগৎ আছে—সকল কাব্য-সৌন্দর্ব্যের আদর্শ, মূল-রূপ সেথানে রয়েছে, জাগ্রত জীবস্ত সন্তার মত। কবির কাজ তাঁর কাব্যে সেই নিভ্তত আদর্শ ও মূল-রূপের সঙ্গে সম্মিলিত হওয়া, তাকে গোচর করা,

কবিত্বের স্বরূপ

তাঁর কবি-চেতনাকে তুলে ধরে সেই জীবন্ত সন্তার সঙ্গে একীভূত করা, তার বাহন হওয়া। যে কবি এ কাজ বত স্মুঠু ভাবে করতে পেরেছেন' তিনি তত উচ্চে। গুণী বা গুণী-সমাজও বলি তাকে যার চেতনা এই কাব্য-লোকের সালোক্যলাভ করেছে। কালও যদি কাব্যের কষ্টি হয়ে থাকে, তার কারণ কালপুরুষ পেরেছে কাব্য-পুরুষের কতকটা সাযুজ্য লাভ করতে—কাব্যলাক কালাতীত বলে তা নিত্য ও শাখত, তাই কালের ক্রমপ্রসারিত ধারার মধ্যে ধরা পড়তে চায় কেবল সেই কাব্য বা শাখত সনাতন, আর সব—যারা হল স্বল্পপ্রাণ, কালের দীর্ঘায়ত ছন্দের তালে চলতে অক্ষম তারা—যার ভূবে নিবে হারিয়ে।

কাব্যরসের সঙ্গে ব্রহ্মরস, কব্যোপলন্ধির সঙ্গে ব্রহ্মোপলন্ধির তুলনা করা হয়। ব্যক্তিগত চেতনার একটা শুদ্ধি ও সিদ্ধিই (তা সহজাত হোক আর বত্তরুক্ত হোক—ভগবৎপ্রসাদের কলে হোক আর পুরুষার্থের কলে হোক) সাক্ষাৎভাবে এনে দের ব্রহ্মচেতনা ও কবিচেতনা উভয়কেই। এ দিক দিয়ে তা হলে বলা যেতে পারে ব্রহ্মসাধনার পথে সাধুসঙ্গ যেমন সহায় ও সম্বল, কাব্যসাধনার পথেও কবিশ্রেষ্ঠের মহাবাক্য তেমনি সহায় ও সম্বল।

চিত্তের ও চেতনার শুদ্ধি না হলে ব্রহ্মের কি রসের অধিকারী হওরা বার না। ভিন্নকচিহিঁ লোকঃ বলে সব রকম কচিই যে সত্যক্ষচি বা স্থেষ্টু ক্ষচি তা নর—যেমন নাসৌ মুনির্যক্ত মতং ন ভিন্নং এ কথার জ্বোরে বলা চলে না সব মুনিই ব্রহ্মসিদ্ধ। কাব্য বিচিত্র বহুরূপ হলেও সব কাব্যই যে সত্যকার স্থেষ্টু কাব্য তা নর। স্থানর অনম্ভ রূপ গ্রহণ করতে পারে বলে স্থানর ও অস্থানরের পার্থক্য লোপ পার না। কাব্য-জগতের, সম্যক্ষ ক্ষচিরও আছে একটা সাধারণ পরিচ্ছিন্ন ধর্ম্ম, একটা ঐক্য ও সীমানা—মামুষী বৃদ্ধির ও বাক্যের কাছে তা যতই অনিশ্বিত অস্পান্ট হোক না। রসকে রসের সীমানাকে চেনা ও জানা সাধনার জিনিষ—অস্থান্ত ক্ষেত্রের মত এথানেও অশিক্ষিত-পটুত্বের বা সহজ্ব স্থান্ত অম্বভবের স্থান নেই।

' আধুনিক কবিত্ব

এলিরটই বোধ হয় সর্বপ্রথম আধুনিক কাব্যের এই রীতি প্রবর্ত্তন করেছেন বে কাব্যের চাল হবে গল্পের চালের অনুরূপ—গভ অর্থ এধানে মুখের চলিত কথা। অবশু ভাষা চলিত হবে, মৌথিক হবে, সাধারণ কথা শব্দ ও অয়য় - বর্থাসম্ভব অনুগমন করবে—কাব্যরচনার এ হত্ত প্রাচীনতর কালেও একাধিক কবি দিয়েছেন এবং কার্য্যতঃ একে অনুসরণ করতে চেষ্টা করেছেন এবং অনেকাংশে সাফল্যলাভও করেছেন। ওয়ার্ডসওয়ার্থের হত্ত্ত ছিল এই -ধরণের—শ্বরণ করুন তাঁর

Can anyone tell me what she sings?

অথবা

'Tis eight o'clock,—a clear March night The moon is up,—

কিন্তু আধুনিক চেয়েছেন আরও বেশি কিছু। শুধু ভাষা বা কথা হলেই চলবে না, শুধু শন্ধাবলি বা অম্বয়ই বথেষ্ট নয়—সাধারণের চলনটি অবলম্বন করতে হবে এবং সাধারণের যে আবার শুধুই সাধারণ চলনটি তাই গ্রহণ করতে হবে।

গভপভ বলে এক রীতি আছে (poetic prose)। এটি সকল দেশের সকল সাহিত্যেরই এক বিশেষ অঙ্গ। গভারচনা যথন থেকে সমৃদ্ধ হতে স্বন্ধ হয়েছে তথন থেকেই এই রচনারীতি দেখা দিরেছে। এ ছাড়া আছে পদ্ভগভ (prose poem)—এটি গভা হতে পভাকাব্যের দিকে উঠে চলবার আর এক পৈঠে। তার পরের থাপ হ'ল মুক্তছন্দ পভা (free verse)। কিন্তু আধুনিকেরা বর্ত্তমানে যা চান তা এসব রকম থারা হতে ভিন্ন থরণের। তাতে পভার বাঁধন, বাহুগড়ন যথাসম্ভব থাকবে কিন্তু চাল বা চলন হবে গভার অর্থাৎ তালমান পভার দাবি অনুযায়ী থাকবে কিন্তু সূত্র হবে গভার।

আধুনিক কবিত্ব

ফরাসী পরার (Alexandrine), কর্ণেই বা রাসীনের উচ্চান্ত ছাদশপদী বদি পছের মত পড়া বার তবে তা বিরস নীরস একান্ত একবেরে শুনার— কিন্ত মিল বতি সংগ্রুপ্ত পড়ে বাপ্ত গছের মত তবে তার সৌন্দর্য্য দেখতে পাবে। বিখ্যাত অভিনেত্রী রাশেল (Rachel) এই আবিষ্কার করেছিলেন বলে তিনি ফরাসী নাট্যজগতে স্থনামধ্যা হয়ে আছেন। আধুনিকের অভিসন্ধি কতকটা এই ধরণের। উদাহরণস্বরূপ ধরা বাক এলিয়টের—না, এলিয়টের কথা পরে বলছি—আগে ধরুন বাসালী কবির অনুকরণ বা প্রতিধ্বনি

অনেক দিন থিদিরপুর ডকের অঞ্চলে কাব্যকে খুঁ ডেছি প্রায় গরু-খোঁজা করে—

অথবা

তবু তোমরা আজকের মত চ্প করো, একটু চুপ করে থাকতে দাও আমাকে—

"আদিক" হিদাবে বলা হয়েছে এ সব নাকি অনবস্থ। কারণ প্রথমটিকে বিশ্নেষণ করলে দেখা যার সে হ'ল নিখঁ ৎ পরার (নৃতন ধরণের ভঙ্গকুলীন যদিও) আর দ্বিতীরটি পাঁচের চালের মাত্রাবৃত্ত অথবা মতান্তরে চতুঃস্বর স্বরবৃত্ত। অবগ্র ছড়ার মধ্যে এ চঙের ছড়াছড়ি—ইংরাজীতে limerick যাকে বলে সেই পর্য্যায়ের এ সব জিনিব বলতে ইচ্ছা হয়। কিন্তু তা নর, আর্থনিক সমঝদারি হিদাবে এ হ'ল বাস্তবিকই গুরুগজীর কাব্য। এ সমঝদারি আনাদের স্মরণ করিরে দের আলঙ্কারিকদের এক রিসকতা। নিখঁ ৎ শ্লোকের—কাব্যের—দৃষ্টান্ত কি? ছগ্মং পিবতি মার্জারঃ। কিরকম ? শ্লোকে চারিটি পদ থাকা চাই—মার্জারে তাই পাই। শ্লোকে খাকা চাই রস—ছগ্ধ অপেকা স্ক্রয়াত্ব রস আর কি থাকতে পারে ?

রহস্তের কথা যাক। কথ্যভাষা—তার চাল ও স্থর—নিয়ে বোধ হয় আসল সমস্তা নয়—সমস্তা আরও গভীরে। কথ্যভঙ্গী নিয়ে প্রশ্নটি এক

দিককার এক বৈশিষ্ট্য তুলে ধরে বটে, কিন্তু তা রোগের একটি লক্ষণ বা উপ-সর্গ মাত্র। কারণ প্রাচীন বুগের সব কাব্যই ক্লত্রিম বা অস্বাভাবিক ভাষার ও ভাবে রচিত হয় নাই—বরং বিপরীত কথাই সত্য। ম্যাথু আরুনন্ড ক্বিডের সেরা grand styleএর পরিচর দিয়েছেন—বেমন মিলতনের— Fall'n cherub! to be weak is miserable

কি দান্তের

In la sua volontà è nostra pace

এর চেরে সহজ স্বাভাবিক লৌকিক নৌথিক ভাষা ও ভলি আর কি হতে
পারে ? মিলতনের বাকাটি না হর তাঁর সাধারণ রীতির ব্যতিক্রম বলে ধরে
নিলাম, কিন্তু দান্তের রচনা সমন্তথানিই লোকভাষার যথাসম্ভব কাছ-দেঁষা
হয়ে চলেছে। কিন্তু প্রক্রত কথা তা ত নর—প্রাচীনেরা কাব্যে লোকভাষার কথা বললেও তাঁরা সর্বাদাই উচ্চাসনথানি বেছে নিয়েছেন, আসীন
হয়েছেন সে ভাষার তরসাবলীর মিথরে মিথরে—তলার, গর্ভে নয়—ভাবভল্পী যেথানে সম্রত একাগ্র বেগমর সেথানে, তা প্রথ মিথিল অবসর
সেথানে নয়। আধুনিকেরা তাঁদের কাব্যের স্থর আটপোরে কথাবার্তার
যে থাদ (trough) সেথান থেকে গ্রহণ করেছেন, কেবল তাকেই ধরে থাকতে
চেষ্টা করেছেন—পুরাতনের উচ্ বা চড়া স্থর যথাসম্ভব বর্জন করে। তাই
ত এলিয়ট বলছেন—

Madame Sosostris, famous clairvoyante, Had a bad cold, nevertheless Is known to be the wisest woman in Europe.

'অথবা

Thank you. If you see dear Mrs. Equitone Tell her I bring the horoscope myself:
One must be so careful these days.

আধুনিক কবিত্ব

কিন্তু কেন ? 'মংলবটা কি ? কি উদ্দেশ্য সাধন হর এতে ? প্রথম কথা কবিতার আর "কাবিয়" চাই না—কল্পনা নারারচনা চাই না, চাই না মন-গড়া আকাশ-কুমুম কিছু। চাই সত্যং রুঢ়ং—শিবং স্থানরং নর। অমু-ভব চাও, তীক্ষ তীব্র নাট্য চাও—তার উপাদান চার ধারে সহজ জীবনে আটপৌরে দিনগুজরানের মধ্যে পড়ে ররেছে, তার জ্বন্তে আকাশে উড়তে হবে না, স্বর্গ দুঁড়তে হব না। রোজকার কথা কাহিনীরই মধ্যে মানবজীবনের সত্যকার রস ও রহস্থ নিহিত। নাই ? আছো শুমুন আরও একটু এলিয়ট—

HURRY UP PLEASE ITS TIME
HURRY UP PLEASE ITS TIME
Goonight Bill. Goonight Lou. Goonight May.
Goonight.

Ta ta. Goonight. Goonight.

Good night, ladies, good night, sweet ladies,
good night, good night.

তবে এখানে লক্ষ্য করবেন গছের ধারাটা ধীরে ধীরে চলছে কোন দিকে—
দেখি নাকি অর্থটা কেমন একটু ঘনীভূত হয়েছে—স্বরে মোড় দিরেছে—
চালে রঙ ধরেছে ? সবই গল্প, গল্পাত্মক বটে—কিন্তু কবিকে কারচুপি
খেলতে হয়েছে—হত্র যাই হোক,—গল্পকে একান্তই গল্পাবস্থার রাখলে কবির
উদ্দেশ্য পুরোপুরি সিদ্ধ হয় না। কবিপ্রাণ চঞ্চল হয়ে উদ্দেশ হয়ে উঠলেই সে
আর চেষ্টা করলেও একান্ত থাদে পড়ে থাকতে পারে না। যদি চেষ্টা করা
বায়—সনেকে, বিশেষতঃ আমাদের বঙ্গীয় কবিদের মধ্যে, তা জাের করে
সঞ্জানে করেছেন—তবে ফল এই—

যারা না জন্মালেই পারতো এই পৃথিবীতে বা জন্মালেও আপত্তি করবার কিছু নেই—

কিংবা
আজ বিকেলে হটাৎ ত-পেরালা চা খাওরা বটে গেল,
বদিও নিরমিত চা খাওরা আমার অভ্যাস নয়—
(বাকে কাব্যে বলা চলে না, বলা চলে "ইয়াকী" প্রদের অতুল গুপ্তের
ভাবার)

আমি বলি কবিচিত্ত বেখানে গাঢ় গভীর কবিকণ্ঠেও কুটে ওঠে সেই গাঢ়ত্ব গভীরত্ব। এলিরট বদি সত্যকার কবি হয়ে থাকেন, তবে হয়েছেন যথন তিনি এই ধরণের কথা বলে উঠেছেন :

Eyes I dare not meet in dreams
In death's dream Kingdom
These do not appear:
There, the eyes are
Sunlight on a broken column
There, is a tree swinging
And voices are
In the wind's singing
More distant and more solemn
Than a fading star.

এ রত্নটুকু তাঁর Madame Sosostris, এমন কি Good Night হতেও বছ দূরের জিনিষ। থিওরী এক জিনিষ আর বাস্তব আর এক জিনিষ— থিওরি কবির মনের, মতলবের রচনা কিন্তু বাস্তবস্ষ্ট কবির অন্তরাত্মার অমুশাসন—সে চলে নিজের খুসিমত—bloweth where it listeth.

সে-থিওরি এক দিককার হ'ল এই—কাব্যের লক্ষ্য নিরালম্ব অসম্ ত সত্য। আভরণ আবরণ খুলে ফেলতে হবে, চাই Sunlight on a broken oclumn

আধুনিক কবিত্ব

সুবোর নির্ণিমের প্রজ্জনন্ত দৃষ্টি দিরে সব দেখতে হবে। তাই সত্য হ'ল ধুলা বালি কল্পর—কঠিন চুর্ণ বস্তু; সজল সবুজ তার উপর একটা নিথা মায়ার প্রলেপ। ধনদৌলত ঋজিঞ্জী হ'ল বাহ্য সমারোহ, কতিপরের বিলাস—সার্বজনীন স্থতরাং মৌলিক বস্তু হ'ল অভাব দৈক্ত রোগ হুংখ। সভ্য মামুর শিক্ষিত মামুর পরগাছা মাত্র—ধরিত্রীর সাক্ষাৎ সন্তান দীন দরিজ্র আদিন অসভ্য মামুর। জিনিবের মূলে বেতে হবে অর্থাৎ মাথা কেটে অধমাজের দিকে চলতে হবে—পদ্ধজের রহস্তু গুঁজতে হবে পদ্ধের মধ্যে। জিনিবেক এই রকমে কেটে ছেঁটে তার বে ক্ষুত্রতন নিয়তম হেরতম প্রকরণ তাতে পর্যাবদিত করতে হবে। আমাদের মূনি ঋষিরা মামুরকে সমুন্নত উদ্ধায়িত রূপান্তরিত করেছিলেন "বালোক্মন্ত পিশাচবৎ" অধ্যাত্মসাধকে, বর্তুমান যুগেও আমরা সেই বালোক্মন্ত পিশাচ চেয়েছি কিন্তু বিপরীত দিকে অধ্যাদিকে বথাসন্তব চলে গিয়ে। গল্পকে আমরা যে রীতি হিলাবে চাই, চাই গল্পাত্মক গতি, তার হেতু ঠিক এই বে মনের মধ্যে আমরা উপরে থাকতে চাই না, চাই নীচের তলার গড়াগড়ি দিতে।

অল্ল ফুদ্র অকিঞ্চিৎকর, দৈনন্দিন ঘরোয়া উপাদান বে কাব্যের মধ্যে থাকতে পারে না তা নয়। কাব্যের মধ্যে তা বথেষ্ট থাকতে পারে, কিন্ত কবির মধ্যে, কবিচেতনার সে জিনিব অর্থাৎ শুধু সে জিনিব থাকলে চলবে না—কবিচেতনাকে আর একটা জিনিব দিয়ে গড়তে হয়। প্রাচীন মনীবারা কবিচেতনাকে ঋষি-দৃষ্টির সঙ্গে একীভূত করেছিলেন অর্থাৎ ষে-দৃষ্টি সব জিনিব দেখে তাকে আনস্ত্যের ছাঁচে কেলে।

আধুনিকেরা এই জিনিবটাও মানছেন না। অনন্তের জন্ম তাঁরা ব্যস্ত নন, কাব্যরসের জন্ম তার আবশ্রকতাও তাঁরা অনুভব করেন না, কি স্বীকার করেন না। তাঁদের পদ্ধতি অন্ত রকমের। গল্পময় বস্তুকে গ্রহণ করলাম, কিন্তু তাকে গল্পময় ধারার ব্যবহার করা ছাড়া আর একটু বেশী কিছু করা দরকার—নতুবা কাব্যে আর গল্পে কোনই পার্থক্য থাকে না—

ছাই-ই এক জিনিষ হয়ে দাঁড়ায়। আধুনিক কবিরাও কবিপদবাচ্য হ'তে চান, স্নতরাং পার্থক্য একটা তাঁরা খীকার করেন স্থাপন করেন বৈ কি, অন্ততঃ কাৰ্য্যতঃ।

পদ্ধতির মূলস্ত্রটা হ'ল এই বে বে-বস্তু বা বে-বটনা হ'ল কার্যের বিষয় ঠিক তার নিজস্ব ধর্ম ও প্রকৃতি দিয়ে তাকে ফুটিরে ধরতে হবে অর্থাৎ সে-বস্তু বা ঘটনাকেই কথা বলতে দিতে হবে, কবি তার হয়ে কথা বলবেন না। প্রাচীনে ও আধুনিকে এইখানে সমস্ত পার্থক্য বললেও বােধ হয় বেণী ভূল হর না। ধরুন Wasteland যদি হ'ল বিষয়, তবে তার সহদ্ধে কবির বক্তুতা শুনতে চাই না, শুনতে চাই না তার বিবরণ বিবৃতি (কালিদাসের হিমালর যে রকম), চাই Wasteland যদি কথা বলতে পারত তবে সে কি বলত, তার নিজের অভিভাষণ—কবি তার হবেন যন্ত্র মূখপাত্র, তার সঙ্গে একীভূত হয়ে প্রায় তাই হয়ে যাবেন যেন। সে রকম Hollow Men বিদ্ হয় কবির লক্ষ্য তবে Hollow Menএর পরিচয় চাই না, চরিত্রচিত্র চাই না, ব্যাখ্যা বিশ্লেষণ চাই না—চাই এমন একটা বাক্ষ্যের ছন্দের ধ্বনির ব্যক্ষনার সমাহার যার মধ্যে থেকে শুনি বেজে উঠছে শুক্তা শুক্তা নৈরাগু। চোথের সামনে Wasteland ভেসে উঠছে, শুবু তাই নয় Wastelandএর ভিতর দিয়ে সশরীরে চলি না কি শুনি যথন

A heap of broken images, where the sun beats, And the dead tree gives no shelter, the cricket no relief,

And the dry stone no sound of water. Only
There is shadow under this red rock...
Your shadow at morning striding behind You
Or Your shadow at evening rising to meet you;
I will show you fear in a handful of dust.

আধুনিক কবিত্ব

অথবা আমরাই কি Hollow Men হয়ে যাই না বধন কানে বাজে— The eyes are not here

There are no eyes here

In this valley of dying stars

In this hollow valley

This broken jaw of our last kingdoms...

এলিয়ট এ সব জায়গায় যে তাঁর পদ্ধতিতে সাফল্যলাভ করেছেন অনেক-খানি তা স্বীকার করতে হয়।

এলিরটের Good Night একটু আগে আমি শুনরেছি। বিদারের পালা কত কবি কত ভাবে গেয়েছেন, কাব্যের এ জিনিবটি বোধ হয় সব-চেয়ে কবিস্বনয় অস্ব।

ওথেলোর

Speak of me as I am; nothing extenuate•••
কিংবা হ্থামনেটের

-the rest is silence-

কি ভর্জিলের অর্ফিউ যথন বলছে

Heu sed non tua palmas

অথবা শকুন্তলার সেই—

সেয়ং যাতি শকুন্তলা পতিগৃহং সর্কৈরমুজ্ঞায়তাম্

অথবা আমাদের রবীক্রনাথের

আমি বর দিয় দেবী, তুমি স্থ্ৰী হবে।

ज्ल यां नर्वधानि विभून शोतव—

এ সব মানবহাদরের গভীর নিবিড় মর্ম্মোচ্ছ্বাস-কিন্তু আধুনিকেরা চান জিনিষটা আর এক ভাবে ব্যক্ত করতে। এসবই হ'ল ব্যাখ্যা বিবরণ বর্ণনা —articulation স্মঠাম বাচন—কিন্তু আধুনিকেরা চান articulation

নর, incantation, মন্ত্রজপ। বাচন জিনিষকৈ স্থন্দর হাদরগ্রাহী করে এঁকে দেখাতে পারে বটে, কিন্তু মন্ত্র জিনিষটিকেই যেন ধরে দেখার প্রাণমর ক'রে। এলিয়টের Goo-Night---Good Night---এবং পুনঃ পুনঃ তার পুনক্রজি বিদায়-স্পন্দনকে সাক্ষাৎ ক্ষৃরিত ক'রে তুলছে না ?

আর মন্ত্রের এক বৈশিষ্ট্য হ'ল অর্থস্বচ্ছতা নয়, অর্থনিষ্ট্রতা। কারণ অর্থ নয়, অর্থাতিরিক্ত একটা জিনিব তার লক্ষ্য; মন্ত্রের লক্ষ্য যেমন দেবতাকে অবতরণ করান, দেবতার আবির্ভাব করান, সেই রকম কাব্য সত্যকে বস্তুকে জীবস্ত মূর্ত্তি দিয়ে জাগ্রত করবে। তাই দেখি এলিয়ট বৃক্তিগ্রাহ্য পারস্পর্য্য বা অয়য়কে অবহেলা ক'রে চলেন। ধ্বনির বর্ণসমুচ্চয়ের সংঘাতে তিনি রচনা করেন সত্যের আবাহন বা বোধন। তাই নানা ভাষা মিশিয়ে ফেলতেও তাঁর ইতন্ততঃ হয় না, এবং কাব্যের মন্ত্রম্ব প্রমাণ করবার জন্তই বৃঝি তিনি উপনিষদের বাক্য দিয়ে তাঁর বক্তব্য এক কবিতার শেষ করেছেন—শুমুন

London Bridge is falling down falling down. Pai s'ascose nel foco che gli affina.

Quando fiam ceu chelidon — O swallow swallow .

Le Prince d'Aquitaine à la tour abolie.

These fragments I have shored against my ruins.

Why then Ile fit you. Hieronymo's mad againe.

Datta. Dayadhvam. Damyata.

Shantih shantih shantih.

কিন্তু কাব্যে ও হ'ল বাকে বলা যেতে পারে মন্ত্র with a vengeance— প্রায় ব্রীং ক্রীং এর পর্যায়ে।

কাব্যকে গছাত্মক করবার পদ্ধতি ও আদর্শ হ'তে মনে হবে আমরা বেশ দূরে এসে পড়েছি। কিন্তু ঠিক তা নয়। এ-ধরণের মন্ত্র গছেরই সার—এতে তাল আছে হয়ত কিন্তু স্কুর নাই।

আধুনিক কবিত্ব

বাংলার তবু আমরা এলিরটের পর্দার উঠে বেতে পারি নাই। এর কারণ এলিয়ট রীতিমত গম্ভীর ও রাশভারী (highly serious) এবং তাঁর আছে একটা গভীর অমুভব। তাঁর মন্তিক বতই থেরালী স্বৈরুচারী "স্বতন্তরী" হোক না—তার পিছনে একটা গাঢ় রসবতা আছে (যদিও তাকে ঠিক কাব্যরস বলতে ইচ্ছা হর না)। আমাদের দেশে এলিরটীর আবহাওরা বারা স্পষ্ট করতে চাইছেন মনে হর তাঁদের বাহাসটিই সর্বাস্থ হরে উঠেছে, এলিরটের অন্তঃসার সেখানে নাই। পাশ্চাত্যের আরুনিক কাব্যস্পষ্ট বতই কেবল মগজী-রচনা হোক না—তবু তা হ'ল পাশ্চাত্যের একটা সমগ্রজীবনের বিশেব প্রকাশ, তার পিছনে রয়েছে একটা গভীর প্রয়োজন, প্রাণের প্রবেগ। কিন্তু আমাদের দেশে এ-জাতীয় স্পষ্ট হ'ল কাগজের ফুল। ইউরোপের আবহাওরা (সমাজের, রাষ্ট্রের ক্ষেত্রের মত) কাব্য-ক্ষেত্রেও আমাদের মন্তিক্ষকে বড় জোর একটু উল্পে দিয়েছে, আমাদের প্রোণে দোলা দের নাই, আমাদের অন্তরাত্মাকে ত স্পর্শই করে নাই। ধথন শুনি (প্রীঅতুল গুপ্ত কর্তৃক উক্ব ত)

ব্যবধি বর্দ্ধিষ্ণু জেনে অসীকার নির্কোধ বিজ্ঞাপ— তথন এর জুড়ি হিসাবে শ্বরণে আসে—শুদ্ধং কাষ্ঠং তিষ্ঠত্যগ্রে, অথবা শুনি যথন

খুঁজে মেলে নিক ইসারা,
ডাকবরে নেই ঠিকানা,
চিঠি নেই ; দিবা নিশারা—
ভন্মলোচন ত্বা-রা
ভব্যুরে ঘোরে, ঠিকানা—
পলার পিশাচ ইশারা!

তথনও অদীক্ষিতের বলতে ইচ্ছা হবে নাকি এ হল শ্রেফ abracadabra, হযবরল, অথবা ভাল কথায়, ওঁ হিলিহিলিং কিলিকিলিং ? Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিল্প কথা

কাব্য মন্ত্ৰ, স্বীকার করা বার। কিন্তু মন্ত্ৰ গ্ৰহ বক্ষের আছে।
আধুনিকেরা অন্তুসরণ করেন তান্ত্ৰিকের বামনার্গীর মন্ত্র। প্রাচীন কবিকুল
বৈদান্তিক ও দক্ষিণ নার্গকেই শ্রেয়ন্ত্রর বিবেচনা করেছিলেন—
যতে দক্ষিণং মুখং তেন নাং পাহি নিত্যং—



কাব্যের মহত্ব

লংগিন (Longinus) । প্রচীনকালের রোমসন্রাটদের যুগে বিখ্যাত একজন আলঙ্কারিক। তিনি বলছেন লেখার মহত্ব হল অন্তরাত্মার প্রতি-ধ্বনি। কবির কবিত্ব তত উচুদরের কবির অন্তরাত্মা বত উচুদরের। ছোট অন্তরাত্মা দিরে বড় কবিত্ব হর না।

আধুনিক একজন ইংরাজ সমালোচক + এই কথাটি ধরে বুঝাতে চেষ্টা করেছেন যে আধুনিক শিল্পস্থি এবং সমালোচনাস্প্রতিও বেশির ভাগ অকিঞ্চিৎকর ও ব্যর্থ, কারণ আধুনিক জগতে ঠিক অভাব বড় অন্তরাত্মা।

বান্তবিক বড় অন্তরাত্মা দূরে থাক, অন্তরাত্মা দিরে স্থাষ্ট বে কি
জিনির আজকালকার বুগে আর্মরা তা একেবারেই প্রায় ভূলে গিরেছি।
আজকালকার স্থায়র উৎস ও প্রেরণা প্রধানতঃ হল নন্তিক্ষ, আর না হর সায়ু,
অথবা তুই-এরই বিভিন্ন অনুপাতে মিশ্রণ। মন্তিক্ষের কৌতৃহল জিজ্ঞাসা আর
স্নারবিক উত্তেজনা ও বৃভূকা এই তুইটিতে সন্তার, চেতনার ও জীবনের
স্বেথানি স্থান অধিকার করেছে, এদের ছাড়া গাঢ়তর গভীরতর বা তা
অতলে ডুবে তলিরে গিরেছে। স্থায়র দিক দিরে, শাস্তের দিক দিরেও
আজকাল নীতি ও তত্ত্ব হল এককথার art for art's sake—আর্টের
জন্তই আর্ট। শিল্পী কোন আদর্শের লক্ষ্যের উদ্দেশ্যের তাঁবেদার নয়, সে
নিজেই নিজের উদ্দেশ্য লক্ষ্য আদর্শ—স্বয়ন্ত, স্বরংপ্রতিষ্ঠ, স্বরংসিদ্ধ।
আদর্শ ত নয়ই, সৌন্দর্যাও আজকাল শিরের বস্তু বা লক্ষ্য নয়। শিল্প

^{*} Longinusএর "us" বিভক্তিটি লাতিন ভাষার বিদর্গ বা "অন্"-এর প্রতিরূপ মাত্র—নরস্ অর্থাৎ নরঃ, যেমন।

[†] The Decline and Fall of the Romantic Ideal by F. L. Lucas.

কি ? শিল্পী ষা স্থাষ্ট. করে! শিল্পী কে ? যিনি নিজেকে স্থাষ্ট করেন। ভাল কথা। কিন্তু নিজে অর্থ কি ? এইখানেই যত গোল—সব নির্ভর করে ঐটুকুর উপর। প্রাচীন যুগে নিজে অর্থ ছিল অন্তরাত্মা, আত্মা— আত্মানং জানথ, know thyself। আজকালকার নিজে অর্থ—নিজের একটা বাহু অন্ত, মতিষ্কগত স্লায়বিক চৈতন্ত।

আধুনিকেরা বলেন শিল্প ও শিল্পস্টির একনাত্র রহস্ত হল প্রকাশ, সম্যকপ্রকাশ, সম্যক আত্মপ্রকাশ। কিন্তু ঔপনিষদ বিরোচনের মত "আত্ম" অর্থে তাঁরা ধরেছেন যদিদং উপাসতে অর্থাৎ "রান্ত্র্নর পূর্ব্ব"। তবে স্বীকার্য্য বিরোচনের চেরে তাঁরা এক ধাপ এগিয়ে—উপরে বা ভিতরের দিকে—এসেছেন; তাঁরা আবিহার করেছেন অয়ের ও প্রাণের নধ্যবর্ত্তী বা সংযোজক একটা অন্তর্নীকলোক। প্রাচীন যুগে "আত্ম" অর্থ নিজে বা আপনি নর—"আত্ম" অর্থ আত্মা অন্তঃপুরুষ।

আধুনিকেরা প্রশ্ন করতে পারেন কবি হতে গেলে সত্যই কি মহান আঘা বা মহাপুরুষ না হলে চলে না ? অতি প্রাচীন কালে কথাটি কিছু সত্য ছিল—ব্যাস বাল্মীকি, হোমর পর্যন্তপ্ত বলা হরত চলে। কিন্তু প্রাচীন কালের লাতিন কবি কাতৃর, মধ্যবর্ত্তী ব্বের ফরাসী কবি ভিলন, রোমান্টিক ব্বের "শরতানী" কবিদের বেশির ভাগ, ইনানীন্তন ব্বের অস্তার ওরাইন্ড, ভেরলেন, র্যামবো কেউই স্বভাবে চরিত্রে মহাপুরুষ কিছুই নন—কিন্তু তাঁদের কবি-প্রতিভা তাই বলে অস্বীকার করতে বা কম বলতে হবে ? বরঞ্চ এই কথাই সত্য নর কি যে ethics আর aesthetics—স্বাচরণ আর রসজ্ঞতা ঘটি পৃথক জিনিয—ঘটি কথন কথন এক হরত হতে পারে—রসাম্ব্রুতা মহামুভবতাকে আশ্রয় করে কৃটে উঠতে পারে—কিন্তু উভরের মধ্যে অচ্ছেত্ব অসাঙ্গী সম্বন্ধ কিছু নাই।

^{*} Catullus, এখানেও অন্ত্যের us হল অস্ অর্থাৎ বিসর্গ।

কাব্যের মহত্ত্ব

আর্টে বারা মাহাত্ম্য চান আর বারা তা চান না, চান শুরু রসবন্তা —ছটি দলেরই এথানে একটি বিপুল প্রমাদ এসে দাঁড়ার। মাহাত্ম—মহান আত্মার ধর্ম—অর্থে উভরেই গ্রহণ করেন সাধারণ নৈতিকতা, আদর্শপরারণতা বা বাহুজীবনে একটা স্বষ্টু মাচারাহ্মসরণ। আত্মার ধর্ম অন্তরাত্মার শুণ কিন্তু সামরা সে ভাবে গ্রহণ করি না—এ জিনির আচারের, নৈতিকতার অপেক্ষা গভীরতর বৃহত্তর বস্তু। আচার, নৈতিকতা না থাকলেও অন্তরাত্মার মাহাত্ম অকুগ্র পাকতে পারে। অন্তঃপুরুবের মহন্ত্র চরিত্রের সংগুণাবলীর উপর নির্ভর করে না—ও জিনিব সন্তার নিভ্তত চেতনার সরপ। বাহুজীবনে তার প্রকাশ আচারের, অনুষ্ঠানের ভিতর দিয়ে নাও হতে পারে—কিন্তু তা ধরা বায় স্বভাবের একটা গতিভদিতে, জীবনধারার একটা নিভ্ত ছন্দে, রঞ্জেরেশে। বায়রণের বাহুজীবন কত রেদ কত ক্রুরতা কত নীচাশয়তার পরিপূর্ণ কিন্তু সেই বায়রণই ছুটে গিরে প্রাণ দিয়েছিল নিপীড়িতের মুক্তির জন্তু। বায়রণ অর্থ এই উদান্ত মুক্ত প্রোণ—এখানেই তার অন্তরাত্মা—এই অন্তঃপুরুবেরই প্রবেগ ক্ষরিত হয়েছে তার এই কবি-বাণী মধ্যে—

Jehova's vessels hold

The godless heathen's wine !

কবির কাব্যে তাঁর এই অন্তরান্মার গৌরবই সবথানি ধরা দের—তাই ত বলা হয় রচনারীতি, রচনার চাল কি, না, মানুষের মামুষটি। এ জিনিবের প্রোকাশ বিবিধ বহুরূপ। শেক্সপীয়রের অন্তরান্মা অর্থ বিশালতা উদারতা সাবলীলতা—তাতে বেন জলের গুল, বে পাত্রে ঢালা বায় সেই পাত্রের আকার ধারণ করে, আধারের যে রঙ সেই রঙেই সে রঞ্জিত হয়ে ওঠে। মিলটনের অন্তঃপুরুষ সমুচ্চতা, গাঢ়তা গুরুত্ব গান্তীর্যা। দান্তের হল তীব্রতা তীক্ষতা তপস্থার তেজোময় তিনিমা। কালিদাসের সুষমাময়—

অন্তরাত্মার সভ্য সচ্চরিত্রতা বা নৈতিকতার মধ্যে ধরা দের না, বরং তা ধরা দের একটা শালীনতার (manners) মধ্যে। ও েই শালীনতাই অন্তরাত্মার নিজস্ব ধর্ম। শালীনতার অভাব বা—অর্থাৎ অন্তরাত্মার অভাব বা তাকেই বলা বার গ্রাম্যতা (vulgarity)। নামুবের অনেক দোর থাকতে পারে, সে সবই ক্ষমা করা বার, ভূলে বাওয়া বার কিন্তু ব্যবহারে গ্রাম্যতা মামুবকে নামুব পদবীর বাহিরে নিয়ে কেলে। সেই রক্ম শিল্লস্থিতে বদি থাকে শালীনতা—অন্তরাত্মার প্রভাব—তবে অনেক খুঁত থাকলেও সে শিল্ল হবে স্থানর মহৎ ম্ল্যবান। কিন্তু শিল্পে গ্রাম্যতা গুণরাশীনাশী, তার অর্থ শিল্পের অভাব।

সত্যকার যে কোন শিল্লস্থির নান করুন, তার নধ্যে প্রান্যতা (vulgarity) কোথাও নাই। বোদেলের, ভেরলেন, অস্কার ওয়াইল্ড
—এই সব বাঁরা প্রাক্ত অভিজ্ঞতার অতলে নেমে গিয়েছেন, তব্
অন্তর্রাত্মার শালীনতা তাঁরা কথনো হারান নাই। তাঁদের ভাষা তাঁদের
রীতি তাঁদের চলন বলন কোথাও গ্রান্যতাত্ত্বই নর। বোদেলের ত পুরাপুরি
অভিজ্ঞাত—ক্লাসিকাল—"আরিষ্টো"। পক্ষান্তরে নীতিবাদী ধর্মধ্বজী হরেও
এমন অনেককে দেখা বার বারা শালীনতা—অন্তরাত্মার সোরভ—অর্জন
করতে পারেন নাই, তাঁদের ধরণধারণে রয়ে গেছে অসংস্কৃতি, গ্রান্যতা।
কারণ এ বস্তুটি বস্তুতঃ শিক্ষা করা, অর্জন করা বার না—মান্তব তার জন্মের
সাথে একে নিয়ে আসে আর এক জগৎ থেকে—cometh from afar—
বাহিরে এর প্রকাশ রুচির মধ্যে। গ্রান্যতার অর্থ রুচির অভাব—মোটা
জিহ্বা, বাতে ধান্তের রসের কাছে আসুরের রস বেশী মূল্য পার না।

কাব্যে গ্রাম্যভার হুই একটি উদাহরণ দিব কি ? লুকাস্ অভি-আধুনিক কবি এজরা পাউণ্ডের নাম উল্লেথ করেছেন। ইংরাজীর সাথে

श्रामात्मत्र भत्र ९ ठळाटक मत्म ताथल এই পार्थकां है व्याप्त करे द्वा मा ।

কাব্যের মহত্ত্ব

প্রাক লাতিন (তাও আবার ভূল) মিশিরে পাণ্ডিত্য বা চাতুরী দেখান, সন্তা অন্প্রাসের চটক কলান এসব অতি হীন গ্রামাতা ছাড়া আর কি ? আমি আমাদের আধুনিকদের কারো নাম করতে চাই না—তবে প্রাচীনতর পূর্বতরদের সম্বন্ধে কিছু বলতে সাহস করতে পারি। মনে করণ লড়ারে কবিদের কথা। তাঁদের বেশির ভাগেরই মধ্যে কি ভাবার কি ভাবে শালীনতার প্রাচুর্যা কিছু পাই না। অবশ্য বলা বেতে পারে এরকম প্রাপুরি লোকসাহিত্য বা ছড়ার ভিতরে উচ্চাম রুচি আশা করা অন্তার। আমি তাই বলছি—শালীনতার অভাব কি তার উদাহরণ স্বরূপ আমি এদের উল্লেখ করেছি মাত্র। তব্ও রুত্তিবাসও যে এ পর্যায়ে নেমে পড়েন নাই মাঝে মাঝে তা বলা চলে না—ধরন তাঁর অফদরারবার, ওতে গ্রাম্য কোনলেরই হার পাই না শুরু ? অবশ্য বলা বাহুল্য আদিরস হলেই তা অশালীন বা গ্রাম্য হবে তা মোটেও নয়। কালিদাসের কথা ছেড়েই দিলাম—মহাকবি যাতেই হাত দিরেছেন তাই সোনা হরে গিয়েছে। ভারতচক্ত বা বৈক্তব কবিরা অনেক অশ্লীল লিখেছেন কিন্তু আমার মনে হয় তা অশালীন খ্র কমই হয়েছে। বিত্যাপতির বিধ্যাত

পানিক পিয়াস ছথে কিয়ে যাব

এ সব কথার বলার ভঙ্গীর মধ্যে রয়েছে নৈপুণ্য, একটা শালীনতা (urbanity); তাই কথাগুলি কাব্য হয়ে সকল দোবের পারে চলে গিয়েছে। তবে এ সব ক্ষেত্রে গ্রাম্যতা ও শালীনতার সীমানা অনেক সময়ে বড় হক্ষ— এতটুক্ এদিক ওদিক হলেই এনে দেয় দারুণ পার্থক্য, বৈপরীতা।

কিন্ত প্রাম্যতার সর্বাঞ্চসম্পূর্ণ উদাহরণ আমি দিতে পারি। গ্রাম্যতার আদর্শ বিনি, রাজা বিনি—ছর্ভাগ্য, তিনি আমাদেরই, ভারতের একজন। তাঁর নাম করা দরকার—কারণ তিনি অনেকথানি কুরুচি স্পষ্ট করে, বিবাক্ত হাওয়ার মত তাকে আমাদের মধ্যে ছড়িয়ে দিয়েছিলেন। এখনও যে তাঁর ভক্ত ও পূজারী নাই তা নয়। তিনি হলেন রাজা রবিবর্মা।

রবিবর্দ্মার বিষয়গুলি কিন্তু প্রধানত পৌরাণিক অর্থাৎ দেবদেবী, ধর্মভাব প্রভৃতি জিনিষ নিয়ে। কিন্তু হলে কি হবে? মহৎ জিনিষ তিনি দেখেছেন একান্ত প্রাকৃতজনের চোথ দিয়ে। গঙ্গাবতরণ চিত্রটি ময়ণ করন। মহাদেব কি রকম? একজন পালোরান—গামা কি কিন্তুর সিং—মাথায় পড়ে-পাওয়া জটা বেঁষে, বাবছাল পয়ে, পা ফাঁক করে উর্দ্ধমুথে দাঁড়িয়ে আছেন। আর গঙ্গা—এলায়িত কুন্তলা এক "দিনেমা-ষ্টার" এরোপ্লেন থেকে ঝাঁপ দিয়ে কি glide করে নামছেন বৃঝি! আর রঙ—তাকে শুর্ বলা চলে রঙ-চঙ। প্রাম্যতার চরম আর কোথাও যে এমন মূর্ত্ত হয়েছে তা জানি না। লোকসাহিত্য, লোকশিল্প আছে—সে সব সোজাম্মজি প্রাম্য অর্থাৎ কাঁচা হাতের কাঁচা গড়ন, তাদের কোন উচ্চ দাবি বা ছরাকাজ্ঞা নাই, অভিনয় করবার মত কিছু নাই। তারা বা, তারা তাই। কিন্তু এখানে বা আছে, তার অনেক বেশি দেবার বা দেখাবার গুশ্চেষ্টা। তাই প্রাম্যতা দারুল কটু হয়ে দেখা দিয়েছে।

কবির নহত্ত্ব তাঁর ভিতরের চৈতন্তের নহত্ত্ব। এই ভিতরের চৈতন্তেরই প্রকাশ তাঁর কবিত্ব। এই অন্তশ্চৈতন্ত বতক্ষণ তাঁর নথ্যে জাগ্রত সক্রির ততক্ষণ তাঁর চলনে বলনে তাঁর শালীনতাকে তিনি হারান না, তাঁর স্পষ্টতে স্থুল হস্তের অবলেপ পড়ে না। মহাকবি তাদেরই বলি বাদের নধ্যে এ রকম আবরণের সম্পাত প্রায় হয়ই না (বদিও কথার বলে Homer even nods)
—ছোট কবি তাদের বলি বারা এই আবরণকে সরিয়ে ধরতে পারে কেবল কথন কথন। অকবির মধ্যে এ আবরণ এঁটে বসে আছে—একেবারে দৃচ্

কাব্য ও ছন্দ

কবিতাকে স্থানিয়মিত ছন্দোবদ্ধ হতে, পছের কাঠামো হতে মুজি-দেওরার চেষ্টা করেকরকম রচনারীতি স্থাই করেছে। এগুলি একটি ক্রমিক পর্যারে সাজান বেতে পারে।

প্রথম হ'ল গন্ত—সরল সাধারণ স্পষ্ট গন্ত। দিতীর, স্থরাত্মক গন্ত (rhythmic prose)। তৃতীর, গন্ত কবিতা (prose poem)। চতুর্ব, মুক্ত কবিতা (free verse)। আর সর্বশেব, পদ্ধ—বর্মছন্দের কবিতা। ছন্দের প্ররোজন সব রকম রচনার। ছন্দ্ হল রচনার প্রাণ, জীবনীশক্তি। তবে ছন্দের প্রকার ভেদ আছে, এবং এই প্রকারভেদের উপরই প্রতিষ্ঠিত রচনার উক্ত শ্রেণীপঞ্চক। এই শ্রেণীবিদ্যাস অমুসরণ করলে দেখা বার ছন্দ কি রকম বিবর্ত্তিত হয়ে চলেছে—ক্রমেই নিয়মিত নিয়ম্ভিত সংহত গাঢ় দৃঢ় (আধুনিকেরা আরো বলবে, কঠিন অসাড় আড়েষ্ট) হয়ে উঠেছে।

উদাহরণ গ্রহণ করা যাক। রবীন্দ্রনাথ হতেই সব রকমের নমুনা দেব। প্রথম, নিছক নির্জ্জনা গদ্য—সম্পূর্ণতার জন্ম এটিও দেই—

"প্রথম কাজ আরম্ভ করিরাই উলাপুর গ্রামে পোষ্টমান্টারকে আসিতে হয়। গ্রামটি অতি সামান্ত। নিকটে একটি নীলকুঠি আছে, তাই কুঠির সাহেব অনেক জোগাড় করিরা এই নৃতন পোষ্টঅপিস স্থাপন করাইরাছে।"

তারপর দিতীয়, স্থরাত্মক গভ—

"দেশদেশান্তরে তোমার বত সন্তান আছে, পিতা, তুমি প্রেমে ভক্তিতে কল্যাণে সকলকে একত্র কর তোমার চরণতলে। নমস্কার সর্বত্র ব্যাপ্ত থকে, দেশ থেকে দেশান্তরে জাতি থেকে জাতিতে ব্যাপ্ত হোক।"

অথবা, স্মরণ করা যেতে পারে বঙ্কিমের "কমলাকান্তের তুর্গোৎসব।" তৃতীয়, গদ্মকবিতা—"পুনশ্চে"র প্রথম কবিতাটিই—

পদ্মা কোথায় চলেচে বয়ে দূর আকাশের তলায়, মনে মনে দেখি তাকে। একপারে বাল্র চর, নির্ভীক সে, কেন না নিঃম্ব নিরাসক্ত,— অন্তপারে বাশ্বন, আমবন, পুরাণো বট, পোড়ো ভিটে"—

চতুর্থ, মুক্ত কবিতা — "পুনশ্চে"রই

"যাওয়া-আদার স্রোত বহে যার

দিনে রাতে;

ধরে রাথার নাই কোনো আগ্রহ,

দ্রে রাথার নাই তো অভিমান।

রাতের তারা স্বপ্ন-প্রদীপথানি
ভোরের আলোর ভাসিয়ে দিয়ে

যার চলে তার দেয়না ঠিকানা।"

আর পঞ্চম, পশুকবিতা —সেই অতিপুরাতন অতিপ্রির নহ মাতা, নহ কন্তা, নহ বধ্, স্থন্দরী রূপদী, হে নন্দনবাসিনী উর্বাশী।

> গোঠে যবে সন্ধা। নামে প্রান্ত দেহে বর্ণাঞ্চল টানি, তুমি কোনো গৃহপ্রান্তে নাহি জাল সন্ধাদীপথানি—

প্রথমটিতে, সাধারণ গল্পে ছন্দের বেন আদিন মূর্ব্তি—অস্পাই, অফ ট, বিশেষ আকার নাই, নিজম্ব সন্তা নাই, বাক্যের অর্থের মধ্যে নিহিত, অর্থের দাস, অর্থকে একট্ট জোরালো করতে বতটুকু প্রয়োজন ততটুকু তার স্থান। এখানে ছন্দ হল একটা সাধারণ গতিবেগ মাত্র। দিতীয় পদ্দায় ছন্দ কেবল গতি নয়, সে গব্যিত ফুটে ওঠে একটা স্থার—তান ও লয়। এখানে ছন্দের একটা বিশিষ্ট মূর্ত্তি, বাচ্যার্থের অতিরিক্ত নিজম্ব পৃথক সৌন্দর্য্য কুটে উঠতে

কাব্য ও ছন্দ

স্কুরু হয়েছে—কিন্তু কেবল স্কুরু হয়েছে, সে মূর্ত্তি তরল, পরিবর্ত্তনশীল। প্রথমে ছিল যেন জলের টানা প্রোত ; এখন সেখানে টেউ দিয়েছে কিন্তু "টেউগুলি নিরুপার ভেম্পে পড়ে ছখারে", জেগে ওঠে আবার মিলিরে যার, একটির মধ্যে আর একটি মিশে যার। তৃতীর তরে, গছাক্ষবিতার, স্থর-তান-লর স্পষ্টতর হয়েছে ; টেউগুলি ফুট, তাদের গতিভঙ্গ বিশিষ্ট-রূপ নিয়ে উঠেছে। মৃক্ত কবিতার স্থরের সঙ্গে আরম্ভ হল তাল—ইতিপূর্ব্বে তাল যদি আরম্ভ হয়ে থাকে, তবে তার ছিল নিতাম্ব ভুণাবন্থা; কিন্তু তাল এখানে অনির্মিত, কোন স্থাপ্ট বিধিবন্ধ ছক তার হয়ে ওঠে নাই —তবু ছন্দের স্বাধীন স্বতম্ব মূর্ত্তি গাঢ় হয়ে উঠেছে, তার স্বকীর জীবনম্পন্দন আপনাকে বোষণা করছে। শেষ পর্যায়ে ছন্দ হল একান্ত তাল নিয়ন্তিভ স্কুর; এখানে সে বিশিষ্ট রূপ পেরেছে আর সে-রূপ স্থাপ্ট রেখা-নিবন্ধ, নিটোল পূর্ণান্ধ দৃঢ়, একটা ব্যক্তিগ্রময়। ছন্দ আর নিরুপার তরলিত তরম্বভন্ধ নয়—সে হয়েছে যেন,ভাস্কর্যের মূর্ত্তি।

এই যে ক্রমনির্দেশ করা গেল, এটি কিন্তু আদৌ ঐতিহাসিক ক্রম নর—এটি স্থারতত্ত্বগত (logical) এবং মনস্তত্ত্বগত (psychological)। ঐতিহাসিক দিক দিয়ে দেখি এক বিচিত্র ব্যাপার—সকলের শেষে যেটি সেটি দেখা দিয়েছে সকলের আগে; কারণ, আদিকালেই উত্তব বাঁধা ছল্পের কারা। মুথের ভাষা বা গল্প এমন কি তাও পরে এসেছে—আমি বলছি সাহিত্যরচনা হিসাবে। এর একটি কারণ হরত এই যে গল্প হল প্রধানতঃ বুদ্ধির যুক্তির বাহন—মন্তিক্বৃত্তির চলনবলনই গংল্প প্রতিকলিত হয়েছে। আর পল্প গড়ে উঠেছে প্রধানতঃ অনুভবের আবেগের উদ্দীপনার প্রেরণায়। প্রথমযুগের আদি কালের মান্তবে ছিল এই দ্বিতীয় ধারার প্রাধান্ত। মান্তবের জীবন ও স্বাষ্টি গোড়ায় চালিত নিয়ন্ত্রিত্ব হয়েছে তার প্রাণময় পুরুষের বারা—তার পক্ষে সহজ ছিল অন্তর্জ্ঞান প্রত্যক্ষান্তব্ব। যুক্তি তর্কবৃদ্ধি—মনোময় পুরুষ—মান্তবের মধ্যে পরে দেখা দিয়েছে। ইউরোপে যুক্তিসর্বাস্থ

১৮ শতক হল সাহিত্যে গল্পের বাকে বলা হয় স্বর্ণযুগ! আর আধুনিককালে কবিতাকে যে ক্রমে গল্পমন্ত্রী করে তুলবার চেষ্টা চলছে, তারও একটি কারণ কি এ হতে পারে না যে বর্ত্তনান হল বৈজ্ঞানিক যুগ অর্থাৎ মন্তিক্ষপ্রধান এবং কাব্যের বস্তু ও প্রেরণা উভয়েই আসছে এই মন্তিক্ষের ক্ষেত্র হতে, চিন্তার বিশ্লেষণীশক্তিই কাব্যস্প্রির মূলে ?

আজকাল সন্দেহ উঠেছে পছাই কাব্যের একমাত্র বা প্ররুষ্ট বাহন কি না। এবং মোটের উপর চলিত সিদ্ধান্ত হয়েছে এই যে নির্জ্জনা পছের চেয়ের প্রছণ্ডম প্রাকাশ হতে পারে। পছের যে নিয়ন — অফর (বা মাত্রা) সাম্য, তাল সাম্য, মিল — তা কি ক্রত্রিম নয়? একটি ভাবকে দৃষ্টিকে নিয়্যুঁৎরপে ভাষার প্রকাশ করতে হবে — কিন্তু পছের বিধি-নিষেধ মানতে হলে, সেই ছাঁচে ঢালতে হলে, সে ভাব ও দৃষ্টি কি বিক্বত হতে বাধ্য নয়? মিলের খাতিরে, পর্ম্ব-যতি-তাল ঠিক রাখবার জন্মে প্রয়োজনের অতিরিক্ত অনাবশুক 'চ-বৈ-তু-হি'র প্রয়োগ ত করতেই হয়। তা ছাড়া পছের ছল ও ছাঁদ ত তুল মোটা-গোণাগুলতির ব্যাপার। ছল যা দরকার, তা হবে যেমন হল্ম তেমনি বন্ধনমুক্ত—ভাবের হল্ম ব্যপ্তনা, রাগের বৃহৎ দোল যাতে প্রতিকলিত হতে পারে চাই সেই ছল্ম। ওয়ল্ট হুইটমানের ভাবে ভাষার যে বিশাল বিপুল অ-শৃজ্ঞল কলরোল, কোন্ পছছল তাকে প্রকাশ করবে? বা করামী কবি Viélé Grifiin-এর যে হল্ম ভাব বৈদগ্য বা Paul Claudel এর যে উদার অমুভব-প্রবেগ কি রক্ষে তা alexandrine (দ্বাদশ অফরের) লোহ ছাঁচে ঢালাই হতে পারে?

পছের দিক থেকে যে উত্তর নাই তা কিন্তু নর। প্রথমত অনাবশ্রক শব্দ ব্যবহার। কিন্তু যাকে অনাবশুক বলা হয়, গঠন-সৌন্দর্য্যের মধ্যে মিলেমিশে অসীভৃত হয়ে যায় তবে দোষ কোথায়? কাব্যের লক্ষ্য কেবল কথা বলা নয়—সে ত মামুষমাত্রেই পারে—কিন্তু স্থান্দর করে,—ভগ্ন তাই নয়, স্থান্দরতম করে,—কথা বলা; তাই তাকে একান্ত প্রয়োজনের সীমা

কাব্য ও ছন্দ

অতিক্রম করতেই হয়। স্থলবের আরম্ভ ত রঢ় প্রয়োজনের সীমার বাহিরে থেকে। এদিক দিয়ে দেখলে পছে কেন, গছেও বথেই অপ্রয়োজনীর অবাস্তর উপাদ্ধ পাওয়া বার। কিন্তু প্রকৃতপক্ষে পাদপূরণ বা গোজামিল সাধারণ ছোট কবির মধ্যে স্থলত হলেও, প্রেষ্ঠ কবির স্পষ্টতে তা আবিহার করা বড় সহজ নয়। শ্রেষ্ঠ কবিতা ত তাকেই বলে বার প্রতিটি অক্ষর পর্যন্ত অবশ্রম্ভাবী, অনিবার্য্য, অপরিবর্ত্তনীয়। Sophocles বা Virgil বা Racine-এর পছে রুখা অবখা বাক্য বিনি খুঁজে বার করতে চান তাঁকে তঃসাহসী বলব। তারপর পছের কাঠামোর সংকীর্ণতা স্থলতা বখন নির্দেশ করা হয় তখন মনে জিক্রাসা জাগে হোমর তাঁর Hexametre-এর আটে বাটে মহাসাগরের দোল কি রক্মে কুটিয়ে তুললেন, মিলতন অতি প্রচলিত পঞ্চনাত্রিক আই এন্বের (iamb) ছাঁদকে ধরে যে অর্গান-সন্দীত মন্ত্রিত করে তুলেছেন তার রহস্ত কি? আর পছের বাধনে মুক্তি কতথানি বে লীলাম্বিত হয়ে উঠতে পারে তার প্রমাণ দিয়েছেন শেল্পগীয়র ও স্থইনবার্ণ এবং ধ্বনির স্ক্রতা ও কার কি পরিমাণে থাকতে পারে তা দেখিয়েছেন রাসীন (Racine) এবং লা কতেন (La Fontaine)।

বরং এ কথা যুক্তিসদত ভাবেই বলা বেতে পারে বে রচনার বিভিন্ন ধরণ নির্ভর করে ভাবাভিব্যক্তির বিশিষ্ট প্রয়োজনের উপর—এবং প্রত্যেকটিরই নিজস্ব সৌন্দর্য্য ও সার্থকতা আছে। ছইটমান বে-ভাবের ভাবুক,
ছইটমানের ভাষার ভন্দীও তদমুরূপ। রাসীনের ভন্দীতে ছইটমানের আত্মপ্রকাশ হর না। কিন্তু যদি দাবি করা হর ছইটমানের পদ্বাই উন্নততর মহন্তর
মুঠুতর তবেই তর্ক ওঠে। তখন বলতে ইচ্ছা হয়, প্রত্যেক ভন্দী তার
আপন ভাব্টির মুঠু অভিব্যক্তি হলেও, ভাব যত গভীর নিবিড় সম্চ্চ হয়ে
ওঠে, ততই তা ধারণ করে পদ্যেরই রূপ। দান্তে ভাবে ভাষায় বে সংহত
ভীব্রতার পরাকাঠা দেখিয়েছেন তা অনিবার্যভাবে বরণ করে নিয়েছে পদ্যের
—terza rima-র কঠোর বাধন। ভালেরী (Valéry)-র মতে প্রেষ্ঠকাব্য

মাত্রই গ্রহণ করে ভাস্কর্য্যের গুণ; তাই আধুনিক কবি হরেও তিনি প্রাতনের একটি মাত্র ছাঁদে সব কবিতা রচনা করেছেন। গদ্যে কাব্য হয় এক বিশেষ ধরণের, নিয়তর অনুচ্চ সব চূড়ায়; াকস্কু কাব্য যত গভার গাঢ় সম্চ্চ কবিত্ব হয়ে ওঠে, তত সে গদ্যের চলনবলন ছেড়ে ক্রেমে গ্রহণ করে পদ্যের শৃঞ্জালিত রূপ। তাই ত দেখি আধৃনিক কবিদের মধ্যে এমনও কেউ কেউ আছেন বারা প্রথমে গদ্যছন্দে হাত নক্স করে শেষে পদ্যেরই আশ্রয় গ্রহণ করেছেন, এখানেই যেন তাঁদের কবিচিত্ত শেষে পেয়েছে পরিতৃপ্তি।

ভাষার একটি রহস্ত মনে রাখা দরকার—পদ্যের রূপ ভাষার অন্তর্নিহিত সহজ স্বাভাবিক শক্তি, কেন কি ভাবে সে আলোচনা এখানে প্রয়োজন নাই। এ শক্তি যেন অগ্নির দাহিকাশক্তি—ভাষার গড়নে স্বভাবে তা অসীভূত একীভূত, তা কৃত্রিম বা বাহির হতে আরোপিত নয়। ভাষার অন্তঃপ্রতিভা হতেই তা স্বতঃউৎসারিত। অনেক কবির পক্ষে পদ্যে কাব্য রচনা বরং সহজ, গদ্যই তাঁদের পক্ষে হুরহ।

আরও মনে রাখা দরকার ছন্দের মুক্তি ভাবের দিক দিয়ে যে একান্ত আনিবার্য তা নাও হতে পারে। ছন্দোগত মুক্তি বাহ্যরূপেরই একটা পরিবর্ত্তন মাত্র—বাহ্যরূপেরও বদি নৃতন্য অভিনবত্ব রুসহিসাবে উপভোগ করতে চাই সেই জন্ম। নতুবা শ্রেষ্ঠ কবিরা প্রায়ই দেখি অতিপুরাতন চলিত সাধারণ ছন্দোবন্ধকেই আশ্রয় করে তাঁদের প্রাণের অন্তরাআর যাবতীয় অন্তত্তব সম্পূর্ণভাবে যথাবথভাবে প্রকাশ করেছেন। কাব্যের মহস্ব ছন্দ আবিকারের উপর নির্ভর করে না।

আমাদের যুগের কবিরা বেশি হল্ম বেশি গভীর বা বেশি বিশাল হয়েছেন? তাই ছন্দের পুরাতন বন্ধন হতে মুক্তি চাই? এই তাঁদের দাবি অবশ্য। কিন্তু কার্য্যত কি দেখি? দেখি তাঁরাও বখন ভাবগাঢ় হয়ে উঠেছেন তাঁদের হাত দিয়ে অজ্ঞাতসারে অথচ কেমন সহজে বের হয়ে

কাবা ও ছন্দ

এসেছে গাঁটি পদ্য ছন্দ। Lawrence-এর একটি কবিতার (The Red Wolf) আনেপানের অনেকথানি গদ্যের মধ্যে প্রক্ষাটিত—

Day has gone to dust on the sagegrey desert কিংবা আমাদের জনৈক গদ্যপন্থী কবির গদ্যরাশির মধ্যে পাই, এরকম নিগঁৎ পরারী পদ্ধ-

মহাশূন্যে শুনি বুঝি গাণ্ডীব-টম্কার।

নির্জ্জনা গদ্যেও বেখানে তা ছন্দস্থন্দর হরে উঠেছে, সেখানে যদি
নিরীক্ষণ করি তবে প্রায়ই দেখব ছন্দতরম্বের চূড়ার চূড়ার কুটে উঠতে
চেরেছে, কুটে উঠেছে পদ্যগত মাত্রা-স্থবমা। এই ধরুন বন্ধিমের (পদ্যের
আকারে পর্বগুলি সাজালে)—

ধীরে রঞ্জনি ধীরে দীপশলাকার ন্থার আপনি পুড়িবে কিন্তু এ জাঁধারপুরি আলো করিবে

পদ্য ও গদ্য মিশিয়ে একটা অভিনব ও চমংকার ছাঁদ বা কাঠামো পাওরা যেতে পারে। ছই-এরই বা শ্রেষ্ঠ গুণ তাই আহরণ করে এ তিলোজনাকে স্পষ্ট করা বেতে পারে। গদ্যের স্বাধীন স্বচ্ছন্দ গতি এবং পদ্যের সংবম ও সংহতি। পদ্যে আড়ষ্টতা প্রাণহীনতা আসতে পারে—কিন্তু গছে উচ্চু অলতা বিশ্বভালতাও তেমনি দেখা দিতে পারে। প্রাণ চাই, কিন্তু আত্মসমাহিত প্রাণ—আত্মশাসন ব্যতিরেকে যথার্থ সৌন্দর্য্যস্থিই হতে পারে না। অবশ্য সকলের উপর মনে রাখা দরকার, গদ্য হোক পদ্য হোক গদ্যপদ্য হোক কি পদ্যগদ্য হোক সব রকম রূপ বা ছাঁচ কবি-চেতনার আধার, বাহন বা অবলম্বন মাত্র। দ্রব্যগুণ হিসাবে এদের নিজম্ব গুণ বা সামর্থ্য যা'ই থাকুক না কেন, এরা প্রকৃত মহন্ত ও মাহাত্ম্য অর্জন করে তাদের অন্তর্নিহিত আধেয় ও স্বিষ্ঠাত্রী কবি-চেতনার মহন্ত্বকে ও মাহাত্ম্যকে প্রতিকলিত করে।

ছন্দের অ আ

ছন্দ কাব্যের প্রাণ বা জীবনীশক্তি—যেমন অর্থ হল তার মন, আর কথা, বাক্য বা শব্দ তার দেহ। কথায় দিয়েছে কাঠাম, স্থুল আকার— প্রতিষ্ঠা, স্থিতি; ছন্দে দিয়েছে গতি—সজীবতা; অর্থে দিয়েছে জ্যোতি— সত্যের প্রকাশ, উপলব্ধির আলো। বর্ত্তনান প্রবদ্ধে আমরা বলব ছন্দের কথা।

ছন্দেরও বলা যেতে পারে আছে আবার তিনটি অদ—বহিরদ, অন্তর্ম আর অন্তন্তমাদ। ছন্দের বহিরদ—কাঠান, ছাঁচ, স্থূল দেহ— হল মাত্রা। মাত্রা বলতে অবশু এখানে বুঝব মাত্রা, পর্ব্ব এবং পদ। এই

যেমন অক্ষরবৃত্ত ছন্দে—

শুধু কি মুখের বাক্য শুনেছ দেবতা
শোননি কি জননীর অন্তরের কথা—

এথানে প্রতি পদ বা পংক্তিতে চতুর্দশ অক্ষর এবং ছইটি পদাংশ বা পর্ব্ব (৮+৬), উভরের মধ্যে রয়েছে একটা বতি বা ছেদ। পরারের এই বাধুনিকে অর্থগত বতির বৈচিত্র্য দিয়ে ভেঙ্গে একটা নৃতন গাঁথুনি দিরেছেন মধুস্দন—

কোষশৃ**ন্ত অ**সি করে, রবিকর তাহে ঝলে ঝলঝলে।

অথবা

मनाकिनी প्তबल धूरेबा यज्ज मंद्र, स्ट्कोषिक वञ्ज পत्रारे, थूरेन मारस्टान ।

এখানেও মূলে ঐ একই কাঠাম : ৮+৬=>৪।

ছন্দের অ আ

মাত্রাবৃত্ত ছন্দের উদাহরণ একটা দিই— রাতের নাচন শেব করে দিয়ে অপ্সরী গেছে চলে। লযু চরণের মঞ্জীর তার পড়ে আছে ধরাতলে॥

্রাট হল ত্রিপদী। মাত্রাবিক্যাস, ৬+৬+৮=২০। স্বরবৃত্তের উদাহরণরূপে নিতে পারি সত্যেন্দ্রনাথের ঃ— সবুজ্ব পরী! সবুজ্ব পরী! সবুজ্ব পাখা ছলিয়ে বাও, এই ধরণীর ধৃসর পটে সবুজ্ব তুলি বুলিয়ে দাও—

এটি হল চতুষ্পদী, প্রতিপদে আবার চতুঃম্বর—অবশু মনে রাথতে হবে ম্বররুত্তে চতুঃম্বরই ম্বভাবত হল মূল বা ন্যূনতম পর্কের মাপ।

এই রকমে পদবিত্যাস, পর্ববিভাগ এবং মাত্রা, স্বর ও জক্ষর বন্টন—
এই নিয়ে ছন্দের কন্ধালরপ—মূল আকার ও প্রতিষ্ঠা। কন্ধালের উপর
মাংস ও পেশীর যোগ হয় ধ্বনির রোলে ও ঝন্ধারে। ধ্বনির উৎস প্রথমে
হল ব্যঞ্জনবর্ণের সংখাত। ব্যঞ্জনের যথাবোগ্য সমাবেশ—সাদৃশ্য বৈসাদৃশ্য
বৈপরীত্য পুনরুক্তি প্রভৃতি কারুকার্য্য ছন্দোৎকর্ষের সাধারণ ও স্থলভ
উপায়। রবীক্রনাথের য়ে পংক্তি ছটি প্রথমে উদ্ধৃত করেছি, সেধানে একটু
লক্ষ্য করে দেখুন—ব্যঞ্জনবিক্যাস কত কৌশলে করা হয়েছে—বলা বাহল্য
কবি ভেবে চিন্তে বেছে খুটে, তারপর সাজিয়ে গুছিয়ে ধরেন না, তাঁর
নিভ্ত শ্রুতি আপনা হতে অবলীলাক্রমে এ কার্জাট করে বায়। সে বা
হোক, দেখুন এখানে—"শ" এর পুনরুক্তি তারপর য়, ঝ, ছ সব উন্মবর্ণ এবং
সাথে সাথে এদেরই কোমল রূপ ত, দ, ক, জ। "ন" এর কোমলতর রণন
প্রথম আরম্ভ হয়ে কেমন বিতীয় ছত্রে বহগুণিত হয়ে বেড়ে গিয়েছে থেমেছে
"স্ত"র মধুর ও জোরাল ঝন্ধারে। কাব্যের বাক্য এই রকমেই সরস
শ্রুতিমধুর হয়ে ওঠে। ঝন্ধারের জন্ত অনেক কবি প্রচর ব্যবহার করেন

ন্ত, স্ত্র, র্ন, র-—ন'র সব প্রতিধ্বনিত ধ্বনি। ব্যঙ্গনের কলরোল উপলরাশি-প্রতিহত জ্লধারার মত কেমন মন্ত্রিত হয়ে উঠেছে শুরুন—

শৈবালে শান্বলে তৃণে শাখায় বন্ধলে পত্রে উঠে সরসিয়া নিগুঢ় জীবন তার···

ইংরাজীতেও দেখুন ব্যঞ্জনের পেলবতা তরলতা—"র" ও "ল' বোগাযোগে—শেলী কেমন ফুটিয়ে তুলেছেন—

Lull'd by the coil of the crystalline streams

আবার রুঢ়তা, রুক্ষতা, কঠোরতা সেক্সপীয়রের এই ছত্তে কেমন দেখা দিয়েছে—

And in this harsh world draw thy breath in pain—
এখানে rsh, rld, dr, br,—"r"-এর যুক্তধ্বনি সব উচ্চারণকে
ব্যাহত, ব্যথিত ক্লিষ্ট করেই তুলেছে—অর্থকে সার্থক করে।

ব্যঞ্জনের ধ্বনিমাহাত্ম্য আমরা দেখলাম—কিন্তু এই বাহ্ন। ধ্বনির স্থানতর তানের জন্ত আরও আগে কহিতে হয়। এই স্থানতর তান দিয়েছে স্থারবর্ণ। ব্যঞ্জনকে যদি বলা যায় ছন্দের মাংসপেশী, স্থারবর্ণকে তবে বলতে পারি নাড়ী, সায়।

ফলতঃ প্রাচীনতর ভাষার এই স্বরবর্ণের উপরই নির্ভর করছে ছন্দের বৈশিষ্ট্য, গড়ন ও চলন। ব্যক্তনবর্ণ সেখানে গৌণ অলকার, স্বরবর্ণই মুখ্য অবয়ব। স্বরবর্ণের হ্রম্ম দীর্ঘ ও গুরু লঘু বিভাগের কথা আমি বলছি। সংস্কৃত, গ্রীক, লাতিন ছন্দের প্রাণ (স্কুতরাং আমাদের কথার কাব্যের প্রাণের প্রাণ) হল এই স্বরবর্ণের দোল। বিশেষভাবে গ্রীকভাষার স্বর-বর্ণের শক্তি ও সৌন্দর্য বিশ্বয়কর—অনেক সময়ে দেখা গিয়েছে ছন্দের ম্রোত প্রধানত স্বরকেই আশ্রয় করে চলেছে ব্যস্তন সেখানে একান্ত গৌণ সহায় মাত্র। সাধারণভাবে বলা যেতে পারে স্বরকে ধরে কুটে ওঠে, ফুলে

ছন্দের অ আ

মুলে চলে রেধার দীর্ঘায়ত লতায়িত লাস্ত—বিদ্দাচন্দ্রের অতিপ্রিয় কালিদাসের এই শ্লোকটিতে দীর্ঘস্বরবহুলধ্বনি তার নির্দেশ্ত-বস্তু সমুদ্রের কেমন প্রতিচ্ছবি এঁকে তুলেছে—

দ্রাদয়শ্চক্রনিভগুত্থী তমালতালীবনরান্ধীনীলা আভাতি বেলা লবণান্দ্রাশে-ধারা নিবদ্ধেব কলম্বরেধা।

অন্তপক্ষে, ব্যঞ্জন ছন্দে এনে দিতে পারে গাঢ়তা, দৃঢ়তা, কাঠিছ—
আর ঘনপ্ত মুথর গতি। প্রাচীন ভাষার মত অর্বাচীন ভাষার স্বরবর্ণর
মাহাত্ম্য অতথানি আর নাই। কারণ আধুনিক ভাষার ছন্দে দোল ক্রমেই
নির্ভর করছে ঝোঁকের উপর, টানের উপর নয়। বিশেষভাবে ইংরাজীতে
দেখি এই ঝোঁকেরই—দিলীপকুমারের ভাষার, প্রস্থনের—একাধিপত্য এবং
এখানে ব্রন্থদীর্ঘ বা গুরুলঘু স্বর নির্ণর করা হয় ঝোঁক বা ঝোঁকের অভাব
দিয়ে। তব্ও একটু মনোযোগ দিলেই দেখা যায় ইংরাজীতেও আছে
সত্যকার ব্রন্থদীর্ঘ স্বর। ঝোঁকের আশ্রের ব্যঞ্জন-ধ্বনিই বিগুণিত হয়ে ওঠে
—সেই ঝোঁককে আমি স্বরবর্ণের সাথে সংযুক্ত করছি না। স্বরবর্ণের
দীর্ঘ-স্বরেই তার স্বর্গপ বেশি প্রকট। সেক্সপীয়রের প্র্কিউম্ব ত পংক্রিটি
দেখুন—harsh-এর দীর্ঘ হা, world এর (w) ০, draw এর-স্ফ্রদীর্ঘ হা
এবং pain দীর্ঘ হা
নাইনিট অপ্র্কি করে তুলেছে। অথবা ধর্কন শেলীর,

Blow

Her clarion o'er the dreamy earth—

When I arose and saw the dawn

9.

শিল্প কথা

I sigh'd for thee

When light rode high and the dew was gone

শেলীর যে ভাবনর ব্যোনচারী অশরীরী আবেগ ননে হর নাকি তা এখানে দীর্ঘ স্বরের টানে টানে উধাও হয়ে চলেছে—এই স্বরের স্থারের কল্যাণেই তার পদক্ষেপ লঘু হয়ে পাথীর পাথার গতি পেয়েছে—ব্যঞ্জনের স্থানতর স্পষ্টতর শব্দকে এখানে ওথানে শুধু স্পর্শ করে, পৃথিবীর শ্বতিটুকু কেবল জাগিরে রেথেছে কোন রকমে ?

বাংলা ছন্দে খরের স্থান ও দান কি ? প্রথম দৃষ্টিতে মনে হয় বিশেষ কিছু নাই। কারণ সাধারণ অর্থে হয়-দীর্ঘ খর বাংলার নাই—অর্থাৎ নিয়ম-বাধা হয়-দীর্ঘ, সংস্কৃতের অন্তর্মপ, এমন কি ইংরাজীর অনুরূপও কিছু নাই। হয়দীর্ঘকে আমরা সমান মূল্য দিয়ে থাকি—অনেকথানি ফরাসীর মত।

এটি হল সাধারণ মোটা কথা। হুদ্ধতর কথা হল এই যে বাংলাতে ধরাবাধা দীর্ঘ অরের পরিবর্ত্তে আছে ধরাবাধা গুরুবর্ণ—এখানে স্বর কিঞ্চিং দীর্ঘ হর বটে, কিন্তু তার বৈশিষ্ট্য হল ঝোঁক—ইংরাজী stress-এর চেয়ে এর সাদৃশ্য করাসী accent tonique-এর সাথে অর্থাৎ ধ্বনি দীর্ঘ ও ঝোঁকালো যতখানি হয় তার চেয়ে বেশি হয় উদান্ত (উচু বা চড়া)। যুক্ত বা হসন্ত বর্ণের অব্যবহিত পূর্কবর্ণ পায় এই ধ্বনি গৌরব (সংস্কৃতের মত)। স্বরমাত্রিক ছন্দে বিশেষ পরিক্ষুট হয়েছে এ জিনিষটি—ধর্কন সত্তৈত্রনাথের—
ম্বর্ণা। বর্ণা। বিদ্যুৎপর্ণা।

কিন্ত স্বরবর্ণের ধ্বনি এখানে রয়েছে বেন গৌণ, ব্যঞ্জনের একান্ত অন্থগত, ব্যঞ্জনের ধ্বনিকেই মুখরিত করে ধরবার জন্ত। স্বরবর্ণের নিজস্ব ধ্বনি, তার এলায়িত তরজায়িত বিলম্বিত বিসপিত চলন কুটে ওঠে বিশেষ-ভাবে দেখি অযুক্তবর্ণ-বোজনায়, জোড়া-কথা-ছাড়া-পদ রচনায়। এই ধরুন বেমন রবীক্রনাথের—

আদিযুগ পুরাতন এ জগতে ফিরিবে কি আর—

ছন্দের অ আ

অথবা,

আঁধার পাথারতলে কার ঘরে বসিরা একেলা মাণিক মুকুতা লয়ে করেছিলে শৈশবের খেলা—

এখানে মনে হর ব্যঞ্জনের ধ্বনি স্থিমিত হয়ে. স্বরের ধ্বনিকে প্রাধান্ত দিয়েছে—স্বরের টানা রেথার কি স্থ্যীম আলপনাথানি। কিথা ধরা বেতে পারে দিনীপকুমারের—

> খিরে রাখো নোরে তব নীহারিকা নেখলার হে মণি-অম্বর... দোলাও আমারে নীল ঘুনপাড়ানিয়া গানে, হে সিন্ধুমর্ম্মর...

এথানে ছন্দের গতি সমস্তথানি চলেছে স্বরবর্ণের টানা চেউ-এর দোলে—শেষ হয়ে গিরেছে যুক্তাক্ষরের ব্যঙ্গনপ্রধান একটা প্র্ত উদান্ত ধ্বনির মধ্যে, বেলাতটে এসে ভেঙে পড়ে বেমন তরঙ্গমালা।

স্বরবর্ণের ফ্রততর গতিও সম্ভব—ক্রত প্রথচ দীর্ঘ পদক্ষেপ—এই বেমন—

> ঐ আসে ঐ অতি ভৈরব হরষে ঘন গৌরবে নব যৌবনা বরষা শুশুসান্তীর সরসা।

এই যে কয়েকটি উদাহরণ আমি দিলাম এখানে স্বর্নের নিজস্ব নির্মূক্তধনি অপেকারত স্পষ্ট ও সমুখবর্তী; তবে, স্বরধনির সাধারণ ও স্বাভাবিক স্থান হল ব্যঞ্জনের পশ্চাতে, আড়ালে। ব্যঞ্জন দিয়েছ বন্ধার কলরোল, স্বর তার মধ্যে এনে দিয়েছে বিস্তার, তান, মীড়। ব্যঞ্জন হল, বলা বেতে পারে, পৃথিবীধর্মী আর স্বর হল আকাশধর্মী। স্বরেরই ভিতর দিয়ে ছন্দের হল্পতর সৌন্দর্য্য কুটে উঠেছে। এমন কি মধুসদনেরও ব্যঞ্জন-বহুল যুক্তবর্ণভারাক্রান্ত অমিক্রাক্ষর ছন্দেও, ব্যঞ্জনের স্পষ্ট মুধরতার অন্তরালে স্বরবর্ণের হল্পতর রেশ ও প্রতিধ্বনি স্পাদিত হয়ে চলেছে।

ছনের মূল কাঠাম, তার অস্ববন্ধ—যাকে বলা বেতে পারে তাল
—নির্ণীত হয় পদবিভাগে বা পর্বে (ইংরাজী বা গ্রীক-লাভিনের foot),
এ কথা পূর্বে বলেছি। কিন্তু এ হল ছনের প্রধান বা মোটা নোটা ভরদলাস্ত—তার হক্ষতর স্পানন নির্ভর করে ক্ষুত্রতর পদাংশ বা আদি পদাংশের
উপর। রবীক্রনাথ দেখিয়েছেন বাংলায় এ রকম আদি পদাংশ হই ধরনের
এবং তারা এনে দেয় ভিন্ন চাল—সম আর অসম অথা। হই আর তিন
মাত্রার চাল। বাংলা ছন্দস্পনের একটা মূল রহস্ত এথানে এবং তাল
সমান হলেও তাতে দোলের বৈচিত্র্য আসে এই দিক দিয়ে। রবীক্রনাথের—

শুধু কি। মুথের। বাক্য। শুনেছ। দেবতা হল প্রধানত তিনের চাল। কিন্তু বৈচিত্র্যের জন্ম এর পরের পংক্তিটি শোন। নি কি॥ জন। নীর॥ অন্ত। রের॥ কথা।

হল ছয়ের চাল। আবার

र्थ। আসে। ঐ॥ অতি। তৈ। রব॥ হরবে… ঘন। গৌ। রবে॥ নব। যৌ। বনা॥ বরবা—

এথানেও ছ্এর চাল। প্রতি পংক্তির শেব পর্বাট—হরবে, বরবা— তিন মাত্রা এবং তিনের চাল বাহত। কিন্তু আর্ত্তিকালে আমরা "হরবে", "বরবা"র শেষ স্বরবর্ণটি দীর্ঘ করে পড়ি এবং ছই মাত্রার মূল্য দিয়ে থাকি —বেমন "ঐ", "ভৈ", "গৌ"এর ছই ছই মাত্রা—তা হলে এটিও চার মাত্রা এবং ছই এর চাল।

এক হিসাবে দেখান ষেতে পারে ইংরাজীতেও (এবং এীক লাতিনেও) আছে এই রকম ছই বা তিনের চাল, অর্থাৎ সহজ কথার যে বলা হয়, প্রতি ফুট ছই বা তিন সিলেব লে গঠিত। কিন্তু প্রথম কথা, বাংলার যে ছই বা তিন মাত্রার চাল সেই ছই বা তিন মাত্রা দিয়ে সব সময় পর্ববিভাগ নির্দেশ হয় না। সাধারণত পর্বের জন্ম প্রয়োজন ছই বা তিনের গুণিতক চার বা ছয়। বস্তুত বাংলা পর্বের সঙ্গে ইংরাজী ফুট সকল সময় মিলিয়ে ধরা

ছন্দের অ আ

বার না। বাংলার পর্বের পর্বের যে ছেদ বা বৃতি তাকে caesura বলতে হয়, ফুটএর ছেদ অভথানি বতির অপেকা রাথে না। তারপর, রবীন্দ্রনাথ যেমন দেখিরেছেন—যে তুই মাত্রায় যেন দের একটা গোটা আবর্ত্ত বা ঢেউ, তারপরে পূর্ণতর ছেদ; কিন্তু তিনের মাত্রা অসম্পূর্ণ, তার পূর্তির জন্ত প্রেরাজন আরও তিন মাত্রা। তুই এর মাত্রা দের হিত্তি—তিনে গতি। বাংলার অবৃগ্র মাত্রার পদ অবশ্রুই হয়, কিন্তু সেটি কেমন যেন তার অহিতির অনিশ্চরতার অবস্থা। ইংরেজীর চেরে এখানেও বাংলার সাদৃশ্র বরং দেখি ফরাসীর সাথে। ফরাসীতেও ইংরাজীর মত ফুট বিভাগ নাই, আছে বাংলার মত পর্ববিভাগ; আর তারও চাল তুই-এর ও তিনের—প্রধানতই তুই-এর, তিনের চালকেও তুই-এর চালে কেটে কেটে আর্ভি করা হয়—বিশেষতঃ গানে। তুই এর চাল (যথা, তাদের জাতীয় সম্বীত)

Allons | enfants | de la | patrie

তিনের চাল

Aux armes | citoyens |
Formez vos | bataillons |

কিন্তু আমরা বলছিলান বাংলার স্বরকে টেনে দীর্ঘ করবার রীতি।

এ কথা থেকে আমরা বাংলা ছন্দের মণিকোটার, যাকে গোড়ার আমি
বলেছি অন্তত্যাত্ম তার মধ্যে এসে পড়লান। বাংলার হ্রস্বদীর্ঘ স্বর বিভাগ
নাই অর্থাৎ হ্রস্থ স্বর হ্রস্বই, দীর্ঘ স্বর দীর্ঘই এ রকম স্থানিশ্চিত নিয়ম এখানে
নাই, যেমন সংস্কৃতে বা গ্রীক লাতিনে আছে—এই চলিত সিদ্ধান্ততি আমরা
ধরে নিয়েছি, তাতে কিঞ্চিৎ পরিবর্ত্তন আনা দরকার। হ্রস্থ দীর্ঘ স্বর হয়ত
নাই, কিন্তু বাংলার আছে হ্রস্বদীর্ঘ স্বর—এ জিনিষ্টি ছাড়া কোন ভাষাত্তেই
বোধ হয় তান-বৈচিত্তা হতে পারে না। এই হ্রস্থ বা দীর্ঘ স্বর আমরা
দিয়ে থাকি অর্থ অনুসারে, ভাব অনুসারে, ভদী অনুসারে, দোল অনুসারে,
অর্থাৎ ছন্দ অনুসারে। এই হ্রস্বদীর্ঘ স্বর আছে বলে, তাকে একটা কিছু

ছাঁচে ঢেলে বিশেষ রূপ দেওয়া যায় বলে, লযুগুরু ছন্দ বাংলায় কৃত্রিম নয়, পায় একটা সহজ স্বাভাবিক গতি। তবুও বলতে হবে বাংলা শব্দের মূল বৈশিষ্ট্য, তার সাধারণ প্রকৃতি হল হ্রম্বদীর্ঘের বাধানিয়ম হতে মুক্তি, ধ্বনির লীলায় তার স্বাচ্ছন্য এমন কি স্বেচ্ছাচার।

বাংলা ছন্দের একটা নিভূত রহস্তই ইচ্ছামত হ্রম্বকে দীর্ঘ করা, এবং এই উপারে একটা তান বা স্থর বিস্তার। যথন আবৃত্তি করা হর

> পঞ্চ নদীর তীরে বেণী পাকাইরা শিরে দেখিতে দেখিতে গুরুর মদ্রে জাগিরা উঠিছে শিথ— নির্মাস নির্ভীক—

এথানে নদী, তীর, বেণীর দীর্ঘ ঈর দীর্ঘ উচ্চারণ ইচ্ছাসাপেক্ষ—তবে "তীরে"
দীর্ঘ উচ্চারণ করলে শ্রুতিসেঠবের জন্ত পরের পংক্তির হ্রম্ব "দি"-কেও
দীর্ঘ করতে হয়। "দিথ" "নির্ভীক" সম্বন্ধেও ঐ এক কথা—"দি" হ্রম্ব "ভী" দীর্ঘ—আবৃত্তিতে ছাটকেই হ্রম্ব বা ছাটকেই দীর্ঘ করতে পারা যায়। "এ"কার সবও ঐ রকম ইচ্ছামত কোথাও হ্রম্ব, কোথাও দীর্ঘ করে পড়া যায়। এই সব হ্রম্ব দীর্ঘ মাত্রা গণনার মধ্যে আসে না, এদের কোন নিয়ম নাই, অথচ ছন্দের একটা হুদ্ম স্পন্দ বা দোল বা স্কর এদের থেকে উঠছে।

বাংলা কবিতা আমরা পড়ি—ছন্দের দোল দেখাবার জন্ম—ত্মর করে; ইংরাজী কবিতা সে ভাবে পড়া চলে না। এর কারণ হতে পারে যে বিশেষ ভাবে প্রাচ্যে এবং প্রাচীনকালে ন্যুনাধিক পরিমাণে সর্বব্রই কাব্য ছিল সঙ্গীতমূলক—কবিতা রচিত হ'ত গানের জন্ম। ঝুলে বাংলার অনুসরণে ইংরাজী কবিতাও ত্মর Sing-song করে পড়বার জন্ম আমরা অনেকেই হয়ত তিরস্কৃত হয়েছি। তবুও ইংরাজীতে ও-ধরণের স্কুর না

ছন্দের অ আ

থাকলেও আছে একটা modulation—স্বরবিভদ—করাদীরা আবার দেটুকু পর্যান্ত বর্জন করে কবিতা আবৃত্তি করে বথাসন্তব গভের মত সাদাসিদা ভাবে। কিন্তু করাদী কাব্য-ছন্দের মধ্যেও অবশ্রই আছে তানের স্থারের অনুরূপ একটা বিশেষ স্বরলীলা।

ফলত সব কবিতার অর্থাৎ ছলের ধর্মই এই তান বা স্থর বা স্বর
—তবে তার ধরণ বিভিন্ন হতে পারে বা কম বেশী পরিফুট হতে পারে।
গান গাইবার অব্যবহিত পূর্বের গায়ক বেমন একটু গুণগুণ করে নিয়ে থাকের
(অন্ততপক্ষে "মনে মনে"), আমি বে তান বা স্থরের কথা বলছি তা ছন্দের
পক্ষে হল এই গুণগুণ। এর মানে যন্ত্র বাঁধা—বেখান থেকে বে চালে ছন্দ্র
চলবে সেখানে সেই ভঙ্গী নিয়ে ধ্বনিকে উঠে দাঁড়ান। এ জিনিবের
বিশ্লেষণ হর না—কেবল অন্তত্বগন্য।

এরও আরো আছে। কারণ ছন্দের দোল এসেছে আরও দুরবর্ত্তী লোক থেকে—কিন্তু বিশ্লেষণের সীমা এই পর্যান্ত। এর পরে বা তা হ'ল অবাঙ্ মনসগোচর, ব্রন্দের মত—স্থতরাং আলোচনা-বহিভূত। ছন্দ মূলত স্বরূপত কি? শ্রীন্সরবিন্দের কথার বলতে পারি—Some one dancing upstairs.

ক্বিত্বের একটি সূত্র

পল ভালেরী বলছেন, কবিরা কানে কথা বলে আর মুথে কথা শোনে ৷ কবির কবিত্ব যে একটা ইন্দ্রজাল তা আমরা সকলেই জানি ও মানি, কিন্তু তাই ব'লে ও-জিনিব কি এই রকমের একেবারে উন্টাপান্টা আজগুবি ব্যাপার ?

পল ভালেরী আধুনিক কালের একজন খ্যাতনামা করাসী কবি ও মনীবী। তাঁর বৈশিষ্ট্য হ'ল কঠোর চিন্তাশীলতা, প্রথর যুক্তিপ্রিরতা। তাঁর কবিতা পর্যন্ত দারণ চিন্তাভারগ্রন্ত—দার্শনিক তত্ত্বে, তর্কবৃদ্ধিগত জিজ্ঞাসার সিদ্ধান্তে কণ্টকিত। কথাটি অনেকথানি সত্য—কিন্তু সবটা নর। করাসী চিন্তাশীলতার সর্ব্বদাই সংযুক্ত চিত্তের অন্থভববৈদগ্ধ, স্থকুমার স্পর্শান্তা। চিন্তার বার থৈ পাই না, চিত্তের পিছন-ছরার দিয়ে তা এখানে সহজে এসে ধরা দের। ভালেরীর বেলাতেও তাই ঘটেছে দেখি। তিনি বিশ্বাস করেন না অর্থাৎ তাঁর মন্তিক্ষণত যুক্তি প্রমাণ পার না যে কবিতার প্রেরণা একটা অতিলোকিক জগতের কিছু ব্যাপার—তিনি মনে করেন কাব্যের উত্থান ও স্থিতি এবং লর সবই মন্তিক্ষের সীমানার মধ্যে। অথচ তাঁর কাব্যে বস্তুতঃ অনেক ইন্সিত আভাস পাওরা বার মন্তিক্ষাতীতের—যদিও ও-জিনিবটিকে তিনি বথাসাধ্য চেষ্টা করেছেন চেপে দাবিয়ে পিছনে টেনে রাথতে।

^{*} Dans le poète
L'oreille parle,
La bouche écoute...

কবিত্বের একটি সূত্র

ভালেরী কবিষের যে হত্ত দিরেছেন তাতেই প্রমাণ তিনি আসলে সকল কবির মতই চিন্তাপন্থী নন, চিন্তপন্থী—হন্দ্র-নিগূঢ়-চিন্তপন্থী। দেখা যাক তবে তাঁর মন্ত্রটির বোধগন্য অর্থ কিছু হয় কিনা। কবিতা হাট অস্ব নিয়ে। কবিতা হ'ল কথার ব্যাপার—কথা গেঁথে গেঁথেই কবিতা। আর কথার সঙ্গে অচ্ছেছ্য-ভাবে অনিবার্য্য-ভাবে জড়িত সম্বন্ধ হাট বৃত্তি হাটির উপর—হাত্তরাং কবিতা, কবিতার আকার ও প্রকার নির্ভর করে এই হাটির উপর—তা হ'ল শ্রবণ ও ভাবণ, কান ও মুখ। কবি কথা বলেন আর শ্রোতারা শোনেন, এটি স্থল শ্রম-বিভাগ। কবি নিছে-নিজেই কথা বলেন ও কথা শোনেন। প্রথমতঃ তিনি স্থল মুথে বলেন ও স্থল কানে শুনে রচনার সৌঠব বিচার বা অহুভব করেন। দ্বিতীয়ত স্থল মুথ মুটে বলবার আগে তিনি কথা শুনে থাকেন দিব্য-কর্ণে। আবার এমনও বলা বেতে পারে আগে হয় দিব্য উক্তি—হন্দ্র ভাবণ, অশরীরী বাণী, কবি তাই কান পেতে শোনেন। তবে আসলে ও-হুটি বৃত্তি—হন্দ্র হোক আর স্থল হোক—যুগপং চলে, এবং উভয়ের উপরে নির্ভর করে।

স্থান মুখে কথা বলা ও স্থান কর্ণে শোনা, এ হ'ল সাধারণ মানবের প্রাক্ত লৌকিক ধর্ম—এ ব্যাপারের মধ্যে চনৎকারিত্ব কিছু নেই। কবি কথা বলেন ও কথা শোনেন হল্ম কণ্ঠ ও হল্ম প্রবণ দিয়ে। এটুকু সহজে স্বীকার করা যার—কিন্তু ভালেরী তাতে সম্ভুট্ট নন। তিনি বলহেন জিনিষ কেবল হল্ম হ'লেই চলবে না। জিনিবের মধ্যে চাই একটা বিপর্যায় বৈপরীত্য—তবে না তা কবিত্বের পদবীতে উঠে দাঁড়াতে পারে। অর্থাৎ কেবল ইন্দ্রিয়াতীত নয়, প্রয়োজন ইন্দ্রিরের মধ্যে—"ঘর কৈন্তু বাহির, বাহির কৈন্তু বর" এই রকম একটা কিছু। কবিচেতনার এই বে স্বাভাবিক ধর্ম তাতেই জন্মে কবিত্বের ইক্রজাল বা ম্যাজিক।

্ এমন এক চেতনা আছে যেথানে সকল ইন্দ্রিয়ের অমুভৃতি এক হয়ে
নিশে আছে। ইন্দ্রিয়ে ইন্দ্রিয়ে যে পার্থক্য যে বৈশিষ্ট্য তা বাহ্ন স্থুল চেতনার

কথা—যত অন্তরে ও হল্মে চলে বাই তত দেখি ইন্সিরে ইন্সিরে একান্ত পার্থক্য আর নেই। সেই স্তরের অমুভূতি নিয়ে মুখ সহজেই শুনতে পারে, কানও বলতে পারে কথা। উপনিষদ্ ঐ জিনিষটিকেই লক্ষ্য ক'রে বলেছে "যৎ শ্রোত্তম্য শ্রোত্ত্বং মনসো মনঃ"। তাই ত আনাদের ঋবিদের বলা হয় মন্ত্র-শ্রোতা নয়, মন্ত্র-দ্রাই। আর ঠিক এখানে চেতনার যে একটা বিপর্যায় ঘটে যায় তাকেই ইন্সিত করে শ্রুতি বলছে বুক্সের মূল রয়েছে উর্দ্ধে আর তায় শাখা-প্রশাখা প্রসারিত নীচের দিকে।

তবে অবশ্র উপনিষদ যে ব্রান্ধী চেতনা তাকেই কবিচেতনা ব'লে গ্রহণ করলে ভূল হবে। আদিতে কবি কথাটির ঐ অর্থই ছিল এবং কবির ধর্মাও ছিল তাই, কিন্তু সে ছিল সভাযুগে—অর্রাচীন যুগে কবির সংজ্ঞা অনেকথানি লৌকিক ও লোকায়ত হয়ে গিরেছে। অন্ত কথার, কবি তার ব্রান্ধী স্থিতি হ'তে অনেকথানি নেমে এসেছেন, কিন্তু তবুও বজায় রেখেছেন এই ইন্দ্রজাল-শক্তিটি—বস্তুর উর্জ্ঞান উৎসে তিনি একান্ত যদি নাই বেতে পারেন তথাপি তিনি অন্ততঃ প্রবেশ করতে পারেন তির্ঘাক্তাবে এমন একটা প্রচন্তর লোকে বেথানে যাবতীয় ইন্দ্রিরের মূল আদি একছ তথন দেখা না দিলেও সেথানে আছে তাদের মধ্যে একটা ঐক্য, নিবিভ্ সংযোগ ও মুক্ত গতারাত—এই হেতু এখানে সন্তব ইন্দ্রিরের বিপরীত ব্যবহার। কবির কথা তাই কেবল ধ্বনি বা শক্তরত্ব নয়, তাতে আছে সভ্য-সত্যই রপে রস গদ্ধ ও ম্পর্শ পর্যন্ত। কবির কথা এই জ্প্তেই প্রাণহীন জড় বর্ণসমাহার মাত্র নয়—তা জীবস্ত, যেন রক্তমাংসে গড়া দেহটি।*
কবির কথা, কথার ধ্বনি কেবল কানের ভিতর দিয়া মরমে পশে

^{*} দ্বাসী কবি Rimbaud তাই প্রত্যেক স্বরবর্ণের দিয়েছেন এক একটি রং—এক একটি ধ্যানমূর্ত্তি —

A noir, E blanc, I rouge, U vert, O bleu, voyelles !

কবিষের একটি সূত্র

না, নরমে পশিবার সঙ্গে সঙ্গে বা আগেই কেমন চারিরে, বার সকল ইন্দ্রিরের মধ্যে—সকল ইন্দ্রিয়ই সাড়া দিরে ওঠে—তাদের আপন আপন ভোগ্য পেরে।

বা হোক, বলছিলাম ইন্দ্রিরের বৃত্তি-বিপর্যারের কথা। এক হিসাবে কাব্যের ও গভের পার্থকাট এই হত্ত দিয়ে নির্দেশ করা যেতে পারে। গভের ছল ও রূপ হ'ল সহজ জীবনের, ইন্দ্রিরের স্বাভাবিক ধারার অর্থাৎ কানে শোনা ও মুখে বলার ছল ও রূপ। এই নিত্যনৈমিন্তিক গভির ছাঁচ ও চঙ বত মার্জিত স্কুক্মার স্থললিত হোক না তা থেকে বাবে গভের পর্যারে—গভ-পভ বা পভ্চ পর্যান্ত হয়ে উঠতে পারে, কিন্তু হবে না কারা। কাব্যের আবির্ভাব ঠিক তথনই বখন ইন্দ্রিরবৃত্তির এই বৈপরীত্য ঘটেছে—কানে আর শোনে না, কানে কথা বলে, মুখে আর কথা বলে না, মুখে কথা শোনে।

পাথী সব করে রব রাতি পোহাইল। কাননে কুস্কুন কলি সকলি কুটিল॥—

স্থলনিত অনুপ্রাসাদি সম্বেও এ গছধর্মী, তবে কিছু মাজাঘনা সাজান-গোছান, এই যা পার্থক্য। কিন্তু

বঞ্বা দন গরন্ধন্তি সন্ততি
্তুবন ভরি বরিপন্তিরা
মন্ত দাহরী তাকে ডাছকী
কাটি যাওত ছাতির;—

এখানে রয়েছে ইন্দ্রিয়বৃত্তির বিপর্যায়। তবে এই উদাহরণ থেকেই বোঝা বাবে বিপর্যায়ের ফল এমন নয় বা কেবল হেঁয়ালি বা প্রলাপ। বিপর্যায়ের আসল অর্থ এই, কথার ধ্বনির পিছনে হক্ষ্ম অমুরণন প্রসারিত হয়ে গিয়েছে এমন একটা লোকে—মুখর মুখ যেখানে মৃক স্তর্ম হয়ে শুনছে শুরু, আর শ্রবণ বাহ্যস্পর্শের অবশ প্রতিলিপি-মাত্র শ্রোডা-মাত্র না হয়ে, হয়ে উঠেছে

বক্তা, সেই ভিতরকে বাহিরে ফুটিয়ে ধরেছে—কানের ও মুথের এই রকমের একটা ধর্মান্তর রূপান্তর হয়েছে। অবশ্ব আধুনিক এক শ্রেণীর কবি ঠিক এই কথাই বলতে, এই কাজই করতে চেয়েছেন যে বাক্য বতক্ষণ sense ছেড়ে nonsense না হয়ে উঠছে ততক্ষণ কাব্য হয় নাই। এ রকমটি ঘটে ইন্দ্রিয় অন্তর্ম্মুখী হয়ে য়থেই গভীরে য়িদ না চ'লে গিয়ে থাকে—সেই গভীরের আগে অবধি, একটা স্বপ্নয় জগতে, ইন্দ্রিয়বৃত্তির য়িদ অদল-বদল ঘটে তবে তাতে এনে দেয় কেবল ব্যামিশ্রতা, নির্থকতা—প্রলাপ, সংলাপ নয়।

সত্যকার বিপর্যারের ফল উত্তট হয় না, হয় চমৎকারী। তবে এই বিপর্যায়ের নানা পর্যায়—শ্রেণী স্তর ক্রম—থাকতে পারে, স্থুল থেকে স্থায়ে, কাঠামো থেকে অন্তরাত্মায়। বিভাপতির যে চরণ উপরে উদ্ধৃত করেছি তাতে বিপর্যায়ের লক্ষণ কাঠামোতে ধরা কিছু দের নি—কাঠামো ঠিক সাধারণ ইন্দ্রিয়াম্বগতই রয়ে গেছে। কিন্তু শুনুন রবীন্দ্রনাথের—

তব ন্তনহার হতে নভন্তলে খসি পড়ে তার। অকস্মাৎ পুরুষের বক্ষমাঝে চিন্ত আত্মহারা নাচে রক্তধারা। দিগন্তে মেথলা তব টুটে আচম্বিতে অরি অসম্ব তে!

এখানে বে চমংকারের অনুভব হয় তার মূল কারণটি এই নয় কি যে এখানে কবির কি যাহর কলে আমাদের ইন্দ্রিয়গুলি আর পৃথক নয়, সব গ'লে মিশে একাকার হরে গিয়েছে (হরন্ত বরষা কালের মত!) এবং একটা অথগু ইন্দ্রিয়-সমবায়ে ঘটেছে অপ্রত্যাশিত সংযোগ সমন্বয়?

বাহতঃ বিপর্যায় আরও স্পষ্ট হয়েছে অনেক আধুনিকের মধ্যে— আধুনিকতার প্রধান একটি লক্ষণ এই। গুরুন আমাদের এক আধুনিককে

কবিত্বের একটি সূত্র

তবে—

3

সে এক স্থপন আঁথি
নৈঃশব্যের দীপ্তরেণু মাথি
প্রথম প্রভাতে
সালোকের ধ্যানময় স্থর্গভূচ্চ সাথে
কানে কানে
ধরণীরে শুনাইল কি যে বাণী মধুমাথা গানে
সেই হতে অজানা সঙ্গীত
আঁধার সাগরে স্থেজ ক্রম্ম লোহিত।

ইন্দ্রিয়বুত্তির মধ্যে অদল-বদল ঠিক নয়, তবে একটা অফুরূপ ব্যাপারের উল্লেখ কোলরিজ ক'রে গিয়েছেন তাঁর "ইমাজিনেশন" ও "ফ্যানসি"র স্থবিখ্যাত তুলনায়। দেশে কালে অন্তরিত, বিষয়ের হিসাবে অসম্বন্ধ বস্তুর মধ্যে সংযোগ স্থাপন করা, নৃতন নৃতন ঐক্যন্থত্ত আবিষ্কার করা, অভিনব একত্ব ব্যক্ত করা যে-বৃত্তির সহজ ধর্ম তাকেই কোলরিজ নাম দিয়েছিলেন "ইমাজিনেশন", কবি-কন্ননা। আর বে-রুত্তির সে ক্ষমতা নাই, যে চলে খাপে খাপে ক্রমে ক্রমে একটির সঙ্গে তার সন্নিহিত বস্তুটি যোগ ক'রে ক'রে, যার মধ্যে আকস্মিক অপ্রত্যাশিত কিছু নেই, তারই নাম "ক্যানসি"। আমরা প্রায় বলতে পারি এই শেষোক্ত বুজিট হ'ল পঞ্চের অধিষ্ঠাত্তী দেবতা, কিন্তু কাব্যের অধিষ্ঠাত্রী হ'ল "ইমাজিনেশন"। কবি যে অভতপূর্ব্ব যোগাযোগ সব সাধন করতে পারেন, তার কারণ আমরা বলেছি তাঁর চেতনা, তাঁর ইন্দ্রিয়ামুভতি একটা অথণ্ড ব্যাপক বুডি—একান্ত স্থূলের মধ্যে রুঢ়ের মধ্যে এসে পড়ে জমাট কঠিন ব্যষ্টিখর্মী হরে পড়েনি, তার আছে নিভতের হুক্মের তারল্য ও সাধারণ গুণ। সেধানে অভিনব যোগ এবং অভিনব অযোগ (বৈপরীত্য ও বিপর্যয়) স্বাভাবিক—এই গুণেই সেই চেতনার পরিচয় এবং সেই চেতনাস্মষ্ট কাব্যের চমৎকারিম।



ইন্দ্রিরের মধ্যে এই অদল-বদলের জন্মই আর একটি ব্যাপার আমরা
শিল্পস্থির মধ্যে সহজেই লক্ষ্য ক'রে থাকি। শিল্পে দিল্পে যে মেশামিশি
হয়—যেমন কাব্যের নধ্যে, কথার গড়ন-চলনের মধ্যে কথন দেখি সঙ্গীতের
প্রভাব, কথন চিত্রের কথন ভাস্কর্যের কথনও বা স্থাপত্যের—তার হেতুও
ঠিক এইখানে। শেলী-ভেন্নলেন সঙ্গীতময়, গোভিয়ে (আমাদের কালিদানও) চিত্রময়—রবীক্রনাথ সঙ্গীতময় চিত্রনয় উভয়ই—বোদেলের কথার
ভাস্কর, মিলতন ভর্জিল স্থপতি।

আরও আমরা দেখতে পারি কাব্যের ইতিহাসে বুগে বুগে ব্ বুগান্তর বা নবজন্ম হয়েছে তা বটেছে নিভ্ত চেতনার এই বিপর্যর-পটীরসী বৃত্তির নব আবির্ভাবের ফলে, এবং এই বিপর্যর বত স্তুর্ভু, গভীরতর হয়েছে— নবস্প্রষ্টিও তত চমৎকার হয়েছে। ইউরোপে রেণাদেসের বুগ, তার পর রোমান্টিক বুগ, তার পর ইন্প্রেশনিজম্-এর বুগ এবং শেবে আবুনিক বুগের প্রচেষ্টা, করেকটি বুগান্তরের ক্রম। আমাদের দেশেও এই ধরণের ক্রম নির্দেশ করা বায়—মধুস্দন, রবীলুনাথ ও সমসাময়িক উল্লোগ।

লোকোত্তর চেতনার কবিতা

উর্ধাতর—মানসোত্তর চেতনা থেকে সাহিত্যস্থাইর সম্ভাবনা সম্বন্ধে আপনার সন্দেহ উঠেছে কেন ? অবশ্র এমন একটা ভূমি আছে বেখানে সাহিত্যস্থাই কেন, কোন স্থাইই সম্ভব নম্ব—মার নাম নির্বিকর সমাধি, অক্ষর ব্রহ্ম, নির্বাণ, লয়। কিন্তু তা ছাড়া বেখানেই স্থাই সম্ভব হয়েছে, সেখানে সাহিত্যস্থাইরও অবকাশ রয়েছে। সাহিত্য কি ? সত্যের সৌন্দর্যাময় রূপ—বাক্যের আধারে। এই বে স্কুন্দর বাঙ্ময় রূপ—তা কেবল নিয়তর সত্যের নয়, উর্ধাতর সত্যেরও থাকতে পারে। আপনি হয়ত জিজ্ঞাসা করবেন মর্ত্ত্য, মামুষী বাক্য কতথানি প্রকাশ করতে সক্ষম অমামুষী অমর্ত্ত্য সত্যকে সৌন্দর্যাকে। আমার মনে হয় মামুবের ভাষা যতই সীমাবদ্ধ অসম্পূর্ণ হোক না—বদিও বাক্ত্রন্ধ বলে একটা জিনিষ আছে—শিল্পীর হাতে তার এমন একটা রূপান্তর ঘটে যায় বাতে অলোকিক লোক সবও ধরা পড়ে। কবির কবিত্বই এখানে।

উদ্ধৃতন চেতনাস্ট কাব্যের উদাহরণ আপনি চেয়েছেন। কেন— উপনিষদ কি, গীতা কি ? উপনিষদের

তমেবভাস্তমন্থভাতি সর্বন্
তম্ম ভাসা সর্বমিদং বিভাতি লোকোত্তর চেতনার কথা—লোকোত্তর কবিত্বও নম্ন কি ? গীতার অনিত্যমন্থবং লোকমিমং প্রাপ্য ভব্নম্ব মান্—

জানি না, এর কবিত্ব কার প্রাণমনকে উদ্বেলিত করে তোলে না। কিম্বা ধরুন বাইবেলের—

And the spirit of God moved upon the face of waters এখানেও লোকায়ত চেতনার কথা নয়, কিন্তু কবিছ কি কিছু কম ? ইংরেজী কাব্যে Blake এই উদ্ধৃতর (কি গভীরতর) domain of consciousness-এর কবি। A. E.ও তাই। এমন কি বলা বেতে পারে, এই উদ্ধৃতর রাজ্যে সর্বতোভাবে উনীত না হলেও, বহু কবির মধ্যে এই রাজ্যের আভাব, ইন্দিত, প্রতিছায়া বহু যায়গায় দেখতে পাই। তবে এখানে মনে রাখা দরকার higher domain বলতে একটি বিশেষ লোক ব্রায় না। মনের উপরে, অতিমানম লোক রয়েছে বহু, স্তরের পর তার,—ঋয়েদের কথায়—সাহার উপরে সায় ক্রমাগত উদ্দে উঠে চলেছে। এবং প্রত্যেক লোকের নিজস্ব সত্য নিজস্ব সৌকর্যা আছে, এবং তা বিভিন্ন ভাবে বিভিন্ন কবির ভিতর দিয়ে রূপ গ্রহণ করতে পারে। জিনিব বত গভীরের বা স্থলরের বা অন্তর্যালের হয়, সাধারণ মায়্রবের পক্ষে তা তত ত্রেহ হয়ে ওঠে। তা ছাড়া অনেক কবি আছেন বাদের হাতে এই ত্রেহতা বণাসম্ভব সহজ হয়ে দেখা দেয়, আবার এমন অনেকে আছেন বাদের হাতে ত্রহ বস্তু ত্রহতর হয়ে প্রকাশ পায়।

আপনার অন্ত প্রশ্ন, এই সব ত্রধিগন্য চেতনার কাব্যস্থ প্রামাদের আদে বাধগন্য হবে কি না। জিজ্ঞানা তবে করতে পারি, উপনিবদ বোধগন্য কি না—কাব্য হিসাবে ? ফলত ঠিক করতে হবে "আমাদের" বলতে কি ব্ঝায়। কাব্যের রস আস্বাদন করতে হলে শিক্ষা চাই, সাধনা চাই, বৃত্তির অনুশীলন সৌকুমার্য্য চাই। যে কোন কবির স্পৃষ্টিকে ব্রুতে হলে হদরত্বসন করতে হলে, কবির সেই লোকে প্রবেশ করতে হয়। উর্ক্তর চেতনার কাব্য সম্যক হৃদরত্বসন করতে হলে, উর্ক্তর চেতনার সম্বে আগে সংযোগ স্থাপন করতে ত হবেই। এই সংযোগের অভাবেই ইংলণ্ডে Blake

লোকোত্তর চেতনার কবিতা

এতদিন অপাংক্তের হরে পড়ে ছিলেন। গুটিকতক গুণী এই সংযোগের হত্তে পেরেছেন, তাঁদেকে ধরে Blake আবার সর্ব্বজন সমাদৃত হতে চলেছেন। কিন্তু তা ছাড়া, বহুর বোধগম্য না হলেও, তাতে শিল্লের মর্য্যাদা কমে বার না। তগবানকে বেশির ভাগ লোকই দেখতে পার নি, উপলব্ধি করে নি, সমাদর করে নি—ভগবান তাতে অসিদ্ধ হরে বান নি, ভগবানের সৌক্র্য্য তাতে কিছু মান হয় নি।

আপনি বলতে পারেন এ রকম esoteric, hermetic গুন্থ বা "কোল" কবিছের সার্থকতা কি? বহুজনের প্রীতিবিধান বে করতে পারে না, তার থাকাও বা না থাকাও তাই। Mute inglorious Milton-দের দিয়ে অথবা বে সৌন্দর্য্য রয়েছে "বৃস্তহীন পুস্পসম আপনাতে আপনি বিকশি" তা দিয়ে আমরা কি করব? এথানে মনে রাখা দরকার এটা "আমাদের" দৃষ্টিভদ্দি—আমাদের কাছে যুক্তিযুক্ত; কিন্তু এ ছাড়া "তাঁদের"-ও ত একটা দৃষ্টি-ভদ্দি আছে। আমরা ধদি সর্বাদা "আমরাই" থাকি—কথনও "তাঁদের" মত কিছু হয়ে উঠতে না চাই, না পারি—পরিণামে ক্ষতি হবে কাদের?

আপনার শেষ প্রশ্ন, উচ্চতর চেতনার সাহিত্য কি সাহিত্য হিসাবে
নিয়তর চেতনার সাহিত্য অপেকা মূল্যে মর্যাদার উচ্চতর হবেই ? উত্তর
অবশ্য—না, তা নর। সাহিত্য আগে সাহিত্য হওয়া চাই, উচ্চতর হোক
কি নিয়তর চেতনার হোক। উচ্চতর চেতনা বদি দের কেবল উচ্চতর
বিষরবস্তু, কিন্তু সেই সাথে দের না উচ্চতর ভঙ্গী—তবে শিল্প হিসাবে তার
মর্যাদা উচ্চতর হয় না। "ব্রহ্ম সত্য জগৎ মিথা"—মহাবাক্য, চরম
উপলব্ধির কথা হতে পারে। কিন্তু কবিত্ব হিসাবে আমি পছল্ফ করব—

Take, O take those lips away—

তবে উচ্চতর চেতনার কথা যদি বাদ্মর হরে ওঠে উচ্চতর ভঙ্গীতে—তবে সে হল সোনার সোহাগা। ঋষি হলেই যে তিনি কবি হবেন, এমন বলা চলে

না—বেমন বলা চলে না কবি হলেই তিনি ঋষি (কবি ও ঋষি আমি সাধারণ চলিত অর্থে গ্রহণ করছি)। মানসোত্তর লোকের অনুভৃতি যাঁর আছে তিনি ঋষি হতে পারেন—কিন্তু সে অনুভৃতি যথন তিনি মানসোত্তর ভাষায় ও ভঙ্গীতে প্রকাশ করতে পারেন, তথনই তিনি কবি।

কথার কথার প্রায় একটা প্রবন্ধই লিখে ফেলেছি। তবে আগনার সমস্ভার পুরণ হল কিনা জানি না।*

^{*} জনৈক বন্ধুকে লিখিত পত্ৰ

কাব্য ও মন্ত্ৰ

কাব্য ও মন্ত্র এক জিনিষ নম্ব, সেই পার্থকাটি আমি একটু দেখাতে চাই। কাব্য মন্ত্র হয়ে উঠতে পারে; শুধু তাই নম্ব, কাব্যের মন্ত্রই হয়ে উঠা উচিত, কাব্যের শ্রেপ্টরূপ পরাকাপ্তা হল মন্ত্র। আবার মন্ত্রও দেখা দিতে পারে কাব্যের আকারে কাঠামে। তবে এ সোনাম্ব সোহাগা সচরাচর সহজে চোখে পড়ে না।

একটা লক্ষ্য করবার ব্যাপার। আমরা যথন গীতা পাঠ করি, কি উপনিষদ পাঠ করি, কি বেদসংহিতা পাঠ করি তথন যে আমরা কাব্য পাঠ করিছ এ-কথা একরকম মনেই ওঠে না—আমাদের চেতনা মুখ্যতঃ কাব্যরসের অপেক্ষা অন্ত একটা রস—"ব্রন্ধ-রস" বলব কি ?—উপভোগ করে। তার প্রমাণও এই যে কাব্যের কবিছের উদাহরণ যথন দেওরা হর তথন বেদ-উপনিষদ-গীতা বড় উল্লেখ করা হর না, উল্লেখ করা হর ব্যাস বাল্মীকি কালিদাস ভবভৃতি। অথচ বস্ততঃ গীতা কি উপনিষদ কি বেদ-মন্ত্র হল সর্বশ্রেষ্ঠ কাব্যের পর্যায়ে—কাব্য-নামক যে-কোন স্থাষ্টি, প্রাক্ষত বা লোকা-রত যে-কোন রস-রচনা, কবিছের মর্যাদার এদের ছাড়িরে যায় না, আদি কবি বাল্মীকিও নয়, হোমর-সেক্মপীয়রও নয়। একটা কথা আছে শিল্পনিশ্ব যত উচ্চন্তরের তত সে নিজেকে লুকিয়ে রাখে—the highest art is to conceal art—বেদ-উপনিষদ গীতার কবি যে ভাবে আছ্ম-গোপন করে রয়েছেন এমন কবি-আখ্যায় পরিচিত কবিরা সহজে করতে পারেন না। উপনিষদ যথন বলছে—

এতদালম্বনং শ্রেষ্ঠমেতদাল্মনম্পরম্

 এতদালম্বনং জ্ঞাড়া ব্রন্ধলোকে মহীয়তে—

এই ত শ্রেষ্ঠ অবলম্বন, এই ত পরম অবলম্বন, এই অবলম্বনের জ্ঞান হলে ব্রহ্মলোকের মহত্ব লাভ হয়—

অথবা গীতা বলে যখন

তুঃখেল্লমুদ্রিরমনাঃ স্থােষ্ বিগতস্পৃহঃ

ं इः १४ मन यात्र निकृष्टिंग, सूर्य यात्र आत स्पृश नाहे—

তথন কাব্যরসের দিক্ দিয়েই কবিজের চরম শিথরে বে আমরা দাঁড়িয়ে সে থেয়াল কি প্রথমে হয়, আদৌ হয় কি? একেই কাব্য না বলে আমি বলতে চাই মন্ত্র।

কাব্য কি ? রসাত্মক বাক্য। এর চেয়ে স্বর্চু সংজ্ঞা কাব্যের কথন দেওরা হয়েছে কিনা সন্দেহ। স্বীকার, করলাম; নয়ের সংজ্ঞা তবে হল, আমি বলি, বাক্ত্রন্ধ। উভয়এই বাক্ প্রতিষ্ঠা আশ্রয় আধার, উভয়এই বলা মেতে পারে বাক্-এর মহিমা মাহাত্ম্য। তবে একটা হল্ম সীমানা আছে, যার এক দিকে বাক্ হয়ে হঠে ময়, আর এক দিকে সে হয় কাব্য, য়তই তা স্থলর বা মহৎ হোক না। কথাটা তবে এই। বাক্ য়থন আপনাকে আদৌ জাহির করে না, তার নিজস্ব চাতুর্য্য ফলিয়ে ধয়তে তৎপর নয়,—কস্তারী মূগের মত আপনার সৌগদ্যে যথন আপনি আত্মহারা নয়—নিজের মনোহারিত্ব নয়, নিজেকে নয়, তার একমাত্র লক্ষ্য য়থন হল তার অন্তঃস্থ রসবস্তু, যার মধ্যে সে প্রতিষ্ঠিত, তাতে শরবৎ তন্ময় হয়ে থাকা, তাকেই য়খন সে অকুষ্ঠিতভাবে নির্দ্যোবভাবে প্রকাশ করে এবং অতি সহজভাবে একাজ করতে পারে তথনই দেখা দেয় ময়। বাক্যের ওজন য়খন বেশি হয়ে পড়ে—তা বতটুকই হোক না—তথনই তা কাব্যের পর্যায়ে নেমে যায়; আর বাক্যের ওজন য়খন সম্পূর্ণভাবে হ'ল বাক্যের আশ্রমীর ওজন তথন তা হয়ে ওঠে ময়।

কিন্তু মন্ত্র বলতে যে কেবল অধ্যাত্ম-সাধনার কথা, ধর্ম্ম-তত্ত্বের কথা বুঝতে হবে তা নর। লোকায়ত বা ঐহিক অমুভূতি উপলব্ধিকেও মন্তবদ্ধ

কাব্য ও মন্ত্ৰ

করে প্রকাশ করা যায়। সে-অমুভৃতি ও উপলব্ধির যে মূল সত্য যে নিজস্ব রসময় সত্য, বাক্য যদি হয় তারই আত্মপ্রকাশ, তারই যথাযথ বিগ্রহ, তবে সে-লৌকিক বাক্যও মন্ত্র। স্বয়ং ব্রন্মের ব্রন্মবস্তুর বাহন যদি না'ই হয় তব্ও সে যার বাহন তাকে বলা যেতে পারে ব্রন্ম-সহোদর, "ভটস্থ" ব্রন্ম, উপ-ব্রন্ম।

সেক্সপীয়বের বিখ্যাত :--

And in this harsh world draw thy breath in pain কি দান্তের :—

Lasciate ogni speranza voi ch'entrate অথবা বান্মীকির

অপহৃত্য শচীং ভার্যাং শক্যমিদ্রস্ত জীবিতুন্। ন চ রামস্ত ভার্যাং মামপনীয়ান্তি জীবিতন্॥

এ দব বাক্যে আধ্যাত্মিক কথা বলতে আমরা বা বুঝি তা কিছু নাই, এখানে রয়েছে তোমার আমার মত সহজ সাধারণ মাহুবেরই কথা, তবুও এদের নাম দেব মন্ত্র—কারণ বাক্য এখানে অহুভৃতি-উপলব্ধির, রসবস্তুর বেন নিজস্ব দোল ও রোল—মগুন নয়, পরিচ্ছদ বা পোনাক নয়, তা এমন স্বচ্ছ এমন বাহুল্য-বর্জ্জিত,—বেশি নয়, কমও নয়—এতথানি প্রয়োজন-নিয়ন্তিত বে বস্তুর সদ্দে সে রয়েছে মিলে ও মিশে, অঙ্গীভৃত একীভৃত হয়ে। তাই ত মন্ত্র বস্তুকে করে আহ্বান, করে প্রকট, করে মূর্ত্ত। মন্ত্রে বাক্য তার স্বাধীন স্বাতন্ত্র্য রাখে নাই, আপনাকে সম্পূর্ণ অনুগত করে দিয়েছে বাক্যাতীতের কাছে। এক দেহ আছে আধার আছে, নিজের স্বকীয়তাকে বজার রেখেছে, দেহীর আধেয়ের আত্মার সে-প্রকাশ গোণভাবে, আপনাকে সে বত স্থানর স্মৃত্তু করে তুলুক না—তা অজ্ঞানাত্মক ও মরধর্ম্মী; গ্রীক ভাস্কর্ব্যের সৌন্দর্য্য এই স্তরের, গ্রীকেরা জীবনেও এই সৌন্দর্য্য ও সোষ্ঠব চেয়েছে। কিন্তু আর এক দেহ আর এক আধার আছে বা নিজের স্বাধীনতা বিসর্জন দিরে হয়ে

উঠেছে অমরত্বের বাহন ও বিগ্রহ —আমার মনে হর ভারতীর ভার্ত্বের হল এই রহস্ত । এবং ভারতের অনেক আধ্যাত্মিক-সাধনার লক্ষ্যও ছিল এই অমরত্ব, অলৌকিক শারীর-সিদ্ধি। সে যা হোক—বলছিলাম বাক্-এর অব্যর্থ পরিমাণ ও মাত্রার কথা।

কালিদাস বড় কবি—শ্রেষ্ঠদের পর্য্যায়ে তিনি। এ আসনের তিনি উপযুক্তই। তবুও মোটের উপর মনে হয়, উপনিষদ কবির মত তিনি মন্ত্র-শ্রষ্টা বা ঝাষ নন, তিনি কবিই। তিনি যথন বলছেন—

বৈদেহি পশ্যামলারাদ্বিভক্তং
মৎসেতুনা ফেনিলমন্বুরাশিম্
ছারাপর্থেনের শরৎপ্রসন্নমাকাশমাবিদ্ধতচারুতার্য—

তথন আমরা চমৎকৃত হই, বলি বাঢ়ম্—তবুও এ জিনিষ সে জিনিষ নম্ন ধা সকল প্রশংসা-স্তুতির সকল সমঝদারির বহির্ভূত, থার সম্বন্ধে বাক্ তব চেতনা সমাহিত—ভাবৈকরসং মনঃ স্থিরং। কালিদাস নিজেও এ ধরণের মন্ত্র যে উচ্চারণ করেন নাই তা নম্ন—গুরুন—

সেরং যাতি শকুন্তলা পতিগৃহং সর্বৈরম্প্রায়তান্
ভাষা এখানে ভাবের সঙ্গে এমনভাবে মিলেমিশে এক হয়ে রয়েছে
যে ভার পৃথক মাহাত্ম্য অন্তিত্ব এক রকম অন্তভবই করি না। বাক্যের
নিরাভরণ স্বচ্ছ প্রজুতা রসবস্তুকে যেমন সহজে অবাধে গোচর করে ধরেছে তা
সম্ভব কেবল মন্ত্রশক্তির। কিন্তু আমি বলছিলাম কালিদাসের সাধারণ,
মোটের উপর ধারার কথা।

ম্যাথু আর্ণল্ড কবি ওরার্ডসওরার্থ সম্বন্ধে একটা কথা বলে গিরেছেন আমরা সকলেই জানি। ওরার্ডসওরার্থের কবিত্ব বেখানে পেরেছে পরাকাষ্ঠা সেখানে অন্নভব হর যেন কবি অন্তর্হিত হরেছেন, প্রাকৃতি স্বরং এসে লিখে দিরে গিরেছেন। আমি বলতে চাই, সকল মন্ত্রের বৈশিষ্ট্য হল এই

কাব্য ও মন্ত্ৰ

অপৌরুবেরতা, এই নির্ব্যক্তিকতা। সৃষ্টির নধ্যে যতক্ষণ ররেছে ব্যক্তিগত অস্মিতার ছাণ ততক্ষণ স্রষ্টা মন্ত্রকং ঋষি হরে উঠতে পারেন নাই—তিনি কবি হরেই ররেছেন। কবি বেখানে কবি শিল্পী মাত্র—তার অধিকস্ত কিছু নন্—সেথানে কবি হিসাবে তিনি সজাগ সজ্ঞান, আপন ক্তিডের কথা তিনি সহজে ভোলেন না,—তাই ত ভবভৃতি গর্ম্ব করে বলতে পেরেছেন—

বে নাম কেচিদিহ নঃ প্রথম্বন্ত্যবক্তাং জানন্তি তে কিমপি তান্ প্রতি নৈষ বত্নঃ। উৎপৎস্ততেন্তি মম কোহপি সমানধর্মা কালো হুয়ং নিববধিবিপুলা চ পৃথী॥

আমাকে বারা অবজ্ঞা করে থাকেন তাঁদের জ্ঞান বাই হোক না আমার এই প্রেয়াস তাঁদের জন্ম নর, আমার সমানধর্মা কেউ আছে হয়ত কোথাও, আর না হয় ভবিদ্যতে জন্ম নিতেও পারে, কারণ কালের ত শেষ নাই, পৃথিবীও বিপুল।

মিলতন কি ভর্জিলকে আমরা এ হিসেবে কবি পর্যান্তই বলতে পারি
—তার বেশি নয়। মিলতন কি ভর্জিল কি কালিদাসেরও উপরে বারা
সেক্সপীয়রকে কি হোমরকে কি বাল্লীকিকে স্থান দিয়ে থাকেন তাঁদের সিদ্ধান্ত
এই বোধটির উপর প্রতিষ্ঠিত। তল্পের ভাষা ধার করে বলা বায়, এক
শ্রেণীর কবিকণ্ঠে মুখরিত "বৈধরী" বাক্, আর এক শ্রেণীর কঠে প্রকট
"পশ্রন্তি" বাক্।

শ্ববি (বা শ্ববি-কবি) আর কবি (বা কবি-কবি) পৃথক্, তাঁদের বাক্-ধারা পৃথক বলে। বৈথরী হল বাক্ বেথানে নিজের মহিমার প্রতিষ্টিত, তার আপন পৃথক্ মর্ব্যাদা ও মাহাত্ম্য বজার রেথেছে, ধ্বনির স্বাধীন নৈপুণ্য কলিরে ধরবার লোভ সম্বরণ করে নাই। তাই অন্তর্রাত্মা, সত্যকার রসমর পুরুষ সে কল-রোলে সকল সময়ে সম্ভূষ্ট হয় না—হ্থামলেটের মত বলে ওঠে—words words words—কি জয়দেবের মত—মুথরমধীরং তাজ মঞ্জীরং—

িকিন্তু পশুন্তি বাক্ হল এই অন্তরাত্মার সহজ অনাহত বাণী, সত্যদৃষ্টির স্বকীর চারু রশ্মিরেধা।

বাংলার কাব্যে প্রাধান্ত পেরেছে বৈথরী বাক্ (গৌড়ীর রীতির জের বৃঝি আমরা বরাবর টেনে চলেছি); পশুন্তি বাক্ ছল'ভ বিরল—নাস্তি বলণেও অত্যক্তি হর না। বাংলার স্থন্দর কাব্য হয়েছে সন্দেহ নাই—স্থানর কাব্য প্রচুর স্বষ্টি হয়েছেও বলা চলে। কিন্তু বাংলার ঋষি কবি কই? রবীজ্ঞনাথ? রবীজ্ঞনাথে কাব্যশক্তি পরম উৎকর্ম লাভ করেছে হয়ত, কিন্তু মন্ত্রশক্তি? রবীজ্ঞনাথ সম্বেও জিজ্ঞাসা করতে হয় আমদের বছল ও বিপুল কাব্যস্প্রির মধ্যে সত্যকার আর্ববাক্য কতটি নেলে?

নব্য কাব্য

ন্তন স্প্রের জন্ম প্রয়োজন নৃতন অনুপ্রেরণা—আধ্নিকেরা এই সহজ সত্যটি মনে হয় যেন ভাল করে ধরতে পারেন নাই; নৃতন প্রেরণার দিকে না গিয়ে তাঁদের মুখ্য চেষ্টা হয়েছে নৃতন ধারণা, নৃতন ধরণ সব সংগ্রহ করা কি আবিকার করা। অভিনব চিস্তাচাত্র্য্য আর অভিনব গঠন-বৈদ্য্যা, এই ছটি প্রক্রিয়ার উপর তাঁরা যেন সমস্ত জাের দিয়েছেন। আধ্নিকেরা পূর্বতনদের ধারণা ও ধরণে বীতশ্রম ও বিরক্ত হয়ে পড়েছেন—ফরাসী নাট্যকার মােলিয়ের এক নব্য ভাজারের চরিত্র গড়েছেন মিনি বলে ফেলেছিলেন হাদ্পিণ্ডের স্থান বুকের জান দিকে (তিনি ছিলেন বাকে বলে 'ধরে-বেংখ' ভাজার—অতটা ভাজারী জ্ঞান তাঁর ছিল না); আপত্তি জানালে তিনি অতি সপ্রপ্রভিভাবেই বললেন, ও-সব হল তােমাদের যুগের কথা, আমরা ও-সব পুরাণাে ব্যবস্থা একদম বদলে দিয়েছি (nous avons changé tout cela)।

কথা উঠেছে প্রাচীন কবিতা চাই না, চাই আধুনিক কবিতা।
কিন্তু আধুনিক কবিতা কেবল আধুনিক হলেই ত চলবে না, তাকে হতে
হবে আবার কবিতা। আশ্বার বিষয়, আধুনিক কবিরা তাঁদের কবিতাকে
বে-পরিমাণে আধুনিক করে তুলবার প্রশ্নাস পেরেছেন সে-অন্থণতে তাকে
কবিতা করে ধরবার আয়াস গ্রহণ করেন নাই। কবিতার মধ্যে আধুনিকতার বৈশিষ্ট্য স্বকীয়তা মুদ্রাদোষ—ফলিয়ে ধরতেই যেন তাঁরা বেশি
ব্যস্ত এবং যিনি যতথানি এ কাজটি করতে পেরেছেন তাঁর কাব্য-সৃষ্টি
ততথানি সফল ও সার্থক হয়েছে বলে বিবেচনা করা হয়।

আধুনিকতার বৈশিষ্ট্য কি, স্বকীয়তা কোথায় ? একটা হিসাব দিতে আমরা চেষ্টা করব।

আধুনিকের প্রধান বৈশিষ্ট্য আত্ম-সচেতনা ও তার আমুবিদিক বৃত্তি আত্মবিদ্ধেক। আধুনিক কবি নিজের কবি-পদবী সম্বন্ধে পূর্ণ সজাগ, তিনি কথনও ভূলতে পারেন না বে তিনি কবি; আরও তাঁর কবি-চিন্তু কি কি উপাদানে গঠিত এবং তাঁর কাব্য-রূপনের 'এনাটমি' কি সে-সব্ বৈজ্ঞানিক তথ্য তিনি জ্ঞাত আছেন। তিনি স্বষ্টি করেন সব জেনে-শুনে দেখে পরথ করে, পদে পদে উদ্যোগ্র প্রয়োজন অমুসারে সব অফ উপাদান বথাষথ স্থসজ্জিত ক'রে—একটা সজাগ দৃঢ় সম্বন্ধ, একটা স্থাপত্ত পরিকর্মনা তাঁর গঠনকে বাঁকে বাঁকে নিরন্ধিত করে চলেছে। এখানে যেন অতর্কিত্তের, উদ্যোগ্রহীনতার স্থান নাই। প্রাচীন কবিরা স্বষ্টি করতেন একটা যেন আবেগের ভরে, একটা নিরন্ধুণ প্রেরণার আবেগে, প্রায় আত্মহারা হয়ে—in fine frenzy rolling। প্রাচীনতর কবি-প্রতিভার সম্বন্ধে বলা চলে, the wind bloweth where it listeth—আধুনিকেরা পক্ষান্তরে বলবেন, কাঁটা কম্পাস ছাড়া পাদমেকং ন গছামি।

আধুনিক কবি কেবল আত্ম-চেতনই নন, তিনি আবার বিশ্বচেতন।
কবির জ্ঞান যে কেবল তাকে নিজের সম্বন্ধে সজ্ঞান করেছে তা নয়, বিশ্বের :
সম্বন্ধেও তাকে সজ্ঞান করেছে। ভাবে অনুভবে বিশ্বের সাথে একটা
সাধারণ ঐক্যের বা সোহার্দ্ধ্যের কথা বলছি না, মন্তিক্ষের শারণার চিন্তার
কবির মধ্যে প্রতিফলিত হবে আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সমস্তা সিন্ধান্ত সব।
আধুনিক চিন্তকে চেতনাকে স্পর্শ করে আলোড়িত করে যত তন্ত্ব—আধুনিকেরা বন্তু-হিসাবে বন্তকে নিয়ে আর তত তৃপ্ত নন্, বন্তকে কেটে ছিও,
তাকে বিশ্লেষণ করে, যে তন্ত্ব পাওয়া যায় কি যায় না, বন্ত যে মনোজ সমস্তার
প্রতীক বা বাহন, সে-সবই কাব্যের অঙ্গীভূত হৎয়া চাই, তাদের সম্বন্ধে
কবির প্রতিক্রিয়া প্রকাশ করা চাই, তাই হল কাব্যের মুখ্যু সার্থকতা।

আধুনিক কবি বিশ্বচেতনা হুই ধারার—দেশে ও কালে ভূগোলের জার ইতিহাসের জ্ঞান আধুনিক মনকে বিচিত্র রকমে সমূদ্ধ করেছে।

নব্য কাব্য

একদিকে সমসামরিক সমগ্র ভৃথগু, আর একদিকে সমগ্র অতীত বিবর্তন. কত প্রকার অন্তভৃতির উপলব্ধির আলোচনার বিষয় আধুনিক চেতনায় সঞ্চিত করেছে, স্তরে স্তরে কোষে কোষে। দেশান্তরিত, কালান্তরিত বিবিধ শিক্ষা-দীক্ষা সভ্যতা সংস্কৃতি মিলে-মিশে আধুনিক চিত্তের যে গঠন দিরেছে তাতে আধুনিক মানুষ আত্যন্তিকভাবে—হন্দ্ৰ আকারে নর, স্থূলতঃ কার্য্যতঃ বস্ততঃ—হয়ে উঠেছে বিশ্ববাসী। ফরাসী শিন্নীর দৃষ্টি মুগ্ধ হয়েছে, তুলিকা স্পন্দিত হয়েছে স্থদূর পলিনেশীয় প্রকৃতির, পলিনেশীয় আদিম মামুবের সৌন্দর্য্যে, প্রাগৈতিহাসিক নিশরের শিল্প রচনার পাই যে রেখা-ভত্তির অপর্রপ কঠোর মাধুর্য্য, তপদী-স্থলভ নগ্নতা, দৃঢ়তা একাগ্রতা, যেন আধু-নিকের মধ্যে পাই তার ছায়া। আমাদের দেশেও আধুনিকের হাতে কেবল যে স্থানুর অজান্তার টান পাই তা নয়, অনেক আধুনিক কণ্ঠেও শুনি ভারতীয় স্থরে ইউরোপীয় ছন্দ। অবশ্র অতীতকালে দেশে ও দেশে, যুগে ও বুগে আদান-প্রদান ও একটা মিশ্রণ বে ছিল না তা নয়—কিন্তু তা ছিল বেন প্রাকৃতিক স্বাভাবিক ক্রিয়ার মত সহজ ও অনারাস। কারণ বিদেশ হতে আগত অথবা অতীত হতে গৃহীত উপাদান-উপকরণ এতথানি আত্মসাৎ করে ফেলা হত, বর্ত্তমানের চিত্তরসায়নে এতথানি গলে মিশে বেত, যে সে-সকল আবিষ্ণারের জন্ম রীতিমত প্রয়োজন রাসায়নিক বিশ্লেষণ, পণ্ডিত গ্বেবকদের সমগ্র কলাকৌশল (critical apparatus)। আর্থ্য-সংস্কৃতির কোন কোন অন্ত অনার্য্য বা অনার্য্যের জীবন ধারায় আর্য্যের পদান্ধ কোথায় কোথায়. এ সমস্তা মীমাংসা করতে গিয়ে আজ আমরা গলদ্-বর্ম। কিন্তু আধুনিক শিল্পী-চিত্তের গঠন দেখি অন্ত রকম—এখানে বিবিধ বিভিন্ন উপকরণ সকলেই তাদের পূথক অন্তিত্ব নিয়ে বর্ত্তমান। কারণ কবির অনুভবের চেয়ে কবির মন্তিদ্বেই তাদের স্থান বেশি-কবি এ-সকলকে ব্যবহার করেন সজ্ঞানে।

কবি-চিত্তের মধ্যে যত বিভিন্ন তার রয়েছে, ধারা রয়েছে কবি সব তা দেখাবেন, সে-সমন্তকে রেখে-ঢেকে উপর-উপর পালিশ করে দিলে চলবে না। 9

শিল্প কথা

আমাদের চেতনা সরল রেথায় সোজা চলেনা—তা জটিল কুটিল। Joyce তাই চেতনার বিভিন্ন ভন্তীকে যুগপৎ ধ্বনিত করবার জন্ম আবিদ্ধার করলেন একটা telegraphic অথবা telescoped ভাষা, একটা সংযুক্ত ভাষা (ক+য=ক্ষ যে রকম)। এলিয়ট আধুনিক ইংরাজী লিখতে লিখতে হঠাৎ এলিজাবেথীয় শ্বৃতির অন্থপ্রেরণায় সেই যুগের ভাষা বলতে স্থক্ষ করেছেন—King's English-এর মধ্যে দেবভাষাকে অবতরণ করালেন। এজরা পাউও তাঁর 'বাক্য-রন্ধনের' নধ্যে গ্রীক ফরাসী ইতালীয় ভাষার পাঁচ-কোড়ন ছড়িয়ে দিয়েছেন। আর এ-পদ্ধতিট হাসি-তামাসার জন্ম নয়—তা রীতিমত গুরু ও গন্তীর; তা নইলে আমাদের দিজেন্দ্রনালও ত বলে গিয়েছেন—

From the above দেখতে পাচ্চ বেশ বে আমরা neither fish nor flesh—

কাব্যের একটা প্রধান আশ্রয় হল তার উপমা, রূপক—Muthos; এই জিনিনটি দের স্থানীয় বৈশিষ্ট্য (local colour), জীবন্ত আবহাওয়া। কাব্যের যুগ নির্ণর করা বায় এই অন্দের প্রকার-ভেদ থেকে। বৈদিক যুগের মধ্যে দেখি বাগ্-যজ্ঞ, সোম-মধু, অগ্নি-মরুৎ গো-অর্থ, দাস-দন্ত্যর লীলা। আবার ইউরোপে যদি বাই তবে সেথানে আর এক বুগে দেখি ফুটে উঠল প্রেমপতাকা, হন্দ্ব্রুর, প্রণয়ের অভিবান, সৌন্দর্যের বিজয়—love of ladies, death of warriors। পরে আরও এক বুগে কাব্য বলতে বোঝা যেত, মলম্ব-জোছনা, কেকা-কুহু, আহা-উহু। বর্ত্তমান বুগও তেমনি নিয়ে এসেছে তার নিজম্ব রূপকাবলি। এটা হল লোহবুগ (অন্তরের দিক দিয়েও)—লোহা লক্ষড় কলথারথানা যন্ত্রপাতি এই সব হয়ে উঠেছে প্রকৃতির শোভা। প্রাচীনতন্ কবির চোথে ও লেখনীতে লেগে আছে যে স্বভাবের শোভা—তা হল, বৃক্ষরাজির, অরণ্যানীর সবুজ স্তুপ্, সাগরের এলাম্বিত নীলিমা, সর্ব্বেত নিটোল আকার, প্রোজ্জল বর্ণগোরব—

নবা কাবা

Roll on, thou deep and dark blue Ocean, roll!
অথবা, দ্রাদয়শচক্রনিভশুভন্নী তমালতালীবনরাজিনীলা
এমন কি

হে আদিজননী পিন্ধ, বহুদ্ধরা সন্তান ভোমার… অসংখ্য চুম্বন কর আলিদনে সর্ব অদ্ধ দিরে তরফ বন্ধনে বাঁধি' নীলাম্বর অঞ্চলে ভোমার—

এই হল প্রাচীন কাব্যের পটভূমি। আধুনিককালে প্রকৃতির অন্ধ হতে এ-সব অবান্তর আবরণ আমরা ছংশাসনের মত কেড়ে ফেলে দিতে চেটা করছি। প্রকৃতি অর্থ ধূলা-কল্পর, দগ্ধ-প্রস্তর-ত্পু, উবর-মর্ক-বড় জোর ভার মধ্যে কাঁটা-গুল্ম ফণী-মনসা—প্রত্যাখ্যাত আবর্জনা—

Rocks moss, stone-crop, iron, merds

(Eliot-Gerontion)

মান্তবের দৈহিক সৌন্দর্য্য বলতে আমরা বা বুঝতাম এক সময়ে রক্তের মাংসের পেশীর সামর্থ্য ও শ্রী—

বাঢ়োরস্কো বৃষঃস্কন্ধ

অথবা,

ত্র্বহশ্রোণিপয়োধরার্ত্তা

এখন সে-সমস্থ হয়ে উঠেছে আবরণ আচ্ছাদন মারার কুলঝুরি। আধুনিক কবি নাগা-সন্মাসীরও অধিক—ভূষণের ত বালাই নাই, বসনকেও ত্যাগ ক্রতে হবে—কেবল তাই নয় (কারণ ও-কথা পুরাণো অনেক রসিক কবিই বলে গেছেন), দেহের অবান্তর উপকরণ—বাহার—বাদ দিয়ে পৌছিতে হবে একেবারে হাডের কাঠামটিতে ঃ

White bodies naked on the low damp ground
And bones cast in a little low dry garret

(Eliot—The Waste land)

শুকনো হাড়ের রহস্তে সৌন্দর্য্যে আমরা মসগুল্— There's music in the old bones yet

(F. R. Higgins)

একান্ত রিক্ততাই হল চরম দারণ সত্য—গরীব ছংখী হঃস্থ সর্বহারা, এরাই ত মামুবের মামুব আসল মামুব। এলিয়ট যে কবিত্বের হাওয়া এর নধ্যেও এনে দিতে পারেন নি, তা বোধ হয় বলা চলে না—তিনি যথন বলছেন ঃ

He knew the anguish of the marrow
The ague of the skeleton
No contact possible to flesh
Allayed the fever of the bone.

সত্যই কথাগুলি আমাদের অন্তর্নিহিত মানব-চিন্তকে কেবল নর, কবি-চিন্তকেও গিরে প্রার স্পর্শ করে। Cecil Day Lewis-এর কথাগুলি আরও মর্ম্মপর্শী—

Care on thy maiden brow shall put
A wreath of wrinkles, and thy foot
Be shod with pain; not silken dress
But toil shall tire thy loveliness.
Hunger shall make thy modest zone
And cheat fond death of all but bone—

সে বা-হোক আন্ত এক ন্তন শ্রেণীর মান্নষ, ন্তন পরিস্থিতি—একটা ন্তন সামাজিক আয়তনই কবি ও কাব্যের ক্ষেত্র হয়ে উঠেছে। আন্ত জগণকে মান্নয়কে আমরা চিনতে পরথ করতে চেয়েছি একটি বিশেব দিক দিয়ে, দৃষ্টি দিয়ে—অর্থের, অর্থাৎ, টাকা-পয়সার ওজনে। তাই আমরা বলছি সমাজ ছিল এক সময় রাজতন্ত্র—রাজাই ছিলেন তথন একমাত্র মানুষ; কবি তথন মানুষকে আঁকতে গেলে, মানুষের কথা বলতে গেলে

নবা কাবা

নিরে আসতেন রাজরাজড়া। কবির জগৎ তখন আবদ্ধ রাজার হাবেলির গণ্ডিতে। এর পর এল আভিজাত্যের অর্থাৎ 'বড়মান্থবের' যুগ। কবিরা তখন দেখাতে লাগলেন যেন বড়লোকেরাই লড়াই করতে জানে, প্রেম করতে জানে, ট্রাজেডি একমাত্র তাদেরই জীবনে ঘটে (কমেডি হরত ইতর লোকদের ভাগ্যে—শর্মন করন 'লাভে ব্যাং অপচয়ে ঠ্যাং')। তারপর এল সার্মণ করাসী বিপ্লব। রাজা-গজা বড়লোক সব উড়ে গেল—তখন সমাজ্রে উঠে দাড়াল মধ্যবিত্ত বা ভত্তসম্প্রদায়—এবং তাঁরাই এ বাবৎ জগৎকে এবং কবিচিত্তকে ভোগ-দথল করে এসেছেন। আর বিগত ঘহাযুদ্ধের পর থেকে এই শ্রেণীও তলিয়ে গেছে ও বাচ্ছে—এখন উঠে দাড়াচ্ছে ও দাড়াবে সমাজের চতুর্থ ও পঞ্চম বর্ণ। কবির কাব্য প্রকাশ করবে এই নৃতন বর্ণের ধ্রম্মকর্ম্য—তাদের আচার-বিচার, আহার-বিহার, তাদের আকার-প্রকার, তাদের আশা-আকাজ্যা সার্থকতা বিকলতা।

রামকৃষ্ণ যে বলতেন 'লোক না পোক'—সে-চেতনা থেকে আমরা বহু দ্রে সরে গিয়েছি। লোক-ভাষা, লোক-সাহিত্য, লোকশিল্প এখন কেবল উৎস্থক্যের বিষয় নয়, তা হয়ে উঠেছে শ্রন্ধার সম্রমের পূজার পাত্র —এবং বে-নানবজ্ঞাতি যত আদিম অসভ্য বস্তু তারা যেন ততথানি কুলীন হয়ে উঠেছে, তাদের গানের তান, চিত্রের টান, ভাষার ছাঁদ কবিদের অনুকরণীয় হয়ে দাঁভিয়েছে। আধুনিক কাব্যে পোকারও একটা স্থান ও মর্যাদা হয়ে গিয়েছে। প্রাচীন বুগে কাব্যে বড় জার শুনেছি 'canker in the rose'—এর কথা। কিন্তু আধুনিক পোকা-নাকড় ক্লি-কীট একটা জগৎ একটা চেতনা ব্যক্ত করে পরিস্ফুট করে ধরেছে—একজন ত মুগ্ন নেত্রে বলছেন The long slow scolopendra…

আধুনিকের দৃষ্টি আর আকাশে বাতাসে আলোর বিচরণ করে না— তার নজর ভূতলে পাতালে। নামুষের উত্তমাদ—তার জ্ঞান, তার আস্তিক্যবৃদ্ধি, তার হৃদয়বন্তা—আমাদের কাছে বাহুশোভা পরোম্থমাত্র

—আসল বস্তু তা রয়েছে নিচের তলায় ক্লেদ আর বিষ। তপস্থীর তপস্থায়
সাধুর সাধুত্বে কবির কবিত্বেও আর মান্তবের পরিচয় নয়—সকল নান্তবের
স্বরূপ রয়েছে তার Libido তার Oedipus complex-এর মধ্যে।
আধুনিক বৈজ্ঞানিক কোন্তীকারদের হাতে কোন মান্তবই আর দেবগণ নব,
নরগণও নয়, সবাই হয়ে উঠেছে রাক্ষসগণ—পিশাচ ও পশুগণ। উপরের
আলো নিভে গিয়েছে, নিচের অন্ধকার উস্কে বসে আছি—চেষ্টা করছি
নিচের অন্ধকারের দূরবীণ দিয়ে উপরের কিছু দেখা যায় কিনা আর কি

ু মান্তবের চেতনার আজ এই বে বিকৃতি দেখা দিয়েছে এর বে অর্থ নাই তা নর। এটি রোগ হরত নর—নান্তবের চেতনার একটা বিশেষ আকৃতি-আস্পৃহার বাহ্মরূপ নাত্র। কি গোপন বার্ত্তা, কি আবেগ কুণ্ডলিত এই পাতালবাসী চেতনার, কি সার্থকতা চার সে? স্পৃষ্টিতে নির্জনা নন্দ কিছু নাই—শরতানও ততথানি কালো নর যতথানি কালো করে তাকে জাকা হয়—শরতান ত আর এক জয়ে ছিল এঞ্জেল, তাব নাম Lucifer, Son of Morning. আধুনিকদের চেতনার এই যে নরকের বাসা তাতেও নিহিত কোন আলোর রেখা?

আধুনিক আদর্শবাদের কথা তা হ'লে বলতে হয়—আধুনিকও আদর্শবাদী তার নিজম্ব পথে ও ধরণে। আধুনিক চেতনার সমগ্র রহস্ত এক কথায় বলা বেতে পারে অচেতনার চেতনা-লিপ্সা—অবচেতনার নিশ্চেতনার জাগরণ—পৃথিবীর মাটির জড়ের মধ্যে অন্তর্গু প্রাণের সংবদনার সংজ্ঞানের স্পন্দন। আমরা বুবে এসেছি মন কি চায়, তার আশা আকাজ্ঞা কি—মানুষের হাদপুরুষ কি চায়, কি তার আশা আকাজ্ঞা তাও বেশ পরিক্টি—মানুষের প্রাণমর সন্তা কি চায়, কি তার আশা আকাজ্ঞা তাও অপরিচিত নয়। কিন্তু শরীর কি চায়, জড়ের আশা আকাজ্ঞা কি? বুক্ষ যে মাটি ফু ড়ে উদ্ধে উঠে চলেছে শাখা প্রশাধা প্রাবলি প্রসারিত করে,

নব্য কাব্য

এই অজ্ঞান মৃক বধির বস্তুর মধ্যে কোন চেতনা প্রক্ষ্রিত ? শুরুন scolopendra-র করি বলছেন—

Is it towards sorrow or towards joy you lift
The sharpness of your trembling spears?
Or do you seek, through the gray tears
That blur the sky in the heart of the triumphing blue,
A deeper, calmer lift?—

(Song of Poplars-Aldous Huxley)

ফলতঃ আধুনিকের এই আকৃতির মধ্যে একটা আদর্শবাদ একটা সংস্কারেরবণা বে কুটে উঠেছে, তাও আধুনিকের বৈশিষ্ট্য। প্রাচীনতর কবিদের নধ্যে একটা আদর্শবাদ অর্থাৎ সংস্কারেষণা যে কবিছের অন্ধ ছিল তা মনে হয় না। তাঁদের পদ্ধতি—কলাকৌশলের মূল স্ত্ত ছিল holding up the mirror to Nature—অর্থাৎ কবির কর্ম্ম হল যা আছে, যা সত্যং তাকেই স্কুটুরূপে প্রতিফলিত করে ধরা; এই প্রতিফলন ক্রিয়ার বড় জোর প্রকাশ পেয়েছে তাঁর দৃষ্টির স্বচ্ছতা, নিহিতার্থের ব্যঙ্কনা (revelatory and interpretative power); কিন্তু দুশ্ভের দর্শনীয় বিষয়ের মধ্যে পরিবর্ত্তনাকাজ্জা, যা দেখছি তা বেমনটি দেখছি না হয়ে আর একটি বদি হত এই কামনা ও আস্পৃহা তাদের ছিল না। আধুনিক কবি ঠিক এই জিনিবই চান— আধুনিক কবির কাব্যস্ত্র Matthew Arnold দিরে গিরেছেন—কাব্য হল criticism of life, এই তার পরিচয়। আধুনিক কবি-শক্তি তাই গতিমান বেগময় (dynamic), প্রাচীনতম কবিশক্তি সে হিসাবে স্থিতিমুখী (static)। সচল ছবি (সিনেমাটোগ্রাফ) দের আধুনিক কবিধর্ম্মের প্রকৃতি—প্রাচীনের কবি-প্রকৃতি প্রকটিত নিশ্চল চিত্রে—ফ্রেমের মধ্যে খাঁটা বাঁধা, প্রাচীর গাত্রে স্থিরভাবে দৃঢ়ভাবে অঙ্কিত, পর্বতের স্থান্নত্বের উপর উৎकीर्ग।

প্রাচীনতন আর ইদানীন্তন কবিদৃষ্টির একটা বিশিষ্ট পার্থক্যের কথা আমি বলছিলাম। প্রাচীনতন বলতে বুঝব যাকে সচরাচর বলা হর "ক্লাসিকাল"। এ দৃষ্টির বৈশিষ্ট্য হল দ্রষ্টা-ভাব, সাক্ষীভাব—বস্তুকে বিষয়কে সত্যকে দেখে যাওয়া, তার প্রতিমূর্ত্তি রচনা করা। যা আছে যা দেখছি তারই রয়েছে এক অন্তর্নিহিত সৌন্দর্ব্য —সেই সৌন্দর্ব্যকে ধরে দেখানই কবির শিল্পীর সমস্ত কৃতিত্ব। এ শিল্পের—"ক্লাসিকাল" রীতির—সূল লক্ষণ তাই প্রশান্ত স্থিতি। এথানে প্রকাশ পেয়েছে শিল্পী-চেতনার অবিকল হৈষ্য, সম্ভোষ, প্রসন্নতা। তবে এর অর্থ নর সে-বুগে কারণ্য ছিল না, वियोग ছिल ना--- नवरे हिल शिलना छक, विद्याशां छ काहिनी, द्वांद्विष हिल না। তা নয়। জীবনের ট্রাজেডিকেও গ্রহণ করা হত স্থির সত্য বলে, তাকে দেখান হত একটা নির্ণিনেষ দৃষ্টিতে, এঁকে তোলা হত অবিকম্প তুলিকার। অন্ত কথার, প্রাচীন কবিদের এই কারণেই বলা হত আদর্শপন্থী ভাবুক, idealist, আর তার বিরোধী বলেই আধুনিকদের নাম দেওয়া হয় realist, বস্তুতন্ত্রী স্থলাশ্রয়ী। অর্থাৎ প্রাচীনেরা স্থল জগতের বাস্তবের কথা वनल्ए, जांत्र मार्था अमन अकों मृष्टि, अमन अकों याञ्चनितिस जांत्र দিতেন, এমন একটা আবহাওয়ায় তুলে ধরতেন বে মোটের উপর তাকে প্রেয়ের শ্রেয়ের ভগবানেরই রাজ্য বলে মনে হত—মোটের উপর এই অনিত্য এই অন্তথী পৃথিবীতেও ধর্মের জয় অধর্মের কয়—পরিত্রাণায় সাধুনাং বিনাশার চ হুরুতাং, কুবির লেখনীও এই ব্রতেই নিযুক্ত ছিল। অধিকন্ধ তাঁরা স্বষ্ট করে গিয়েছেন, উদ্বাটিত করে গিয়েছেন এমন লোক এমন ভূমি এমন চেতনার আয়তন বেখানে জগৎ-সংস্থারের প্রশ্নই ওঠে নাই—মাদোনা (Madonna)-র ছবি সব—জগৎ বর্থা সম্ভব "সংস্কৃত" হয়েই কুটে উঠেছে। আধুনিকেরা এই ধারাকে idealism নাম না দিয়ে, তিরস্কার করে এর নাম রেখেছেন escapism—পলায়ন বৃদ্ধি। ফলতঃ কাব্য ইতিহাসের ধারা অনুসরণ করলে একটি বিচিত্র ব্যাপার লক্ষ্য করা যায়। যত আমরা

নব্য কাবা

আধুনিক যুগের দিকে অগ্রসর হয়েছি, তত যেন আমাদের সংস্কার-স্পৃহা বেড়ে উঠেছে, কাব্য-স্টের মধ্যে শান্তির হৈর্ঘ্যের পরিবর্ত্তে একটা চাঞ্চন্য অসম্বাষ্ট দেখা দিয়েছে। কবি আর কেবল কবি নন, তাকে হয়ে উঠতে হবে নবি— ইদানীন্তন কালের বহুজনসন্মিত art for art's sake মন্ত্র ও তন্ত্র সম্বেও।

প্রাচীন কবি-চিত্ত ছিল স্থৈব্যের প্রতিমূর্ত্তি, জগৎকেও তাঁরা দেখতেন প্রকটা হিরবের প্রকাশ হিসাবে। জগতকে পরিবর্ত্তিত করবার প্রেরণা সহজে আসে না, যথন জগৎ হ'ল হর্কার কর্মান্তক্র, হর্লহ্যা নির্মৃতি। জগতে যা কিছু ঘটছে তা হল—বৈদিক ঋষির ভাষার—ঋতের অকাট্য ছন্দ, দেব বরুণের "অদক ব্রত" (অদম্য কর্ম্মারা)। গ্রাক কবিও পূজা করেছেন Zeus-এর অলিথিত বিধানকে, Nomoi-কে। মধ্য যুগের মনীবীরা পর্যন্ত বলে গিরেছেন আমরা যেখানে আছি তা best of best possible worlds—এর চেয়ে ভাল বাসস্থান আর হয় না। বা আছে, বা ঘটে তা সব মহলের জন্তই—জগতের বাহ্যপারিপার্ধিকের পরিবর্ত্তন কোন প্রয়োজন হয় না—প্রয়োজন কেবল আমাদের ব্যক্তিগত দৃষ্টির কিছু পরিবর্ত্তন, দৃষ্টির অজ্ঞান-যবনিকা সরিয়ে দিতে পারলেই দেখব "স্থন্দর ভুবনে সকলি স্থন্দর"। সেখানে কাঁক নাই, ক্রটি নাই, খুঁত নাই।

অবশ্য প্রাচীনদের মধ্যে সংস্থার-স্পৃহা আদৌ ছিল না বললে ভুল হবে। জগৎ তঃথকষ্টমর, মান্থ্যের জীবন অনর্থে পরিপূর্ণ, স্থতরাং এর একটা প্রতিবিধান বে প্রয়োজন সে সম্বন্ধে চিন্তা ও চেষ্টা মান্থ্য বরাবরই নিশ্চর করে এসেছে। কিন্তু প্রথম কথা এই সংস্কারকেরা রোগের উপশম ছাড়া বেশি কিছু করবার আশা রাথতেন কি-না সন্দেহ। আর বে ভিষক চেয়েছেন রোগের আমূল প্রতিকার বা উচ্ছেদ তিনি ফলতঃ বে পরামর্শ দিয়েছেন তার অর্থ রোগীর নিজেরই উচ্ছেদ—বুদ্ধের নির্মাণ, শম্বরের মারা। বিতীর কথা, কবি ওদিক দিয়ে যান নি—তিনি বিশ্বকে পরিবর্ত্তন করেছেন বটে, কিন্তু নিজের চোথে অঞ্জন নাথিয়ে, বিশ্বকে তিনি বলতে

পেরেছেন—"আপন মনের মাধুরী মিশারে তোনারে করেছি রচনা"। গছে পছে সংস্কারের প্রচার করা হয়েছে সত্য, কিন্তু তা কাব্য নয়, কবিত্বের পর্যায়ে তার স্থান নয়।

শ্বির-দৃষ্টির প্রশান্ত প্রসন্ন মুকুরে, উদার চেতনার নির্বিকার উদাসীস্তে প্রথম বিক্ষোভ, অসচ্ছতা আনলেন বারা তাঁদের নাম "রোমাণ্টিক"। অর্থাৎ জগণটি ষেমন আছে তেমন স্বীকার করা, যা দেখছি নির্বিচারে নির্বিকারে তাই গ্রহণ করা সমর্থন করা এঁদের পক্ষে আর সম্ভব হল না। এঁরা চাইলেন বাহিরের বস্তুর পরিবর্ত্তন, বিষয়ীর শুধু নয় বিষয়েরই বাস্তব রূপান্তর, যা আছে তা নয়, তাকে ভেঙেচুরে সরিয়ে তার জায়গায় বসাতে হবে যা হওয়া উচিত তাকে। এঁরা হলেন বিদ্যোহী কবি—গালাগালি দিয়ে এঁদের কাউকে জনেক সমন্ন বলা হয় Satanic poets; ইংরাজী কাব্যে শেলী, করাসীতে হিউগো, জর্মনে গ্যেটে হলেন এই নবভাবের এক এক দিক্পাল।

তাই বলছিলাম প্রাচীনতন কবিরা সত্যের স্থানরের দেখেছেন দেখিরেছেন স্থিতির মৃত্তি—তার গতিমান মৃত্তি ইদানীন্তন কবির আবিকার। বা আছে তাই স্থানর, তঃথকটের প্রতিরূপ বা আলেখ্য যদি দেখাই, তার উদ্দেশ্য এ ভাবে মান্তবের হৃদর কারণ্যে ভরে দিয়ে শুরু করে তোলা, এই ছিল ট্রাজিক কবির সার্থকতা, প্রাচীন আলম্বারিকের মতে। ওনর থৈরন বলেছেন বটে—

Ah, Love i could thou and I with Fate conspire To grasp this sorry scheme of things entire,

Would not we shatter it to bits-and then

Re-mould it nearer to the Heart's Desire !
কিন্তু কবির এ হল দিবাস্থপ্ন, আকাশ-কুসুম রচনা, তিনি ছঃথের নেশাতে—
এক রকম আনন্দেই—মশগুল, জগতকে ওরকম ভাবে পরিবর্ত্তন করে
ফেলবার মতলব সত্যসভাই তাঁর নেই। কবি এখানে দ্রষ্টা বা সাক্ষীমাত্রই

নবা কাবা

হরে রয়েছেন—প্রার অসহীন জগন্নাথের নত—নবি হরে ওঠেন নি, তাঁর কর্ম্মেক্রিয় সব এখনও কুটে বের হয়নি।

কবি নবি হয়ে উঠলেন স্বেচ্ছায় সজ্ঞানে বীতিমত মতলৰ করে বলেছি "বোমান্টিক"-দের দিয়ে—শেলি থেকে স্থক্ত করে এলিয়ট অডেন অবধি নবিত্তের থারা কি রকনে কবিত্বের অদীভূত হয়ে উঠেছে, কাব্যের দিয়েছে নবতর প্রকাশ, তার ইতিহাদ কৌতুহলপ্রদ ও শিক্ষাপ্রদ। প্রথমে প্রবরাগ - দিব্যশ্রতি—unheard melodies শ্রবণ—আদর্শ কানের ভিতর দিয়া মরনে পশিল। তারপর ক্রমে দর্শনের ভিতর দিয়ে স্পর্শনের ভিতর দিরে অন্তর আকৃতি স্থল-লিপা ও বাস্তব-সম্ভোগের বিষয় হয়ে উঠেছে। কবি-চিত্তের যে প্রশান্তি, যে স্বর্গীয় বিশুদ্ধি, তাতে ছেদ টেনে দিলে একটা বৈতজ্ঞান,—নব-আকাজ্ঞা-জাত অভাব-বোধ। কবির ভিতরে জেগেছে একটা দিব্য চেতনা, তার আলোতে তিনি দেখছেন এক দিব্য সত্য ও সৌন্দর্য্য, তাঁর অনুভবে দৃষ্টিতে প্রতিফলিত প্রতিরঞ্জিত এক স্থন্দর জগৎ স্থূন্দর মানবজাতি কিন্তু বান্তবে এ চিত্র ব্যাহত এক বিপরীত বিরোধী সত্যের সংঘাতে। কবি-চিত্তের সমন্ত বেদনা আত্তি দাক্ষিণ্য কুটে উঠল এই বৈপ-রীত্যের রূঢ় সংযোগে, কবিচিত্তের সমস্ত ত্রত ও লক্ষ্যই ক্রমে হয়ে উঠন এই অসামঞ্জস্ত দুর করে, স্বপ্লকে ভুলবান্তবে ফলিয়ে ধরা। কবি কেবল স্থলরের গায়ক হয়ে থাকবেন না, তাঁকে হতে হবে সভ্যের শান্তা। বৈদিক ঋষিরা বলতেন কবি বা ঋষি হলেন সভ্যের, সভ্যের ছন্দ বা গতির—ঋতের—রক্ষক "গোপ্তা"। আধুনিক কবি হয়ে উঠেছেন কেবল রক্ষক নয়, রক্ষী, শাস্ত্রী, বীরকর্ম্মী ও বোদ্ধা। তবে তাঁকে প্রশ্ন তুলতে হরেছে সত্য কি স্থলর কি ? ইন্দ্রিরের বাহিরে, না ইন্দ্রিয়ের মধ্যে, না উভয়কে নিয়ে। পূর্ববতন কবিদের এ বালাই ছিল না, তাঁরা গেয়ে গেছেন সহজ অমুভব উপলব্ধিকে আপনহারা আনন্দের আবেশে। কিন্তু আধুনিকেরা জানতে চায় তারা কি গায়, তারা গাইতে চার সজ্ঞানে।

আধুনিক কবিত্বের মন্ত্রদাতা শেলি কবিত্বের ধর্মা নির্দেশ করতে গিরে বলেচেন, কাব্য কি করে, না—

শলেছেন, কাব্য কি করে, না—
"redeems from decay the visitation of divinity in man."
মানুষের মধ্যে যে ভগবানের প্রকাশ তাকে ক্ষর হতে না দেওরা, তাকে
জীইরে রাথা এই হল কবির কাজ। কবিত্বের চিরন্তন স্বরূপ সম্বন্ধে,
আধুনিক কাব্য-স্পষ্টির ধারা যে লক্ষ্যের দিকে চলেছে তার প্রকৃতি সম্বন্ধে এ
উক্তি সত্তাই মন্ত্রবং প্রোহ্জন ও শক্তিমর। কবি যে কেবল স্থনরের পূজারী
নন, লৌকিক সৌন্দর্য্য যত স্থন্দরই হোক, আবার একটা লোকাচার-সম্মিত
নৈতিক আদর্শই যে কবির লক্ষিত সত্যা, তাও নয়—সত্যকার সৌন্দর্য্য
একটা দিব্য ভাগবত সত্য আর দিব্য ভাগবত সৌন্দর্য্যই পরন সত্য—এ বাণী
এনেছেন শেলি, এবং তাকে কবির নর্ম্যবাণী করে ধরেছেন—তাই বলছেন ঃ

And, by the incantation of this verse, Scatter, as from an unextinguished hearth

Ashes and sparks, my words among mankind!

Be through my lips to unawakened earth

The trumpet of a prophecy! O Wind,

If Winter comes, can Spring be far behind ?
বাররণও হলেন সেই একই মনোভাবেরই বিদ্রোহী ধোন্ধ মূর্ত্তি—পৃথিবীর
উপরে মান্নবের মধ্যে (হয়ত নিজের মধ্যেও) স্থলদৃষ্টির ইহসর্কস্বতার
লোকায়ত-বৃত্তির প্রাবল্য দেখেই যেন ক্রোধে ক্ষোভে গর্জ্জে উঠেছেন ঃ

Jehova's vessel hold

The godless heathen's wine...

কবিচিত্ত বাহিরের মতবাদ হিসাবে নয়, অন্তরের ধর্ম্মে ও ছন্দে—কতথানি আন্তিক অধ্যাত্মসার, আশার বার্ত্তাবহ হয়ে উঠেছে তার আরও স্পষ্টতর দূঢ়তর পৈঠা ব্রাউনিং। যথন তিনি বলছেনঃ

নব্য কাব্য

Grow old along with me!

The best is yet to be,

The last of life, for which the first was made:

Our times are in His hand

Who saith "A whole I planned..."

তথন শিল্পী—বাক্যে অর্থে ভঙ্গীতে—প্রান্ন পুরোপুরি নবির, দিব্য ভবিশ্যং
দ্রষ্টার আসন গ্রহণ করেছেন। ভিক্টোরিয়ার মধ্যার্ন বৃগে বাছ শালীনতার
ভব্যতার সন্তোবের অন্তরালে, চিন্তার ভাবে কর্ম্মে ব্যবহারে একটা স্থ্ল সৌধীম্যের পশ্চাতে, যে কারুণ্য যে বিক্ষোভ যে তৃষ্ণা চলচঞ্চল হয়ে উঠেছিল
তার মৃত্তি ম্যাথু আর্ণন্ড—কি গাঢ় অন্তর্লাহে তিনি বলেছেন:

But now I only hear
Its melancholy, long, withdrawing roar,
Retreating to the breath
Of the night-wind down the vast edges drear
And naked shingles of the world.

শেষে আর নিজেকে ধরে রাথতে পারেন নি, সব ব্যথা নিরাশা ঝেড়ে ফেলে মুথর হরে বলে উঠলেন:

> Strengthen the wavering line, Stablish, continue our march On, to the bound of the waste On, to the City of God.

বে কারুণ্যের কথা বলেছি তা সান্ত একান্ত হরে, প্রান্ন নৈরাশ্রেই পরিণত হরেছে হার্ডির মধ্যে—হার্ডির নির্জনা অসৌথ্য হর্মনস্ত সর্বজনবিদিত। আমরা Dean Inge-এর কথা জানি, যার নাম দেওরা হরেছে the gloomy

Dean—হার্ডিকেও আরো ক্লায়সসতভাবে বলা বেতে পারে the gloomy Hardy সতাই শুনি বথন:

That engulphing, ghast, sinister place,—
Whither headlong they plunged, to the bottomless
regions

Of myriads forgot

কিংবা

And the whirr of their seafaring thinned

And surceased on the sky, and but left in the gloaming

Sea mutterings and me—

(The Souls of the Slain)

তথন কি একটা অকথিত সর্বহারা আতত্তে শিউরে উঠি না ? কিন্তু কবির এই অসোখ্যের হেতু কি, কোন অভাব তাঁর ভিতরটা থেরে চলেছে ? কি পেলে তাঁর মুখে হাসি কোটে। শুরুন তবে সত্যই তাঁর হাসি কুটেছে প্রায় এই আশার করনায়:

When I came back from Lyonnesse
With magic in my eyes
All marked with mute surmise
My radiance rare and fathomless,
When I came back from Lyonnesse.
With magic in my eyes!

কবিচিত্তের এই নিগৃঢ় নিবিড় আকাজ্ঞা আরো বৃদ্ধিগোচর করে ব্যক্ত করেছেন রবার্ট ব্রিজেস:

For beauty being the best of all we know Sums up the unsearchable and secret aims

নব্য কাব্য

Of nature, and on joys whose earthly names Were never told can form sense bestow— অথবা এই কথায় ঃ

> All earthly beauty hath one cause and proof, To lead the pilgrim soul to beauty above...

(Sonnets)

সেই একই অনুভব, একই সত্য ও তথ্য Hopkins ব্যক্ত করেছেন তাঁর এই উদ্দাম উদ্বেল কলকল ছলছল পাগলাঝোরা ভাষায় ও ভঙ্গীতে:

There is one, yes I have one....

Only not within seeing of the sun,

Not within the singeing of the strong sun...

or treacherous the fainting of the earth's air,

Somewhere elsewhere....

Where whatever's prized and passes of us,
everything that's fresh and fast flying of us..

Never fleets more, fastened with the tenderest truth
To its own best being and its loveliness of youth:
it is an everlastingness of, O it is an all youth.

(St. Winefred's Well)

এ পর্ব্ব এই পর্যান্ত। এখন নৃতন আর একটা অধ্যায় স্কুল্প, নৃতন একটা বাঁক ঘুরতে হয়েছে কবিচিন্তের—যেখান পেকে বলা বেতে পারে অতি-আধুনিকের যাত্রা। Eliot-কে গ্রহণ করা বেতে পারে এই নৃতন বুগের পুরোহিতরূপে। এলিরটের মধ্যে—এবং অতি-মাধুনিকের চেতনায় —ফ'টি বিরোধী (আপাতদৃষ্টিতে) ভাব, দৃষ্টি ও প্রেরণা গঙ্গা-বমুনার সঙ্গমতীর্থ হয়েছে। এক ধারায় বলছে সব ঝুটা, ছনিয়াদারি দিগদারি—

vanity of vanities, all is vanity; আর এক তার গাইছে, রবীজনাথের ভাষার:

মরিতে চাহিনা আমি স্থলর ভ্বনে
ধরার প্রাণের খেলা চিরতরদিত,
বিরহ মিলন কত হাসি অশ্রময়,—
মানবের স্থথে হঃখে গ্রাথিয়া সদীত
বেন গো রচিতে পারি অমর-আলয়—

এ অবশ্র এলিয়টের ভঙ্গী নয়, কান্ত-কোমল রোমান্টিক ভাব তাঁর নধ্যে আদৌ নাই—সে কথা পরে বলছি। কিন্তু পৃথিবীর নাটির নাম্বের উপর টান তেমনি দৃঢ় গাঢ় হুর্কার। এক দিকে কবি অভিভূত ব্যথিত প্রায় হতাশই হয়ে উঠেছেন স্থান পদার্থের মান্নবের ভঙ্গুরতা শৃষ্ঠতা দেখে ; বাহিরে জিনিব সব নশ্বর ক্ষণিক, অন্তরেও তারা তেমনি রিক্ত, অন্তঃসারশৃষ্ট (Hollow Man)। অথচ সেই সঙ্গেই মর্ত্ত্যের যাবতীয় কণিকা কণিকা তাদের শত তুচ্ছতা নিয়ে বিছিয়েছে এই মায়া। প্রথম যুগের এলিরট এই ছ-ধারার টানার ও পোড়েনে কিছু তিক্ত ও ক্লিষ্ট হরে পড়েছেন—এদের সামঞ্জস্ত ঘটাতে পারেন নি। কিন্তু সে-দামঞ্জস্ত তিনি গেয়েছেন (বিশেষ ভাবে তাঁর নৃতন Four Quartets নামক পৃস্তিকায়), পেয়েছেন একটা উচ্চতর আখ্যাত্মিক চেতনার—কতকটা খৃষ্টীয়, কতকটা ঔপনিষদিক— অমুভবের মধ্যে। অর্থাৎ বখন তিনি সীমার মাঝে অসীমের ক্রণ দেখতে सूक कत्रालन, त्मरहत्र भरश त्मरहत ७-भारतत हिंद्र मव आविकांत कत्रालन। জগৎ ততক্ষণ মানা মিগ্যা অকিঞ্চিৎকর যতক্ষণ তার ভিতর দিয়ে তাকে উদ্ধিয়ে অতিক্রম করে মান্তুষের অন্তরাত্মা চলে ভগবানের দিকে, দিব্য-চেতনার সত্য ও সৌন্দর্য্যের দিকে। কিন্তু সেই জ্যোতির্মগুলে পৌছে গেলে পর, এদিকে ঐহিকের উপর দৃষ্টি দিলে দেখা যায় বোঝা যায় এথানকার বাবতীয় ক্ষুদ্র ভুচ্ছ অবান্তর আবর্জনা—এমন কি কুৎসিত কল্ব পর্যন্ত

নব্য কাব্য

একটা অপরাপ সৌন্দর্য্যের বা অর্থের আভায় ব্যঞ্জনায় ভরে ওঠে—তম্ম ভার্বানিদং বিভাতি। আগে মান্থবকে আত্মহত্যা করতে হবে তবে সে আমাকে পাবে, তাকে সব রূপ রুসাদি বর্জ্জন করে উবর নরুতে প্রবেশ করতে হবে, এই পার্থিব ন্তিমিত আলো নিবিরে দিয়ে একেবারে অন্ধর্কারে ডুবে থেতে হবে তবে সে উত্তীর্ণ হবে পরমজ্যোতির মধ্যে। আর তথন পার্থিব রূপ রুস আলো নব সার্থকতা নিয়ে এসে দেখা দেবে। কাল মান্থবের গতিকে ব্যাহত করে, এই কালের পৃষ্ঠ আরোহণ করেই তাকে ছুটতে হবে কালাতীতের দিকে—মহাকালরূপী আনন্তাই আবার মৃহুর্ত্তে মূর্ত্ত হয়ে উঠেছে দিব্য চেতনার। Eliot খুষ্টের পথ অনুসরণ করে, তাঁর ভাবে অনুপ্রাণিত হয়ে আবার উপনিবদিক নব-ব্রান্ধা (Neo-Brahmin), শ্রীকৃষণ-পূজারী পর্যান্ত হয়ে উঠেছেন ঃ

So Krishna, as when he admonished Arjuna On the field of battle.

Not fare well

But fare forward, voyagers.

(The Dry Salvages)

অর্থাৎ নির্বাণ নয়, লয় নয়—ত্রাঙ্গীস্থিতি নিয়ে চলতে হবে জীবনে এবং জীবনে জীবনে ৷

এলিয়টে যে পরিণতি পূর্ণ হরে দেখা দিয়েছে, তাঁর পরবর্ত্তী কবি-কুলে তা দেখা যায় নি, তবে যে ব্যথা যে আকৃতি যে আম্পৃহা সে পরিণতি নিয়ে এসেছে তা নানাভাবে নানা রাগে-বিরাগে ছন্দিত মুখরিত হয়ে উঠেছে আর-সকলের মধ্যে। সে-পরিণতির অন্তরূপ কিছু তবু পাই মাঝে মাঝে। এই ত সেদিন এক নবীন তরুণ কবি লিখেছেনঃ

All who would save their life must find the desert
..until you have crossed the desert and faced the fire..
(Sidney Keyes—The Wilderness)

এত প্রায় এলিয়টের কথা—এলিয়টের ধর্ম্মতত্ত্ব সাধনতত্ত্ব হল এই :

To arrive where you are, to get from where you are not.

কর্মাৎ বেখানে তোমার সত্যকার স্থিতি সেথানে বাঙরা, আর বেখানে
তোমার সত্যকার স্থিতি নয়—এই মায়ামর জগতে—সেথান থেকে মুক্তিলাভ।

You must go by a way wherein there is no ecstasy,

(বাইবেলের Blessed are they that mourn)

In order to arrive at what you do not know
You must go by a way which is the way of ignorance
(উপনিষদের "অবিজ্ঞাতং বিজ্ঞানতাং বিজ্ঞাতনবিজ্ঞানতান্"—)

In order to possess what you do not possess
You must go by the way of dispossession.
(বাইবেলের To him that hath not shall be given)
In order to arrive at what you are not

You must go through the way in which you are not.

And what you do not know is the only thing you know

And what you own is what you do not own

And where you are is where you are not.

(East Coaker)

এই কথাই— নামুষের জীবন সাধনার নিভৃত রহস্ত—আরও জ্বলন্ত প্রদীপ্ত ভাষায়, এবার বৃদ্ধি বিচারের নয়, উপলব্ধির জীবন্ত রাগে বলছেন:

The dove descending breaks the air
With flame of incandescent terror
Of which the tongues declare
The one discharge from sin and error.
The only hope, or else despair

নব্য কাব্য

Lies in the choice of pyre or pyre—
To be redeemed from fire by fire.

(Little Gidding)

আমি এলিরটের কথা একটু বেশি করে বলছি এই জন্তে যে তিনি আধুনিকের সমগ্র সমস্রাটি যেনন পুরোপুরি ধরে দেখিয়েছেন, তেননি তার
স্থানিপুণ নীমাংসার রাস্তাও একটা আবিষার করে দিয়েছেন। আধুনিক
চেতনার বহিন্ম্ থতা, নৈরাশ্র, ব্যর্থতা তিনি যেনন তাঁর সকরণ তুলিকার
এঁকে ধরেছেন, তেমনি বলেছি এ সকলকে একটা আশার আলোর মধ্যে,
একটা অভিনব সার্থকতার মধ্যে পরিসমাপ্তি দিয়েছেন।

আধুনিকের সমস্রাটি ঠিক কি ? স্পষ্ট-ছন্দ কোথার কেটে বার ? অন্তরে তাঁদের কোথার বিধছে কাঁটাটি ? সমস্রা, এক কথার, কণিকার ক্ষণিকার তুচ্ছের রহস্ত । নধরের থগুতের, ভন্মান্তের রিক্তভার, ছংহুতার, একান্ত স্থুলের জড়ের হাড়নাসের, লোহালকড়ের, দৈনন্দিন উন্যন্ততার কর্ম্মব্যাপৃতির সম্বীত, এ সব বহুল বাহুল্য, আধুনিক প্রশ্ন তুদ্দেহ, কি সত্য সভ্যই তুচ্ছ নিরর্থক ? তবে তারা আমাদের এতথানি পেরে বসেছে কেন, কেন আমাদের অন্তেরই অন্ত হয়ে উঠেছে ? একদেল—বিদ্রোহী বারা, দারুণ অভিমানী বারা—তাঁরা বলে উঠেছেন, তাই ভাল, বত তুচ্ছ হয় ততই স্থাদার, বত প্রীহীন জ্পুপ্সাপ্রাদ হয়, ততই আমাদের তা শ্রের, প্রেয় ও পূজ্য—

-chimneys like lank blank fingers

Or figures frightening and mad: the squat buildings With their strange air behind trees, like women's faces

Shattered by grief-

(Stephen Spender)

কিন্তু আমি বলছি এ হল শক্তভাবে সাধনা, রতি বৈপরীত্য—কারণ এঁরা চান ধূলিমুঠিকে স্বর্ণমুঠিতে পরিণত করতে, পতিত উষর জমিতে সোনা

ফলাতে, সেই দিব্য রাসায়নিক গুপুবিছার সাধক তাঁরা—তাঁদের চোঙ্গে স্থলর লেগেছে:

Slow toads, and cyclamen leaves
Stickily glistening with eternal shadow
Keeping to earth.

Cyclamen leaves

Toad-filmy, earth-iridescent

· Beautiful

Frost-filigreed

Spumed with mud

Snail-nacreous

Low down

(D. H. Lawrence-Sicilian Cyclamens)

কিন্তু কেন, এ-দৃষ্টি খুলে দিয়েছে কার স্পর্শ কি প্রেরণা ?—

When they felt their forehead bare, naked to heaven, their eyes revealed:

When they felt the light of heaven brandished like a knife at their defenceless eyes,

And the sea like a blade at their face-

(Ditto)

এই যে সব রসাতলের অন্ধকারের কর্দ্দমের জীব

From gloom's last dregs these long-strung creatures crept,

And vanished out of dawn down hidden holes
(Wilfred Owen—The Show)

784

নবা কাবা

কোথায় এদের গভি, কি চায় এরা—অন্ধকারের সার্থকতা কি ? পূর্ণ পূর্ণতর পূর্ণতম আলোকেরই মধ্যে গাঢ় গাঢ়তর গাঢ়তম অন্ধকারের পরিসমাপ্তি রূপান্তর ঃ

> Darkness, I know, attendeth bright. And light comes not but shadow comes... Ah no. it shall not be! The joyous light Shall hide me from the hunger of fear tonight... For wonderfully to live I now begin: So that the darkness which accompanies Our being here, is fasten'd up within The power of light that holdeth me... For henceforth, from tonight, I am wholly gone into the bright Safety of the beauty of love-

> > (Lascelles Abercrombie-Marriage Song)

আমাদের কবিরা অন্ধকারের আহ্বান—নিশির ডাক শুনেছেন, কিন্তু তার মধ্যে হাতছানি দিয়েছে স্তদূরের আলো :

They sing

And in my darkened soul the great sun shines, My fancy blossoms with remembered spring, And all my autumns ripen on the vines -

(Aldous Huxley-The Cicadas)

তাঁর প্রাণের আকৃতি কবিকে কোথায় নিয়ে বেতে চায়, সময় সময় তাঁর সব श्वनित्य गांत्र, পথ আর দেখেন না, গন্তব্যও অস্পষ্ট, সাধ্যেরও বুঝি বাহিরে:

There is my lost Albana,

And there is my nameless Pharphar...

And I say I will go there and die there:

But I do not go there.....

And it is possible, may be, That it's farther than Asia or Africa, Or any voyager's harbour, Farther, farther, beyond recall...

O even in memory! (J. C. Squire—Rivers)
আমাদের কবিরা চান সত্যসত্যই সত্যকারের অন্ধকার—অন্ধকারের
ভান নয়, অনুকরণ নয়—ফিকে আলো-আঁধার নয়, তাঁরা বেন চান সেই:

তমো আসীৎ তমসাগৃঢ়ং · · গহনং গভীরং সলিলমপ্রকেতং বে অন্ধকার অন্ধকারে ঢাকা, বা হল গহন গভীর অচেতনার সাগর। কারণ, এই ত আদি প্রকৃতি-মাতা, এরই গর্ভে নিহিত পরম জ্যোতির ক্লৃলিম। আধুনিক কবিকুল খুঁজে খুঁজে যত তামস স্থাইর জীবকে রণাম্বনে কি রন্ধ-মঞ্চে নামিয়েছেন—কারণ এদের দিয়েই ত স্বর্গ অধিকার করাতে হবে:

Urging their journey on
Till earthly hosts have won
To peaks lit by the farthest ray of thought's
unearthly sun
(Middleton Murry—Tolstoy)

আমরা এই "earthly hosts"-এর কাছে বাঁধা পড়ে আছি— পূর্বতন সাধক বা কবিদের মত এই বাঁধন কেটে, ছিঁড়ে ফেলে দিয়ে চলে বেতে চাই না স্বর্গে, আমরা চাই এদের সবকে নিয়ে সবান্ধবে সশরীরে স্বর্গের নিমন্ত্রণে বেতে। উপনিষদে আছে—"ইইহব তৈর্জ্জিতং"—এলিয়ট

নব্য কাব্য

কথাটিকে আধুনিক দার্শনিক তত্ত্বাদের খোলস পরিরে বলেছেন এই ভাবে
—বর্ত্তমানের মধ্যে এসে নিলেছে অতীত ও ভবিশ্বৎ, বর্ত্তমানকে কেবল
বর্ত্তমান হিসাবে দেখাই হল অজ্ঞান মৃত্যু, তাকে দেখতে হবে অতীত
ভবিশ্বতের সঙ্গে মিলিয়ে মিশিয়ে; তাই মৃহুর্ত্তের, এই কণের মধ্যে ঝলসিত
সমস্ত আনত্ত্য। কণকে বেঁধে রাখলেও চলবে না, হারিয়ে কেললেও চলবে
না—হারিয়ে ফেললে বে অনন্ত পাওয়া বাবে তা হল নির্গুণ নিঃখাদ—রিক্ত
abstract অনন্ত। কাল সম্বন্ধে বে কথা দেশ সম্বন্ধেও তাই। শুরুন
এলিয়টের রহস্তময় তত্ত্ব:

There are other places

Which also are the world's end, some at the sea jaws
Or over a dark lake,in a desert or a city—
But this is the nearest, in place and time,
Now and in England—

এই একই সিদ্ধান্ত আরও হত্তাকারে বলছেন:

Here, the intersection of the timeless moment
Is England and nowhere, Never and always.

(Little Gidding)

আমি এলিয়টের কথা বারে বারে বলছি এই জন্ত যে তিনি আধুনিকের মনোভঙ্গী এক দিক দিরে চরম করে দেখিয়েছেন—সে মন চিন্তাভারাক্রান্ত, ত্রশ্চিন্তাগ্রন্ত, সমস্তা-পূরণের সাধনার আপ্রাণ চেন্তার। কবির
এই ব্যাপৃতি, এই আন্তর রুচ্চুপ্রয়ত্ব তাঁর চিন্তকে ছির প্রসন্ন হতে দের নাই
—তাই তাঁর স্বান্তির মধ্যে দেখি ষতথানি রয়েছে গতির ছন্দের প্রবেগ,
ততথানি তাতে ধরা দের নাই রূপের সৌধীম্য পরিপূর্ণতা। তাঁর চিন্ত ছুটে
চলেছে, অথবা চক্রাকারে প্রাম্যমান, একটা দ্রের অবলম্বনকে সিন্ধান্তকে
লক্ষ্য করে—সেখানে সে পৌছে নাই, তাতে গিরে শরবৎ তন্মর হরে যেতে

পারে নাই—তাই সেখানে রণিত হরেছে সাধকের পথিকের চির-চলার অসমাপ্ত রেশ, নাই সিদ্ধির নিটোল সমাহিতি। নৃতন চেতনার অমুরূপ নৃতন আকার কাব্যপুরুষ গড়ে তুলতে চেরেছেন—কিন্ত এখনও তার পরীক্ষা চলছে, পূর্ণ সাক্ষ্মা লাভ করতে পারেন নি। নৃতন চেতনার বাহন নৃতন ভাষা আবিষ্কার করা যে কত কঠিন এলিয়ট তা নিজে বলেছেন এবং প্রমাণ্ড করেছেন তাঁর নিজের রচনায়।

এই নৃতন চেতনার বিশেষ বৈশিষ্ট্য হল স্ক্র্মতা। পূর্ব্বতন কবিরা দিয়েছেন মোটা ভাবের মোটা প্রকাশ—তাই তাঁরা এতথানি সাফল্য লাভ করেছেন। মোটা ভাব অর্থ যে কেবল বহির্দ্ধীবনের স্থূল অভিজ্ঞতার কথা তা নয়, অন্তরের আখ্যাত্মিক ভাব অভিজ্ঞতাও মোটা হতে পারে। Crashaw য়থন বলেছেন মানুষের আদর্শ ও আম্প হা হল ঃ

Heaven in Earth and God in Man
(Hymn of the Nativity)

কিংবা Wordsworth যথন বলেছেন ঃ

Our birth is but a sleep and a forgetting The soul that rises with us, our life's star Hath had elsewhere its setting

Hath had elsewhere its setting And cometh from afar:

Not in entire forgetfullness,

And not in utter nakedness

But trailing clouds of glory do we come

From God who is our home—

এও আধ্যাত্মিক চেতনার একটা মোটা তারই। আধুনিকেরা চান স্ক্ষেতর তন্ত্রীর মৃচ্ছনা। জিনিষের আকার মাত্র যাতে দের না, কিন্তু দের তার প্রকারের সংবাদও কিছু—বাহিরের গতিকে কেবল ফুটিরে তোলে না,

নব্য-কাব্য

কিন্তু প্রকাশ করে ভিতরের গুপ্ত কলকজার ছন্দ ও রহস্ত। চেতনা বদি উর্দ্ধে উঠে চলে গেল—অসীমের অনন্তের মধ্যে—দে সহজ্ব; পূর্বতন সকল আধ্যাত্মিক সাধকের তাই লক্ষ্য, আন্তিকাবৃদ্ধিসম্পন্ন কবিরা এই ভাবেই ভাদের অন্তুভব ব্যক্ত করেছেন। কিন্তু আমরা আন্তু ও-ভাবে উঠে বেতে চাই না—আমরা বেতে চাই জিনিষের বেন পিছনে, কোন রহস্ত তাকে গড়ে চালার প্রতি মূহুর্ত্ত। এই ধকন না এলিরটের ভদিঃ

We shall not cease from exploration
And the end of all our exploring
Will be to arrive where we started
And know the place for the first time.
Through the unknown, remembered gate
When the last of earth left to discover
Is that which was the beginning;
At the source of the longest river
The voice of the hidden waterfall....
And all shall be well and
All manner of thing shall be well
When the tongues of flame are in-folded
Into the crowned knot of fire
And the fire and the rose are one.

(Little Gidding)

আধুনিকের মতে পূর্বতন কবিরা সব escapist—তাঁদের অনেকে ভগবানের, অনস্ত অসীমের স্থাদ্র রহস্তের মধ্যে চেতনাকে অন্তভবকে বে উঠিরে নিরে গিরেছেন, অনেকে আবার বে সদীমের পার্থিবের মধ্যে থেকেও কেবল দেখেছেন দেখিরেছেন সৌন্দর্যকে স্থরগকে, স্পষ্ট বে "তুচ্ছেন অভৃপিহিতং"

পারে নাই—তাই সেথানে রণিত হয়েছে সাধকের পথিকের চির-চলার অসমাপ্ত রেশ, নাই সিদ্ধির নিটোল সমাহিতি। নৃতন চেতনার অমুরূপ নৃতন আকার কাব্যপুরুষ গড়ে তুলতে চেয়েছেন—কিন্ত এখনও তার পরীক্ষা চলছে, পূর্ণ সাকল্য লাভ করতে পারেন নি। নৃতন চেতনার বাহন নৃতন ভাষা আবিষ্কার করা যে কত কঠিন এলিরট তা নিজে বলেছেন এবং প্রমাণ্ড করেছেন তাঁর নিজের রচনার।

এই নৃতন চেতনার বিশেষ বৈশিষ্ট্য হল ক্ষরতা। পূর্বতন কবিরা দিয়েছেন মোটা ভাবের মোটা প্রকাশ—তাই তাঁরা এতথানি সাফল্য লাভ করেছেন। মোটা ভাব অর্থ যে কেবল বহির্জীবনের স্থুল অভিজ্ঞতার কথা তা নয়, অন্তরের আখ্যাত্মিক ভাব অভিজ্ঞতাও মোটা হতে পারে। Crashaw মধন বলেছেন মানুষের আদর্শ ও আম্পু হা হল ঃ

Heaven in Earth and God in Man
(Hymn of the Nativity)

কিংবা Wordsworth যথন বলেছেন ঃ

Our birth is but a sleep and a forgetting The soul that rises with us, our life's star Hath had elsewhere its setting

And cometh from afar:
Not in entire forgetfullness,
And not in utter nakedness

But trailing clouds of glory do we come From God who is our home—

এও আধ্যাত্মিক চেতনার একটা মোটা তারই। আধুনিকেরা চান স্ক্রতর তন্ত্রীর মূর্চ্ছনা। জিনিষের আকার মাত্র যাতে দেয় না, কিন্তু দেয় তার প্রকারের সংবাদও কিছু—বাহিরের গতিকে কেবল ফুটিরে তোলে না,

नवा कावा

কিন্তু প্রকাশ করে ভিতরের গুপ্ত কলকজার ছন্দ ও রহস্ত। চেতন। বিদি উর্দ্ধে উঠে চলে গোল—অসীমের অনন্তের মধ্যে—সে সহজ্ব; পূর্বতন সকল আধ্যাত্মিক সাধকের তাই লক্ষ্য, আন্তিক্যবৃদ্ধিসম্পন্ন কবিরা এই ভাবেই তাঁদের অন্তত্তব ব্যক্ত করেছেন। কিন্তু আমরা আজ্ব ও-ভাবে উঠে যেতে চাই না—আমরা যেতে চাই জিনিবের যেন পিছনে, কোন রহস্ত তাকে গড়ে চালার প্রতি মৃহুর্ত্তে। এই ধরুন না এলিরটের ভঙ্গি:

We shall not cease from exploration
And the end of all our exploring
Will be to arrive where we started
And know the place for the first time.
Through the unknown, remembered gate
When the last of earth left to discover
Is that which was the beginning;
At the source of the longest river
The voice of the hidden waterfall....
And all shall be well and
All manner of thing shall be well
When the tongues of flame are in-folded
Into the crowned knot of fire
And the fire and the rose are one.

(Little Gidding)

আধুনিকের মতে পূর্বতন কবিরা সব escapist—তাঁদের অনেকে ভগবানের, অনন্ত অসীমের স্থদ্র রহস্তের মধ্যে চেতনাকে অন্থভবকে যে উঠিয়ে নিয়ে গিয়েছেন, অনেকে আবার যে সসীমের পার্থিবের মধ্যে থেকেও কেবল দেখেছেন দেখিয়েছেন সৌন্দর্গ্যকে স্থক্তপকে, স্পষ্ট যে "তুচ্ছেন অভূপিহিতং"

এ সত্যের উপর জাের দেন নাই,—সাসল কথা ঠিক এদিক দিয়ে নর।
আসল কথা হল এই, তাঁরা escapist এই জন্তে যে তাঁরা ঐহিকের
লােকিকের ব্যাপ্টর নর্যাদা তেনন করে দেখেন নি। যারা আখ্যাত্মিক
সত্যকে স্থলরকে দেখেছেন তাঁরা ব্যাপ্টর ভিতর দিয়ে, তাকে অতিক্রম করে
লােপ করে দিয়ে তরে সত্যে সােলর্যে পােছেছেন। কিন্তু প্রত্যেক ব্যাপ্টর
যে নিজস্ব মান নর্যাদা সত্য সােলর্য্য আছে—তা যত ক্র্যু অকিঞ্চিৎকর
কানা থাঁদা বােঁচা ঠু টাে হােক—আছে স্বকীর সার্থকতা, তা ভ্লালে চলবে
কেন? আর একথাটা বােঝাবার জন্তে, জাের করে চােথে আঙুল দিয়ে
দেখাবার জন্তেই হয়ত বছ অধুনিকেরা পঞ্চ ম'কার সাথক তাান্তিক বামাচারী
হয়ে উঠেছেন। বৈদান্তিক কবিরা ব্যাপ্ট বা ব্যক্তির সতীত যা তাকেই
দেখেছেন, তারই কীর্ত্তন করেছেন, ব্যক্তিকে ব্যাপ্টিকে কেবল একটা খােলস,
শৃক্ত কাঠামাে হিসেবে রেখে। তা নয়, ব্যপ্তির ব্যাপ্টি হিসাবে কি সার্থকতা—
অনন্তে অসীমে—তাই দেখতে ব্রুতে হবে। পূর্বতন আন্তিক কবি বলেছেন
তাঁর কাজ হল:

I may assert Eternal Providence And justify the ways of God to men.

কিন্ত আমি বলতে চাই আধুনিক কবি-ঝবিদের ব্রত হল যেন ঠিক বিপরীত অর্থাৎ justify the ways of men to God—বস্তুর জীবের ব্যক্তিগত মর্য্যাদা, নাম রূপের নামরূপ হিসাবে বিশিষ্ট সার্থকতা, একান্ত ঐহিকের যান্তের পটে বদি সন্তব'না হয়—কারণ সে-দিক দিয়েই বত ভ্রান্তি অতৃপ্তি—তবে তাকে একটা উর্দ্ধতর গভীরতর দিব্যতর চেতনার মধ্যে ধরে, তার অঙ্গীভূত করে দেখাতে হবে।

আধুনিক কাব্যের একটা পরিচয় আমি দিতে চেষ্টা করেছি, কিন্ধ কেবল ইংরেজী কাব্যের কথাই উল্লেখ করেছি। আধুনিক বাংলা কাব্যে

নব্য কাব্য

কি রূপ নিয়েছে তা ভবিশ্বতে আলোচনা করবার ইচ্ছা রইল। তবে এখানে এইটুকু বলতে চাই বাংলা কাব্যের আধুনিকত্ব ততথানি তার আন্তর চেতনার উপলব্ধির স্বাভাবিক অভিব্যক্তি নর বতথানি তা বিদেশী চিন্তার অন্তভবের অন্তকরণ, বিদেশী গ্রন্থগত ভাবের ভঙ্গীর প্রতিধবনি। আনাদের রাজনীতিক, এমন কি সামাজিক ক্ষেত্রেও অনেক সমরে দেখি বে-সব সমস্রা প্রশ্ন আমাদের জীবনধারা হতে উন্তত হয় নি, অথচ তাদেরই আলোচনার ও মীমাংসায় আমরা ব্যতিব্যস্ত—বিদেশের ভিন্ন অবস্থার ভিন্ন জীবনধারার অব্যর্থ সজীব প্রকাশ বা—আমরা তা নিজেদের উপর আবোপ করে নিয়েছি। সেই রকম কাব্যজগতেও দেখা দিয়েছে অন্তর্নপ পরিস্থিতি। তুই একজন হয়ত ঐ বিদেশীর স্বাভাবিক ভাবে ভঙ্গীতে নিজেকে এতথানি মিলিয়ে মিশিয়ে দিতে পেয়েছেন, এতথানি তা নিজের প্রাণবস্ত্ব করে তুলেছেন যে তাঁদের মধ্যে আধুনিকতার সত্যকার একটা রস কোথাও পাই, কিন্তু অধিকাংশ কাব্যস্পিইই মনে হয় ক্লেন্তিয় প্রাণহীন বাহ্য ঠাট মাত্র।

ইংরাজী ও ফরাসী

ফরাসী বৃদ্ধি অত্যন্ত বাধন-ছাঁদনের পক্ষপাতী। বৃদ্ধির অর্থাং বৃক্তিগত বৃদ্ধির ধর্মই এই বিশ্লেষণ, সংজ্ঞানির্ণয়, শ্রেণীবিভাগ, প্রত্যেক বস্তর পৃথক পৃথক ষথাষথ স্থাননির্দেশ, অবান্তরের পরিহার, আশেপাশের সাথে সম্মেলন সামপ্রস্তা, আগের পরের মধ্যে পৌর্বাপর্য্য। এই শৃজ্ঞানা ও পারিপাট্য ফরাসী বৃদ্ধির ঝাজুতার ও স্বচ্ছতার পরিচয়। ফরাসীভাষাও তাই ফরাসী-বৃদ্ধির প্রতিক্বতি, পরিদ্ধার পরিচয়, স্ক্সংগঠিত গাঢ়বদ্ধ। বস্তুত ফরাসী-ভাষা বৃদ্ধির দ্বারা যতখানি নিয়ন্ত্রিত হয়েছে, পৃথিবীর আর কোন ভাষা এতথানি হয়েছে কিনা সন্দেহ।

বৃদ্ধির প্রভাব গুটি প্রাচীন ভাষার উপর বিশেষরূপ হয়েছিল লক্ষ্য করা ষায়—এক লাতিন আর এক সংস্কৃত। করাসী অষশু লাতিনেরই ছহিতা, সাক্ষাৎ উত্তরাধিকারী। তবে কি লাতিন কি সংস্কৃত কারও বনিয়াদ বৃদ্ধি নয়। লাতিনভাষার (এবং তার সাহিত্যের) গোড়ার প্রতিষ্ঠা হল প্রাণশক্তি—তেজ্ঞঃ, ওজঃ, বীর্যা: তবে বৃদ্ধি এসে এই প্রাণশক্তির উপর চেপে বসেছে, জার করেই তাকে সংযত সংহত নিরেট এমন কি কঠোর পর্যন্ত করে তুলেছে। সংস্কৃত ভাষা ও সাহিত্যের উৎস ও মূল একটা ইন্দ্রিয়গত স্কুমার স্পর্শাল্তা (ইন্দ্রিয়ের মধ্যে মনও এক ইন্দ্রিয়, ভারতীয় মতে)। এ ক্ষেত্রে ইন্দ্রিয় হতে বৃদ্ধির দিকে গতি অনেক বেশি সহজ স্বাভাবিক—বৃদ্ধি এখানে তার প্রভাব বিস্তার করেছে নিগ্রহ করে নয়, তার সম্বন্ধশক্তির জার খাটিয়ে নয়—লাতিনের মত—কিন্তু তার আলোক্তির, তার প্রসন্ধ-প্রভার স্বতঃক্ত্রণে। আবার গ্রীক সম্বন্ধে বলা মেতে

ইংরাজী ও ফরাসী

পারে যে তার নিভৃত ভিত্তি হল চিত্তের সৌন্দর্য্যবোধ, এথানে চিন্তাবৃত্তি গড়ে উঠেছে ও ভাষাকে রাঙিরে দিরেছে ঐ সৌধীমাবৃত্তিকে আশ্রয় করে।

গ্রীক পুরাণে বলে বে জ্ঞানের দেবী এথেনা অন্ত্রশন্ত্রে কবচকুণ্ডলে পূর্ণসজ্জিত হরে দেবরাজ জির্সের মন্তক হতে জন্মগ্রহণ করেছিলেন। ঠিক সেই রকমই মনে হর ফরাসী ভাষা ও সাহিত্য সোজায়েজ ফরাসী জাতির মগজ হতে নিজ্ঞান্ত হয়েছে। মান্নবের অন্তান্ত সকল অল ও বৃদ্ধি তুলে ধরা হয়েছে মন্তিকের মধ্যে, তাদের দেখা হয়েছে, গড়া হয়েছে চালনা করা হয়েছে ঐ বৃদ্ধির ধর্ম্মে। ইংরাজীর সাথে তুলনা করলে কথাটা খুবই স্পাই হয়ে ওঠে। ফরাসী ভাষা বে-পরিমাণে সহজে ও বভাবতই বছে সংহত, মার্জ্জিত স্থগঠিত, যুক্তি-নির্ম্বিত, গুজলা-পারিপাট্য-সোর্চ্বর-শ্রীমণ্ডিত; ইংরাজী ঠিক সেই পরিমাণে বভাবত হল বন্ধনপুন্য, বিশ্বজল, বাহুল্য ও জটিলতাপূর্ণ—তাদের দেশের আবহাওরার মত কেমন বোলাটে ধে ারাটে কুরাসা-কুহেলীমর। তুলনা করা মেতে পারে ফরাসী কর্দেই বা রাসীন আর ইংরাজের শ্রেষ্ঠ প্রতিনিধি শেক্সপীয়র। ইংরাজীতে সংযত বছতো, সরল শালীনতা, সহজ্ব পারিপাট্য কুটরে তোলারীতিমত প্রতিভার প্রয়োজন—ফরাসীর তা ব্যভাবসিদ্ধ, মাতৃত্তন্ত হতেই আছত।

किश्व षण्ण पिक थिएक षांचात्र त्याँ श्वन त्याँ प्रे प्रवाह वित्यात क्विज्ञ वित्यात विद्यात क्विज्ञ विद्य क्विज्ञ विद्यात क्विज्ञ विद्य क्विज

হাতের নিপুণতা আছে, চনৎকারিত্বও আছে, কিন্তু নাই বাহকরের অভাবনীয়তা, অনির্ব্বচনীয়তা—নাই, ইংরেজ কবি বাকে বলেছেন magic hand of chance—কাব্যরচনা এখানে যেন একান্ত অলম্বার-শাস্ত্রেরই অন্ন। পক্ষান্তরে, ইংরাজের চেতনায় যুক্তির বিচারের চিস্তার ভার চেপে রয় নাই—সে-চেতনা চলে প্রাণের অনুভবের অন্তঃপ্রেরণার অবাধ দর-প্রসারী প্রবেগে। মনকে মন্তিফ্কে সে পরিফার পরিচ্ছন্ন করে, সাজিরে গুছিরে, তার চারিদিকে আটঘাট বেঁধে বা দেওয়াল তুলে ধরে নি। ইংরেদ্বী বাগান কাকে বলি? না, মাহুষের হাত বেখানে একান্ত রুঢ় হয়ে দেখা দের নি, বেখানে প্রকৃতির স্বাভাবিক রূপটি কিছু বজার রয়েছে, প্রকৃতির ধরণ-ধারণ অমুসরণ করা হয়েছে—নিয়মের মধ্যে অনিয়ম, গোছালোর মধ্যে কিছু অগোছালো, অন্ত পক্ষে ফরাসী বাগিচা কাটাছাঁটা বাধাছাঁদা, আট-সাট বেন জ্যামিতিক নক্মা, পটে-আঁকা ছবি। ইংরাজের মনের থেলায় তাই দেখি প্রকৃতির আনকোরা অপ্রত্যাশিত আচম্বিত গতি-বৃত্তি ফুটে উঠবার অবকাশ পেয়েছে। জাগ্রত মনের, ব্যক্ত চেতনার হাবভাব কেবল নয়, পরস্ক সে-মনের চেতনার আশে-পাশের উপর-নিচের দূরতর প্রচ্ছরতর জগতের আভাষ ইন্ধিত এসে ইংরাজী কাব্যকে একটা রহস্তময় অপরূপত্বে মণ্ডিত করে দিয়েছে। কীটসের magic casements অথবা ওয়ার্ড সওয়ার্থের farthest Hebrides কি old Triton বে-জগতের তুরার আমাদের চোথের সম্মথে খুলে দেয় তার সমতুল করাসী কাব্যস্প্রান্থর মধ্যে স্কুলুর্ভ। ভেরলেন বা নালার্মে এদিকে কিছু অগ্রসর হয়েছিলেন, কিন্তু তাঁদের ইক্রজান অন্ত খরণের। ইংরাজ কবি সত্যসতাই মিস্টিক—বাক্যে অর্থে তিনি ষতই লোকায়ত, ইহমুখী, ইন্দ্রিয়পর হোন কেন, তাঁর গূঢ়ভাব, ব্যঞ্জনা, ধ্বনি হ'ল mystic, অমূর্ত্ত-অতীক্ত্র-অভিমূখী; আর ফরাসী কবির বক্তব্য যতই মিস্টিক হোক না, তাঁর ভন্নী, তাঁর স্থর ও রেশ এনে দিয়েছে এইক-প্রিয়তা। ভেরলেন-এর:

ইংরাজী ও করাসী

O ces mains ces mains venerées
Faites le geste que pardonne*
এ mysticism-এর মধ্যে mist কিছু নাই—এর যে সৌন্দর্য্য তা লোকারত
কিন্তু শেলীর—

The desire of the moth for the star
Of the night for the morrow—

এই profanism কুহেলীতে, mysticism-এ ভরপুর। ফরাসীরা কাথলিক, মূর্ট্টিপুজা করে—ইংরাজ প্রোটেষ্টেট নিরাকারের পুজারী।

কথাটি কিন্তু আরও একটু বলতে হয়—করাসীর কাব্য-সৃষ্টির স্বরূপ সম্বন্ধে। ফরাসী কবিতার বিষয়ে ম্যাথু আরনন্ডের অভিযোগটি স্পরিচিত্ত —করাসী কবিতা তাঁর প্রাণকে স্পর্শ করে না, কোন স্পন্দনই সেধানে তুলতে পারে না। অধিকাংশ ইংরেজী সাহিত্যরসিক ম্যাথু আরনন্ডের কথায় সায় দেবেন, দিয়ে থাকেন। ইংরেজী কবিতার পরে ফরাসী কবিতা মনে হয় যেন কেমন কবদ্ধ—উপরের দিকটায় কি থানিকটা একেবারেই নাই, কেটে ছেঁটে ফেলা হয়েছে। আর সব অন্ত রয়েছে এবং যা ররেছে তা স্থবীম স্থডৌল স্ফাক্ষ কিন্তু যে বস্তুটি এনে দেয় অলৌকিকত্ব বা আসে আর এক জগৎ হতে, যাতে কবিতা হয়ে ওঠে কবিত্বমন্ত্ব, তারই যেন অভাব।

সিন্ধান্তটি এবং যে অমুভূতির উপর সিন্ধান্তটি প্রতিষ্ঠিত তা কতকটা স্থাব্য ও যুক্তিযুক্ত সন্দেহ নাই। কিন্তু কতকটা মাত্র, সবটা নর। এথানে এই ভূল করা হয় বে-জিনিবের বিচার আমরা করি তাতে কি নাই, তার অভাব কি তাই দিয়ে; কিন্তু জিনিবের আসল পরিচয়, তার সঠিক মূল্য নির্ণিয় হতে পারে তার কি আছে, কি সে দিয়েছে তাই দিয়ে—অভাব দিয়ে নয়, ভাব দিয়ে। এই "ভাব" অনেক সময়ে আমরা খুঁজে পাই না, কারণ

^{🌣 &}quot;ঐবে ঐবে বরণীয় হাত ছথানি —অপরাধভঞ্জন ভঙ্গী তোনাদের দেখি ত তবে।"

এক জিনিবের বিচার করতে গিরে মনে রাখি আর এক জিনিবের কথা, এক ক্ষেত্রের তৌল আর এক ক্ষেত্রে ব্যবহার করি। ফরাসীকে ইংরাজীর মাপে ওজন করা স্থায়-সম্বত নয়।

ফরাসী কবিতা, সাহিত্য, শিল্প দিয়েছে কি ? অতীন্ত্রিয়ের,— অতীন্ত্রিমুখা কোন ইল্রজাল—কেন্টিক-রহস্ত নয়; কথাটি ঠিক। কিঙ সে দিয়েছে ইন্দ্রিয়েরই এক ইন্দ্রজাল, তার নিজস্ব, তার লাতিন-স্বভাবানুগত এক মনোহর বৈশিষ্ট্য। যদি তাকে "ম্যাজিক" না বলতে চাও ক্ষতি নাই, কিন্তু এ যে শুধুই "লজিক," তাও আবার নয়। করাসী দিয়েছে ভদীর স্কুষুমা পারিপাট্য মার্জিত-শ্রী। তার মনোভাব, তার বক্তব্য ও অর্থ হয়ত খুবই স্পষ্ট, পরিচিত—দৈনন্দিন ব্যাপার, ব্যবহারিক বৃত্তিকে ছেড়ে সে দূরে বেতে পারে না, একান্ত মাটি-যেঁষা তার চিন্তা-অনুভূতি; কিন্তু এ সকল রূপান্তর ঘটাবার প্রতিভা তার আছে-কারণ তার আছে নিবিড় <mark>অঞ্চ</mark> সংযত স্পর্শালুতার—হোক না কেন তা সুল মায়ুগত ছন্দায়িত স্পন্ন, তার অত্রান্ত সহজ সৌন্দর্য্য-বোধ। সে বা বলে তা গুছিরে সাজিরে ত বলেই, অধিকন্ত তাতে মিশিয়ে দিতে জানে এক ধরণের রসায়ন—লোকায়ত বা লৌকিক রসায়ন—আত্মিক বা উর্দ্ধন্থ বা প্রচ্ছন্ন চেতনার রহস্তময় রসায়ন, ষ্দিও তা নয়। অন্ত ভাষায় বে-সকল কথা শিষ্ট সমাজে বলা চলে না, বললে তা হয়ে পড়ে রঢ় রুক্ষ অশোভন গ্রাম্যতা-হুই—ফরাসী ভাষার পোষাকে তা কেমন চমৎকার ভদ্র শ্রী লাভ করে।*

ফরাসীরা কথা বলাটা খুব ভাল বাসে এবং বলতেও জানে স্থলর করে। তারা যখন কথা বলে মনে হয় কথা বলছে না, বক্তৃতা দিছে। কথার

ত্বলা করা বেতে পারে শেরপীয়রে ও মোলিয়েরে গ্রামাতা। শেরপীয়রের গ্রামাতা ছিল অভি-সাধারণ ভূমাদীন দর্শকদের উপভোগের জন্ত আর মোলিয়ের চেয়েছিলেন মৃথ্যত রাজ-পরিষদ ও পরিষদবর্গের প্রীতি সম্পাদন করতে। মোলিয়েয়ে গ্রামাতা আর গ্রামাতা নাই, হয়ে উঠেছে "নাগরিকতা"।

ইংরাজী ও ফরাসী

জ্ঞান্তে কথা, কথার বাহাত্মরী তাদের সাহিত্যে কাব্যে জনেকথানি জারগা জুড়ে রয়েছে। ইংরাজের কথার মূল্য (আমি বলছি সাহিত্য বা কাব্যগত কথার বিষয়) কথার নয়, এমন কি কথার অর্থেও নয়—কথার, অর্থের আর একটা অতিরিক্ত কিছুতে। এই অতিরিক্ত-কিছুর সাথে করাসীর বিশেষ পরিচয় নাই—তার সমস্ত লক্ষ্য ঐ বাক্যের ও অর্থেরই মধ্যে। বাক্যাটি হবে স্থগঠিত, অর্থবান—গভের লক্ষ্যও এই, তবে কাব্যের গঠন আরও স্থগঠিত, তার অর্থ আরও অর্থবান হওয়া চাই। এথানে গভে ও কাব্যে পার্থক্য প্রকৃতির নয়, কেবল ক্রমের। ইংরাজী কবিচেতনা বেন বলছে "ধ্বনিরাত্মা কাব্যশু"; করাসীর কবিচেতনা বলছে "রীতিরাত্মা কাব্যশু"। কিন্তু রীতিরও আছে কুহক, নিজম্ব আভা—সেটিও আপনাতে আপনি সম্পূর্ণ ও সার্থক। ভেরলেন যথন বলছেন—

Sur votre jeune sein laissez rouler ma tête Toute sonore encor de vos derniers baisers* অথবা Samain এর

Et Pannyre devint fleur, flamme, papillon †
এখানে অলৌকিক রহস্ত কিছুই নাই—সবই একান্ত লৌকিক কিন্ত
লৌকিকতার চারপাশে কি বে সৌরভ একটা ছড়িরে পড়েছে তার একটা
ইন্দ্রজাল আছে বৈ কি—আকাশের নয় মাটির ইন্দ্রজাল, কিন্তু প্রায় সমান
চমৎকার। লোকান্তকে ফরাসী অলৌকিক বা লোকাতীত পদে তুলে ধরে
নাই বটে কিন্তু তাদের শ্রেষ্ঠ শিল্পীরা আমার মনে হয় আবিকার করেছে
লোকান্তরেই নিজম্ব একটা রসমন্ন অন্তরাত্মা।

22

^{*} তোমার তরুণ বুকথানির উপর আনার নাখাটি গড়িরে পড়তে দাও—দে নাখা এখনও যে তোমার শেষ চুঘন-রাজির কন্ধারে ভরপুর।

^{† (}নটা) "পানীর" হয়ে উঠল কুল, আগুনের শিধা, প্রজাপতি—

ইংরাজ কবি দয়িতাকে Phantom of delight—মদারীরী কিছু
না বলে সম্বট্ট হবেন না। পাখী হবে blithe spirit, ethereal minstrel, a voice, a mystery—দেহী নামুব আর এক-জগতের অধিবাসী,
cometh from afar—শিল্পীর এখানে মূলমন্ত্রই বেন, things are
not what they seem—বিষয়-বস্ত কথা সবই আশ্রম অবলম্বন, বেন
fairy lands forlorn-এ বাওয়ার জন্ত। করাসীরা সাহিত্যের ক্ষেত্রে
বেশি কাওজ্ঞানী বহিশ্মুখী ইহাসক্ত ইল্রিয়পর। বিচার বিতর্ক যুক্তর
ধর্ম এই—তার ঝোঁক স্পষ্ট ক্ষ্ট প্রকট অর্থাৎ স্থলের দিকে। করাসী
কবি বখন দেহের কথা বলেন, তিনি দেহকে দেহ হিসাবেই দেখেন, আয়ার
প্রতীক বলে দেখার অভ্যাস তাঁর নাই। দেহের সৌন্দর্য্যের বর্ণনা তিনি
দেবেন একে একে, খুঁটে খুঁটে, নম্বর দিয়ে—নোটের-উপরের সাকল্যের,
অস্পত্তের আবছায়ার সৌন্দর্য্য তিনি পছন্দ করেন না। স্পষ্ট দৃঢ় রেখায়
পুদ্ধায়ুপুন্ধের চিত্রণ—করাসাঁর বড় বড় প্রস্তাদের প্রধান বৈশিষ্ট্য।

এখানে করাসীর সাথে বাদলার একটা সাদৃশ্যের উল্লেখ করতে চাই। উভরের মূর্ভিপুজার কথা আমি পূর্বেই বলেছি। বাদালীর কবিতাও করাসী কবিতার মত স্বভাবত স্থনীম স্থাপট, বাক্যের ও অর্থের দিক দিয়ে। অবশ্র এ কথাটুকু স্বীকার করা ভাল যে করাসীর অর্থ-গোরব আমরা পুরাপুরি পাই নাই, তার পারিপাট্যও একান্তভাবে আমাদের দথলে আসে নাই। তবে উভর ভাষার মূল প্রকৃতি এক, উভরের বে কি একই দিকে—পার্থক্য এসে পড়েছে পরে, ক্রমবিবর্ত্তনের পথে। কারণ বাংলা তার স্বভাবের পথে সোজা চলে যায় নাই, রবীক্রনাথ এসে তাকে বাঁকিয়ে দিয়েছেন। ইংরাজীর কাব্যরসে বাংলা অভিসিঞ্চিত হয়েছে অনেকের হাতে, কিম্ব রবীক্রনাথ যতখানি বে-ভাবে ও-জিনিষটি এনে দিয়েছেন তাতে মনে হয় বাংলার রূপান্তর, ধর্মান্তরই একটা ঘটেছে। বে রহস্তময়তা প্রহেলিকা-প্রিয়তা, প্রকট হতে জাগ্রত হতে উৎক্রান্তি, আমি বলেছি

ইংরাজী ও ফরাসী

ইংরাজী কবিতে পেয়েছে বিশেষ প্রাধান্ত সেই গিরিপ্রস্রবণের সমুচ্চ ধারাটিই রবীক্রনাথ বাংলার সমতলে এনে কেলেছেন। তবে রবীক্রনাথ তার ইন্দ্রজাল, তাঁর অলৌকিকতা সৃষ্টি করেছেন একটা বিশেষ ভঙ্গীতে, বিশেষ একটা কৌশল আশ্রয় করে, প্রায় বলতে পারা যায়। বাক্যের স্পইতা তিনি নষ্ট করেন নাই, কাঠামোটি বথাসম্ভব স্থসমঞ্জদ পরিপাটি করে—বুদ্ধি বা যুক্তি গঠিত যদি না হয় তবে বুদ্ধি ও যুক্তিগ্রাহ্ম করে দেখিয়েছেন। অর্থের বাহনকে নর তবে, অর্থকেই তিনি দিরেছেন শিথিলবন্ধ করে— বাহিরের গঠনটি স্থম্পষ্ট রেথায় অঙ্কিত, কিন্ধ ভিতরের বস্তুর চিত্র অসম্পূর্ণ অনিশ্চিত। রবীন্দ্রনাথের কবিতায় অম্পষ্টতা দোষটি এক সময়ে খব বেশি করে দেখান হত—তার প্রকৃত তাৎপর্য্য এই এখানে। অন্তত্ত্র হয়ত এ দোবটি দোষই, কিন্তু বাংলার মাটিতে রবীক্রনাথের হাতে এ দোষ গুণে, বিশেষ-গুণেই পরিণত হয়েছে। এর কল্যাণে একটা নৃতনতর সম্ভাবনা বাংলার কাব্য-প্রকৃতির মধ্যে দেখা দিরেছে। ফরাসীরাও অমুরূপ চেষ্টা করেছে—তবে সজ্ঞানে, দেখেশুনে বুঝেস্থঝে। ফরাসী কাব্যস্থান্টর যে অভিস্পষ্টভা, দিনের প্রথর বচ্ছতা, তাকে গুলিরে বোলাটে করে, আবছারার ঢেকে, অনির্দিষ্ট অনির্বাচনীয় করতে চেয়েছিল সিম্বলিষ্ট (প্রতীকতন্ত্রী) সম্প্রদায়। তবে বাদালীর কবি হতে তারা গিয়েছিল একট ভিন্নপথে। অর্থকে মুখ্যত তারা বোলাটে করে দিতে চায় নাই—এথানেও তারা তাদের মন্তিককে ঠিক রেখে চলতে চেয়েছে; তারা নেড়ে চেড়ে, এলোমেলো করে, অনিশ্চিত করে দিতে চেষ্টা করেছে মুখ্যত অর্থের বাহন যা-কিছু তাকে—বাক্যকে, রূপাবলীকে (imagery), ছন্দকে অলন্ধারকে। ধরা যাক রবীক্রনাথের—

> একথানি ছোট ক্ষেত আমি একেলা চারিদিকে বাঁকা জল করিছে থেলা—

এখানে বাক্যের ছাঁদ স্মৃদৃদ, রূপক স্থনিশ্চিত, আলেখাটি স্পষ্ট রেথার স্থাম—কিন্তু এই কাঠানো ধরে আছে দিরে আছে যে বস্তু—সেই ভাব সেই

অর্থ কেমন কুরেলিকুরাসামর, অনিশ্চিত অবান্তব রহস্তমর—বেন ধ্যজ্যোতিঃ-সলিলমকতাংসরিপাতঃ। এর সাথে তুলনা করা যেতে পারে এই যেমন বুঁগাবোর (Rimbaud)

Il entend leurs cils battant sous les silences Parfumés—

"সে শোনে তাদের চোথের পাতা কাঁপছে স্থ্যাসিত গুৰুতার তলে—"
অর্থ এথানে নিজে কিছু অস্পষ্ট বা হুর্গাহ্ছ নর; কিন্তু উপমা
অলদ্ধারে আনা হয়েছে একটা মিশ্রণ,—বিভিন্ন ইন্দ্রিয়কে একাকার করে
দেওরা হয়েছে—বক্রতাকে, ধ্বনিকে ফুটরে তোলবার জন্ত।

ফরাসীর মনব্দি যুক্তিপ্রধান, দারুণ নিয়মান্থগ—স্থতরাং তাতে স্বভাবতই দেখা দেয় একটা সঙ্কীর্ণতা। ইংরাজের "হৈপায়ন" সঙ্কীর্ণতা প্রসিদ্ধ, কিন্তু সেটি প্রধানত জীবনের দিক দিয়ে—বৃদ্ধির, বিশেষভাবে সাহিত্যস্প্রটির ক্ষেত্রে একটা উদারতাই বরং তার মধ্যে ফুটে উঠেছে; বৃদ্ধি তার স্থতীক্ষ নয়, একান্ত ভায়শাস্ত্রান্থগত নয় বলেই তাতে এসেছে একটা সহজ্বন্যাতা। ফরাসীর ঠিক বিপরীত—বৃদ্ধির ক্ষেত্রে সে সঙ্কীর্ণ, কিন্তু প্রাণের থেলায়, জীবনের ধারায় তার রয়েছে সন্থদয়তা, উদার্ঘ্য, নমনীয়তা। নিজের ভাষা, নিজের সাহিত্য ছাড়া অক্সের ভাষা অন্তের সাহিত্য সম্বন্ধে করাসীর ঔৎস্কুক্য ভেমন নাই, সে-সব জানা বা আয়ত্ত করার সামর্থ্যও তার বেশি নয়। নিজের ভাষা ও সাহিত্যের সাথে ঘনিষ্ঠ (প্রায় রজের) সম্বন্ধ বে ভাষা ও সাহিত্যের—বর্থা, লাতিন—এমন অন্ত ভাষা ও সাহিত্যের সাথেই তার ষা কিছু সহজ ও নিকট পরিচয়। তার নিজের ভাষা ও সাহিত্য এমন একটা বিশিষ্ট, স্বকীয়, স্মৃঢ় রূপ পেয়েছে এবং তার কল্যাণে ইউরোপের মনোময় জগতে সে এতদিনও এতথানি প্রভুত্ব করে এসেছে * যে অপরের বৈশিষ্ট্য

^{*} যার জন্তে এক সমরে বলা হ'ত প্রত্যেক মানুষের আছে ছটি স্বদেশ—তার নিজের জন্মভূমি আর ফ্রান্স।

ইংরাজী ও ফরাসী

বা অন্তিম তার দৃষ্টিতে ধরা পড়ে না। ইংরেজের ভাষা ও সাহিত্য গড়ে উঠেছে পুষ্ট হয়েছে বহুল জাতির, বহুল ভাষা ও সাহিত্যের সংস্পর্শের সম্মেলনের ফলে। ইংরাজী ভাষার বৈদেশিক হাবভাব রূপর্য যত সহজে ও থথায়থ প্রকাশ করা যার, ফরাসীতে ও-জিনিবটি সেই অনুপাতেই চন্ধর ও অসম্ভব। ইংরাজী বাইবেল অত্যুৎকৃষ্ট সাহিত্য; ফরাসীতে বাইবেল তেমনি অতি-সাধারণ অকিঞ্চিৎকর। ফরাসীভাবায় ও সাহিত্যে দেখা বায় ক্রমপরিণানের একটা স্মুম্পষ্ট ধারা, একটা ক্ষক্তেন্ত পারুম্পর্যা—মনে হয় একটি পূর্ণান্দ ও পরিণত জীবই যেন নিজের ভিতর হতে চেতনার বিকাশের সাথে সাথে বাহিরে ও তদমুসারে খাপে খাপে পুষ্ট উপচিত হয়ে চলেছে : বাহির হতে সে অবশু জীবনধারণের, জ্ঞান-অভিজ্ঞতার, শিল্পদাহিত্যস্ঞানীর জন্ম উপকরণ গ্রহণ করে বটে, কিন্তু তা সব সে একান্ত আত্মসাৎ করে নের —বাহ্যবস্তুর বাহ্যত্ব কিছু থাকে না, হরে পড়ে একটা গ্রোণ অবলম্বন মাত্র। ফরাসীভাষার সাহিত্যের তাই দেখি রয়েছে বা গড়ে উঠেছে একটা স্থপ্সপ্ত ञ्चनह वाष्टिमखो वा वाक्तिय-এकहै। विस्मय कांग्रासात, এकहे। विस्मय ক্ষেত্রের পরিধির মধ্যে তার ধর্মকর্মা নির্দিষ্ট ও আবন্ধ। পক্ষান্তরে ইংরাজের ভাষা ও সাহিত্য এ রকম আত্মফুরণের কলে যে গড়ে উঠেছে তা মনে হয় না —পরস্পর হতে বিভিন্ন বিবিধ বিসদশ এমন কি বিরোধী উপকরণ এক-সঙ্গে জড়ে দিয়ে এ শতমিশালী জিনিষটি তৈরী হয়েছে। এর একটা বিশেষ কেন্দ্র নাই, একই কেন্দ্রের চারিদিকে একটা অথও ব্যক্তিত্ব এর গড়ে ১ঠে নি। এর প্রত্যেকটি অন্ন স্ব স্ব প্রধান—ইংরাজের সাহিত্যের ইতিহাস বিশেষভাবে পুথক পুথক শিল্পীর ব্যক্তিগত ইতিহাসের সমষ্টি। ফরাসী শিলের ইতিহাস একটা সমবেত চেতনার নানা ব্যক্তির ভিতর দিয়ে বিবিধ বিকাশের ইতিহাস। ইংরাজের ভাষায় সাহিত্যে রয়েছে স্বাতম্ভ্র সাচ্ছন্য সহজন্যাতা। তুলনার ফরাসী অনেকথানি শৃঙ্খণিত অনমনীর—রপহীনতা, অনি চয়তা সে চায় নি, চেয়েছে স্পষ্টতা, পরিচ্ছিন্নতা, যথাযোগ্যতা।

ইংরাজীর প্রকৃতিতে রয়েছে কেমন আদিম জীবধর্মের একটা তারলা, সাধারণা, সহজ পরিবর্ত্তনশীলতা—করাসীর বৈশিষ্ট্য পূর্ণপরিণতের অতিরিক্ত বৈশিষ্ট্যপরারণতা (specialisation), স্কৃতরাং কাঠিছের, এমন কি আড়ষ্ট-তার দিকে প্রবণতা। মোটের উপর বলা যেতে পারে, করাসীর হল জানশক্তি, ইংরাজীর প্রাণশক্তি। তবে করাসীর জ্ঞানশক্তি একটা স্কুক্মার ক্রিক্রিকতা-আশ্রমী আর ইংরাজীর প্রাণশক্তি একটা উর্দ্ধদৈহিক করনা-অভিসারী।

করাসীর গড়ে উঠেছে একটা স্থদ্চ মানসরপ। সে অন্তের চক্ দিরে দেখতে অক্ষম বটে, কিন্তু তার নিজের চক্ আছে এবং সে-চক্ষ্ দেখতে জানে তার নিজন্ব ভঙ্গীতে, এইটিই প্রধান কথা, অনেকের যে এই দৃষ্টিশক্তিই নাই। তার একটা বিশেষ ছাঁচ আছে, ধারা আছে—তার ভিতরে কেলে তবে সে বিশ্বকে দেখে, তবুও সে দেখেছে বিশ্বকেই অর্থাৎ তার চিন্তা কৌতৃহল অমুভব বহুল বিচিত্র সর্ব্বতোমুখী। তার মনের ছাঁচ শক্ত, কিন্তু তাতে সে ঢালাই করেছে (যদিও ফরাসী ছাপে) বিশ্বের যাবতীর জিনিষ, মামুর যা কিছু আপনার বলে বিবেচনা করে বা যেথানে যে রস পার। এই রকমেই করাসীর গড়ে উঠেছে একটা স্থপরিচ্ছর সমর্থ সংস্কৃতি। এবং সমস্ত ইউরোপের মানবজীবন এই সংস্কৃতির দারা বিশেষভাবে প্রভাবান্বিত। জর্মনী এই প্রভাব মানতে চার নি, তা থেকে নিজেকে মুক্ত রাখতে চেষ্টা করেছে, চেয়েছে লাতিনের পরিবর্ত্তে নিজের নিউক (Nordic) সংস্কৃতি। তাইত করাসীতে জর্মনীতে অহি-নকুল সম্বন্ধ দাড়িয়ে গিরেছে।

ইংরাজেরও সাম্রাজ্য আছে, ফরাসীরও আছে। কিন্তু বিজিতের সাথে সম্বন্ধ এবং ব্যবহার উভরের সম্পূর্ণ বিভিন্ন ধরণের। ইংরাজ তার Pax Britannica অক্ষুগ্র রাখতে পারলেই সম্ভষ্ট—পরের ধর্ম্ম নীতি শিক্ষা দীক্ষা আচার আইন কিছুতে সে হস্তক্ষেপ করতে চার না। কিন্তু ফরাসী শুধু শান্তি শৃঙ্খলা নয়, চাপিয়ে দিতে চার তার সংস্কৃতি, Scientia

ইংরাজী ও ফরাসী

Franca। ইংরেজ দেহটিকে অধিকারে রাধাই যথেষ্ট বিকেনা করে—
মনের উপর অধিকার, সেটি গৌণ, আপনা হতে বা হয়ে বায়—ও দিকে
কোন চেষ্টা নাই এবং চেষ্টা করা প্রয়োজন ও যুক্তিসদত নয় বলেই তার
বিশ্বাস। ফরাসীর চেষ্টা মনটি সম্পূর্ণ অধিকার করা—সেথানে কোন স্বাতস্ত্র্য
অধর্মের বীজ বাতে না থাকতে পারে, এই তার শাসনপন্ধতি। এখানে
ইংরাজের বৈপায়ন প্রকৃতি তাকে বিদেশীর হতে দ্রে দ্রে থাকতে বাধ্য
করেছে, অন্থদিকে করাদী বিদেশীর সাথে মিলে মিশে তাদেকে আপনার
স্থো আত্মসাৎ করে নিতে চেয়েছে।

বাংলা লিপি-সংস্থার

বাংলা লিপি পরিবর্ত্তনের কথা উঠেছে। কেউ দেবনাগরী কেউ
রোমান হরকের পক্ষপাতী। অভ্যাস ও সংস্কার অবগু অন্ধভাবে গতারগতিককেই জোর করে ধরে থাকতে চায়, কিন্তু প্রয়োজনের ও স্থবিধার দারী
বেশি বিবেচিত হলে বৃদ্ধিজীবী মান্ধবের পক্ষে অতীতকে অকাতরে বিসর্জন
দেওয়া উচিত নয় কি? পুরাতন হলেই যে তা সাধু আর নতুন হলেই যে
তা অসাধু এমন কোন প্রাকৃতিক নিয়ম নাই। কথাটি ঠিক বটে, কিন্তু
এও আবার আমাদের স্মরণ রাখা উচিত যে পুরাতন হলেই তা অসাধু, আর
নতুন হলেই তা সাধু হয়ে পড়বে এমনও কিছু বাধ্যবাধকতা নাই। সে
বাহোক—

জানরা রোমান হরকের প্রস্তাবটি সমূথে রেথে জামাদের বক্তবাটি বলব; কারণ ওটি হ'ল যাকে বলা যায় চরম প্রস্তাব (extreme case)। রোমানের তুলনায় দেবনাগরী ত ঘরোয়া জিনিয —তাই ওটির আলোকে জাশা করি লিপি-সংস্কারের পুরাপুরি অর্থ ও ব্যক্তনা পরিক্টাহরে উঠবে। লিপি-পরিবর্ত্তনের মোটামুটি ছটি প্রয়েজন দেখান হয়। প্রথম, ওতে বিদেশী ও বিভাষীর সাথে জাদান প্রদান, মিতালী, মিলনের বাধা জনেক কেটে যাবে। দ্বিতীয়, বর্ত্তমানে বে ৬০০ (ছয় শত) জক্ষর শিথতে হয় তার পরিবর্ত্তে মোটে ৪০ (চল্লিশ)-টীতে কাজ চলে যাবে—শিক্ষার্থীর সময় ও শ্রমের লাঘব এবং ছাপা, টাইপ, সর্টহ্বাণ্ড সহজ্বসাধ্য হবে। প্রথম হেতৃটি বছদিন বহুমুখে চলিত হয়েছে; কিন্তু ওটির সারবত্তা আমি কোনদিনই সম্যক ক্ষমন্ত্রস্ক পারি নি। এক লিপির কল্যাণে ভিন্নভাষাভাষীয়া য়ে সামীপ্য বা সাযুজ্য লাভ করে, পরম্পরকে, পরম্পরের সাহিত্যকে সহজ্বে

বাংলা লিপি সংস্কার

বুঝতে ভালনাসতে পারে, এ কথার প্রমাণ পাই না। বিদেশীর ভাষা জানতে ও শিথতে বারা চায় ও পারে তাদের সংখ্যা চিরকালই মৃষ্টিমেয়, সাধারণ বেশির ভাগ লোকের পক্ষে অন্তের ভাবা আয়ত্ত করবার গরঙ্গ বা প্রয়োজন নাই। যে কয়েকজন বিদেশীয় ভাষা শিখতে চার, তাদের পক্ষে বিদেশীর লিপিটিও সেই সাথে শিক্ষা করা বোঝার উপর শাকের আঁটি মাত্র। ওটুকু, ক্লেশ অত্যধিক অত্যাচার বলে আমার মনে হর না। গুরু তাই নয়, অনেক সময় লিপি শিক্ষা ভাষা শিক্ষার সহায় হতে পারে; কারণ লিপির মধ্যে ভাষার একটা বিশেষ বৈশিষ্টাই কুটে উঠেছে—সে কথা পরে বলছি। করাসী, ইংরাজী, আধুনিক জর্মন ভাষায় একই রোমান লিপি—কিন্তু এই লিপি-সাম্যের ফলে জাতি কয়টির পরস্পরের মধ্যে মেলামেশা বোঝাব্ঝির <u>भावा (तभी श्राहर, ना महस्र श्राहर ? त्राभान श्राहर वार्शा निश्राल</u>हे যে পা*চাত্যের পণ্ডিতেরা (সাধারণ লোকের কথা নাই তুললাম) রাতারাতি বাংলা শিথে ফেলতে পারবেন বা শিখতে তাদের আগ্রহ বেশি হবে, এমন ভরসা করা যায় না। বরং লিপি-দাম্যের ফলে একটা গোলমালও দেখা দিতে পারে—অনেক সময় দেখা যায় একটা সম্পূর্ণ নৃতন জ্বিনিব আয়ত্ত করা খুব সহজ, কিন্তু জানা জিনিষের সাথে কিছু মিল আছে, বাহু সাদুশু আছে, এমন বস্তু সমাক আয়ত্ত করা কঠিন হরে দাঁডার। জর্মন, ফরাসী, ইংরাজী প্রভৃতির লিপি এক—কিন্তু হরক এক হ'লেও তার উচ্চারণ ঐ সব ভাষার ষে সর্বাদা হুবহু এক নম্ব এ কথা আমরা সহজে ভূলে যাই। যে বর্ণটিকে রোমান হরফে লেখা হয় 'R' ইংরাজী, ফরাসী ও জর্মনে তার উচ্চারণ এক नत्र—किञ्च इत्रक সাম্যেत कल विषमीता अंग्रिक धकरे मत्न करत ७ मिरे ভাবে উচ্চারণ করে। *

ंनाश्ना 'क' = রোমান f বা ph, সচরাচর লেখা হয় কিন্তু বস্তুতঃ তা নয়। এ রক্ষ আরপ্ত বর্ণ আছে বার উচ্চারণ রোমানে ঠিক ঠিক দিতে গেলে রোমান বর্ণটির গায়ে 'ক্ট্রিক কাট্কা' লাগিয়ে নিতে হবে—সেপ্ত কম জটিল হয়ে উঠবে ননে হয় না।

দিতীর হেতৃটি সম্বন্ধে—হাপা, বিশেষ টাইপ-লেখার দিক দিরে তার কতক যৌক্তিকতা মেনে নেওরা যেতে পারে হয়ত, কিন্তু শিক্ষার দিক দিরে যে তার খুব সারবন্তা আছে এমন মনে করি না। ৩০০: ৪০ এই অমুপাত দেখে আমাদের প্রতার হয়ে বেতে পারে বটে—কিন্তু ওটি হ'ল গোণাগুন্তির, সাংখায়ণের (statisitics) কারসাজি। ইংরাজী অক্ষর মোটে ২৬টি—ঠিক কথা, তবে বড় হাতের ধরলে অক্ষর সংখ্যা দিগুণ হয়ে যায়। কিন্তু এই ছাবিশাটকে ধরে কত রক্ম উচ্চারণ বৈষন্য আছে তার ইয়তা নাই—একজন করাসীকে জিজ্ঞাসা কববেন ইংরাজী উচ্চারণের নিরম্পুণতা সম্বন্ধে তার কি মত; করাসীর নিজের ভাষাতেও যে ও-গুণটি একেবারেই নাই বলা চলে না। নামের ঠিক উচ্চারণের জন্ম অনেক সময় নামধারীর কাছে যেতে হয় (Foch—কোখ্ না কোস্, এ নিয়ে অনেক বাতবিতগুণ চলেছিল করাসীদের মধ্যেই।)

এ সব বলার তাৎপর্য্য এই বে, লিপি সহজ করলেই বে ভারাটিও সহজ হরে আসবে, এমন বলা বার না। আরও কথা, দিক্ষণীর জিনির সহজ কি কঠিন, তা অনেকথানি নির্ভর করে শিক্ষার ধরণের উপর। পাঁচ বৎসরের শিশুকে সম্ভব অসম্ভব সমন্ত যুক্তাক্ষরসহ সম্পূর্ণ বর্ণমালা শিক্ষা দেবার চেষ্টা অত্যাচার বটে—বেমন ইংরাজী উচ্চারণের বত রকম বৈচিত্র্য হতে পারে তালিকা করে তা একসঙ্গে আয়ন্ত করবার বা করাবার প্রয়াস। উভয় ক্ষেত্রেই শিক্ষার্থীকে শনৈঃ শনৈঃ পথ চলতে দিতে হয়।

বলা মেতে পারে, এ সব যুক্তি মেনে নিলেও রোমান হরক গ্রহণের অমোক্তিকতা প্রমাণ হয় না। কারণ রোমান হরকে কৃট গ্রন্থীগুলি সহজ হয়ে যাবে শুধু, কিন্তু আগে যা সহজ ছিল তা সহজই থেকে যাবে, আরও কঠিন হয়ে পড়বে না। বাংলার লিপি সহজ হবে কিন্তু তার উচ্চারণ বা ব্যাকরণ থাকবে পূর্ববং—সহজ বা অসহজ, যার কাছে যেমন বোধ হয়।

বাংলা লিপি সংস্কার

রোনান হরকে লিপি প্রণালী সহজ হবে কি না সে কথা ছাড়াওঁ আমার আসল আপত্তি কি তা এখন বলতে চাই। আমি মনে করি ভাবার লিপি-পরিবর্ত্তন অর্থ শুধু "বাদাংদি জার্ণানি" পরিবর্ত্তন নয় তার চেয়ে বেশি किছ পরিবর্ত্তন। निপি ভাষার দেহ, দেহের পরিবর্ত্তন যদি কর ভবে দেই সাথে অন্তরের পরিবর্ত্তন একটা ঘটবেই—এমন কি হয়ত অন্তরাস্থারও পরিবর্ত্তন এসে পড়তে পারে। কোন দেশে লিপি পরিবর্ত্তন যথন হয়েছে দেখি, তথন তার ভাষারও পরিবর্ত্তন হয়েছে দেখি। বাঙ্গালী যদি তার কোচা ছেড়ে নালকোঁচা এঁটে দেয়, 'নাম্বা শির' না রেখে পরে টুপী বা পগুগ, মাছ ভাত ছেড়ে থেতে স্থক্ত করে ড়াল ক্লটি, তবে দে যেন তার ভাষার জন্ম দেবনাগবী গ্রহণ করে। আর আধুনিক তুর্কীর নত ইউরোপের হ্যাটকোট পান্তালুনকে তার জাতীয় পরিচ্ছদরপে ব্যবহার করে, এবং হরে ওঠে মন্তপায়ী মাংসাসী তবে যেন রোমান হরফে সে বাংলা লেখে। জাপানের শিক্ষা দীক্ষা যতদিন জাপানী ছিল ততদিন জাপানী লিপি তার পক্ষে (তার আধুনিকতার পক্ষেও) যথেষ্ট ও যথাবোগ্য ছিল—ইদানীং সর্বতোভাবে সে ইউরোপীয় হয়ে পড়তে চাইছে, স্থতরাং রোমান হরক তার দরকার হতে চলেছে হয়ত। আমার বিশ্বাস লিপি-পরিবর্ত্তন অর্থ জন্মান্তর গ্রহণ। রোমান বা দেবনাগরীতে বাংলার আকার জোর করে হয়ত ঢালতে পারা যাবে— কিন্তু সে হয়ে উঠবে অন্ত ধরণের বাংলা—বঙ্কিমের, রবীক্রনাথের বা শরৎচক্রের বাংলা নয়।

আরও একটি কথা। লিপি ভাষার জড় কাঠানো বা সঙ্কেত মাত্র নর। লিপিরও আছে একটা প্রাণ, প্রকাশক্ষমতা, সৌন্দর্য। আধুনিক বুগে স্থবিধার, অরার, আশু-কার্য্যকারিতার চাপে সকল বস্তুরই এই প্রাণের, এই সৌন্দের্য্যের দিকটা ঢাকা পড়ে বা কর পেরে গিরেছে। গ্রীক ভাষাকে সহজেই রোমান হরফে লেখা যেতে পারে, কিন্তু গ্রাকের যে সৌকুমার্য্য, যে লাশু, যে বলরিত গতি তার লিপিতে ফুটে উঠেছে, রোমানের কাটা ছাঁটা

কঠিন রেখার তার কিছু প্রতিফলিত হবে কি ? এই রোমান লিপিও আদিতে ঠিক আজকালকার মত ছিল না—বর্ত্তমানের ঐ কঠোর আড়েই (সহজ্ব হলেও হতে পারে) আকার তার হয়েছে মূড়াযন্ত্রের আবিকারের পরে। প্রাচীন জগতে লিপি-কলা (Calligraphy) বলে যে একটা শিল্পছিল, তা উঠেই গিরেছে।

আধুনিকেরা এখানেও বলতে পারে অবশ্র যে বর্ত্তমান যুগে ও জগতে সৌন্দর্যবোধ যে লোপ পেয়েছে তা নহ—সৌন্দর্যের ধারণা অন্ত রকম হয়ে গিয়েছে মাত্র। সৌন্দর্য্য অর্থ ভূষণ, অলকার-মাতিশয্য আর নয়—সকল রকম বাহল্য পরিহারই তার বৈশিষ্টা। রেথার অহেতুক গতিবিলাস বা বৈচিত্র্যেও নয়—সারল্য, ঋজুতা, স্বয়তাই আধুনিক গঠন-ছাদের লক্ষ্য। আধুনিক স্থাপত্যে, আধুনিকের পোযাক পরিচছদে এই তত্ত্বটিই প্রমাণ করছে। কথাটি শুনতে অবশ্র ভালই শুনার, কিন্তু আশদ্ধা হয় সারল্যের দোহাই দিয়ে আমরা শ্রীহীনতার মধ্যে গিয়ে না পড়ি।

ভবে আধুনিক— অতি-আধুনিক—বাংলা-সাহিত্যে মাঝে মাঝে বঙ্গ-ভাষার বে মূর্ত্তি প্রকাশ পার দেখি, মনে হয় এ যেনঃ

'সরস্বতী আবিভূ'তা পরিয়া বনেট'—

তার কঠে শুনি যেন গ্রামোফোনে উদ্গীরিত আধুনিক ইউরোপের আন্ত্রুস, উলক, জয়েশের প্রতিধ্বনি। এ ধরণের স্থাষ্টিই যদি দ্যাসন হয়ে বার, এই ধারায় চলেই যদি গড়ে ওঠে বাংলার ভবিয়াতের সাহিত্য, তবে অবশু স্বীকার করি যথাসম্ভব শীঘ্র রোমান হয়ক অবলয়ন করাই হবে স্বাভাবিক ও মৃক্তিকুক্ত।



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

